www.BanglaBook.org

অ্যান্থনী মাসকারেণহাস
প্রণীত

# া রেইপ অব বাংলাদেশ



www.BanglaBook.org

প্রকাশক
মোঃ সিরাজুল ইসলাম
পপুলার পাবলিশার্স
২০ প্যারীদাস রোড (বাংলাবাজার), ঢাকা-১১০০, ফোন ঃ ৭১১৫৯২১

প্রথম বাংলা সংস্করণ ঃ জুন, ১৯৮৯
দ্বিতীয় সংস্করণ ঃ জানুয়ারি, ১৯৯০
তৃতীয় সংস্করণ ঃ স্বাধীনতার রজত জয়ন্তী, ১৯৯৬
পুনর্মুদ্রণ ঃ ফেব্রুয়ারি, ২০০২
চতুর্থ সংস্করণ ঃ ভাষা ও শহীদ দিবস, ২০০৫
পঞ্চম সংস্করণ ঃ জুলাই, ২০১০

গ্রন্থস্বত্ব
প্রকাশক

প্রচ্ছদ
কাজী হাসান হাবিব

বর্ণ বিন্যাস
কসমোপল কম্পিউটারস, ৮ হাটখোলা রোড (২য় তলা), ঢাকা-১২০৩

মুদ্রণে : ডট প্রিন্টার্স
১০ শুকলাল দাস লেন, কাগজীটোলা
(সূত্রাপুর) ঢাকা-১১০০
মোবাইল : ০১৭১২-০৯০৮৩৮

পরিবেশক
পরমা, হাক্কানী পাবলিশার্স
মমতাজ প্লাজা, বাড়ি নং— ৭, সড়ক নং— ৪
ধানমন্ডি, ঢাকা-১২০৫ ফোন ঃ ৯৬৬১১৪১-৩

মূল্য ঃ ১৪৫.০০ টাকা

The Rape of Bangladesh. (A Bengali translation of Anthony Mascarenhas's The Rape of Bangladesh) by R. N. Trivedi (Ranatri), Former PRO, Government of Bangladesh, Mujibnagar. Published by Md. Serajul Islam. **Popular Publishers,** 20 Pyaridas Road (Banglabazar), Dhaka-1100. Printed by Hakkani Printing & Packaging, 10, Suklal das Lane, Dhaka-1100. 5th Edition : July 2010 Price : 145.00 Taka

ISBN : 984-8548-06-9

BanglaBook.org

www.BanglaBook.org

# দ্যা রেইপ অব বাংলাদেশ
# THE RAPE OF BANGLADESH

জনৈক বীর মুক্তিযোদ্ধাকে
শুভেচ্ছান্তে
ভবদীয়
টনী মাসকারেণহাস
লন্ডন, ১৭ সেপ্টেম্বর ১৯৮৫

To : A Gallant F. F.
With all good wishes
Sincerely
Tony Mascarenhas
London. 17-9-85

## বক্তব্য

অ্যান্থনী মাসকারেণহাসের গ্রন্থ 'দ্যা রেইপ অব বাংলাদেশ' মুক্তিযুদ্ধ চলাকালীন তাঁর সাংবাদিক জীবনের শ্রেষ্ঠ রচনা। এ অমূল্য গ্রন্থটি দিয়েই লেখক বিশ্ব বিবেকের কাছে সত্য ও মানবতার জয়গান, সে সঙ্গে পাকিস্তান ঔপনিবেশিক শাসনের নিষ্পেষণ, শোষণ ও বঞ্চনার ইতিহাসকে মূর্ত করে রেখেছেন।

এই গ্রন্থে উত্থাপিত অনেক তথ্যের সঙ্গে অনেকেই দ্বিমত পোষণ করতে পারেন। তবুও সে সময়ের মাপকাঠিতে তাঁর সাহসিকতা ও অকপট প্রতিবেদনের জন্য প্রতিটি বাঙ্গালী হৃদয়ে তিনি উজ্জ্বল হয়ে থাকবেন।

বইটি অক্টোবর ১৯৭১-এ প্রকাশিত হয় এবং বইটির শেষ পংক্তিতে তিনি আশা প্রকাশ করেছিলেন, "আমরা সবেমাত্র একটি নতুন অন্ধকারের রাজ্যে প্রবেশ করেছি। অন্ধকারময় সুড়ঙ্গ পথের শেষ প্রান্তে যেখানে আলোর রাজ্যের শুরু, সেখানে পৌঁছতে আমাদের দীর্ঘ সময় লাগবে।" সময় লেগেছে ঠিকই। মাত্র দেড় মাস পর ১৬ই ডিসেম্বর ১৯৭১ সনে বাংলাদেশের বীর মুক্তিযোদ্ধারা রক্তের সাগর পাড়ি দিয়ে স্বাধীনতার রক্তিম সূর্যকে ছিনিয়ে আনেন। ইতিহাসের রোমন্থনে স্বাধীনতা-উত্তর প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের একটি অধ্যায় জানার সুযোগ খুলে দেবে ভেবে সহজ ও সরল বাংলায় 'দ্যা রেইপ অব বাংলাদেশ' পাঠকদের হাতে অর্পণ করলাম। স্বাধীনতার রজত জয়ন্তীতে বইটির তৃতীয় সংস্করণ এবং ভাষা ও শহীদ দিবসে চতুর্থ সংস্করণ প্রকাশ করার জন্য প্রকাশককে ধন্যবাদ জানাই।

BanglaBook.org

জয়চন্দ্র ঘোষ লেন, ঢাকা-১১০০
২১ ফেব্রুয়ারি ২০০৫ ইং

ধন্যবাদান্তে
রবীন্দ্রনাথ ত্রিবেদী (রনাত্রি)

www.BanglaBook.org

# মুখবন্ধ

১৪ই এপ্রিল ১৯৭১। পাকিস্তান সরকারের তথ্য মন্ত্রণালয়ের আমন্ত্রণে পাকিস্তানী ক'জন সাংবাদিক ও আলোকচিত্র শিল্পীসহ আমিও ঢাকায় গিয়েছিলাম। পূর্ব-বাংলা 'স্বাভাবিক অবস্থায় ফিরে এসেছে এ বিষয়ে সংবাদ সংগ্রহ ও প্রচার করা ছিল আমাদের কাজ বা এ্যাসাইনমেন্ট।' ঢাকার রাস্তাঘাট জনশূন্য, বিশাল এলাকা জুড়ে আগুনে পোড়ানোর চিহ্ন, দোকানপাট বন্ধ, গোলার গর্তের চিহ্ন, বুলেটের দাগ, ঘন কালো ধোঁয়ার কুন্ডলী তখনও উপরে উঠছে, বাতাস ভারাক্রান্ত। যাহোক, এসবই ধ্বংসের ঘটনা আপনা-আপনিই কথা বলছে, যে ঢাকা নগরীকে সজীব ও বন্ধু-বাৎসল্যের জন্যে এতদিন জেনে এসেছি এবং ভালবেসেছিলাম, সে ঢাকা যেন আজ করুণ হাস্যকর অনুকরণের নগরী। আমার অনেক বন্ধুকে আমি খুঁজে পেলাম না। কেউ চিরকালের মত হারিয়ে গেছেন। অন্যেরা, আমাকে যা বলা হয়েছে 'পালিয়ে গেছেন।' অনেক বিপদের মধ্যে খোঁজাখুঁজি করে একজনকে পেলাম। তিনি নিরাবেগ কণ্ঠে বললেন, 'কেন এসেছেন?' আমি বিড়বিড় করে একটা ব্যাখ্যা দেয়ার চেষ্টা করছিলাম, তিনি মন্তব্য সংক্ষিপ্ত করে বললেন, 'যে পাকিস্তানকে আপনি ও আমি জেনেছি তার কোন অস্তিত্ব নেই। সেভাবেই আমাদের মেনে নেয়া ভাল।' তারপর তিনি ঘুরে দাঁড়ালেন এবং দরজা বন্ধ করে দিলেন।

তার পরের দশ দিন ষোলতম পাকিস্তান আর্মি ডিভিশনের সদর দফতর কুমিল্লায় এবং পূর্ব-বাংলার অন্যান্য স্থানে সফর করেছি। তখন আমি অস্বস্তিকর অবস্থায় পাকিস্তানী সেনাবাহিনীর নারকীয় গণহত্যা সংগঠনের গা কাঁপানো রূপ দেখেছি। যদিও আমার সহকর্মীরা পরবর্তীকালে অস্বীকার করেছেন, তবু আমি বিশ্বস্ততার সঙ্গে বলতে পারি, আমরা যা দেখেছি তাতে আমরা সকলেই শিউরে উঠেছিলাম। আমিই শুধু এটা মেনে নিতে পারিনি। পূর্ব-বাংলায় আমি যা দেখেছি, হিটলার বা নাৎসীদের অমানবিক অত্যাচারের কথা যা পড়েছি, তার চেয়েও ভয়াবহ মনে হয়েছে, আর সেই অত্যাচার আমার দেশের লোকের উপরে ঘটছে। আমি জানতাম, পূর্ব-বাংলার এ দুর্বিষহ যন্ত্রণার কথা আমাকে বিশ্ববাসীর কাছে বলতেই হবে। তা'না হলে সারা জীবন এ মানসিক যন্ত্রণার বোঝা অপরাধীর মত আমাকে বইতে হবে।

এই দৃঢ় চেতনা নিয়ে মে মাসের তৃতীয় সপ্তাহে আমি লন্ডনে পৌঁছলাম এবং 'সানডে টাইমসের' কাছে এ খবর জমা দিলাম। এতে আমার কিছু ভয় বা চাঞ্চল্যের সৃষ্টি হয়নি, তা নয়। বহু বছর সাংবাদিকতা করেও আমি জানতাম না যে আমার মত একজন বহিরাগত, বিশ্বের বৃহত্তম সংবাদ নিয়ে অনিশ্চয়তার মধ্যে ফ্লিট-স্ট্রীটের দরজায় কড়া নাড়তে পারে। 'সানডে টাইমস'-এ তা'হল না। টমসন হাউজে প্রথম প্রবেশের চল্লিশ মিনিটের মধ্যে তাঁরা আমার কথা শুনলেন, গ্রহণ করলেন। আমি পাকিস্তানে ফিরে আমার স্ত্রী ও সন্তানদের নিয়ে আসার জন্যে তৈরি হলাম।

BanglaBook.org

www.BanglaBook.org

একটি বিরাট সংবাদপত্রের মহান সম্পাদক হ্যারল্ড ইভানস্ এবং 'সানডে টাইমস'- এর বৈদেশিক বিভাগের অন্যান্য সাংবাদিক যেমন- ফ্রাঙ্কগিলম, নিকোলাস ক্যারল, ডোনাল্ড ম্যাককরমিক এবং গডফ্রে ইজসেনের সাংবাদিকসুলভ অনুভূতি এবং যোগ্যতা সম্বন্ধে আমার উচ্চ ধারণার কথা ভাষায় প্রকাশ করা দুরূহ। ১৩ই জুন ১৯৭১ তারিখে 'সানডে টাইমস' পাকিস্তানের গণহত্যার সকল ঘটনা প্রকাশের পর বিশ্ববাসী জানতে পেরেছে।

এই বইটি, ঐ প্রতিবেদনেরই যুক্তিসঙ্গত অনুসিদ্ধান্ত। বাংলাদেশের নাটকীয় ঘটনা বলতে গিয়ে আমি পুঙ্খানুপুঙ্খরূপে সকল নৃশংসতার বিশদ আলোচনা করিনি। কতিপয় ভুল ধারণা সংশোধনের জন্যে সেগুলো উত্থাপন করেছি, কেননা সেগুলো সকলের কাছেই সুবিদিত। আমি আন্তর্জাতিক শক্তিসমূহ এবং ঐ অঞ্চলে তাদের স্বার্থের কথা মূল্যায়ন করতে চেষ্টা করিনি, কারণ ব্যক্তিগতভাবে ঐ এলাকা সফরের পরেই তা করতে চাই। আমি যা'করতে সচেষ্ট হয়েছি তা'হল এ ভয়াবহ ঘটনাগুলোর যে রাজনৈতিক পটভূমি রয়েছে তার একটি রূপরেখা তুলে ধরা এবং আমাদের প্রজন্মের সম্ভবতঃ মানবজাতির সবচে' বিয়োগান্ত ঘটনার প্রধান চরিত্রগুলোর অভিসন্ধির ব্যাখ্যা দেয়া। আমি এটা আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকেই করেছি।

আমি এই ঘটনাগুলো সম্পর্কে নিশ্চিতভাবে জানি, কেননা আমি আমার জীবনের মূল্যবান সময়টা এঁদের সঙ্গেই কাটিয়েছি। এসবের জন্যে তাঁদের কাছ থেকে আমাকে অনেক নিন্দা ও দুর্নাম সইতে হয়েছে। যাঁরা আমার কাছে একদিন খুব কাছের মানুষ ছিলেন এবং করাচী, লাহোর, রাওয়ালপিন্ডিতে আমি যাঁদের কাছে পরিচিত ছিলাম, তাঁদের সকলেই আমাকে বিশ্বাসঘাতক বলেছে ও বিশ্রী গালি দিয়েছে।

আমি আমার শেষ বিচারের ভার ঈশ্বরের হাতে ছেড়ে দিয়েছি। আমি যা করেছি যতটুকুই আমার দ্বারা করা সম্ভব ছিল।

পরিশেষে, আমি ব্যক্তিগতভাবে গডফ্রে ইজসন এবং আলম্যায়রের ডি'স্যুজাকে কৃতজ্ঞতা জানাচ্ছি, যাঁরা তাঁদের নিজেদের অনুকরণীয় পদ্ধতি দেখিয়ে আমার নতুন পরিবেশের জীবনকে সহনীয় করতে সহায়তা করেছেন। আরও ধন্যবাদ জানাই আমার স্ত্রী য়ুভন ও বাচ্চাদের যারা দুর্দিনে আমার সঙ্গে থেকে সব মানিয়ে নিয়েছে।

BanglaBook.org

লন্ডন, ১ অক্টোবর ১৯৭১

অ্যান্থনী মাসকারেণহাস

www.BanglaBook.org

# প্রকাশকের বক্তব্য

১৯৮৫ সালে বিলেতে ব্যবসায়িক প্রয়োজনে থাকাকালীন সময়ে অ্যান্থনী মাসকারেণহাসের সঙ্গে পরিচিত হই। পরবর্তীকালে তাঁর লেখা সব গ্রন্থগুলোর বিপণন ও বিতরণের জন্য বাংলাদেশে আমার সঙ্গে তিনি চুক্তিবদ্ধ হন, এবং বঙ্গানুবাদ, বিপণন ও বিতরণের একক দায়িত্ব আমাকে প্রদান করেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধকে কেন্দ্র করে তাঁর এ 'দ্যা রেইপ অব বাংলাদেশ' গ্রন্থটি ১৯৭১ সালে প্রকাশিত। মুক্তিযুদ্ধ চলাকালীন তাঁর সাংবাদিক জীবনের শ্রেষ্ঠ রচনা। ইতিহাস রোমন্থনে স্বাধীনতা-উত্তর প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের একটি অধ্যায় জানার সুযোগ এনে দেবে ভেবে সহজ ও সরল বাংলায় রবীন্দ্রনাথ ত্রিবেদী (রনাত্রি) অনূদিত 'দ্যা রেইপ অব বাংলাদেশ' চতুর্থ সংস্করণ পাঠকদের হাতে তুলে দিলাম।

সিরাজুল ইসলাম

ঢাকা
২১ ফেব্রুয়ারি ২০০৫ ইং

BanglaBook.org

www.BanglaBook.org

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| দুর্বিপাকের পূর্বরঙ্গ | ... | ১৫ |
| হেতুর যৌক্তিকতা | ... | ২৭ |
| দ্বন্দ্বের মূল হেতু | ... | ৩৩ |
| আর্থনীতিক হেতু | ... | ৩৯ |
| চরম বিশ্বাসঘাতকতা | ... | ৪৪ |
| এক 'নব সূচনা' | ... | ৫১ |
| নির্বাচন-পূর্ব টালবাহানা | ... | ৫৯ |
| নির্বাচনোত্তর প্রহসন | ... | ৭৫ |
| সামরিক বাহিনীর অভিযান | ... | ৯৪ |
| অবিস্মরণীয় পঁচিশ দিন | ... | ১০১ |
| গণহত্যা | ... | ১২০ |
| গোয়েবল্সের পুনরাবির্ভাব | ... | ১২৯ |
| কেন আশি লাখ লোক মারা যাবে | ... | ১৪৫ |
| পরিশিষ্ট | ... | ১৪৯ |


BanglaBook.org

www.BanglaBook.org

# ছবি-শিরোণাম

১. বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

২. "এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম" — জয় বাংলা।

— শেখ মুজিবুর রহমান (৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ)

৩. যে বিভীষিকা ও নারকীয় হত্যাযজ্ঞ সে দেখেছে তা'তে স্মৃতির কুহরে তোলপাড় করা আতংক তাকে তাড়া করে ফিরছে— এই শরণার্থী সকলের কাছে প্রাণভিক্ষা করছে —ক্ষমা কর বিধাতা।

৪. মুক্তিবাহিনীর পাল্টা আক্রমণের প্রস্তুতি।

৫. নবজাত শিশু কোলে লুটেরার হাত থেকে পরিত্রাণের পর প্রথম নিরাপদ নিদ্রা।

৬. আগরতলা শরণার্থী শিবির ঃ 'খাদ্যের সন্ধানে ক্রন্দনরত বাস্তুহারা শিশু'
—— সন্তান মোর মা'র।

৭. ইয়াহিয়ার শত্রুতার শিকারদের গণকবর।

— মহাকালের সাক্ষ্য

৮. পাকবাহিনী এ মহিলার স্বামীকে হত্যা করেছে। ক্রন্দনরত দেবর ও বিধবা।

— ভয়াবহ বীভৎস দৃশ্য স্মৃতিপটে জাগরুক।

৯. একজন মুক্তিযোদ্ধা।

১০. পাকবাহিনীর হত্যাকান্ডের দৃশ্যাবলী।

১১. পাক হানাদার বাহিনীর বোমার আঘাতে বিধ্বস্ত দালান কোঠা।

১২. রাজাকার, আলবদর বাহিনী কর্তৃক বুদ্ধিজীবীদের হত্যাকান্ডের দৃশ্য।

১৩. ১৯৭১-এর গণহত্যা।

১৪. ইয়াহিয়ার ষাঁড়ের চোখ।

১৫. ৯ মাস যুদ্ধের সময় শাঁখারী বাজার এলাকার নিত্য দিনের দৃশ্য।

১৬. পাক হানাদার বাহিনীর ধ্বংসলীলা।

BanglaBook.org

www.BanglaBook.org

# দুর্বিপাকের পূর্বরঙ্গ

২৫শে মার্চ বৃহস্পতিবার। বিকেল প্রায় পাঁচটা। ১৯৭১ সাল। ঢাকা বিমান বন্দরের রাস্তায় বাবলা ও অশ্বত্থ গাছের বিকেলের ছায়া দীর্ঘতর হতে শুরু করেছে। সে সময়েই নম্বরবিহীন কালো মার্সিডিস গাড়ী প্রেসিডেন্টের নিশান উড়িয়ে সেনাবাহিনীর গার্ডের কঠোর নিরাপত্তার মধ্যে বরফিস্টাইলের ভিআইপি টারমিনাল ভবনের বিপরীতে শান শওকতসহ এসে দাঁড়াল।

বিশ গজ দূরে পাকিস্তান আন্তর্জাতিক এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট, আকাশ পাড়ি দেবার জন্য প্রস্তুত হয়েই ছিল। এই সাদা ও সবুজ বর্ণের বোয়িংটিতে পূর্ণ জ্বালানী নেয়া হয়েছে। যাত্রাপথ ছ'হাজার মাইল। দক্ষিণ ভারতের সমুদ্র বুক ধরে শ্রীলংকায় উত্তরণ করে, তারপর পশ্চিম পাকিস্তানের প্রবেশ পথ করাচী। বাছাই করা বৈমানিক শক্ত হাতে বিমানের প্রবেশ পথে স্বাগত জানানোর জন্য দাঁড়িয়ে। কিন্তু তাদের জন্য অনুগৃহীত এই অনুষ্ঠানে– সকলকেই অস্বাভাবিক বিষণ্ন দেখাচ্ছিল। যে ক'জন উচ্চপদস্থ সামরিক অফিসার প্রেসিডেন্টকে বিদায় জানাতে এসেছিলেন, তাঁদের গাম্ভীর্যে ছিল দুশ্চিন্তার স্পষ্ট ছাপ। চারিদিকে দুশ্চিন্তার তড়িৎ-চাবুক ঝলসে উঠেছিল। মৌসুমী রুক্ষবাতাস ও গুমোট আবহাওয়া তাতে আরো তীব্র উত্তেজনায় প্রকাশ পেয়েছে। পাশে দাঁড়ানো এক অনুগৃহীত বাঁজালো কণ্ঠে বলেই উঠলো, 'এটাকে ছুরি চালিয়ে টুকরো টুকরো করতে পারেন।'

সেই ভয়াল দিনে ঢাকা বিমান বন্দরকে ইউরোপীয় মিত্রবাহিনীর একটি সুরক্ষিত আওয়ান বিমান ঘাঁটির মতো দেখাচ্ছিল। পর্যটন বিভাগের পরিসংখ্যান অনুযায়ী সাড়ে সাত কোটি বাঙ্গালী অধ্যুষিত প্রাদেশিক রাজধানী ঢাকা নগরী। কিন্তু জনতার দৃষ্টির বাইরে আজ বিমান ঘাঁটি। কোন বাঙ্গালীর মুখ দেখা যায়নি, পক্ষান্তরে পশ্চিম পাকিস্তানী সামরিক বাহিনীর উপস্থিতি সর্বত্র। সমস্ত বিমান বন্দরটি ওরা ছেয়ে রেখেছে। বিমান বন্দরের চারপাশের চত্বরে সামরিক সেন্ট্রিগুলো বন্দুকের নল উঁচিয়ে দর্শকদের হটিয়ে দিয়েছে। প্রান্তের পীচঢালা পথে ইতস্ততঃ বালির বস্তার আস্তানায় চোয়াল আঁটা জোয়ানগুলো যুদ্ধের পোশাকে মেশিনগান তাক করে রয়েছে। পিছনে বিমান বিধ্বংসী বাহিনীর কামানের ক্রুগুলো বিশেষ পেশাদারী ভংগীতে বসে রয়েছে।

www.BanglaBook.org



মনে হচ্ছিল পশ্চিম পাকিস্তানী সৈনিকগুলো যে কোন পরিস্থিতির জন্য প্রস্তুত। সেদিনের বিমান বন্দরে অনুপ্রবেশকারী ছিল না, শুধু বিকেলের পড়ন্ত বেলায় একমাত্র ঝাঁকে ঝাঁক বাদামী ও সোনালী ডাঁশ মাছি অলসভাবে উড়তে দেখা গিয়েছিল।

বিমান বন্দরের উৎকণ্ঠাপূর্ণ আবহাওয়া, ক্রমান্বয়ে লাউঞ্জ থেকে হলঘরেও সংক্রমিত হয়ে গেল; ভবনের অভ্যন্তরে দু'হাজার নারী-পুরুষ, শিশু— যাদের বেশীর ভাগই ছিল মেমন সম্প্রদায়ভুক্ত অন্যান্যরা পাঠান। আসন্ন বিপদের ভয়ে বাসায় পরা পোশাকেই পালাচ্ছে। অনেকেই অনিদ্রায় রাত কাটাচ্ছে এখানে। বিছানাপত্র ও মানবদেহের অবস্থিতিতে বেশ নোংরা হয়েছে বিমান বন্দর। একটা অস্বস্তিতে তারা রয়েছে, তা বেশ বোঝা যাচ্ছে। আতংক ছাড়াও খাদ্য ও পানীয় জলের সরবরাহ ছিল অপ্রতুল।

প্রেসিডেন্টের আগমনের আগে হলের মধ্যে কান ঝাঁজালো হৈ চৈ চলছিল। হাত ভর্তি টাকা নিয়ে অসংযত বিমান অফিসারদের সঙ্গে দরকষাকষি, ঘুষ দিয়ে বিমানের আসনের পারমিট বাগানোর ব্যস্ততা নিয়ে লোকগুলো ব্যস্ত হয়ে উঠেছিল। তবে তাদের প্রচেষ্টা বিফল হয়নি। এখন উচ্চ কণ্ঠে ফিসফিস আওয়াজ। বিমানের বেশ ক'জন কর্মী জানালায় দাঁড়িয়ে থাকা সহকর্মীর সঙ্গে যোগ দিল। বাইরে তাকিয়ে দেখলেন— প্রেসিডেন্টের বিদায় যাত্রা। যাঁরা সেদিন প্রেসিডেন্টের বিদায় যাত্রা দেখেছেন তাঁরা সেই বিদায়ী-লগ্নকে কখনো ভুলবেন না। অন্য আর সবদিক থেকে এ লগ্নটি ছিল পাকিস্তানের ইতিহাসের মোড় ফেরার লগ্ন। দশ দিন আগে প্রেসিডেন্ট ইয়াহিয়া ঢাকায় এসেছিলেন ফুরফুরে হালকা মেজাজ নিয়ে, এখন সেখানে গম্ভীর হতাশা। মেজাজে মলিনতার কালো ছায়া, সে ছায়া সর্বত্র, সকলের মুখে সংক্রমিত হয়েছে।

আগা মোহাম্মদ ইয়াহিয়া খান আজ আর অফিসারদের সময় নষ্ট করতে চাননি। তারা তো এখন যুদ্ধের ময়দানে। সত্যিকার অর্থে, সামরিক কায়দায় তিনি বিদায় অভিবাদন সংক্ষিপ্ত করলেন। তাছাড়া এক মাইল দূরে ইস্টার্ণ কমান্ড হেড্‌কোয়ার্টারের কনফারেন্স রুমে আট ঘন্টার দীর্ঘ বিবর্তনমূলক ব্যবস্থা গ্রহণের আলোচনা শেষ করে এসেছেন। সেজন্য সামরিক শুভেচ্ছা বিনিময় হ'ল সীমিত ক'জনের সংগে। দু'জন ঊর্ধ্বতন সামরিক কর্ণধারের সঙ্গে একটু ফিসফিস ; নীচু স্বরে কথা হল। ফ্যাশান দুরস্ত সামরিক সালাম বিনিময় হল। এবার প্রেসিডেন্ট ইয়াহিয়া স্বচ্ছন্দ পদক্ষেপে বিমানের প্রবেশ পথে উঠলেন এবং নির্দিষ্ট আসনে বসলেন।

BanglaBook.org

উড্ডীয়মান বিমানে পি আই এর আতিথেয়তার সুনাম রয়েছে। আর সেদিনের বিমানের আয়োজন ছিল অতুলনীয়। বিমানের দরজা বন্ধ হতে না হতেই একজন বিমানবালা বিমান উড়বার রীতি উপেক্ষা করে কচ্ ও সোডাসহ গ্লাস সাজিয়ে

www.BanglaBook.org





"এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম" জয় বাংলা'।

—শেখ মুজিবুর রহমান

www.BanglaBook.org





যে বিভীষিকা ও নারকীয় হত্যাযজ্ঞ সে দেখেছে তা'তে স্মৃতির কুহরে তোলপার করা আতংক তাকে তাড়া করে ফিরছে—এই শরণার্থী সকলের কাছে প্রাণভিক্ষা করছে—ক্ষমা কর বিধাতা।

www.BanglaBook.org







মুক্তি বাহিনীর পাল্টা আক্রমণের প্রস্তুতি

www.BanglaBook.org





BanglaBook.org

নবজাত শিশুকোলে লুটেরার হাত থেকে পরিত্রাণের পর প্রথম নিরাপদ নিদ্রা।

www.BanglaBook.org





BanglaBook.org

আগরতলা শরণার্থী শিবিরে ঃ 'খাদ্যের সন্ধানে ক্রন্দনরত বাস্তুহারা শিশু—,
'সন্তান মোর মা'র।'

www.BanglaBook.org





ইয়াহিয়ার শত্রুতার শিকারদের গণকবর
মহাকালের সাক্ষ্য।

BanglaBook.org

www.BanglaBook.org





BanglaBook.org

পাকবাহিনী এ মহিলার স্বামীকে হত্যা করেছে। ক্রন্দনরত দেবর ও বিধবা। ভয়াবহ বীভৎস দৃশ্য স্মৃতিপটে জাগরূক।

www.BanglaBook.org



মান্যবর মেহমানের দিকে এগিয়ে গেলো। ফেনায়িত গ্লাস ওষ্ঠে স্পর্শ করলেন মেহমান। কয়েক মিনিটের ব্যবধানে তিনি অনুরূপ গ্লাস গ্রহণ করতে থাকলেন। প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের ভয়াবহ আসন্ন পরীক্ষা উত্তীর্ণ হ'তে এ ধরনের প্রস্তুতি স্বাভাবিক। তিনি তো হাতের ঘুঁটি চেলে এসেছেন। সিজার ততক্ষণে রাইবিকন অতিক্রম করছেন। দু'বছর আগে এমনি দিনে স্যাম্প্যান শরাবে তাঁকে প্রস্তুত রেখেছিল।

১৯৬৯ সালের ২৫ মার্চ। পাকিস্তানের বিধিলিপিতে আরো একটি দিনের সংযোজন। এদিনটি জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খানের সর্বাধিনায়কের পদে অধিষ্ঠিত হবার উৎসবের দিন। বয়োবৃদ্ধ অসুস্থ ফিল্ড মার্শাল আইয়ুব খান অনিশ্চয়তার ধ্বংসের মুখে। তাঁর দশ বছরের 'নিয়ন্ত্রিত গণতন্ত্র' গণঅভ্যুত্থানে রূপান্তরিত হলে; তাঁকে পিছু হটতে বাধ্য করেছিল। সে সময়টা ছিল সরকারী অস্বাভাবিক ও বড় বড় রচনাশৈলী ব্যবস্থার স্বৈরাচারী একনায়কতন্ত্রের শাসন। তখনকার মতো এই পরিস্থিতিই ছিল দেশের ইতিহাসে জানামতে সংকটজনক ঘটনা। অনন্যোপায় হয়ে আইয়ুব খান ক্ষমতার উৎস ও বিচারের শেষ আশ্রয়স্থল সামরিক বাহিনীর কাছে আবেদন জানালেন। সেনাবাহিনী যদিও এই ক্ষমতা সুসংহত করার বিষয়ে অবগত, তবু আইয়ুবের ব্যর্থতায় অসহিষ্ণু হয়ে উঠেছিল। সুতরাং বয়োবৃদ্ধ ফিল্ড মার্শাল আইয়ুব অপসারিত হলেন। প্রধান সেনাপতি জেনারেল ইয়াহিয়া খান ক্ষমতার আসনে এসে বসলেন। পাকিস্তানের সামরিক শৃংখলে নতুন কড়া দৃঢ়ভাবে সংযোজিত হল।

যে সব মৌলিক সমস্যা জাতীয় ঐক্যে চিড় ধরিয়েছিল, এই নতুন সামরিক শাসনের অধ্যায়ে সে সবের কোন সমাধান দিতে সমর্থ হয়নি। তবে উত্তেজনা প্রশমনে তা সামরিক সহায়তা করেছিল। সেই সংকটকালে জেনারেল ইয়াহিয়া বেশ সাহস ও দৃঢ়তার পরিচয় দিয়েছিলেন। তাঁর সামরিক দম্ভের তর্জন-আঘাতে এতটুকু ভাবা গিয়েছিল যে, তিনি বিক্ষুব্ধ খরস্রোতকে সে সময়ের জন্য হলেও অনুকূলে আনতে পেরেছিলেন।

যা হোক, খেলার নামে ক্ষমতার রাজনীতির অবস্থিতি রয়েই গেল। তেইশ বছরের শোষণ ও হতাশা জনতাকে আরো গণতান্ত্রিক অধিকার অর্জনের আন্দোলনে সোচ্চার করে তুলেছিল। অন্যদিকে সামরিক বাহিনী যদিও গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীল বলে বিবেচিত হয়, তবু বিগত বার বছর তারা যে ক্ষমতার অংশীদার ও সিদ্ধান্ত নেবার যে অধিকার উপভোগ করে এসেছে তা ছাড়তে সত্যিকার অর্থে কোন ইচ্ছে তাদের নেই। অতএব নতুনভাবে সমস্যা গেঁজিয়ে উঠতে থাকে। দু'বছর রাজনীতির পরীক্ষা-নিরীক্ষা চালাবার পর চাকা ঘূর্ণন শেষ হল। রাজনৈতিক অগ্ন্যুদগার পুনর্জাগরিত হল। তবে এবারের ভুল সংশোধনের বাইরে চলে গেল।

এমন বেদনাঘন পরিস্থিতিতে জেনারেল ইয়াহিয়া খান ত্রিশ হাজার ফুট

www.BanglaBook.org



ঊর্ধ্বাকাশের উড়তিপথে তার দ্বিতীয় ক্ষমতা দখলের অভিষেক উদযাপনের প্রস্তুতি নিয়েছিলেন। এই নিরানন্দ নিঃসঙ্গ বিষণ্ণতায় স্যাম্পেন শরাবের চেয়ে হুইস্কি তাঁকে আত্মনিমগ্ন করলো। গত পাঁচ সপ্তাহে তিনি যে চাতুরীপূর্ণ খেলা খেলেছেন, সেজন্য তিনি মনে মনে অবিশ্যি সান্ত্বনা পেয়ে থাকবেন। তিনি ঘৃণা করেন রাজনীতিবিদদের অথচ তাঁদের সঙ্গে বিরামহীন রাজনীতির প্রসঙ্গ নিয়ে ঘণ্টার পর ঘণ্টা বৈঠক করে চলেছেন। তিনি জানতেন, বৈঠকের ব্যর্থতা কোন ঘটনাই নয়, কেননা এ সব বৈঠক সাফল্যের জন্য অনুষ্ঠিত হয়নি। সামরিক উদ্দেশ্য সাধনের জন্যই এসবের প্রয়োজন ছিল। সর্বাত্মক সামরিক আঘাত হানার জন্যেই এই কালক্ষেপণের প্রয়োজন ছিল। এখন সেই চরম সিদ্ধান্ত নেয়ার চরম দায়িত্ব তাঁরই হাতে অর্পিত।

ঘটনাটি স্মরণ করে জনৈক ঊর্ধ্বতন বিমান বাহিনীর কর্মকর্তা বললেন, ইয়াহিয়া ভারতীয় বিমান বাহিনী দ্বারা বাধাপ্রাপ্ত বা ভারতে অবতরণ করার ঝুঁকি নিতে চাননি। সেটা হতো মারাত্মক। সুতরাং প্রেসিডেন্টের করাচী নিরাপদ পৌঁছাবার পরই পূর্বাঞ্চলে পরই পূর্বাঞ্চলে সামরিক এ্যাকশান নেবার পরিকল্পনা করা হয়েছিল।

প্রেসিডেন্টের বিমান করাচী বিমান বন্দরে অবতরণের সংবাদ বেসামরিক বিমান কর্তৃপক্ষের মহাপরিচালক ঢাকায় বেতারযোগে 'ফ্ল্যাস' সংবাদ পাঠালেন। ক্ষণকাল পরেই ইষ্টার্ণ কমান্ড হেড্‌কোয়ার্টারস্ থেকে ফরমান পাঠানো হ'ল 'SORT THEM OUT' 'বাছাই কর-খতম কর বাঙালীদের।' ঢাকা ও চট্টগ্রামের সামরিক বাহিনী, ট্যাঙ্ক ও ট্রাকসহ অভিযানে নেমে পড়লো। ধ্বংসের তোপ গর্জে উঠলো। বাঙালী নিধনযজ্ঞ শুরু হ'ল। গণহত্যা শুরু হ'ল।

BanglaBook.org

www.BanglaBook.org

# হেতুর যৌক্তিকতা

*'পূর্ব পাকিস্তানের প্রত্যেকটি ন্যায়সঙ্গত দাবীর সামান্যটুকু পর্যন্ত তোমাদের নিকট থেকে অর্জন করতে হলে আমাদের বারবার প্রচুর ত্যাগ স্বীকার করতে হয়েছে এবং চরম মূল্য দিতে হয়েছে। এ যেন একটি বিদেশী শাসকবর্গের নিকট থেকে অধিকারের করুণা মাত্র ছিনিয়ে আনা। এজন্য কখনো কি তোমাদের মুখ লজ্জায় নত হয়েছে? না হয় নি।'*
*শেখ মুজিবুর রহমান আমাদের বাঁচার অধিকার, ঢাকা ফেব্রুয়ারী, ১৯৬৬।'*

শেখ মুজিবুর রহমানের বিখ্যাত ছয় দফা ঘোষণায় পশ্চিম ও পূর্ব পাকিস্তানের মধ্যে বিরাজমান ২৪ বছরের ঔপনিবেশিক সম্পর্কের এক সংক্ষিপ্ত ইতিহাস তাঁর অগ্নিক্ষরা বক্তব্যে উপস্থাপন করেছেন। মুসলিম রাষ্ট্র পাকিস্তান প্রতিষ্ঠার এক বছর পর অর্থাৎ ১৯৪৮ থেকে ঔপনিবেশিক ব্যবহার চলে আসছিল। তখন শেখ মুজিব ছিলেন অপরিচিত একজন ছাত্র। ১৯৭১ সালের ২৫ মার্চ পূর্ব পাকিস্তানের বর্বর পশ্চিম পাকিস্তানী সামরিক বাহিনীর অত্যাচারই পূর্ব বাংলার বিচ্ছিন্নতাকে স্থায়ীভাবে প্রতিষ্ঠা করলো।

সে দুঃখের কাহিনী বর্ণনা করতে কয়েক খন্ড হয়ে যাবে। এক্ষেত্রে আমার সে প্রচেষ্টা নেবারও উদ্যোগ নেই। আমার কাহিনী শুধু সাম্প্রতিক মাসগুলোতে পাকিস্তানে অসার রাজনৈতিক ক্রিয়াকান্ডের প্রতিবেদন, যা ক্রমান্বয়ে বিভীষিকাময় গণহত্যার পথে এগিয়ে যায়। আমার সৌভাগ্য হয়েছিল বিশ্ববাসীর কাছে ১৩ জুনের 'দি সানডে টাইমস' পত্রিকার মাধ্যমে সে ঘটনা তুলে ধরবার। এখানে যদি আমি পুরনো ঘটনার বর্ণনা দিয়ে থাকি তবে সেটা শুধু প্রাসঙ্গিক কারণে। সে ঘটনা অনেকেই জানেন না, কিংবা জেনে থাকলেও ভুলে গেছেন। নেহাৎ প্রয়োজনের তাগিদেই সার-সংক্ষেপের উদ্ধৃতি দিয়েছি।

পূর্বে পাকিস্তানের বর্ণনা দিতে আমি ইচ্ছে করেই ইসলামাবাদ সরকারের প্রচলিত সংজ্ঞা 'ইসলামিক রাষ্ট্র বা আদর্শিক রাষ্ট্র-এর পরিবর্তে 'মুসলিম রাষ্ট্র' শব্দটি ব্যবহার করেছি। ইসলামের সঙ্গে আমার কোন বিরোধ নেই। বরং পাকিস্তানের দৈনিক পত্রিকাগুলোসহ আমি যে পত্রিকায় কাজ করেছি তাতে প্রতিদিন পবিত্র কোরানের

www.BanglaBook.org



বাণী প্রকাশিত হত। আমি এসব বাণী পাঠে আনন্দ ও সান্ত্বনা পেয়েছি। গত তেইশ বছরের সাংবাদিকতার অভিজ্ঞতা থেকে বলছি, ইসলামাবাদ সরকারের উদ্ভট সংজ্ঞার চেয়ে আমার দেয়া সংজ্ঞার প্রতি আমি বিশ্বস্ত এবং পূর্ব পাকিস্তানের সাড়ে ছয় কোটি মুসলমানেরাও এ মতই পোষণ করেন।

পাকিস্তানের সত্যিকার অর্থে একটি আদর্শিক ভিত্তি রয়েছে কিন্তু আদর্শিক রাষ্ট্র হিসেবে যা সাধারণতঃ বলা হয়ে থাকে.তা হয়ে ওঠেনি। স্বীকার করতে হয়, পশ্চিম পাকিস্তানের অধিকাংশ লোকেরই উক্তি 'আমি প্রথমে মুসলমান, পরে পাকিস্তানী।' কিন্তু আমি দেখেছি এসব উক্তি শুধু সুবিধা আদায়ের আবেগ বস্তুনিষ্ঠাহীন ব্যক্তির আদর্শিক আর্তি উপশমের অবলম্বন মাত্র। 'ইসলামী ও পাকিস্তানী মতাদর্শ' অনুশীলন এ দুটির মাঝে শূন্যতা পূরণের ব্যর্থ প্রয়াস রয়েছে। জাতীয় সত্তা অস্বীকারের ঐ দুটো ব্যাপারেই কাজ করেছে। প্রথমত, পূর্ব-পশ্চিম পাকিস্তানের মধ্যে বেদনাদায়ক আর্থনীতিক অসাম্যের পটভূমিতে ধর্মের পিছু হটা। দ্বিতীয়ত, পূর্বাঞ্চলের অমুসলিম জনগোষ্ঠী বিশেষত দেড় কোটি হিন্দু সম্প্রদায়ের প্রতি মানসিকভাবে প্রত্যাখান এবং তাদেরকে অনির্ভরযোগ্য ও অপাঙক্তেয় বিদেশীর ন্যায় ব্যবহার করা। পূর্ব বাংলায় বর্তমানে যে হিন্দুদের নিশ্চিহ্ন করার নৃশংস নিধনযজ্ঞের উৎস-সূত্র, সেই পাকিস্তানী ইসলামী অন্ধত্বের মধ্যে খুঁজে পাওয়া যাবে।

পাকিস্তানের স্থপতি কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ দেশের জনগণের মধ্যে জাতিসত্তাবোধ জাগরণে দূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন। পাকিস্তানের প্রাথমিক ঘোষণায় তিনি জনগণকে বলেছিলেন যে, মুসলিম, হিন্দু, খৃষ্টান এবং পার্শি পরিচয় ভুলে শুধু 'পাকিস্তানী' পরিচয়ে তাদের ভাবতে হবে। এ কারণ সুবিদিত। উপমহাদেশের ভাগাভাগিতে ৪ কোটি মুসলমানকে, পাকিস্তানের জনসংখ্যার অর্ধেকাংশের সমান ভারতে রেখেই পাকিস্তানের সৃষ্টি হয়। পাকিস্তান পূর্বাঞ্চলের অংশে পেয়েছে দেড়কোটি হিন্দুকে। সাম্প্রদায়িক রক্তক্ষয়ী হানাহানির মাধ্যমে ভারত উপ-মহাদেশ ভাগাভাগি হলে এ অবস্থাতে দুর্বিষহ দুর্যোগ আরো তীব্র হয়ে উঠলো। আমরা আগে মুসলমান পরে পাকিস্তানী এ ধারণা পোষণ করার জন্য উভয় দেশের ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের সদস্যদের পদমর্যাদা ও অবস্থা খর্ব হ'ল।

জিন্না সাহেব দীর্ঘদিন বাঁচেননি। তাঁর আদর্শানুসারীগণ তাঁর বিজ্ঞ দর্শনকে পাশ কাটিয়ে গেল। ক্ষমতা লাভের উচ্চাকাঙ্ক্ষায় প্ররোচিত হয়ে তাদের সাম্প্রদায়িক ভেদবুদ্ধি জনগণের মনে স্থায়ী সাম্প্রদায়িক বিবাদে স্থান নিল।

স্পেন, পুর্তগাল এবং আইরীশ জনগণ যেমন ধর্মবিশ্বাসে ক্যাথলিক রাষ্ট্রে, পাকিস্তানও অনুরূপভাবে একটি মুসলিম রাষ্ট্র। ব্রিটেন তেমনি প্রোটেষ্টান্ট। আজ পর্যন্ত পাকিস্তানী লিখিত সংবিধানে (ইসলামের প্রতি বুলি কপচানো ছাড়া) অথবা

www.BanglaBook.org



দেশের আইন কানুনে কিংবা প্রশাসনিক কাঠামোতে বা দৈনন্দিন জীবনযাত্রায় ইসলামী আদর্শিক অনুশাসনের কোন স্থায়ী রূপ প্রকাশ পায় নি। যদি এর বিপরীত সত্য না হবে, তবে কেন ভারত থেকে মুসলমানদের পাকিস্তানে আগমনের ব্যাপারটি বাধা দেয়া হয় (কেননা, পাকিস্তান, সেতো ভারতীয় মুসলমানদের আবাসভূমি হিসেবে জন্ম নিয়েছিল)। তাহ'লে পশ্চিম পাকিস্তানী মুসলিম সামরিক বাহিনীর পূর্ববঙ্গের মুসলমানদের উপর নারকীয় অত্যাচারের ঘটনা বিশ্ববাসীকে প্রত্যক্ষ করতে হ'ত না।

এ প্রসংগে খুব বেশী দিনের কথা নয় জর্ডানে পাকিস্তানী রাষ্ট্রদূতের বিবৃতির কথা স্মরণ আমি করছি। জর্ডানের সেনাবাহিনী এবং প্যালেস্টাইনের মুক্তিযোদ্ধাদের সংঘর্ষের সময় পাকিস্তানী সামরিক ইউনিটের (বিমান বিধ্বংসী বাহিনী) ভূমিকা সম্পর্কে রাষ্ট্রদূত বললেন ঃ "আমি আপনাদের ওয়াদা দিচ্ছি পাকিস্তানী বাহিনী কোথাও মুসলমানের বিরুদ্ধে একটি গুলি ছুড়বার দায়ে দোষী হবে না।" এ বিবৃতিটির উদ্ধৃতি ও প্রচারে প্রাধান্য পেয়েছিল। এ বিবৃতি দু'বছর আগের। আমি ভেবে বিস্মিত হচ্ছি, বর্তমানে পূর্ব বাংলায় যে নারকীয় ঘটনা ঘটছে সেগুলো গলাধঃকরণ করতে ঐ রাষ্ট্রদূতের কিনা মানসিক কসরৎ করতে হচ্ছে।

যখন ১৯৪৭ সনের আগস্ট মাসে পাকিস্তান আজাদ রাষ্ট্র হিসাবে গঠিত হলো, সেই জন্মলগ্ন থেকেই কোন্দলের মাধ্যমে পাকিস্তানের প্রতিষ্ঠা। সেকালের বৃটিশ শাসিত ভারত সাম্রাজ্যে মুসলমানদের স্বতন্ত্র আবাসভূমির ঐতিহাসিক আন্দোলন, মুসলমানরা হিন্দুদের আধিপত্য আশংকা করেছিলেন, ওটা ভাবা অযৌক্তিক ছিল না। উপমহাদেশ ভাগাভাগির উদ্দেশ্য সাধনে ঐ ভাবনা যথেষ্ট কার্যকরী হয়েছে। কিন্তু এ চেতনাই দুটি ভৌগোলিক স্বতন্ত্র আর্থ সাংস্কৃতিক বৈচিত্র্যের পরিচিত ও বেদনাঘন সীমানা রোয়েদাদ দিয়ে ভারতে বৃটিশ রাজ্যের সমাপ্তি হলো এবং পাকিস্তানের জন্ম হল। শুধু এক হাজার মাইল দূরত্ব বিস্তৃত ভারতীয় ভূখণ্ডই নয়, পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের মধ্যে রয়েছে সবদিক থেকে পার্থক্য। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জনগণের ভাষা ও চিন্তায় রয়েছে পার্থক্য, তাদের জীবনযাত্রা, আহার ও বেশ-ভূষায় নিজস্বতা আছে। তারা সম্পূর্ণ ভিন্ন পরিবেশে বসবাস করে। এমন কি তাদের খেলাধুলাও আলাদা মেজাজের। ফুটবল—যা লক্ষ লক্ষ বাঙালীকে উৎসাহিত করে কিন্তু পশ্চিম পাকিস্তানে এর কদর কম। সেখানে ক্রিকেট ও হকির প্রাধান্য। যদিও পূর্ব ও পশ্চিম পাকিস্তানীদের মেলামেশা হচ্ছে, তবু বিয়ে-সাদী হচ্ছে কম। দেশের অখণ্ডতা রক্ষার জন্য সরকার দু'অঞ্চলের মধ্যে অন্তঃদেশীয় বিয়ে শাদীর জন্য ক'বছর যাবৎ চেষ্টা চালিয়েছেন। প্রতিটি বিয়েতে পাঁচ'শ টাকা যৌতুক দেয়া হয়েছে তবুও হাতে গোনা যে ক'টি বিয়ে হয়েছে, আমার অভিজ্ঞতা থেকে বলছি, এ

www.BanglaBook.org



ধরনের দু'একটি বিয়ে বর্তমানে যুদ্ধের কারণে তিক্ত ঘৃণা ও দুঃখজনক পরিসমাপ্তিতে এসে দাঁড়িয়েছে।

রাজনৈতিকভাবেও দুটি অঞ্চল ভিন্ন তরঙ্গে বাঁধা। পশ্চিম পাকিস্তান নিজেকে মধ্য প্রাচ্যের অংশ হিসাবে বিবেচনা করে। সেভাবেই সর্বদা দৃষ্টি নিবদ্ধ রেখেছে এবং ১৯৫৮ সনের এক স্মরণীয় অনুষ্ঠানে পাকিস্তান মন্ত্রিসভায় প্রেসিডেন্ট মেজর জেনারেল ইসকান্দার মির্জা আফগানিস্তান ও ইরানের সঙ্গে কনফেডারেশনের প্রস্তাব আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন। এ ধরনের চরম সিদ্ধান্ত গ্রহণের পেছনে পূর্ব বাংলার লক্ষ লক্ষ জনগণের অস্বস্তিকর রাজনৈতিক চাপকে বানচাল করার প্রধান কারণ হয়ে থাকবে।

সঙ্গত কারণেই ঐসব দেশগুলো থেকে এ ধরনের হাস্যকর প্রস্তাবে কোন সাড়া না পেয়ে প্রস্তাবটি পরিত্যক্ত হয়েছিল। পাকিস্তানের অংশ হলেও পূর্ববাংলার দক্ষিণ পূর্ব এশিয়ার প্রতিবেশী রাষ্ট্র সমূহের সঙ্গে স্বাভাবিক আকর্ষণ রয়েছে। তাছাড়া পশ্চিম পাকিস্তান আন্তর্জাতিক অনুশাসনের প্রতি কখনই উৎসাহিত হয়নি।

পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মানুষের মধ্যে সান্নিধ্যের উষ্ণতার লক্ষণ দেখা যায়নি। দিল্লীতে আমার তিন বছর থাকাকালে আমি দেখেছি—পাকিস্তান দূতাবাসের বাঙালী কর্মকর্তা ও কর্মচারীরা ভারতীয়দের সঙ্গে যতটা নৈকট্য ও আন্তরিক, তাদের দেশবাসীর সঙ্গে ততটা নয়। যদিও দুটি দেশের মধ্যে ভারতীয় রাজধানীতে যে রাজনৈতিক বাতাবরণ, তাতে বিপরীত অবস্থা হওয়া বিধেয়। ১৯৫৮ সনে ওয়াশিংটনে এবং ১৯৬৭ সনে বিলেতে একই রকম দেখেছি। পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে একই সামাজিক অবস্থান দেখতে পাবেন। অবসর সময়ে বাঙ্গালী কর্মচারীরা নিজেদের মধ্যে কিংবা বিদেশী সহকর্মী বন্ধুদের সান্নিধ্য বেশী অভিপ্রেত মনে করে। পাঞ্জাবী ও পশ্চিম পাকিস্তানীদের চলার পথও ভিন্নতর। যদি কখন সাক্ষাৎ হয় তা মিশনের আনুষ্ঠানিক অনুষ্ঠানে কিংবা দূতাবাসের আনুষ্ঠানিক সৌজন্য মদের পার্টিতে (ককটেল পার্টি)। যখন একজন কূটনীতিবিদ এ ধরনের কৌতূহল উদ্দীপক বিষয়ে প্রশ্ন করেন তখন আড়ষ্টতাহীনভাবে একজন পাঞ্জাবী কর্মকর্তা উত্তর দিলেন ঃ "এতে আশ্চর্যের কি আছে, শত হলেও আমাদের জন্মসূত্র-ধারার উৎস ভিন্ন।"

পশ্চিম পাকিস্তানের প্রকৃতি জনগণকে কর্মঠ ও উগ্র করেছে–। কষ্টসহিষ্ণু পাবর্ত্য মানুষ ও উপজাতীয় কৃষকদের সব সময় বন্ধুর পরিবেশ জীবন ধারনের জন্য তৎপর থাকতে হয়। বাঙালীরা এক্ষেত্রে সম্পূর্ণ আলাদা। ভদ্র ও মর্যাদা সম্পন্ন বাঙালী, তারা সহজ জীবনযাপন ও বদ্বীপ এলাকার প্রাচুর্যে বসবাসে অভ্যস্ত। কুমিল্লায় নবম ডিভিশনের একজন পাঞ্জাবী সামরিক কর্মচারীর মন্তব্য আমার বেশ মনে আছে। হাত দিয়ে চারিদিকে কালো উর্বর মাটির দিকে লক্ষ্য করে বললেন, "হায় আল্লাহ্ এ

www.BanglaBook.org



বিচিত্র এদেশ দিয়ে আমরা কি না করতে পারি।" ক্ষণেক চিন্তা করে বললেন, "কিন্তু আমার মনে হয় তাহলে আমরা বাঙ্গালীদের মতো হয়ে যেতাম।"

ইসলাম অবশ্যি দু'অঞ্চলের সাধারণ যোগসূত্র। কিন্তু পাকিস্তানের ২৪ বছরের ইতিহাস প্রমাণ করে—দু'অঞ্চলের পরস্পরের প্রতি সাধারণ ক্ষেত্রে ধর্ম খুব নগণ্য বন্ধন সৃষ্টি করেছে। ভারত ভাগাভাগির সময় এ ধরনের ঘৃণা ততটা ছিল না। কেননা তখন হিন্দুদের সঙ্গে আদর্শিক বিরোধ ছিল। যা তৎকালীন ভারতবর্ষে 'পাকিস্তান' মুসলিম ঐক্যের একমাত্র ভিত্তি। পাকিস্তানের নতুন মুসলিম জনমানস, এই বিরোধপূর্ণ সূত্রগুলি উপেক্ষা করে, স্বাধীনতার প্রাথমিক উত্তেজনা ক্ষীণ হতে থাকলে তাদের ব্যক্তিস্বার্থ অর্জনের ভিন্ন ধারা বইতে শুরু করল।

অস্তিত্ব রক্ষা ও অগ্রগতির সংগত কারণেই উগ্র পশ্চিম পাকিস্তানীরা প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ ও জনবহুল পূর্বাঞ্চলে আধিপত্য বিস্তার করতে লাগল। পূর্ববাঙলা তার অস্তিত্ব রক্ষার জন্য আধিপত্য প্রতিরোধ করতে শুরু করল। এ পটভূমিতে আর্থনীতিক বিষয়গুলো এলো সামনে আর ধর্মের স্থান গেল পিছনে, বিরোধ তীব্র হতে লাগলো।

এই আর্থনীতিক উদ্যোগধারাকে ও পূর্ব বাঙলাকে পদানত রাখার জন্য পাকিস্তানী শাসকেরা বারে বারে গত দু'দশকেরও বেশী সময় ধরে ধর্মীয় গোঁড়ামির আশ্রয় নিয়ে ব্যর্থ আক্রমণ চালিয়েছে। যখনি রাজনৈতিক ও আর্থনীতিক প্রকট সমস্যাগুলি উত্থাপিত হয়েছে তখনি 'ইসলামীকরণে'র নূতন তরঙ্গ সৃষ্টি হয়েছে। এসব হলো ধর্মান্ধতার নতুন ফতুয়া। সব সময় পুরনো আদর্শের ঢোল পিটানো হয়েছে, প্রাক-স্বাধীনতা যুগে সাম্প্রদায়িকতা জাতীয় আদর্শে রূপ নিয়েছে। যেহেতু পাকিস্তানের সৃষ্টি হয়েছে ইসলামকে মুক্ত করে তোলার জন্য, সে কারণে ভারতের সঙ্গে সহাবস্থান সৃষ্টির কোন প্রচেষ্টা হয়নি। ভারত একসময় ভয়ংকর হিন্দু আধিপত্য হিসেবে বিবেচিত হয়েছে।

এই উদ্দেশ্য ত্বরান্বিত করার জন্য কাশ্মীর সমস্যা পাকিস্তানের জন্মক্ষণ থেকেই সুলভ বাহন হিসেবে ব্যবহৃত হয়েছে। জনসম্মুখের একাধিক অনুষ্ঠানে আমাদের বলা হতো "কাশ্মিরের যুদ্ধ বিরতি সীমারেখা থেকেই পাকিস্তানের বৈদেশিক নীতি উৎসারিত।" পাঞ্জাবী ও পাঠানদের কাছে এটা খুব সুখশ্রাব্য ছিল, কারণ ওদের অনেকেরই কাশ্মিরের সঙ্গে পারিবারিক সম্পর্ক ছিল। কিন্তু বাঙালীদের কাছে অতটা উত্তেজনার কারণ ছিল না, যদিও বাঙালীদের অনেকে দেশপ্রেমের কারণে সরকারী ভাষ্যের সঙ্গে ঐকমত্য পোষণ করতেন। কিন্তু সেটা ছিল খুবই সীমিত। শুরুতে কাশ্মীর নিয়ে যে প্রেষণাই থাকুক না কেন পরবর্তী সময়ে তা শুধু জনগণের মধ্যে উত্তেজনা সৃষ্টির মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়েছে।

আমি নির্ভরযোগ্য সূত্রে জেনেছি, প্রয়াত প্রেসিডেন্ট কেনেডি পাকিস্তানী জনৈক

BanglaBook.org

www.BanglaBook.org



কূটনীতিককে বলেছিলেন, "জনাব, আমার মনে হয় কাশ্মীর নিয়ে আপনাদের যতটা উদ্বেগ তার চেয়ে বেশী আগ্রহ কাশ্মীর সমস্যার প্রতি।" পাকিস্তান যখন সৃষ্টি হলো তখন থেকেই ধর্ম পূর্ব ও পশ্চিম পাকিস্তানে সাধারণ শত্রুর বিরুদ্ধে ঐক্য প্রকাশের সাহায্য করেছে। কিন্তু দুই অংশের মানুষের মধ্যে প্রেম বা ভ্রাতৃত্ববোধ প্রকাশে ও একসঙ্গে থাকার যথেষ্ট অবদান রাখেনি। বাংলাদেশের নেতৃবৃন্দ বলেছেন, "আর্থনীতিক অগ্রগতির প্রাধান্য এত বেশী যে, ইসলামের সৌহার্দ্য ও ঐতিহ্যের শ্লোগান দিয়ে তাকে উপেক্ষা করা যাবে না। এটা ভাবা সমীচীন হবে না যে, পূর্ব বাংলার মানুষেরা আর্থনীতিক শোষণ ও তজ্জনিত অবনতি ভুলে গিয়ে ইসলামী বন্ধন শক্তিশালী বিবেচনা করেন।" শেখ মুজিবুর রহমানের আর্থনীতিক উপদেষ্টা এবং সমাগত নূতন বাংলাদেশ সংস্থাপনায় সবচেয়ে কৃতী অর্থনীতিবিদ রেহেমান সোবাহান এ বিষয়ে পুনরায় গুরুত্ব আরোপ করেছেন, "বৃটিশ ভারতের ধর্মীয় সংখ্যা গরিষ্ঠের শোষণের বিরুদ্ধে মুক্তির জন্যই বাঙলাদেশ ধর্মীয় ভিত্তিতে পশ্চিম পাকিস্তানের সঙ্গে রাজনীতির ক্ষেত্রে অংশীদারী হয়েছিল। কেউ অমন ভাবেননি যে, এই ব্যবস্থা অধিকতর উন্নত হয়ে পাকিস্তানের শোষণ ব্যবস্থায় রূপান্তরিত হবে" (বাংলাদেশ আর্থনীতিক পটভূমি ও সম্ভাবনা)।

পাকিস্তানের পূর্ব ও পশ্চিম অঞ্চল যতই পরস্পর থেকে দূরে সরে যেতে থাকে ততই উভয়ের মধ্যে ইসলামের সাধারণ বন্ধন ম্রিয়মাণ হতে থাকে। পাঞ্জাবের প্রখ্যাত রাজনীতিবিদ নবাব মুস্তাক আহমেদ গুরমানীকে যখন এক পর্যায়ে অনুযোগ করতে শোনা গিয়েছিল, "শুধু দুটো পাখাই দেখা যাচ্ছে, পাখি দেখা যাচ্ছে না।" এখন এমনকি সেই ডানার ঝাপটানো পর্যন্ত নীরব হতে চলেছে।

BanglaBook.org

www.BanglaBook.org

# দ্বন্দ্বের মূল হেতু

*'১৯৪৭ সনে পাকিস্তান স্বাধীন হলেও বাঙালীদের বুঝতে ২৪ বছর লেগেছে যে তারা স্বাধীন হয়নি।'*

কবীর উদ্দিন আহমেদ
(বাংলাদেশের জন্ম)

*'আমার মতে বাঙালীদের রাষ্ট্রীয় বিষয়ে বিক্ষুব্ধ হওয়ার ন্যায়সঙ্গত কারণ রয়েছে।'*

প্রেসিডেন্ট ইয়াহিয়া খান
জাতির উদ্দেশে রেডিও ভাষণ
জুলাই, ২৮, ১৯৬৯।

করাচীতে আমার ক'জন পুরানো বন্ধু অতীতের ঘটনা মূল্যায়ন করে এই সিদ্ধান্তে আসলেন, মুসলিম লীগ যদি তার মুখ্য রাজনীতির দাবি ও ধারণা মেনে চলতেন তাহলে যে সব দুঃখজনক ঘটনা দেশের ঐক্যসূত্র ছিন্ন করেছে তা হয়তো ঘটতো না। 'বৃটিশ ভারতের মুসলমানদের জন্য পৃথক আবাসভূমি 'পাকিস্তান' প্রতিষ্ঠার পরিকল্পনা ছিল। ভারত উপমহাদেশের এই প্রান্তে দুটি সার্বভৌম রাষ্ট্র একই নেতৃত্বে গঠিত হবে। ১৯৪০ সালে 'ঐতিহাসিক লাহোর প্রস্তাব' একজন বাঙালী উত্থাপন করেছিলেন। তিনি বাংলাদেশের শেরে-ই-বাংলা ফজলুল হক নামে পরিচিত। এই প্রস্তাবে বলা হয় যে, "ভারতের যে সমস্ত অংশে মুসলমান সংখ্যাগরিষ্ঠ যেমন ভারতের উত্তর পশ্চিমে ও পূর্বাঞ্চলে, এইসব অংশকে একত্রিত করে স্বাধীন রাষ্ট্রের এবং রাষ্ট্রের সেই সব অংশকে সার্বভৌম ও স্বায়ত্ত-শাসিত রাষ্ট্র হতে হবে।"

ভৌগোলিক অবস্থা মোকাবেলার জন্যই এ ধরনের শুভবুদ্ধি সম্পন্ন আয়োজন। কিন্তু মুসলিম লীগের জমিদার ও শিক্ষিত শ্রেণীর সদস্যদের আকাঙ্ক্ষা পূরণে তা মনঃপূত হয়নি। ছ'বছর পরে রাষ্ট্রের দ্বিবচন শব্দটি কারণীকের ত্রুটি হিসেবে অবজ্ঞা করে একবচনে সুবিধাজনক ভাবে সংশোধন করা হয়। এ থেকেই অন্তর্দ্বন্দ্বের বীজ বপন করা হল। মুসলিম লীগ ইতিহাসবেত্তাগণ তাঁদের ইতিহাসের জটিল সংকটের সরলিকরণে বিরক্তি বোধ করবেন। কিন্তু এটা বাস্তব বিবর্জিত নয়। ১৯৭১ সালের

www.BanglaBook.org



২৫শে মার্চ পর্যন্ত এ সত্য বিদ্যমান ছিল। পূর্ববাংলার সংখ্যাগরিষ্ঠ মুসলিম রাষ্ট্রের দ্বিবচন রূপটির মূল প্রস্তাবের সঙ্গে সংগতি রাখতে আপ্রাণ চেষ্টা করেছে। তাঁরা স্বীকার করেছেন, এ রাষ্ট্র দু'টির মধ্যে পাকিস্তানের পরিচয় রক্ষার একমাত্র উপায়। এটাই ছিল শেখ মুজিবুর রহমানের ছয়দফা দাবীর সার কথা। কিন্তু প্রাথমিক অবস্থায় এ ধরনের মনোভাব ছিল না। পরিবর্তে পূর্ব ও পশ্চিম ভাগের আর্থনীতিক ও সাংস্কৃতিক অসম বৈশিষ্ট্যসমূহ ও এক হাজার মাইল ভারত ভূখন্ড দ্বারা বিচ্ছিন্ন দুটি অংশকে সংযুক্ত রাখার সাংবিধানিক ও আর্থনীতিক বিধিব্যবস্থায় ফন্দি আঁটা হয়েছে। রাষ্ট্রীয় ক্ষেত্রে সম অংশীদারিত্ব প্রধান উপাদান হিসেবে দু'অংশের ঐক্য বজায় রাখতে পারতো এবং সেটিই ছিল অনুপস্থিত। কিন্তু পশ্চিম পাকিস্তানের নেতাদের উৎকট স্বাদেশিকতা এটা গ্রহণ করেনি। তাই দেশের ঐক্য বজায় রাখার সকল প্রয়াসই বহির্মুখী উদ্দেশ্য সাধন করেছে।

পশ্চিম পাকিস্তানের উপনিবেশবাদের বিরুদ্ধে স্পর্শকাতর বাঙালীরা ৪টি মূল দাবিতে গণঅসন্তোষ প্রকাশ করেছেন। সেগুলো হলো ঃ রাষ্ট্রীয় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পূর্ণভাবে তাদের অস্বীকার করা; মাতৃভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিতে বহু বছরের অস্বীকৃতি; পশ্চিম পাকিস্তানীদের চোখে বাঙালীদের করুণার দৃষ্টিতে দেখা এবং আর্থনীতিক বৈষম্য যা ছিল, গলা টিপে ধরার শামিল। এ আর্থনীতিক সমস্যা নিয়ে পরে আলোচনা করবো। বর্তমানে প্রথম তিনটি কারণের আলোচনা করছি।

অংশীদারিত্বহীনতা ঃ পাকিস্তানের প্রথম সংবিধান লিখতে সাড়ে আট বছর লেগেছিল। পশ্চিম পাকিস্তানী নেতৃবৃন্দ সংখ্যাগরিষ্ঠ প্রভাবশালী নেতৃবৃন্দের উপরে কেন্দ্রীয় আইন সভায় তাদের সদস্য সংখ্যা কমানোর জন্য নিরলস প্রচেষ্টা চালিয়েছিল। স্বীকার করতে হয় এসবকিছু কতিপয় বাঙালী নেতৃবৃন্দের বিশেষত প্রধান মন্ত্রী খাজা নাজিমুদ্দিন এবং মুহাম্মদ আলী বগুড়ার সহায়তায় করা হয়েছিল। কিন্তু '১৯৫০ সনের দুঃখের ঘটনায় দেখা যায়, এই সকল হতভাগ্য নেতৃবৃন্দ তাদের রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষা পূরণের জন্য শক্তিশালী প্রভাবীচক্রের হাতে বন্দী হয়ে পড়েছিল।

প্রথম প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান কেন্দ্রে দ্বিকক্ষ বিশিষ্ট আইন সভার প্রস্তাব করেছিলেন। যাতে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সম-প্রতিনিধিত্ব থাকবে। এই সূত্র অনুযায়ী দুই অংশের দুইশত সদস্য বিশিষ্ট নিম্ন পরিষদ ও আট সদস্য বিশিষ্ট উচ্চ পরিষদ দেওয়া হয়েছিল। এ প্রস্তাবেও পূর্ব অংশের ৫৬ ভাগ জনসমষ্টির বাস্তবতাকে অস্বীকার করা হয়েছিল। এ বিষয়ে অকথিত কারণ পূর্ব পাকিস্তানের দেড়কোটি হিন্দুর উপস্থিতি। যুক্তি দেখানো হয়েছিল সংখ্যালঘুদের বাদ দিলে পূর্বাঞ্চলে মুসলিম জনবসতি পশ্চিমাঞ্চলের চেয়ে কম হতো। লিয়াকত আলীর সূত্র পূর্ব বাংলায় কঠোর প্রতিরোধের সম্মুখীন হয়। প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান রাওয়ালপিন্ডির জনসভায়

BanglaBook.org

www.BanglaBook.org



আততায়ীর হাতে নিহত হওয়ার পর শেষ পর্যন্ত ঐ প্রস্তাব পরিত্যক্ত হয়। যদিও নিহত হওয়ার সরকারী তদন্তের ব্যাখ্যা, অবস্থার সঙ্গে সন্তোষজনক ছিল না।

১৯৫২ সালে খাজা নাজিমউদ্দিন প্রধানমন্ত্রীর পদে আসীন হলে অনুরূপ প্রস্তাব উত্থাপন করেন এবং পূর্ব বাংলার জনগণ অতীতের ন্যায় প্রতিরোধ করেন। দু'বছর পরে পাঞ্জাবী-চক্র যখন নাজিমউদ্দিনকে প্রয়োজন নেই ভাবলো তখন তাঁকে গদিচ্যুত করে। মুহাম্মদ আলী বগুড়াকে নূতন প্রধানমন্ত্রী করে তৃতীয় সূত্র উত্থাপন করা হলো। আপাতঃ দৃষ্টিতে মনে হচ্ছিল যে মুহাম্মদ আলী বগুড়ার প্রস্তাবে নিম্ন পরিষদে পূর্ব বাংলা ও আসামের প্রতিনিধিত্ব স্বীকার করা হয় কিন্তু উচ্চ পরিষদের ক্ষেত্রে ব্যবস্থা ছিল চরম হতাশাজনক। কেননা পূর্ব বাংলায় শুধু সংখ্যালঘুদের প্রতিনিধিত্ব ছিল। মুহাম্মদ আলী বগুড়া প্রধানমন্ত্রী পদ থেকে অপসারিত হলে, অন্য দু'জনের আনীত প্রস্তাবটিও অনুরূপ ভাগ্য বরণ করে।

অবশেষে সম-প্রতিনিধি ভিত্তিতে একটি চুক্তিতে উপনীত হয়। এ চুক্তিতে বলা হয় পূর্ব ও পশ্চিম পাকিস্তানে সমসংখ্যক প্রতিনিধির এক কক্ষ বিশিষ্ট আইন পরিষদ থাকবে। এই ব্যবস্থায় পূর্ব বাংলা প্রশাসনকে সম-প্রতিনিধিত্ব স্বীকার করে নিতে হয়। যদিও এই সমতা ফরমুলা ১৯৫৬ ও ১৯৬২ সালে সংবিধানে অন্তর্ভুক্ত হয়; কিন্তু তাতেও এর মূল্য দেয়া হয়নি। প্রশাসনের উচ্চ পদে বাঙালীদের সংখ্যা শতকরা ৩৬ ভাগ উপরে অতিক্রম করেনি। এমনকি ১৯৬৯ সালের প্রেসিডেন্ট ইয়াহিয়া খান উনিশ জন সচিব পদে মাত্র তিনজন বাঙালী পেয়েছিলেন। সামরিক বিভাগেও বাঙালীদের সংখ্যা ছিল খুবই কম। ১৯৭০ সালে পাকিস্তান সামরিক বাহিনীতে একজন মাত্র লেফটেন্যান্ট জেনারেল ছিলেন। পাকিস্তানের বিমান বাহিনীতে বাঙালী সমমর্যাদার পদ পায়নি। এই অসম প্রতিনিধিত্ব অতটা মারাত্মক হতো না যদি না লিয়াকত আলী খান আততায়ীর হাতে নিহত হওয়ার পর থেকে পাঞ্জাবী নিয়ন্ত্রিত আমলা-সামরিক-চক্র প্যাকিস্তান শাসন না করতো। সমসাময়িক রাজনৈতিক কর্মীরা এ বিষয়ে বহুবার উল্লেখ করেছেন। লোক দেখানো গণতন্ত্রের অন্তরালে অধিষ্ঠিত কয়েকজন বেসামরিক আমলা, সেনাবাহিনীর মদদপুষ্ট সরকারী কর্মচারী থেকে রূপান্তরিত রাজনীতিবিদ এবং অবশেষে ক্ষমতালোভী সামরিক কর্মচারী নিজেরাই গত দুই দশক ধরে পাকিস্তানের নীতি নির্ধারণের সকল ক্ষমতা ভোগ করে আসছে। নূতন দিল্লীর জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয় পাকিস্তান ষ্টাডিস বিভাগের এসোসিয়েট প্রফেসর মুহাম্মদ আইয়ুব, কার্নিহোন ভরিস এর একটি ষ্টাডি থেকে উদ্ধৃতি দিয়ে দেখিয়েছেন যে, ১৯৪৮-৫৮ সাল পর্যন্ত যখন দেশে লোক দেখানো একটি সংসদীয় সরকার ছিল তখনও জাতীয় পরিষদের বৈঠক বসেছে মাত্র ৩৩৮ দিন অর্থাৎ গড়ে বছরের ত্রিশ দিন। উক্ত সময়ের মধ্যে আইন পরিষদ মাত্র ১৬০টি আইন প্রণয়ন

www.BanglaBook.org



করেছেন। অন্যপক্ষে গভর্ণর জেনারেল / প্রেসিডেন্ট মোট ৩৭৬ টি আইন প্রবর্তন করেন।

এই সমস্ত ঘটনাই বাঙালীদের অসন্তোষের ন্যায্যতা প্রমাণ করে। এটা প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের কৃতিত্ব বলা চলে যে তিনি প্রথম অবস্থায় এ ধরনের ত্রুটিগুলি সংশোধনের চেষ্টা করেছিলেন। তিনি জনগণের দাবীর প্রেক্ষিতে জনসংখ্যা ভিত্তিক প্রতিনিধিত্বের পক্ষে সমতা ফরমূলা বাতিল ঘোষণা করেন। প্রশাসনে বা সিভিল সার্ভিসে তিনি বাঙালীর সংখ্যা বাড়ান। কিন্তু ইতিমধ্যেই শ্বাসরুদ্ধকর আর্থনীতিক পরিস্থিতির মুখে বাঙালীদের মোহমুক্তি ঘটে প্রেসিডেন্ট ইয়াহিয়ার সকল প্রচেষ্টা ছাপিয়ে সামরিক বাহিনীর ধ্বংসাত্মক কার্যকলাপ জাতীয় জীবনে বড় হয়ে দেখা দিল।

ভাষা সমস্যা ঃ

শুরু থেকেই পশ্চিম পাকিস্তানী উৎকট স্বাদেশিকতার হাতে বাঙলা ভাষা প্রধান লক্ষ্য হয়ে দাঁড়িয়েছিল। পাকিস্তান সৃষ্টির এক বছরেরও কম সময়ের মধ্যে বাঙালীরা ঔপনিবেশিক ব্যবহারের স্বাদ পেয়েছিল। কায়েদে আজম মুহাম্মদ আলী জিন্নাহ ১৯৪৮ সালে ফেব্রুয়ারীতে পূর্বাঞ্চলে সফরে এসে একতরফাভাবে ঘোষণা করেন যে, "উর্দু এবং উর্দুই" একমাত্র পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে। জনসংখ্যার দশ ভাগেরও কম মানুষের এই উর্দু ভাষা সম্পর্কে কোন ধারণা ছিল না। পাকিস্তানের অন্যান্য প্রদেশে বাঙালীদের মতো আলাদা আলাদা মাতৃভাষা ছিল।

কায়দে আজমের এই ঘোষণা বাঙালী মুসলমানেরা মেনে নেয়নি। যদিও তাদের সমর্থন পাকিস্তান অর্জনের জন্য বিরাট শর্ত হয়ে দাঁড়িয়েছিল। এই ঘটনায় সীমাহীন প্রতিরোধ আন্দোলনের উদ্ভব হয়েছে। ভাষা আন্দোলন ছড়িয়ে পড়লে বহু ছাত্র ও আন্দোলনকারীরা গ্রেফতার হন। তাঁদের মধ্যে অন্যতম শেখ মুজিবুর রহমান। তিনি এই প্রথম পাকিস্তানের কারাগারের অভিজ্ঞতা লাভ করলেন। অন্যেরা রাস্তায় পুলিশের হাতে নৃশংসতার শিকার হলেন।

এই ঘটনার পরে নতুন ধরনের অসন্তোষের সৃষ্টি হলো। আইন সভায় বাঙালী সদস্যদের মাতৃভাষায় কথা বলার অনুমতি বাতিল করা হয়। যখন তাঁরা প্রতিবাদ জানালেন তখন তৎকালীন প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান উত্তরে বললেন, "পাকিস্তান একটি মুসলিম রাষ্ট্র এবং মুসলিম রাষ্ট্র সমূহের মধ্যে সংযোগকারী ভাষা থাকা প্রয়োজন---। এই জাতির জন্য একটি ভাষার প্রয়োজন এবং সেই ভাষাটি কেবলমাত্র হতে পারে উর্দু।"

ভাষা আন্দোলন ১৯৫২ সালে চরমে পৌঁছলে কেন্দ্রীয় সরকার উর্দুর সংগে

www.BanglaBook.org



বাংলা হরফকে গ্রহণ করতে অনিচ্ছাকৃতভাবে রাজী হলো। বেশ কিছু সংখ্যক লোক পুলিশের সাথে সংঘর্ষে নিহত হলো। অবশেষে বাঙালীদের দাবী সরকার মেনে নিলেন এবং উর্দু ও ইংরেজীর সঙ্গে বাংলা রাষ্ট্রভাষা হিসাবে সরকারী স্বীকৃতি পেল।

## ইসলাম ঃ

"উর্দু মুসলিম জাতির ভাষা" লিয়াকত আলী খানের এই জাহির করা উক্তিই ইসলামী আদর্শের সঙ্গে বিশ্বাসঘাতকতার সামিল। উর্দু নয় আরবী হচ্ছে কোরানের ভাষা। তার ভাষণে অনুক্ত মুসলিম বিরোধ সংক্রান্ত কটাক্ষ এবং অমুসলমানদের প্রতি অনীহা পশ্চিম পাকিস্তানের প্রদেশগুলোর ভাষাভাষী বালুচী, সিন্ধি, পাঞ্জাবী অথবা পশ্‌তুর ক্ষেত্রে প্রযোজ্য ছিল না। সরাসরি কেবল বাংলা ভাষার প্রতি কটাক্ষ করা হচ্ছিল। শুধু অন্ধ কুসংস্কার ছাড়া এসব বিবৃতিগুলোতে কোন যুক্তি ছিল না।

এমন কি হাস্যকর সমাধান যে বাংলা ভাষায় হিন্দুর বৈশিষ্ট্য রয়েছে কেননা পূর্ব বাংলা জনসমষ্টির এক বিশেষ অংশ হিন্দু। এ যুক্তি ধোপে টেকেনি। পাঞ্জাবী ভাষাতেও অনেক হিন্দু কথা বলেন, যেমন পশ্চিম পাঞ্জাবের বহু মুসলিম পাঞ্জাবী ভাষায় কথা বলেন। তবু বাংলা ভাষাকে যেভাবে হেয় করার চেষ্টা হয়েছে, সরকারের পৃষ্ঠপোষকতায় তা অন্য ক্ষেত্রে হয়নি। বাঙালী মুসলমানদের নানাভাবে অবজ্ঞা ও করুণার চোখে দেখা হয়েছে। ১৯৫২ সনে পূর্ববঙ্গের গভর্ণর মালিক ফিরোজ খান নুন একবার মন্তব্য করেছিলেন, বাঙালী মুসলমানরা অর্ধেক মুসলমান এবং তারা মুরগীর মাংস হালাল করেও খায় না। এই অপমানে জননেতা মৌলানা ভাসানী তীব্র ভাষা ব্যবহার করলেন, "লুঙ্গী উঁচা করিয়া দেখাইতে হইবে আমরা মুসলমান কি না?"

কুমিল্লার নবম ডিভিশন হেড্‌কোয়ার্টারে আমার সফরকালে আমি দেখেছি পাঞ্জাবী অফিসারগণ বাঙালীদের ইসলামের আনুগত্যের প্রতি সব সময়ই সন্দেহ পোষণ করতো। তারা বাঙালী মুসলমানদের কাফের ও হিন্দু বলতো। এসব বলার প্রকৃত কারণ হলো, পশ্চিম পাকিস্তানের আধিপত্য না মেনে মুসলমানেরা বাঙালী জাতীয়তাবাদে সমর্থন দিয়েছে। এ ধরনের দোষারোপ করা সত্যের অপলাপের সামিল। পশ্চিম পাকিস্তানের যে কোন নগরীর মতো, ঢাকাও এক হাজার মসজিদের শহর, এ ন্যায্য দাবি করতে পারে। এমন কি পর্যটনের পোস্টারে এর সমর্থন মিলবে। আমি বাঙালী মুসলমানদের অন্যত্র বসবাসকারী মুসলমান সম্প্রদায়ের চেয়ে বেশী মাত্রায় ধর্মভীরু দেখেছি। তারা পশ্চিম পাকিস্তানের প্রধান নগরীর সহধর্মাবলম্বীদের থেকে মনে হয়েছে রক্ষণশীল ও ধর্মের প্রতি অনুরক্ত।

পূর্ব বাংলায় মদ বিক্রয় কঠোরভাবে নিয়ন্ত্রিত। পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে, অননুমোদিত মদের দোকানগুলো শুক্রবারেও খোলা থাকতে দেখেছি—

BanglaBook.org

www.BanglaBook.org



যা পূর্ববাংলায় কখনোই ঘটেনি। করাচী ও লাহোরে যৌন আবেদনমূলক চলচ্চিত্র প্রদর্শিত হয় এবং ক্যাবারে নাচ হোটেলে চলে, এগুলো ঢাকা ও চট্টগ্রামে দেখানো হলে বা চালু করা হলে সঙ্গে সঙ্গে জনতার রুদ্র প্রতিবাদের শিকার হত।

রমজান মাসে পূর্ব বাংলার সম্পদশালী মুসলমানদের কঠোরভাবে রোজা পালন করতে আমি দেখেছি, যা পশ্চিম পাকিস্তানের সমশ্রেণীভুক্তদের মধ্যে দেখিনি। ১৯৭০ সনে কষ্টকর নির্বাচনী প্রচার অভিযানের মধ্যেও শেখ মুজিবুর রহমান প্রতিদিন রোজা রাখতেন। আমি আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে এটা জেনেছি। আমি তাঁর ঢাকার ধানমন্ডির বাসগৃহে সাক্ষাতের জন্যে গিয়ে একথা জেনেছি। রাওয়ালপিন্ডি ও করাচীতে অন্যান্য নেতাদের সঙ্গে সাক্ষাতে আমার যথেষ্ট ভিন্ন অভিজ্ঞতা হয়েছিল। এদের একজনের সাথে খেয়েছি আর একজনের সঙ্গে মদ্য পানেও শরিক হয়েছি। এসব সত্ত্বেও মুজিব ও তার লোকদের বলা হয় 'কাফের'। পূর্ব বাংলার মুসলমানের প্রতি অকারণ কলংক লেপন করে যে সমস্যার সৃষ্টি করা হয়েছে পূর্বে তেমনটি করা হয়নি। ফলশ্রুতিতে সংবেদনশীল বাঙালীদের বেদনাদায়ক অপমানই তাদের বিচ্ছিন্নতাবাদী হওয়ার অন্যতম অনিবার্য কারণ হয়ে থাকবে।

BanglaBook.org

www.BanglaBook.org

# আর্থনীতিক হেতু ঃ

*"এক পরিবারের একজন খেলেই অন্যজনের পেট ভরে না। তাই কেমন করে এবং কোন বিবেচনায় আমাদের অংশের ওপর দাবি জানালে তোমরা আমাদের স্বার্থপর বল? তোমরা, যারা কেবল তোমাদের নিজের অংশই ভোগ করছো না, তোমাদের ভাইয়ের অংশও ভোগ করছ?"*

শেখ মুজিবুর রহমান
আমাদের বাঁচার অধিকার

আমার মত অপেশাদারী লোকদের পক্ষে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের পঙ্গু আর্থনীতিক বৈষম্য পর্যালোচনার যে ব্যাপক সংখ্যক তথ্য ও অংক, পরিসংখ্যানের উপযুক্ত রেফারেন্স থেকে বুলেটিন, স্ট্যাডিগ্রুপস্ এবং বিশেষজ্ঞদের অভিমত এবং যারা শুরু থেকে এইসব ব্যর্থতাগুলোতে আলোকপাত করেছেন, সেই সবের উল্লেখ করতে হয়।

আর্থনীতিক বৈষম্যই পূর্ব ও পশ্চিম পাকিস্তানের সম্পর্কের সঙ্গে সবচেয়ে বড় সমস্যা যা অন্যান্য সমস্যার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। পাকিস্তান ঋণ গ্রহণকারী অন্যান্য দেশের মতোই আমেরিকা, ইউরোপীয় দেশ এবং জাপানী অনুসন্ধিৎসু তীব্র দৃষ্টির বস্তু হয়ে রয়েছে। অনুমান করা চলে, এইসব দেশগুলো পাকিস্তানের ঋণ পরিশোধের ক্ষমতা সম্বন্ধে উদ্বিগ্ন। সুতরাং পাকিস্তানের আর্থিক ও আর্থনীতিক বাস্তবতা নিয়ে অনেক দীর্ঘ পরিসরে আলোচনা হয়েছে।

সাম্প্রতিক মাসগুলোতে বাঙালী অর্থনীতিবিদ রেহমান সোবহান ও কবীরউদ্দিন আহমদ এবং তিনজন হার্ভার্ড অর্থনীতিবিদের একটি দল এডওয়ার্ড এস ম্যাসন, রবার্ট ডর্ফম্যান এবং স্টিফেন এ মার্লিন পৃথক পৃথকভাবে যুক্তি ও নজিরসহ তথ্যাদি যে প্রণালীতে উত্থাপন করেছেন তাতে পূর্ব বাংলাকে পশ্চিম পাকিস্তানের একটি উপনিবেশ বলা চলে। উদঘাটিত তথ্যাবলি বেশ চমকপ্রদ। এগুলো হলো ঃ

১। ১৯৬৯-৭০ অর্থ বছরে পশ্চিম পাকিস্তানের মাথাপিছু আয় পূর্ব পাকিস্তান থেকে ৬১ শতাংশ বেশী ছিল। এবং এটা ছিল পাকিস্তানের দশ বছর আগের মাথাপিছু আয়ের দ্বিগুণ।

www.BanglaBook.org



২। ১৯৫০-৫৫ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পূর্ব বাংলার জন্যে উন্নয়ন বরাদ্দ শতকরা ২০ ভাগ এবং পশ্চিম পাকিস্তানের জন্য শতকরা ৮০ ভাগ, ১৯৬৫-৭০ পঞ্চবার্ষিকীতে কেন্দ্রীয় সরকারের বহুৎ ওয়াদা সত্ত্বেও পূর্ব পাকিস্তানের উন্নয়ন খাত পেয়েছে শতকরা ৩৫ ভাগ, পশ্চিম পাকিস্তানের বরাদ্দ হলো শতকরা ৬৫ ভাগ। পাকিস্তানের জনসংখ্যার ৫৪ ভাগ বাঙালী হওয়া সত্ত্বেও পূর্ব পাকিস্তানকে এইভাবে বঞ্চিত করা হয়। পাকিস্তানে পাচার করা হয় ৩১০০ মিলিয়ন টাকার সম্পদ, যার বর্তমান মূল্য ২১০০ মিলিয়ন মার্কিন ডলার।

৫। পূর্ব বাংলার মাথাপিছু আয় বৃদ্ধির হার মন্থর এবং পশ্চিম পাকিস্তানের চেয়ে জনসংখ্যা বৃদ্ধির হারও কম, এই স্ববিরোধী সরকারী যুক্তি দেখানো হয়েছে। পূর্ব পাকিস্তানের জনসংখ্যা ১৯৪৯-৫০ সালে ৪১ মিলিয়ন থেকে বেড়ে ১৯৫৯-৬০ সালে ৫৩ মিলিয়নে গিয়ে দাঁড়ায় এবং ১৯৬৯-৭০ সালে জনসংখ্যা গিয়ে দাঁড়ায় ৬৯ মিলিয়নে।

প্রথম দশকে জনসংখ্যা বৃদ্ধির হার দাঁড়ায় ২.৯ এবং দ্বিতীয় দশকে এই বৃদ্ধির হার হল ৩। পশ্চিম পাকিস্তানে জনসংখ্যা বৃদ্ধির হার ১৯৪৯-৫০ সনে ৩২ মিলিয়ন থেকে ১৯৫৯-৬০ সালে ৪৫ মিলিয়ন এবং ১৯৬৯-৭০ সালে ৫৯ মিলিয়নে গিয়ে দাঁড়ায়। এই জনসংখ্যা বৃদ্ধির হার প্রথম ও দ্বিতীয় দশকে যথাক্রমে ৪ এবং ৩১ দাঁড়াল।

এইসব তথ্যগুলো থেকে নিঃসন্দেহেই আওয়ামী লীগের আর্থনীতিক কণ্ঠরোধ ও শোষণের দাবিনামার যথার্থতা ও পশ্চিম পাকিস্তানীদের পূর্ব বাংলার শোষণ বিষয়ে কিছু ধারণা দেয়। কিন্তু এটা অবশ্যই বলতে হবে, ইয়াহিয়া সরকারের অন্যতম অর্থনীতিবিদ (মুখপাত্র) এবং প্রেসিডেন্টের আর্থনীতিক উপদেষ্টা এম এম আহমেদ তাঁর নিজের মনগড়া একটি আর্থনীতিক সমতার ছবি আঁকতে সমর্থ হয়েছেন, যা দিয়ে তিনি বর্তমান সরকারের বিদ্যমান আর্থনীতিক বৈষম্যের প্রবাহকে ঘোরাবার চেষ্টা করেছেন অর্থাৎ, এই দাবির যথার্থতা প্রমাণের প্রয়াস পেয়েছে। পরিসংখ্যান সংক্রান্ত তথ্যসমূহ কেবল বিতর্কের জন্যই ব্যবহৃত হতে পারে, কিন্তু মানুষের অশেষ দুঃখ কষ্ট সম্বন্ধে কোন সুষ্ঠু ধারণাই এই তথ্যগুলো থেকে লাভ করা যায় না। অথবা প্রয়োজনীয় মানবিক কাঠামোর প্রকৃত বেদনাদায়ক বাস্তবতাকেও এইসব তথ্য তুলে ধরতে পারে না। এগুলো সবই সম্পূর্ণভাবে পূর্ব বাংলার নিপীড়িত জনগণের অনুকূলেই তথ্য নির্দেশ করে।

অবশ্য পশ্চিম পাকিস্তানেও দুধের নহর বয়ে যাচ্ছে না, এমনকি সেই পশ্চিম পাকিস্তানের একজন লোক সাময়িকভাবে পূর্ব বাংলায় এলে তিনিও পূর্ব বাঙলার দারিদ্র্য দেখে বিস্ময়ে হতবাক হয়ে যান। করাচীতে যে কুড়ি বছর আমি ছিলাম তার

www.BanglaBook.org



আর্থনীতিক হেতু ঃ

ভিতর আমি আটবার পূর্ব বাংলায় গিয়েছি। আমি প্রদেশের সর্বত্র ঘুরেছি, মূল ভূখন্ড থেকে সুদূর দক্ষিণে কক্সবাজারের প্রশস্ত সমুদ্র সৈকত পর্যন্ত।

এই বছরগুলোতে আমি তিন ডজনেরও বেশী পেশা উপলক্ষে এবং ছুটি কাটাতে উত্তরে রাওয়ালপিন্ডি লাহোর ও পেশোয়ার গেছি।

৩। সাম্প্রতিক বছরগুলোতে পশ্চিম পাকিস্তানী রপ্তানী দ্রব্যের শতকরা ৪০ ভাগ থেকে ৫০ ভাগ পূর্ব পাকিস্তানের দখলি বাজারে বিক্রি হয়েছে। পশ্চিম পাকিস্তানের অদক্ষ শিল্প ইউনিটগুলোতে উৎপাদিত বকেয়া, বাজে দ্রব্যাদির উচ্চমূল্যের বিক্রির আঁস্তাকুড় হিসেবে এই প্রদেশকে ব্যবহার করা হয়েছে।

৪। বহির্বিশ্বে পূর্ব বাংলার উদ্বৃত্ত রপ্তানী আয় কেন্দ্রীয় সরকার পশ্চিম পাকিস্তানের ঘাটতি পূরণে ব্যবহার করেছেন। ফলে পূর্ব পাকিস্তান থেকে পশ্চিম পাকিস্তানে সম্পদ পাচার হয়েছে। পাকিস্তানের বিশ বছর পর অর্থাৎ ১৯৬৮-৬৯ সন পর্যন্ত পশ্চিম থেকে পশ্চিমে কোয়েটা জিয়ারত ও সিন্ধুর নিকটবর্তী হায়দারাবাদ এবং সুক্কুর ভ্রমণ করেছি। আমি উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশের ওয়ানার উপজাতীয় এলাকার সামরিক চৌকিতে গিয়েছি, এক স্মরণীয় অনুষ্ঠানে বরফাচ্ছন্ন কারাকোরামের লুনমা এবং গিলগিটেও গিয়েছি। এসব সফর আমি বিমানে, ট্রেনে, মোটর গাড়িতে ও মিনিবাসে করেছি। যেসব সফর আমি পূর্ব বাংলায় করেছি তা নৌকায়, বিশেষ করে মেঘনা-চাঁদপুর থেকে খুলনায় নয়নজুড়ানো ভ্রমণ আমি করেছি। অতীত রোমন্থন করে আমার একথা বলতে দ্বিধা নেই যে পশ্চিম পাকিস্তানের কোথাও পূর্ব বাংলার মতো অবিশ্বাস্য দারিদ্র্য দেখিনি। একমাত্র উত্তর-পশ্চিম সীমান্তে, পেশোয়ারের নিকটবর্তী এলাকায় গুহাবাসী পাঠান উপজাতীয়দের দারিদ্র্যের সঙ্গে তুলনীয়। ঠিক একই ধরনের অবস্থা সিন্ধুর হারিপ্রজা কৃষকদের। সেখানে গভর্ণর লেঃ জেনারেল রাখমান গুল, আট থেকে দশটি লোকের একটি পরিবারকে ছয় থেকে চৌদ্দ বস্তা গমের বার্ষিক আয়ের উপর বেঁচে থাকতে হয় দেখে বিস্ময় প্রকাশ করেছিলেন। যেকোন সভ্য সমাজের কাছে এ ধরনের দুঃখ ও দৈন্য লজ্জার বিষয়। কিন্তু পাকিস্তানের ক্ষেত্রে এই দুঃখ ও দৈন্যের জন্য লজ্জাবোধ শুধু তুলনামূলকভাবে ক্ষুদ্র একটি শ্রেণীর মধ্যে সীমাবদ্ধ। পূর্ব বাংলার বিরাট এলাকা জুড়ে মানুষের সীমাহীন দুঃখ ও দৈন্যের যে পরিচয় পাওয়া যায় তার তুলনা করা ভার। পূর্ব বাংলার দৈন্যদশা শহর ও গ্রামাঞ্চলেও সমভাবে লক্ষণীয় যা পশ্চিম পাকিস্তানে নেই। জীর্ণ ঢাকার শীর্ণ রিক্সাচালক রাত কাটায় রিক্সায়, দেখতে বয়স চল্লিশ; আসলে বয়স হবে বিশ। বরিশালের জেলেরা, চট্টগ্রামের ডকশ্রমিক, কুমিল্লার ধানী জমির কৃষক এবং সিলেটের রাস্তার ধারে আনারস বিক্রেতাদের দেহের ঐ একই শীর্ণ অবস্থা। পুষ্টিহীনতা, যক্ষ্মা ও অন্যান্য শ্বাসরোধ ও পেটের পীড়া স্থানীয়ভাবে ঘোরতর অসুখ হয়ে দাঁড়িয়েছে।

www.BanglaBook.org



এ ধরনের কোন কিছু তুলনামূলকভাবে পশ্চিম পাকিস্তানে দেখা যাবে না। পূর্ব বাংলার পুরুষের জন্য পোশাক বলতে একখানি লুঙ্গী এবং ময়লা বা ছেঁড়া সার্ট। শাড়ীই নারীদের একমাত্র দেহের আবরণ। অথচ পশ্চিম পাকিস্তানের সবচেয়ে গরীব গ্রামীণ নারীর জন্যও তিন প্রস্থ আবরণ রয়েছে—স্যালওয়ার, কামিজ এবং দোপাট্টা। তাছাড়া আবশ্যিকভাবে তারা সবসময়েই কিছু অংলকার পরবে। আর পূর্ব বাংলার নিঃস্ব নারীদের অলংকার নেই, ফুলের হার তারা কখনো পরে। (বাংলাদেশের গ্রামীণ নারীরা রূপোর অলংকার কখনো একটা পরে থাকে)। খাবার কখন এক বেলা, তাও একথালা মোটা ভাতের সঙ্গে মশুরের ডাল কিংবা একটুকরো মাছ। মাংস ও ডেইরী সামগ্রী কমই থাকে। অথচ পশ্চিম পাকিস্তানী গ্রামবাসী সবদিন মাংস পায় না ঠিকই তবে যে কোন ভাবেই হোক দুধ বা লাচ্ছি তারা খাবেই। স্বীকার করছি পশ্চিম পাকিস্তানের জনগণও গরীব কিন্তু তাদের সমস্যাজর্জরিত বাঙালীদের চেয়ে সুখী মনে হয়। এই গুরুত্বপূর্ণ মনস্তাত্ত্বিক কারণ বোধ হয় এই যে, পশ্চিমে জনগণের সুখী হবার সুযোগ এবং উন্নত জীবনের আশা করার মত সুযোগ রয়েছে। পূর্ব বাঙলার ভাইদের মুখে ভেসে উঠেছে আশাহত এবং জীবনযুদ্ধে পরাজিতের চিহ্ন। জীবনযুদ্ধে পরাজিত বাঙালীদের মুখচ্ছবি আমি কখনো ভুলবো না।

পূর্ব বাংলার লোকদের নানাদিক থেকে বঞ্চনার ছবি মূর্ত হয়ে উঠেছে। সামান্য একটি অফিসের চাকুরীর জন্য কয়েকশত গ্রাজুয়েটদের আবেদনের ভীড় দেখবেন। আর্থনীতিক কণ্ঠরোধ ও বঞ্চনা বিষয়ে পূর্ব বাংলার অভিযোগ যে সত্য, সে সব আপনি সাধারণ দৃষ্টিতেই ঢাকা, নারায়ণগঞ্জ, খুলনা অথবা চট্টগ্রাম শহরের দিকে তাকালেই দেখতে পাবেন।

এসব শহরের দোকানগুলোতে জিনিসপত্র ভর্তি আর সেসবই এসেছে পশ্চিম পাকিস্তান থেকে। পশ্চিম পাকিস্তানের দোকানে পূর্ব বাংলার জিনিস-পত্র খুঁজে পাবেন না। পশ্চিম পাকিস্তানের সঙ্গে পূর্ব বাংলার অসম ব্যবসা বাণিজ্যের ফলে পূর্ব বাংলাকে যে খেসারত দিতে হয়, তার একটি বিশেষ দিক হলো, পূর্ব বাঙলার বর্তমান স্বাধীনতা সংগ্রাম পূর্ব বাঙলা থেকে পশ্চিম পাকিস্তানে সরাসরি ভোগ্যপণ্য প্রাপ্যতার উপর প্রান্তিক প্রতিক্রিয়া। এসবের প্রধান ক্ষতিগ্রস্ত পণ্যগুলো হলো ঃ চা, দিয়াশলাই, কয়েক পদের ঔষধপত্র ও নিউজপ্রিন্ট। পশ্চিম পাকিস্তানের ভোগ্যপণ্য বাজারে এগুলো ছিল পূর্ব বাংলার প্রধান অবদান। পূর্ব বাংলার লোকদের অভিজ্ঞতা বিপরীত স্রোতমুখী এখানে প্রায় সকল ভোগ্যপণ্য পশ্চিম পাকিস্তান থেকে আমদানী করতে হয়। সেজন্য ঘাটতি নিম্নরেখাগামী ।

এই আর্থনীতিক কণ্ঠরোধের নজির পশ্চিম পাকিস্তানের ব্যবসায়ীদের প্রাচুর্যের মধ্যে পাওয়া যাবে। বড় বড় ব্যবসা বাণিজ্যগুলো পশ্চিম পাকিস্তানীদের হাতে।

www.BanglaBook.org



বাইশটি পরিবারেই শুঁড় দিয়ে পাকিস্তানের সমগ্র সম্পদের ওপর একচেটিয়া মালিকানা প্রতিষ্ঠা করেছে। এসব ব্যবসায়ীরাই পূর্ব বাংলার বড় বড় ব্যবসা, কারখানা, চা-বাগান, পাট, আমদানী এবং রপ্তানী বাণিজ্য, ব্যাংক ও বীমা এমনকি গাড়ী সংযোজন কারখানা পর্যন্ত নিয়ন্ত্রণ করেছে। কিন্তু এসব প্রতিষ্ঠানগুলো আঞ্চলিক দপ্তর বা শাখা দপ্তর হিসেবে। এসবই করাচীর প্রধান দপ্তরের সুদৃঢ় নিয়ন্ত্রণে রয়ে গেছে। এমনকি দ্বিতীয় সারির ব্যবসায়ীও পশ্চিম পাকিস্তানী। এসব ব্যবসায়ীরা প্রধানতঃ মেমন ও খোজা গোষ্ঠী, এদের করাচী হ'ল আবাসভূমি। কিন্তু পেশোয়ার, রাওয়ালপিন্ডি, লাহোর অথবা পাঞ্জাবের কোন শহরে এদের ব্যবসা করতে দেখা যায় না। অথচ সিন্ধুর রাজধানী হায়দরাবাদে এবং পূর্ববাঙলার প্রায় সকল শহরে এদের ভীড় রয়েছে। এই ব্যবসায়ী সম্প্রদায়দের উদ্যোগ এবং পুঁজি খাটানোর বিরাট ফল অস্বীকার করা সঠিক হবে না। এটাও ঠিক অনুধাবন করা যায় যে, বাঙালীরা যখন অভিযোগ করেন তাদের সব সময়েই একজন 'পশ্চিম পাকিস্তানী বহিরাগতের কাছে যেতে হয়-তা চাকুরী হোক, কাপড়-চোপড়ের জন্য হোক, দোকানের জিনিসই হোক বা টাকা কর্জ করার জন্যই হোক। (কলকাতার মাড়োয়ারী ও পাঠানরা, কর্জ দেয়) এমনকি অফিসের বড় সাহেব তিনিও একজন পশ্চিম পাকিস্তানী কিংবা বিহারী মুহাজের। কিন্তু কেন বাঙালীকে সব সময় 'সর্বগ্রাসী বহিরাগত' উপস্থিতিকে সালাম ঠুকতে হবে? এটা কি উপনিবেশবাদ নয়? বাঙালীর এই হতাশাকে হাজার পরিসংখ্যান তালিকা দিয়েও সঠিকভাবে প্রতিফলিত করা যাবে না।

BanglaBook.org

www.BanglaBook.org

# "চরম বিশ্বাসঘাতকতা"

*গত ২৩ বছরে তোমাদের নেতারা যে নির্যাতন, উপেক্ষা এবং দাসত্বের শাসন-কড়া আমাদের ওপর চাপিয়ে দিয়েছে তা সত্ত্বেও আমরা আল্লাহর নামে পাকিস্তান রাখবার চেষ্টা করেছি। কিন্তু তোমাদের নেতারা আমাদের সঙ্গে ক্ষমতা ভাগ করে নেওয়া সহ্য করেনি অথবা আমাদের নিজেদের ভাগ্য নিয়ন্ত্রণের প্রচেষ্টাকে কিছুতেই সহ্য করেনি।*

তাজউদ্দীন আহমেদ
বাংলাদেশের প্রধানমন্ত্রী
এপ্রিল ১৭, ১৯৭১।

পূর্ব বাংলার বর্তমান বিয়োগান্ত জটিল পরিস্থিতির এক বাক্যে সার-সংক্ষেপ করা যেতে পারে। বাঙালীরা আওয়ামী লীগের পতাকার তলে নির্বাচনে বিজয়ী হয়ে প্রথম বারের মত রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোতে তাদের নেতৃত্বের যোগ্যতা অর্জন করেছিল। ১৯৪৮ সন থেকে যে প্যাকিস্তানী পাঞ্জাবীচক্র দেশের ক্ষমতার আধিপত্য বজায় রেখেছিল, তারা ক্ষমতা ছেড়ে দেবে না এবং সামরিক বাহিনীকে দিয়ে ক্ষমতা ফিরে পেতে তারা তৎপর।

গণতন্ত্রের রায়ের অবমাননা তা'যতই অসঙ্গত মনে হোক পাকিস্তানের ক্ষেত্রে এটা নতুন কিছু নয়। বরং এই ন্যক্কারজনক অস্বীকৃতির চরম পর্ব, জনতার আকাঙ্ক্ষার প্রতি বারে বারে বিশ্বাসঘাতকতা বা বিগত ২৪ বছরে পূর্ব বাংলাকে শুধু উপনিবেশই সৃষ্টি করেনি, পশ্চিম পাকিস্তানের সাধারণ জনেরাও এদের হাতে শোষিত হয়েছে। জনতাকে যে সব কর্মচারী "স্বভাবক অপরিচ্ছন্ন" বলে থাকে, তারাই সামরিক আমলাচক্রের উচ্চাকাঙ্ক্ষা চরিতার্থ করার জন্য মাল মশল্লা জুগিয়ে বর্তমানে কামানের শিকার হয়েছে। শোষণ হল এদের সরকারী নীতি, একনায়কতন্ত্রের বিস্তার এদের পদ্ধতি এবং পাকিস্তানের শুরু থেকেই এই বিস্তৃতি চালু রয়েছে।

পাকিস্তানের কোন দিনই সত্যিকার অর্থে প্রকৃত গণতান্ত্রিক ঐতিহ্য ছিল না। স্বৈরতন্ত্রই এখানে রাজনীতির কেন্দ্রীয় চিন্তায় বিবর্তিত। এটা বৃটিশ শাসনের দিনগুলোতে মুসলিম আন্দোলনের অগ্রদূত মুসলিম লীগের ক্ষেত্রেও যেমন সত্য,

www.BanglaBook.org



তেমনি ১৯৪৭ সনের পরবর্তী ঘটনায় তা প্রযোজ্য। সাধারণ অর্থে মুসলিম লীগ একটি জনগণের দল ছিল কারণ বৃটিশ ভারতের বিক্ষুব্ধ মুসলিম সংখ্যালঘু সম্প্রদায় এই দলের মাধ্যমে সোচ্চার হয়েছিল।

কিন্তু মুসলিম লীগ সামন্তবাদী অভিজাত শ্রেণী এবং একদল শিক্ষিত শ্রেণীর মুখপাত্র হিসেবে সেবা করেছে। এইসব সামন্তবাদী অভিজাত শ্রেণীরা ছিলেন পাঞ্জাব ও সিন্ধুর ভূস্বামী, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের খান বংশধরেরা এবং যুক্ত প্রদেশগুলো থেকে আসা নওয়াব ও নওয়াবজাদারা। এবং শিক্ষিত শ্রেণীতে ছিলেন, যুক্তপ্রদেশের প্রবীণ নেতৃবৃন্দ আর বোম্বের চতুর ব্যারিস্টারগণ যাঁদের অন্যতম হলেন উঁচুমানের ব্যক্তিত্ব সম্পন্ন, স্বৈরাচারী কায়েদে আজম মোহাম্মদ আলী জিন্নাহ। এঁদের দ্বারাই গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলো প্রভাবিত হত। এঁরা কংগ্রেস ও ঘরমুখো বৃটিশ-এর সঙ্গে আলাপ-আলোচনা চালিয়েছিলেন। তাঁরাই শিশু মুসলিম রাষ্ট্রের ক্ষমতা দখল ও ভোগের একচেটিয়া দাবি করেছেন।

তারিক আলী তাঁর বই 'পাকিস্তান-মিলিটারী রুল অর পিপল্‌স ওয়ার'-এ মুসলিম লীগের সত্যিকারের চরিত্র উন্মোচন করেছেন।

পাঞ্জাবের মুসলিম লীগ সরকার একটি ফরমান জারি করে তাঁদের শ্রেণী-সচেতনতার পরিচয় দিয়েছিলেন। ঐ ফরমানে ১৯৪৪ সালের মুসলিম লীগ মেনিফেস্টো গোপনে অথবা প্রকাশ্যে কোন প্রজার পড়া অপরাধ ছিল, কেননা তাতে কিছু বৈপ্লবিক চিন্তার উল্লেখ ছিল। এই অভিযোগে অভিযুক্ত একজন কৃষকের শাস্তি ছিল স্থানীয় ভূ-স্বামীর চাষের জমি থেকে উৎখাত হওয়া। স্বল্প কথায় প্রজাকে বলা হত ঃ স্থানীয় ভূ-স্বামীকে হয় সমর্থন করো, নতুবা জমি ছাড়ো।

স্বাধীনতার পরবর্তী বছরগুলোতে এই শাসকচক্র জোট বেঁধেছিল। পাকিস্তানের ক্ষমতা পাঞ্জাবী ও তাদের খালাত ভাই হাজারা, পাঠানদের কাছেই সংরক্ষিত রয়ে গেল। এই সবকিছু একশ্রেণীর আমলা ও মধ্যবয়সী সামরিক কর্মচারীদের ক্ষমতা আঁকড়ে থাকার মধ্যেই তা মূর্ত হয়ে উঠেছিল। এইসব কর্মচারীরা ক্ষমতার শীর্ষে বসে শুধু বন্দুকের জোরেই ক্ষমতাকে সুসংহত করেছিলেন তাই নয় সে সঙ্গে অসন্তোষের সাগরের সুশৃংখল হেতুও ছিল এটাই। পাকিস্তানের রাজনীতির ক্ষেত্রে যে আমলা ও সামরিক বাহিনী দুটি দল রয়েছে—ঐ উক্তি সেক্ষেত্রে অযৌক্তিক নয়।

যদিও বাঙালী মুসলমান জনসাধারণের সমর্থন পাকিস্তান অর্জনের ক্ষেত্রে সিদ্ধান্তের ভূমিকা নিয়েছিল কিন্তু শীর্ষস্থানীয় বাঙালী নেতৃত্ব ছিল দ্বিধাবিভক্ত, অকর্মণ্য, সংখ্যায় সীমিত ও অকেজো। বিস্মিত হবার কিছু নেই, এইচ.এস. সোহরাওয়ার্দী এবং ফজলুল হক এই দুইজন পাকিস্তান আন্দোলনের পথিকৃতকে মুসলিম লীগের আনুকূল্য থেকে রাষ্ট্র প্রতিষ্ঠার তিন বছরের মধ্যেই বেরিয়ে আসতে দেখা গেল।

www.BanglaBook.org



পরবর্তী বছরগুলোতে বাঙালী দ্বিতীয় শ্রেণীর রাজনীতিবিদেরা নিজেদের জনগণের দাসত্বের হাতিয়ার হিসেবে এঁদের হাতে নির্দয়ভাবে ব্যবহৃত হতে থাকলেন।

যে উচ্চ আশা ও ধর্মীয় আদর্শিক উচ্ছ্বাস নিয়ে পাকিস্তানের যাত্রা শুরু হয়েছিল তা বাস্তবরূপ পেলে এর অবস্থা ভিন্ন হতে পারত। কিন্তু তা হয়নি। জিন্নাহ সাহেব নিজেই নতুন রাষ্ট্রে কর্তৃত্বের ছাপ রাখবার প্রয়োজন মনে করলেন এবং নিজেই গভর্ণর জেনারেল পদে আসীন হলেন। জিন্নাহ সাহেবের এই সর্বগ্রাসী ভূমিকার উল্লেখ করে এ্যালেন ক্যাম্পবেল জনসন তার "মিশন উইথ মাউন্টব্যাটন" বই-এ লিখেছেন, "এখানে বাস্তবরূপে একজন ভয়ংকর কায়েদে আজমের মধ্যে পাকিস্তানের শাহানশাহ, ক্যান্টারবারীর আর্কবিশপ, স্পীকার এবং প্রধানমন্ত্রী কেন্দ্রীভূত হয়েছে।" জিন্নাহ প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভাকেই শুধু অকেজো করেননি তিনি আমলা ও সেনাবাহিনীকে মন্ত্রিদের এড়িয়ে সরাসরি তাঁর কাছে রিপোর্ট করতেও উৎসাহিত করেছেন। পূর্ববর্তী এইসব নজির পরবর্তীকালে স্বৈরতন্ত্র ও ধ্বংসের পথ বিস্তৃত করে। একবার উপরের পদে আসীন হতে পারলে, সামরিক বাহিনীদের একমাত্র আকাঙ্ক্ষা সমস্ত ক্ষমতা হাতে রাখার। এই প্রবৃত্তির কৃতী পুরুষ চৌধুরী মোহাম্মদ আলী—যিনি দেশের প্রথম সেক্রেটারী জেনারেল ও পরে প্রধানমন্ত্রী হয়েছিলেন। তিনি ছিলেন যেমনি উগ্র ধর্মান্ধ মুসলমান, তেমনি উগ্রবাদী পাঞ্জাবী। তিনিই পাঞ্জাবী আমলাতান্ত্রিক উত্থানের প্রাথমিক কাঠামো সৃষ্টিতে মৌলিক ভূমিকা পালন করেছেন। এটাও কম গুরুত্বপূর্ণ নয় যে, বিগত ২০ বছরে, যাঁরা পাকিস্তানের প্রেসিডেন্ট হয়েছেন—হয় তাঁরা আমলা, পরবর্তীকালে রাজনীতিবিদে রূপান্তরিত নতুবা সামরিক বাহিনীর অফিসার। এঁদের একজন প্রধানমন্ত্রীও হয়েছিলেন। দেশের চাকরীর রীতির পদ্ধতিকে এমনভাবে প্রভাবিত করেছিল। মন্ত্রিসভায়ও তাদের সুযোগ নির্ধারিত ছিল। এসব ক্ষেত্রে আমলাদের অন্যায়ভাবে অনুপ্রবেশকে সরকারী অস্বাভাবিক যুক্তি দেখানো হতো অথচ এসব পদ জনপ্রতিনিধিদের জন্য নির্দিষ্ট ছিল। শুধু আমলাদের মধ্যেই এইসব প্রতিভাধর ব্যক্তিত্ব পাওয়া যেত—সাড়ে সাত কোটি মানুষ হল প্রতিভাহীন—এই কটাক্ষ ক্ষমার অযোগ্য অপরাধ। কিন্তু দক্ষ প্রচার মাধ্যমের নিপুণভাবে পরিচালনা করে, পরে আমরা দেখতে পেলাম, এই অপমান জনগণ হজম করতে শুধু শিখলোই না বরং এসব পছন্দ করতে লাগলেন।

আমলাতন্ত্রের অবরোহণ সরাসরি পৃষ্ঠপোষকতা ও সামর্থ্যের অনুপাতে বেড়ে চললো। আমলাবর্গ অসহনীয়ভাবে বেপরোয়া হয়ে উঠলো। ১৯৫১ সালে ঢাকা ক্লাবে আমার প্রথম সফরের কথা আমি কখনো ভুলবো না। টমবোলা (বিংগো) অধিবেশন সবে শেষ হয়েছে। ঠিক সে সময় দীর্ঘকায় সুদর্শন এক দম্পতি দরজা দিয়ে ঘরে প্রবেশ করলেন, সবকটা চোখ সেদিকে নিমিষে ঘুরে গেল। জনৈক ঠাটঠমক ওয়ালা

www.BanglaBook.org



শিল্পপতি সালাম জানাতে দ্রুত এগিয়ে গেলেন। এ ধরনের উত্তেজনার কারণ জানতে চাইলে একজন বাঙালী সম্পাদক বল্লেন, "ওহ হো উনি চীফ সেক্রেটারী। মিঃ এবং মিসেস সাধারণ মানুষের সাথে মিশতে ধূলার পৃথিবীতে নেমে এসেছেন।"

আর একবার করাচীর এক বিলাস বহুল হোটেলে কোটিপতি ভ্রাতৃদ্বয় সন্তানদের বিবাহ অনুষ্ঠান করছিলেন (এ ধরনের রক্তিম বিবাহ এ সমাজে স্বাভাবিক ঘটনা, কেননা সম্পদ কেন্দ্রীভূত হওয়ার নিশ্চয়তা থাকে এসব বিবাহে)। সুসজ্জিত মঞ্চে দু'হাজার আমন্ত্রিত বরপক্ষের অতিথিদের খাওয়াচ্ছেন এমন সময় সংবাদ এলো শিল্প সচিব এসেছেন। তখন সেখানে হৈ চৈ পড়ে গেল। একজনের টমাটোর জুস গড়িয়ে গেল অন্যদিকে, অন্যদিকে আমন্ত্রণকর্তা তাড়াতাড়ি করে মাননীয় অতিথিকে স্বাগত জানাতে গিয়ে চায়ের কাপ উল্টে দিলেন। হাসির রোল থামলে—এক সময় কানে ফিস ফিস আওয়াজ এলো ঃ "দেখতে পাচ্ছি বাসটার্ডগুলো আর একটা কারখানার জন্য আবেদন করছে।"

আইয়ুব হলের রেস্তোরাঁ, জাতীয় পরিষদের অস্থায়ী ভবন হিসেবে পরিচিত, সেখানে জাতীয় পরিষদের সভা-কক্ষের চেয়ে অনেক বেশী আনন্দঘন পরিবেশ ছিল। সব সময় সেখানে লোকের ভীড় থাকতো। কিন্তু আশাতীত হলেও যারা ওখানে বসে থাকতেন তাঁরা সম্মানিত পরিষদ সদস্য নন, সকলেই উচ্চ পদের আমলা। যে ভঙ্গীতে এসব সদস্যরা আরো কফি এবং কেকের জন্য অঙ্গুলি নির্দেশ দিতেন তাতে তাঁদের অবস্থান জানতে সন্দেহ থাকেনা। তাঁদের দীনতা দেখে আমার বন্ধু মানসুরি মন্তব্য করলেন, "এই অদ্ভুত লোকদের অর্থের প্রতি দুর্নিবার চাহিদা রয়েছে, তিন বছর আগে যখন এঁরা প্রথম পরিষদে এলেন, তখন রিক্সা চড়তেন পোশাক পরিচ্ছদও ছিল খুবই সাধারণ। এখন এঁরা টয়োটা চালান, পোশাকেও বাহার এসেছে।"

১৯৪৮ সালে সেপ্টেম্বরে কায়েদে আযম যখন মারা গেলেন—নিচের সারির লোকেরা যাঁরা তাঁর উত্তরাধিকারী হলেন, তাঁরা জিন্নাহ সাহেবের স্বৈরাচারী হাবভাব রপ্ত করে নিতে দ্বিধা করলেন না। কিন্তু জিন্নাহ সাহেব তাঁর কর্তৃত্ব জাহির করেছেন সম্পূর্ণ নিঃস্বার্থভাবে আর অন্যদের ছিল স্বার্থপরতার উদ্দেশ্য। তাঁরা রাজনীতির পাকে জড়িয়ে গেলেন। সমস্যা স্থায়ীভাবে প্রাদুর্ভূত হল। পাকিস্তান টাইমস-এ তারিক আলীর একটি উদ্ধৃতি থেকে এই অবস্থার সংক্ষিপ্ত বিবরণ পাওয়া যায় ঃ

"সব সময়ই শাসকশ্রেণী জাতীয় বিষয়াদি বিশেষ নোংরা পর্যায়ে নিয়ে যেতে পেরেছেন এবং সময়ের নিয়মানুবর্তিতা মাফিক সেটা তারা করেছেন। অসংখ্য কায়েমী স্বার্থবাদী মহল থেকে যে চিৎকার উঠতো তা জনগণের মুক্তির জন্য নয় বা ন্যূনতম বৃহত্তর গণতন্ত্রের জন্যও নয়-সেটা ছিল বৃহত্তর একনায়কত্বের জন্য।"

এই বিস্তৃত একনায়কত্বের প্রয়োজন ছিল ব্যক্তি ও প্রাদেশিক পর্যায়ে একীভূত

www.BanglaBook.org



করে আকাঙ্ক্ষা পূরণের জন্য। এ সবের মুখ্য উপাদান ছিল ঃ সামন্ততান্ত্রিক ভূমি ব্যবস্থা সংরক্ষণ এবং কৃষি থেকে মোটা আয় আদায়, একচেটিয়া পৃষ্ঠপোষকতা যা থেকে ভাগ্যবানদের অর্থনীতিতে লোভের সামাজিক উপযোগিতা আদায়ের সৌভাগ্য সৃষ্টির অধিকার।

পাঞ্জাবের ছিল উভয় ক্ষেত্রেই খুঁটির জোরের প্রাবল্য। এখানেই ছিল বৃহত্তম প্রভাবশালী এবং বোধহয় শিক্ষিত ভূস্বামীরা। পাঞ্জাবীদের অনেকেই ছিলেন এই ভূস্বামী পরিবারের বংশধর। আবার এঁরাই ছিলেন সিভিল সার্ভিসের মেরুদন্ড এবং সামরিক বাহিনীর ক্যাডারভুক্ত উঁচু পদের অফিসার। ব্যক্তিগত পাঞ্জাবী স্বার্থ অবশ্যম্ভাবীরূপে অধিকৃত হয়ে দখল বাঁধতে লাগল। উগ্র পাঞ্জাবী জাতীয়তাবাদী চারিত্রিক বৈশিষ্ট্য ক্ষমতার রাস শক্তভাবে বাঁধতে তৎপর হয়ে উঠলো।

"তারা অন্য কাউকে নিঃশ্বাস নিতে দেবে না।" প্রধানমন্ত্রীর পদ থেকে অপসারিত হবার পর আমাকে এক ব্যক্তিগত সাক্ষাৎকারে সোহরাওয়ার্দী এ তিক্ত মন্তব্য করেছিলেন। যদি এইসব আকাঙ্ক্ষা অপরিহার্যরূপে বিরোধী হয়ে দাঁড়ালে, তা হত শুধু ব্যক্তি পর্যায়ে। এতে পাঞ্জাবী গোষ্ঠীর মৌলিক স্বার্থ ক্ষুণ্ন হতো না কিন্তু মার্শাল আইয়ুব খানের বহুত বড়াই করা পরিকল্পনাগুলোসহ পাকিস্তানের ভূমি সংস্কারও এক হাস্যকর অনুকরণই হয়ে রইল। কৃষি আয়ের উপর কোন আয়কর কখনো বসানো হয়নি। এমনকি ১৯৭১ সনের জুনের সমস্যাসংকুল বাজেটেও প্রেসিডেন্ট ইয়াহিয়ার সরকার যখন পূর্ব বাঙলায় সামরিক অপারেশন চালাতে গিয়ে এক রকম দেউলিয়া হয়ে পড়েছিল তখনও কৃষিকর ধার্য করতে পারেনি। অথচ সাধারণ মানুষের জীবনের প্রতিটি ক্ষেত্রেই সরকারী বিধিবিধান, নিয়ন্ত্রণ, পারমিট এবং উঁচু পর্যায়ের আমলাদের পৃষ্ঠপোষকতা আগের মতোই নিপুণভাবে বোনা ছিল।

উল্লেখযোগ্য, ফিল্ড মার্শাল আইয়ুব খান এবং জেনারেল ইয়াহিয়া খান উভয়েই যে কয়েকশ' ঘুষখোর আমলাদের 'চাকুরিচ্যুত করেছিলেন তাঁরা অসৎ উপার্জন বহাল রাখার অনুমতি পেয়েছিলেন। এঁদেরকে আপনি রাজধানী ইসলামাবাদের ক্লাবে বা সুদূর করাচীর সিন্ধু ক্লাবে যে কোন দিন গলফ অথবা ব্রীজ খেলায় দেখতে পারেন। এঁদেরকে আপনি দেখবেন পাকিস্তানী সমাজের বাছাই করা লোকদের সঙ্গে, বর্তমান প্রশাসনের সদস্যদের সঙ্গে মত বিনিময় ও হাসির উচ্ছ্বাসের মধ্যে। অন্যান্য সভ্য সমাজে সরকারী দুর্নীতিকে খুব কমই এমন উদারভাবে গ্রহণ করতে দেখা যেত।

এই ব্যক্তি আকাঙ্ক্ষা পূরণের বিরোধে সময় সময় রাজনৈতিক হুল্লোড়ে নটের পরিবর্তন হয়েছে কিন্তু পটের পরিবর্তন হয়নি আর এটা ছিল গণতান্ত্রিক অনুশীলন থেকে সম্পূর্ণভাবে মুক্ত। এ বিষয়টি রেকর্ড করার মতো যে বিগত এগার বছর পাকিস্তানের তথাকথিত সংসদীয় সরকারের সাতজন প্রধানমন্ত্রীকে হয় হিংসাত্মক

www.BanglaBook.org



উপায়ে নতুবা সামরিক আমলা চক্রের আদেশে অপসারণ করা হয়েছে। নির্বাচনী পদ্ধতিতে কখনো সরকার পরিবর্তন হয়নি। প্রথম প্রধানমন্ত্রী নওয়াবজাদা লিয়াকত আলী খান রাওয়ালপিন্ডির এক জনসভায় রহস্যজনকভাবে নিহত হলেন। এ বিষয়ে আগেই বলেছি, তাঁর নিহত হবার সন্তোষজনক ব্যাখ্যা কখনো দেয়া হয়নি। সময় সময়ে বলা হয়েছে তিনি পাঞ্জাবী চক্রান্তে নিহত হয়েছেন। এটা সত্যি হতেও পারে কিংবা নাও হতে পারে। তবে এ কথা সঠিক, তাঁর স্পষ্টভাষিণী বিধবা পত্নী বেগম লিয়াকত আলী খান এবং দু'জন প্রধানমন্ত্রী গুলী চালানোর গোলমেলে প্রশ্নগুলোর উত্তর পেতে ব্যর্থ হয়েছেন।

খাজা ন্যাজিমুদ্দিন যিনি লিয়াকত আলী খানের স্থলাভিষিক্ত হলেন, তিনিও পাঞ্জাবী গভর্ণর জেনারেল গোলাম মোহাম্মদের দ্বারা অপরাসিত হলেন। পরবর্তী প্রধানমন্ত্রী মোহাম্মদ আলী বগুড়া যিনি রাজনৈতিক ক্ষেত্রে ছিলেন অপরিচিত, তাঁকে ওয়াশিংটনের রাষ্ট্রদূত পদ থেকে ডেকে এনে রাজকীয়ভাবে গদিনসীন করা হল। পরে তিনি আমাকে বলেছিলেন, তাঁর ছিল জারজতুল্য চাকুরি। পদ থেকে অপসারণের ভয় দেখিয়ে তাঁকে দিয়ে তাঁর মন্ত্রিসভা পুনর্গঠিত করানো হয় এবং এই অপমান যেন তাঁর জন্য যথেষ্ট হয়নি ভেবে কয়েকমাস পরেই আবার রাষ্ট্রদূতের পদে ফেরত পাঠানো হয়। মোহাম্মদ আলী বগুড়া কখনো পরিষদ বিতর্কে পরাজিত হননি। একমাত্র তাঁর দলীয় লোকেরাই তাকে উৎখাত করেছেন।

প্রাক্তন সেক্রেটারী জেনারেল থেকে রাজনীতিবিদ এবং অর্থমন্ত্রী চৌধুরী মোহাম্মদ আলী এক সস্তা রাজনীতির চাল মেরে তারই নামধারী মিঃ বগড়ার উত্তরাধিকারী হলেন। মুসলিম লীগ পরিষদ পার্টি মিথ্যা কথার ফাঁদে ফেলে তাঁকে দলনেতা নির্বাচিত করলেন এই ভেবে যে তিনি বিরোধী দল আওয়ামী লীগের নেতা সোহরাওয়ার্দীর সঙ্গে শীঘ্রই আলোচনায় বসবনে এবং একটি কোয়ালিশন সরকার গঠন করবেন। সোহরাওয়ার্দী সেই মহান মুহূর্তের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছিলেন। চৌধুরী মোহাম্মদ আলী তখন গভর্ণর জেনারেল হাউসে পৌঁছে গেছেন এবং প্রেসিডেন্ট ইসকান্দার মির্জার কাছে প্রধানমন্ত্রী রূপে শপথ নিয়েছেন। তিনি তখন পাকিস্তানকে প্রথম শাসনতন্ত্র দিতে এগিয়ে এসেছেন। বাঙালীদের কাছ থেকে জোর করে আদায় করা এক রাজনৈতিক রফার ভিত্তিতে এর খসড়া প্রণীত হয়। পরবর্তী চৌদ্দ বছর পূর্ব বাংলা প্রতিনিধিত্বের এই কুৎসিত সংখ্যাসাম্য বা প্যারেটি ফর্মুলাকে তীব্রভাবে প্রত্যাখ্যান করেছে।

যদিও চৌধুরী মোহাম্মদ আলী একজন অন্তর্গোষ্ঠীয় সদস্য তবু সহকর্মীদের কাছে উচ্চাভিলাসী হিসাবে তিনি প্রমাণিত হলেন। তাঁরা ভাবলেন, তাঁদের অবস্থান একজন সর্বাত্মক ক্ষমতা লাভেচ্ছুকের দ্বারা বিপদ সংকুল হতে পারে। সেইজন্যেই তাঁকে জোর করে অপসারিত করে তাঁরা সোহরাওয়ার্দীর পক্ষে আনুগত্য দেখালেন।

www.BanglaBook.org



ইতিমধ্যে সোহরাওয়ার্দী প্রেসিডেন্ট মীর্জা ও সামরিক বাহিনীর সংগে ঐকমত্যে পৌছে গেছেন। পরিষদে সোহরাওয়ার্দীর আওয়ামী লীগের সংখ্যালঘু প্রতিনিধিত্ব ছিল। সেইজন্যে তিনি প্রেসিডেন্ট মির্জার খেয়ালের হাতে বন্দী হলেন। যখনই তিনি তাঁর অবস্থান প্রতিষ্টিত করতে চাইলেন তখনই অভদ্রভাবে পায়ের তলার গালিচা সরিয়ে নেওয়া হয়। এবারে বোম্বের একজন ব্যারিস্টার আই, আই, চুন্দ্রিগড় 'ম্যাড হেটারস' নাচে কিংবা উন্মুক্ত নাচে যোগ দিতে এলেন। আরেকজন মাত্র চল্লিশ দিন ক্ষমতায় থেকে মালিক ফিরোজ খান নুনের জন্য পথ করে দিলেন।

এই পাঞ্জাবী সামন্ত ভূস্বামী পূর্ব বাংলার গভর্ণর হিসেবে ভাষা আন্দোলনের প্রাথমিক অবস্থায় আনাড়ীর মত এই জটিল বিষয়টিতে হস্তক্ষেপ করে তাঁর সুনামের যথেষ্ট ক্ষতি করেছেন। কিন্তু সে সব ভুলে গিয়ে ১৯৫৭ সালে শাসকগোষ্ঠী রাজনৈতিক ফায়দা লুটবার প্রয়োজনে আবার তাঁকে ফিরিয়ে আনলেন। ফিরোজ নুনকে প্রধানমন্ত্রীর পদে ডাকা হলে খুশীতে ডগমগ হয়ে উঠলেন। যদিও লেডি ভিকারুননেসা নুন(ভিকি)-এর আশংকা ছিল গুরুতর। তাঁর স্বামী শপথ নেবার এক ঘন্টা পূর্বে আমাকে বলেছিলেন, "এসব বড় চাকুরীর ব্যাপারে আমি সব সময় বড় উদ্বিগ্ন থাকি, এগুলোর সব সময় দুঃখজনক পরিণতিই ঘটে। আমি আশা করি এবার হয়তো তা হবে না।"

এই ভদ্র মহিলার অনুমান সঠিক হ'ল। আবার বিদ্যুৎ ঝলসে উঠলো—এবার কেবল নুনের ব্যক্তিগত পরাজয় নয় এবার ঘটলো জাতীয় 'দুর্যোগ। ১৯৫৮ সালের ৭ই অক্টোবর বহু প্রতীক্ষিত সাধারণ নির্বাচনের ছয় মাসেরও কম সময়ের আগে সেনাবাহিনীর নেতৃত্ব নিয়ে জেনারেল মোহাম্মদ আইয়ুব খান প্রধানমন্ত্রী ও জাতীয় পরিষদকে পদাঘাতে উল্টে দিয়ে প্রকাশ্যে স্বৈরতন্ত্র যুগের প্রতিষ্ঠা করলেন। অবশেষে ঘাপটি মারা দানব ব্যূহ থেকে বের হয়ে এল। এই ধরনের রাজনৈতিক বিকাশ, পরিশেষে এই ধরনের সর্বনাশই ডেকে আনে তা প্রমাণিত হল। এমনকি পাকিস্তানী গণতন্ত্রের ভন্ডামি যা বছরের পর বছর টিকে ছিল সেটুকু শেষ করে দিয়ে, সামরিক আমলাতান্ত্রিক চক্র জনগণকে তার শোষকের মুখোমুখি দাঁড় করাল।

পরবর্তী দশ বছর পাকিস্তানকে এক নির্দয় শাসনে শাসিত হতে হল। লর্ড একটনের উক্তি উপস্থাপন-এর আগে খুব কমই থাকলো না। দাসত্ব, মোসাহেবি এবং ঘুষের নানাবিধ সংস্করণ জাতীয় জীবনের দৈনন্দিন হালচালের প্রথা হয়ে দাঁড়িয়েছিল। সত্যিকার রাজনৈতিক পেশাগত, ব্যবসা ও আমলাতান্ত্রিক সাফল্য ধারণাতীত হয়ে যাবে—যদি না সঠিক স্থানে প্রয়োজনীয় মাখন মাখান হয়। 'প্রভু তোষণ ও তৈল মর্দন' অতীতে জনগণ এ ধরনের অপমানকর পরিস্থিতিতে কখনোই ছিল না।

এই হলো পাকিস্তানের 'গণতান্ত্রিক' ঐতিহ্যের স্বচ্ছ নমুনা।

BanglaBook.org

www.BanglaBook.org

# এক 'নব সূচনা'

*প্রিয় দেশবাসী, আমি আপনাদের কাছে এটা খোলসা করে বলতে চাই যে সাংবিধানিক সরকার প্রতিষ্ঠার জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা ছাড়া আমার আর কোন আকাঙ্ক্ষা নেই।*

প্রেসিডেন্ট ইয়াহিয়া খান
২৬ মার্চ, ১৯৬৯।

১৯৬৯ সনের ২৬ মার্চ সকালে পাকিস্তান এক নতুন যাত্রার শুরুতে জেগে উঠলো- নিদেনপক্ষে সকলেই সেরকম আশা করেছিলেন। কয়েক ঘন্টা পূর্বে ফিল্ড মার্শাল মোহাম্মদ আইয়ুব খান, কুটিল স্বৈরাচারী, যিনি তাঁর সর্বাত্মক উপস্থিতি দিয়ে জাতীয় জীবনকে আচ্ছন্ন করে রেখেছিলেন, দেশের জনগণের নজিরবিহীন গণঅভ্যুত্থানে তিনি ক্ষমতাচ্যুত হয়েছেন। সেই ঘটনার ইতিহাস-এখন এমনিতেই একখন্ডে পরিণত হয়েছে। এ সম্বন্ধে অন্যত্র বলা হয়েছে এবং ভবিষ্যতে নিঃসন্দেহে এই ঘটনা অনেক গ্রন্থের বিষয়বস্তু হয়ে থাকবে। আমার উদ্দেশ্য এখানে ফলাফলের উপর আলোকপাত করা। বিগত বাইশ বছর ধরে পাঞ্জাবী অধিকৃত আমলা-সামরিক চক্রের উচ্চাকাঙ্ক্ষা চরিতার্থের জন্য হাস্যকর যে রাজনৈতিক অবকাঠামো পাকিস্তানে গড়ে উঠেছিল, তার সম্যক চিত্র এখানে তুলে ধরা।

এই নড়বড়ে অবস্থা যতই গতানুগতিক ও নিরস শোনাক তবু পাকিস্তানীদের এক অদমনীয় আন্দোলনের ভয়ংকর বিজয়ে নতুনভাবে রক্ষা পাওয়াকে সাহসী পৃথিবী নতুন আশার সঞ্চার বলে মনে করেছিল। এটা ছিল জনগণের বর্তমানকালের মহত্তম বিজয়। এতে তাদের আনন্দ প্রকাশ অস্বাভাবিক কিছু নয়। পক্ষান্তরে, শক্ত বুননের শাসকশ্রেণীর জন্য ভয়ংকর দুর্ঘটনা জেনে নিল। তাঁরা এখন পিছু হটেছেন। এই দুয়ের মধ্যে জেনারেল আগা মোহাম্মদ ইয়াহিয়া খান উচ্চাকাঙ্ক্ষী বাসনা নিয়ে দাঁড়িয়ে আছেন। পাকিস্তানের সবকটি চোখ তাঁর দিকে তাকিয়ে রয়েছে। সেই চরম দিনের বিকেলে করাচীর জিমখানা বিশেষতঃ সিন্ধু ক্লাবের খাবার ঘর ও লাউঞ্জে স্বাভাবিকের চেয়ে জনগণের ভীড় ছিল বেশী। এদের মধ্যে মিল মালিক, ব্যবসায়ী, অফিসার এবং

www.BanglaBook.org



দালালদের গুরুত্বপূর্ণ ঘটনা নিয়ে গুলজার করতে দেখা গেল। অনেকে জেনারেল ইয়াহিয়ার যোগ্যতা নিয়ে অনেক কথাবার্তা বললেন। একজন গুজব ছড়ালো যে জেনারেল ইয়াহিয়ার ব্যক্তিগত ফাইলে, অপসারিত ফিল্ড মার্শালের চেয়ে তিনি বেশী বুদ্ধিমান হিসেবে বিবেচিত হয়েছেন। বড় ব্যবসায়ী প্রতিনিধিদের মুখে তার উন্নত জীবনের প্রতি আকর্ষণের কথা উজ্জ্বলভাবে ফুটে উঠল। বিগত বিশ বছর তারা এই সূত্রের উপর নির্ভর করে প্রতিটি মানুষের মূল্য আছে জেনেছে। ইচ্ছা করেই তারা এসবের মূল্য দিয়েছে—আবার অনেকেবার খেসারতও দিয়েছে। এ স্বভাব পরিবর্তন হবার নয়—তাছাড়া এসবের কারণও নেই।

এইসব বনোৎসবে শিয়ালদের ধূর্ততা ও লেগে থাকার ধৈর্য এদেরকে সিংহের চেয় বেশী সম্ভার সংগ্রেহের সুযোগ দিয়েছে। কেননা বেসামরিক ও সামরিক আমলাচক্রের অর্থলোভের প্রতি এদের অঢেল বিশ্বাস ছিল। পাকিস্তানের ভাগ্যের এই নব মুহূর্তে এদের একমাত্র প্রচেষ্টা, বাজারে এসব কথা চালু ছিল। নতুন সামরিক কর্তৃত্বের তথা সামরিক হেড্ কোয়ার্টারের সঙ্গে যত তাড়াতাড়ি পারা যায়, লাইন লাগানোর পথ বের করা। এটাই হল সাফল্যের সংক্ষিপ্ত পথ। সেজন্য এরা দাঁড়িয়ে দাঁড়িয়ে পকেটে হাত গুঁজে, টমেটো রসে গলা ভিজিয়ে এবং পানীয়-মদ কিনে চারিদিকের খবরাখবর সংগ্রহ করেছে। এদের একজন মন্তব্য করে বললো "আলীবাবা ভেগেছে চল্লিশ চোর ত আর যায়নি।"

যখন এটা জানাজানি হল, প্রেসিডেন্ট ইয়াহিয়ার ছেলে এক আন্তর্জাতিক তেল কোম্পানীর 'জুনিয়র এক্সিকিউটিভ' তখন একজন মক্কেল নীচু স্বরে তার খোজাকে নির্দেশ দিয়েছে ঃ যে কোন মূল্যে তার সঙ্গে যোগাযোগ করো। পরে ফাঁস হয়ে গেলে যে পূর্বসূরীর মত প্রেসিডেন্ট ইয়াহিয়ার ছেলের নিশ্চিত আশ্রয়ে ধরা দেননি। সেই ভদ্রলোকটি (আইয়ুব খানের পুত্র) বার মাসের মধ্যে ক্যাপ্টেন পদ থেকে অবসর নিয়ে শিল্পের ক্যাপ্টেন হয়েছিলেন। জেনারেল ইয়াহিয়া তাঁর ছেলেকে এসব বড় ব্যবসায়ীদের খপ্পর থেকে দূরে সরিয়ে বিদেশে প্রশিক্ষণের জন্য পাঠালেন। যা হোক এদের মধ্যে নতুন টোপ পাওয়া গেল—আইয়ুব বিরোধী আন্দোলনে যারা সম্প্রতি বেশ প্রাধান্য পেয়েছে এদেরকেও ছয় মাসের অভ্যুত্থানের ঘটনা যা, পুলিশের নৃশংসতা বা সামরিক বাহিনীর বুলেট স্তব্ধ করতে পারেনি। সরকার পরিচালনায় জনগণের বৃহত্তর অংশ গ্রহণের প্রয়োজনীয়তা অনুভূত হলো। ১৯৫৮ সালে সংসদীয় গণতন্ত্র ছেঁটে ফেলা ঠিক হয়নি এখন স্বীকার করা হচ্ছে। এই ভুলই এখন জনগণকে প্রকৃত শোষকের মুখোমুখি এনে দাঁড় করিয়েছে। অতএব এটা স্পষ্ট হয়ে গেল যে, যতক্ষণ প্রতিষ্ঠান সম্পূর্ণভাবে তুলে না নেয়া হয়, ততক্ষণ জনগণের সংসদীয় গণতন্ত্রের দাবি যে কোন রকমফের ভাবে মেনে নিতে হবে। এমত পরিস্থিতিতে, সাধারণ নির্বাচনকে

BanglaBook.org

www.BanglaBook.org



অতীব গুরুত্বপূর্ণ বলে জানান হল। অত্যধিক ব্যস্তবাগীশ রাজনীতিকদেরও ধারণা এইরূপ। যখন সবকিছু বলা ও করা হয়ে যাবে তখন তারা ময়দানের ঘোড়া হয়ে উঠবেন।

কয়েক ঘন্টা পরে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের জাতির উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ রেডিও ভাষণে জনগণের দাবির সুরটি অনুরণিত হয়েছে ঃ

সামরিক আইন জারির পেছনে আমার একমাত্র উদ্দেশ্য হচ্ছে জনগণের জীবন, স্বাধীনতা ও সম্পত্তি রক্ষা করা এবং প্রশাসনকে সঠিক পথে পরিচালনা করা। প্রধান সামরিক আইন প্রশাসক হিসেবে আমার প্রথম এবং মুখ্য কাজ হল জনগণের পছন্দমত শাসন ব্যবস্থায় স্বাভাবিক কর্মক্ষমতা, নিরপেক্ষতা ও নিশ্চয়তার পরিবেশ ফিরিয়ে আনা। আমাদের যথেষ্ট প্রশাসনিক শৈথিল্য ও বিশৃংখলা রয়েছে। আমি এসব দেখবো, যেন এসবের পুনঃস্থিতি না ঘটে। প্রশাসনের প্রত্যেক সদস্যকে এই গুরুতর বিষয়ে সাবধানবাণী জানিয়ে দিচ্ছি।

প্রিয় দেশবাসী,

আমি আপনাদের কাছে খোলসা করে বরতে চাই যে সাংবিধানিক সরকার প্রতিষ্ঠার জন্য উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা ছাড়া আমার আর কোন আকাঙ্ক্ষা নেই। আমার দৃঢ় বিশ্বাস, সুস্থ, পরিচ্ছন্ন এবং সৎ প্রশাসন ব্যবস্থার সুষ্ঠু গঠনমূলক রাজনৈতিক জীবন প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের হাতে ক্ষমতা হস্তান্তর করার পূর্বশর্ত। এই নির্বাচিত প্রতিনিধিদের দায়িত্ব হবে দেশকে একটি কার্যকরী শাসনতন্ত্র দেয়া এবং অন্যান্য সব রাজনৈতিক, আর্থনীতিক ও সামাজিক সমস্যাগুলো যা জনমন বিক্ষুব্ধ করে আসছে সে সবের সমাধান খুঁজে বের করা।

প্রেসিডেন্টের এসব কথায় জনগণের আশানুরূপ সাড়া মিললো। দেশের সংবাদপত্রগুলো, যারা বহু দিন ধরে সোচ্চার ভূমিকা পালন করছিলেন, তাঁরাও তাৎক্ষণিকভাবে 'নব ত্রাণকর্তা'র 'দেশপ্রেমিক সামরিক বাহিনীর' এবং 'জনগণের বিজয়' উল্লাসে ফেটে পড়লেন। সংবাদপত্রের কলামে বিভিন্ন মহলের উল্লসিত প্রশংসার বান ডেকে গেলো। বিশেষতঃ আইয়ুবের তদানীন্তন রাজনৈতিক সহকর্মী, ব্যবসায়ী, শ্রমিক নেতা,পেশাধারী ছাত্র এমনকি শিল্পী ও লেখকেরা, যাঁরা এতদিন হিসেবীর মত চুপ করে ছিলেন—তাঁরাও প্রশংসা ও স্তুতিতে উদ্বাহু হয়ে উঠলেন। তাঁরা এখন পরাজিত নেতার কাটা-ছেঁড়া করাতে খুবই আগ্রহ প্রকাশ করছেন। এসব কথা একজনের জন্য যথেষ্ট। এসব বর্ণনার দৃশ্যাবলী এতই অপমানজনক ছিল যে নতুন শাসকগোষ্ঠীকে তা বন্ধের নির্দেশ জারী করতে হলো। যদিও তা জনগণের ইঙ্গিত ছিল। সেইজন্য তথ্য মন্ত্রণালয় থেকে পত্রিকার সম্পাদকের কাছে বার্তা পাঠান হলোঃ

BanglaBook.org

www.BanglaBook.org



'কোন ব্যক্তিচরিত্র হনন নয়, গঠনমূলক সমালোচনা করতে হবে, রুচিহীন একঘেয়েমি আর নয়, শুধু সম্মানিত নেতৃবৃন্দের বক্তব্য ছাপানো যাবে, ফিল্ড মার্শাল আইয়ুব খানের কুৎসা ছাপা যাবে না।

যদিও তাদের প্রচলিত প্রশংসা করা অস্বীকৃত হল তবু পত্রিকাগুলোর সমালোচনা করার যথেষ্ট প্রসঙ্গ ছিল। যাহোক, নতুন প্রেসিডেন্ট জনগণের দাবির প্রতি বেশ ভালভাবেই সাড়া দিয়েছেন। পরোক্ষ প্রতিনিধিত্ব নির্ভর আইয়ুব খানের প্রেসিডেন্ট-স্টাইল সংবিধান ছেঁটে দিতে হবে। প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে জনপ্রতিনিধিদের কাছে ক্ষমতা অর্পণ করতে হবে। ধিকৃত আমলাতন্ত্রের উপর ঝাঁপিয়ে পড়তে হবে। প্রেসিডেন্টের ভাষণের সব কিছুতে শুধু সৎ উদ্দেশ্য প্রকাশ পায়নি। সামনের মাসগুলোতে দুঃখের সঙ্গে সেটাই আবিষ্কৃত হ'ল। কিন্তু সে সময় চরম নিন্দুকও জনগণের প্রশান্ত মনোভাব দেখে চুপ করে গিয়েছিল। তবে সদিচ্ছার পরীক্ষা এত তাড়াতাড়ি করা হয়নি। এই নতুন নেতৃত্বকে সন্দেহাতীত ভাবার সময় দিতে হবে।

এই উচ্ছ্বাসের মধ্যে জনগণ জানতেই পারল না যে তাদের গণতন্ত্রের জন্য সংগ্রাম অনেক দূর চলে যাচ্ছে। তারা বস্তুত একটি বড় যুদ্ধে জয়লাভ করেছে। আইয়ুব খান তার অফিসার ও রাজনীতির সাগরেদদের সরিয়ে দিয়েছে, কিন্তু যুদ্ধ ত অন্য ব্যাপার।

দেশের ক্ষমতা এখনো সামরিক বাহিনী ও তাদের উপদেষ্টাদের হাতেই রয়ে গেছে। স্বীকার করতে হয়, পুরনো গার্ড পরিবর্তন হয়েছে—নতুনকে জনগণের দাবির প্রতি সাড়া দিতেই হবে। কিন্তু তারা একই শ্রেণীস্বার্থ থেকে উদ্ভূত এটা তো অস্বীকার করা যায় নাম। প্রকৃত অর্থে ১৯৪৮ সনে কায়েদে আযমের মৃত্যুর পর থেকে পাকিস্তানের রাজনীতিতে যে, মিউজিক্যাল চেয়ারের চারিত্রিক বৈশিষ্ট্য বহমান এটা তার এক অন্য রূপ। যাঁরা এ বিষয়ে পক্ষপাতশূন্য মূল্যায়ন করার শ্রম গ্রহণ করেছেন, তাঁদের জন্য এটা গভীর চিন্তার কারণ হয়েছে।

বৃহত্তর জনগোষ্ঠী এমনকি রাজনীতিকরাও এই বিজয়ে বুঁদ হয়ে পড়ছিলেন। তাঁদের জন্য এটা বাস্তব হল যে, আইয়ুব খানকে উৎখাত করা হয়েছে—এবং ইয়াহিয়া খান নব সূচনার প্রতিশ্রুতি দিয়েছেন। তাঁরা এটা ভাবতে ভুলে গেলেন যে, নতুন প্রেসিডেন্ট কেবল স্বৈরাচারী সামরিক নেতৃত্বের ঐতিহ্যগতভাবে প্রতিশ্রুতির পুনরাবৃত্তি করেছেন মাত্র। যেমন—সারা বিশ্বের একনায়ক সামরিক নেতৃত্ব করে থাকেন। এবং বিশ্বজনীনভাবেই এরা প্রতিশ্রুতির প্রতি বিশ্বাসঘাতকতা করে থাকেন। এটা কিন্তু প্রথম বারের মতো নয়, পাকিস্তানী জনগণ আত্মসন্তুষ্টিতে নিজেদেরকে বোকা বানাল।

১৯৬৯ সালের ২৬ মার্চ প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের দেয়া ওয়াদা কি আন্তরিক

www.BanglaBook.org

ছিল? গত আড়াই বছরে দেশের রাজনীতিতে এই একটি প্রশ্নের উত্তর বিপর্যস্ত হয়েছে এবং শেখ মুজিবুর রহমানের পতনের অন্যান্য কারণগুলোর মধ্যে প্রধান কারণ। যাঁরা প্রেসিডেন্টের সাথে ইতিমধ্যে সাক্ষাৎ করেছেন তাঁরা সকলেই তাঁর কঠোর, স্পষ্টভাষিতা, সামরিক অনস্বীকার্য মনোহারিত্ব গুণে আকর্ষিত হয়েছে। এদের মধ্যে রয়েছেন বিদেশী সাংবাদিক, বৃটিশ পার্লামেন্ট সদস্য, কূটনীতিকবৃন্দ এবং বিশ্ব নেতৃবৃন্দ। তাঁরা প্রেসিডেন্টের সদিচ্ছা সম্বন্ধে কোন ভুল ধারণা পোষণ করেননি। যখন এঁরা দেশের ভয়ংকর বাস্তবের সম্মুখীন হন তখনও এঁরা ইয়াহিয়া খানের ত্রুটিগুলোকে তাঁর অনুচরদের ত্রুটি বলে বাতিল করেছেন এবং তাঁকে কেবল অজ্ঞতার এবং তাঁর ম্যাকিয়াভেলি কর্মচারীদের উপর অন্ধ বিশ্বাস রাখার অপরাধে অপরাধী করেন। হয়ত এর মধ্যে সত্য থাকবে কিন্তু ঘটনা সম্পূর্ণ মূল্যায়ন করলে তাঁর রাজনীতির অজ্ঞতাই প্রমাণিত হয়। তিনি যে সামরিক প্রাতিষ্ঠানিকের পূর্ণ আধিপত্য বজায় রেখেছিলেন এটা কিন্তু ঔৎসুক্যের সঙ্গে অস্বীকৃত হয়।

প্রেসিডেন্টের উন্নত জীবনের প্রতি আকর্ষণ এবং সহকারী স্টাফ পদ্ধতির উপর নির্ভরশীলতা সম্বন্ধে একজন বিশ্বনিন্দুক বর্ণনা দিয়েছেন যে, প্রতিদিন একখানা কমিক বই, তৈরী করা হত—সেটাতে তিনি সিদ্ধান্ত নিতেন—এবং এগুলোই তাকে বিপথগামী করেছে। জেনারেল ইয়াহিয়া খানের কর্তৃত্ব সব সময়ে ছিল। একমাত্র তিনিই সব সিদ্ধান্ত গ্রহণ করতেন। তাঁর উপদেষ্টারা তথ্যাদি দিয়ে সাহায্য করে থাকবেন, তবে তাদের ভূমিকা ছিল গৌণ। এটা যুক্তিহীন ছিল না যে তিনি জনসমক্ষে প্রায়ই নিজেকে সেনাবাহিনীর প্রধান, প্রধান সামরিক আইন প্রশাসক এবং প্রেসিডেন্ট হিসেবে ঘোষণা দিতেন।

তাঁর কথামত স্টাফদের কাজকর্ম এবং গোলমালের প্রতি সময় অতিক্রান্ত হওয়ার পর স্বাভাবিক উদাসীনতা, এটা বলা চলে না। তিনি দেশের সব কাজের প্রতিই গভীর নজর রাখতেন। এটা তিনি করাতেন নিজস্ব সংবাদদাতা ও গোয়েন্দা বিভাগের জটিল নেট ওয়ার্কের মধ্য থেকেই। তাঁরা প্রেসিডেন্টকে ব্যক্তিগতভাবে রিপোর্ট করতেন। যদিও তারা প্রধান বিষয়গুলো যেমন নির্বাচন সম্বন্ধে ভুল তথ্য দিয়েছেন বা মূল্যায়নে ত্রুটি ঘটায় এটা হয়েছে—তা ঠিক নয়। এটা তাঁদের ঘটনাকে প্রভাবিত করতে না পারার ত্রুটি। সেনাপতি হিসেবে জেনারেল ইয়াহিয়া খান তাঁর কঠিন মুঠিতে দেশের ক্ষমতা ধরে রেখেছেন। উচ্চ পদে পদোন্নতি, সিনিয়র পদে নিয়োগ, সামরিক নৌ এবং বিমান বাহিনীর ইউনিটগুলোর চলাচল তাঁর অনুমতিক্রমে ও জানামতেই হতো। তিনি সামরিক বাহিনীকে শাসন করতেন এবং তাদের মাধ্যমেই দেশ শাসন করতেন।

আন্তরিকতার কথায় ফিরে আসি, ১৯৬৯ সনে ২৬ মার্চ প্রেসিডেন্ট ইয়াহিয়া খান

www.BanglaBook.org



তিনটি ওয়াদা করেছিলেন, সেগুলো ছিল ঃ দুর্নীতি ও অদক্ষ প্রশাসনকে পরিচ্ছন্ন করা; পুনরায় ভোটাধিকারের ভিত্তিতে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত করা; এবং জন প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করা। আমার ব্যক্তিগত ধারণা হল এই যে, তিনি প্রথম দুটি ওয়াদার প্রতি মনোযোগী ছিলেন। তিনি আইয়ুব খানের ধ্বংসের কারণগুলোর প্রতি অত্যন্ত সজাগ ছিলেন। সেসব সাম্প্রতিক রাজনীতিক মহাবিপ্লব অভিনীত হয়েছে। কিন্তু তিনি তৃতীয় ওয়াদা সম্বন্ধে সম্পূর্ণ সত্য বলেননি। তিনি রাজনৈতিক সংস্কার করতে গিয়ে প্রশাসনের পরিচ্ছন্নতা করে সত্যি বলতে একটি বড় কাজ করেছেন। বেসামরিক ও সামরিক তদন্তকারী এজেন্সীগুলো নোংরা তুলতে গর্ত করতে শুরু করলো। এবং সমুচিত প্রতিশোধ নেবার জন্য তারা গর্ত খুঁড়েছিল। আমার মনে আছে, একজন নৌ-বাহিনীর গোয়েন্দা অপিসার আমাকে বলেছিলেন ঃ কতগুলো নোংরা ইঁদুর না সরিয়ে একখানা পাথর সরাতে পারবেন না।' সমাজে প্রতিষ্ঠিত একজন নৌ-বাহিনীর অফিসারের উল্লেখ করে, তিনি বললেন ঐ অফিসারের ডুসিয়ার অভিযোগপত্র ছাদ ছুঁই ছুঁই হয়েছে এবং এখনো জমা হচ্ছে।"

কিন্তু এ সকল ভাল কাজগুলো অসার পরিগণিত হলো যখন বর্তমান শাসনচক্র বুঝতে পারলেন যে, আইয়ুব খানের 'সংস্কারের দশকে' দুর্নীতি এমন এক দৃষ্টান্তের শিখরে পৌছেছে, সহজভাবে পরিচ্ছন্ন করতে গেলে সকল বেসামরিক প্রশাসন ও সামরিক প্রতিষ্ঠানের বৃহত্তম অংশকেই বাদ দিয়ে দিতে হয়। সেজন্য সিদ্ধান্ত হয়, শুধু বেসামরিক প্রশাসনের দুর্নীতির মাধ্যমে অবৈধ সম্পদ অর্জন করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সীমাবদ্ধ রাখা হবে। সেই অনুযায়ী ৩০৩ জন আমলাকে অপসারণ করা হল। (অপসারিত আমলাদের সংখ্যা সামরিক রাইফেলের বোরের সাথে তুল্য হওয়ায় রাজনৈতিক ব্যঙ্গ চিত্র শিল্পীদের প্রচুর আনন্দের খোরাক যোগায়)।

সামরিক বাহিনীর ক্ষেত্রে এমন কি প্রভাবশালী নৌ-বাহিনী অফিসারদের স্পর্শ করা হল না—তাঁরা নিশ্চিন্ত আনন্দে সময় কাটাতে লাগলেন। এই দুর্নীতির বিষয়ে এভাবে রফা হবার পর ইয়াহিয়া খান যে আইয়ুব আমলের শেষের দিকে দুর্নীতি ঠিক যতটা প্রাদুর্ভূত হয়েছিল ততটা না হওয়া পর্যন্ত চোখ বুজে থাকবেন এটা অবশ্যম্ভাবী হয়ে পড়েছিল। তাঁর প্রথম প্রতিশ্রুতি রক্ষার এই হল নমুনা।

সাধারণ নির্বাচন সম্বন্ধে বলতে হয় যে, গত ছ'মাসের ঘটনাবলী সরকারের প্রশাসনিক আমূল পরিবর্তনের জন্য বাহ্যিকভাবে পদ্ধতির সংস্কারের ন্যূনতম গুরুত্ব দেয়া হয়েছে। পূর্বেই বলা হয়েছে, ১৯৫৮ সনের তথাকথিত সংসদীয় সরকারের বাতিল করাটা মারাত্মক ভুল হয়েছে। গণতন্ত্রের ভন্ডামি আর কিছু না করুক, জনগণের আবেগ সন্তুষ্টিতে এবং জনপ্রতিনিধি সম্বন্ধে মিথ্যা ধারণা দিতে পেরেছিল। এই অপসারণের ফলে জনগণকে তার প্রকৃত শোষকের মুখোমুখি দাঁড় করাল। অতএব

www.BanglaBook.org



নতুন শাসকচক্র স্পষ্টভাবে বুঝতে পারলেন যে, কোন রকমের একটি সংসদীয় পদ্ধতির পুনঃপ্রবর্তন করতেই হবে এবং জনগণের দৈনন্দিন বিষয়ে বস্তুনিষ্ঠ বক্তব্য দেবার অধিকার দিতে হবে। ১৯৬৮-৬৯ সালের গণঅভ্যুত্থানের মত পরিস্থিতি এড়ানোর জন্য তা করতে হবে। দেশের ২৩ বছরের জীবনে কোন সাধারণ নির্বাচন না হওয়াটাকে জনগণ স্বাভাবিকভাবে গ্রহণ করেনি। সরকারের জন্য এটা ছিল দুরূহ সমস্যা সৃষ্টির একটি শক্তিশালী উৎস। কাজেই ইয়াহিয়া খান ধূর্ততার সঙ্গে নির্বাচন দেবার সিদ্ধান্ত নিলেন। আমি তাঁর এ ব্যাপারে আন্তরিকতায় বিশ্বাসী ছিলাম।

কিন্তু তাঁর প্রদত্ত তৃতীয় প্রতিশ্রুতি, জনপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর বিষয়টি ছিল সম্পূর্ণ ভিন্ন বিষয়। এক্ষেত্রে আমি নিশ্চিত যে প্রেসিডেন্ট কোন ক্রমেই তার বক্তব্যের সঙ্গে আন্তরিক ছিলেন না।

ইয়াহিয়া খান সম্ভবত অন্যদের চেয়ে ভালভাবেই জানতেন যে, সামরিক বাহিনী ক্ষমতায় থাকার জন্য এসেছে এবং সেগতভাবে তাকে তার অবস্থান সুদৃঢ় করতে হবে। কার্যতঃ তাঁর সকল কর্মসূচী সেভাবেই উদ্দেশ্য প্রণোদিত হয়েছিল। তিনি পৃষ্ঠপোষকতায় উদার এবং মহানুভবতার সাথে রাজনৈতিক পোশাক বদল করবেন ও আনুষ্ঠানিকভাবে যাঁরা ক্ষমতায় আসবেন তাঁদের কাছে ক্ষমতা অর্পণ করবেন কিন্তু তিনি ক্ষমতাচ্যুত হবেন না। আমি এ ব্যাপারে আমার সহকর্মীদের সাবধান করেছি এমনকি বাজী ধরতেও রাজী যদি আমাকে দেশত্যাগ করতে না হয়। ঘটনাবলী এটা স্পষ্ট করে দিয়েছে যে সত্যিকারভাবে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা অর্পণ করা প্রেসিডেন্টের কোন ইচ্ছা ছিল না। শুধু বেসামরিক সরকারের কাছে কিছু ক্ষমতা অর্পণ করে নেপথ্যে সামরিক পৃষ্ঠপোষকতায় ক্ষমতার চাবুক হাতে নিয়ে তিনিই ক্ষমতায় থাকবেন।

তাঁর এই কৌশল সম্বন্ধে আমার একজন সামরিক বন্ধু বললেন, "ইয়াহিয়া খান নির্বোধ নন। তিনি সংগ্রাম না করে নির্বিঘ্নে সংকট চালাবেন। তার একাজের জন্য তিনি বেশ কিছু গাধাও সংগ্রহ করবেন। আপনি দেখে নেবেন, এসবের নাচের ব্যবস্থাও তাঁকে করতে দেখবেন।" এটা ছিল ১৯৬৯ সালের জুলাই মাসের কথা। এ সময়ের মধ্যে চমক ভাংতে শুরু করেছে—কিছু লোকের কাছে প্রভাতী আলোর মতো স্পষ্ট হয়ে উঠলো—কেন্দ্রে ও প্রদেশগুলোতে তাদের সংসদ ও জনপ্রিয় সরকার গঠিত হলেও—সিদ্ধান্ত নেবার ক্ষমতা ইয়াহিয়া খান ও তাঁর সামরিক চক্রের হাতেই থেকে যাবে।

এই কাঠামো মোতাবেক না হলে কোন সংবিধানই তাঁদের কাছে গ্রহণযোগ্য হবে না। নির্ভরযোগ্য সূত্রে আমি জেনেছি, রাওয়ালপিন্ডির সামরিক বাহিনীর হেড

BanglaBook.org

www.BanglaBook.org

কোয়ার্টারে প্রথম থেকেই এ ধরনের একটি সমঝোতা হয়ে আছে।'জাতীয় স্বার্থ' এটা ছিল যথারীতি অজুহাত।

প্রেসিডেন্ট এ ধরনের বিধানের আবশ্যকতা এবং তাঁর এই পদের পূর্বসূরীদের পরার্থতা ধার করে নিজের বিবেকের কাছে যথার্থতা বোঝাতে পারতেন। বাইশ বছর ধরে ক্রমাগত জনগণের কানে ঢোকানোর চেষ্টা করা হয়েছে যে রাজনীতিকরা অবিশ্বাসী। সামরিক বাহিনী জনগণকে তাদের বাড়াবাড়ি থেকে উদ্ধার করার যে কোন সংবিধানের চেয়েও তাদের ঐতিহ্যগত মহত্তর দায়িত্ব রয়েছে। কালো যে কালোই তা কুচকুচে কালো না হলেও সময়ে এমনকি কলংক প্রণেতারাও এসবে বিশ্বাস করতে লাগল। ইয়াহিয়া খান এই কুটিল সমাজের অপরিশীলিত পণ্য, তিনিও এ ধরনের কুচকানো মানসিকতা মুক্ত ছিলেন না। সুতরাং যখন তিনি ক্ষমতা হস্তান্তরের ওয়াদা করেছিলেন তখন তিনি গ্রহণীয় সংরক্ষণগুলো ধরে নিয়েই ক্ষমতা হস্তান্তর বুঝেছিলেন। দৃশ্যতঃ এ বিষয়ে তাঁর মনে কোন সন্দেহ ছিল না। ভুল বোঝাবুঝির ক্ষেত্রটি ছিল অন্যত্র।

জাতির কাছে ওয়াদা করেছিলেন তিনি, যেহেতু ওসব ওয়াদা করতেই হয়, না হলে নতুন শাসকচক্রের স্থায়িত্ব যে দীর্ঘ হয় না। পরে অবশ্য যথেষ্ট সময় পেয়েছে এসবের অর্থের যথার্থ আচ্ছাদন দিতে। এ ভাবেই 'নব সূচনা'র পুরাতন প্রত্যাবর্তন হ'ল। অন্য আরেকটি বিশ্বাসঘাতকতা ঠিক পা বাড়ানোর দূরত্বেই রয়েছে।

BanglaBook.org

www.BanglaBook.org

# নির্বাচন-পূর্ব টালবাহানা

*পশ্চিম বা পূর্ব পাকিস্তানের কোন একক দলই সংখ্যাগরিষ্ঠ হিসেবে আবির্ভাবের সম্ভাবনা নেই।*
*পূর্ব পাকিস্তানের সদস্যদের একক দলভুক্ত হয়ে মুখোমুখি হবার প্রশ্নই নেই, যদি তা ঘটে তা হলে এর পরিণতি হবে পাকিস্তানের বিলুপ্তি।*

প্রফেসর জি, ডব্লিউ, চৌধুরী
প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের শাসনতান্ত্রিক বেসরকারী উপদেষ্টা
লন্ডন, ১০ সেপ্টেম্বর, ১৯৭০।

শুরু থেকে যাই ঘটে থাকুক, জেনারেল ইয়াহিয়া খানের ওয়াদা মোতাবেক জনগণের কাছে ক্ষমতা হস্তান্তর বা পদ ছেড়ে দেবার কোন ইচ্ছাই তিনি পোষণ করেননি। এপ্রিল ১৯৬৯ সালে প্রশ্ন ছিল জনমনে আঘাত না হেনে কীভাবে মতলব হাসিল করা যায়। আইয়ুব খানের পতন থেকে এ শিক্ষা গভীরভাবে বিবেচিত হয়ে এসেছে। স্বৈরতন্ত্রের জন্মলগ্নে তার রূপ জাহির করা হবে না। সাধারণ নির্বাচন যতই অপ্রিয় হোক, তবু তা প্রয়োজনীয় কারণে গিলতে হবে। দেশ নির্বাচন অস্বীকৃতি আর মেনে নেবে না। কিংবা বিগত নির্বাচনগুলোর মত প্রহসনের পুনরাবৃত্তি আর গ্রহণ করবে না। এ ব্যাপারে এটা মুখ্য হয়ে দাঁড়াল যে জনগণের প্রতি ন্যায় বিচার করা হচ্ছে তা বোঝাতে হবে।

সুতরাং প্রেসিডেন্টের দৃশ্যতঃ এটা মনঃপুত হল যে সামনে গণতন্ত্রের বিভ্রান্তিকর রূপের নেপথ্যে ক্ষমতা ধরে রাখবার ছদ্মবেশের নৈপুণ্য, এবারের কৌশল বলে ঠিক করা হল। এটা জনপ্রতিবাদ ও শাসকচক্রের প্রয়োজনীয় বৈধতা দিতে নিরোধ (বাটার) হিসেবে কাজ করবে। ক্ষমতা অধিগ্রহণের কয়েক সপ্তাহের মধ্যেই ইয়াহিয়া খান উদ্দেশ্য সিদ্ধির জন্য বিভিন্ন ক্ষেত্রে মাথা ঘামাতে (তেজারতি) শুরু করলেন। রাজনৈতিক সূক্ষ্ম বিচারশক্তি দিয়ে তিনি ব্যবস্থা নিলেন। তিনি এক চতুর পরিকল্পনা শীঘ্র বের করলেন, যা জনগণের অনুমোদন অর্জনে এবং কার্যতঃ ক্ষমতা তার হাতের মুঠোয় থাকার নিশ্চয়তা দেবে।

এটা ছিল বিস্ময়কর এবং সহজ সূত্র। বাস্তব ক্ষেত্রে এটা স্বীকার করতে হলো

www.BanglaBook.org



যে, জনসংযোগের কারণেই নির্বাচনের ফলাফল শাসকচক্র বিকৃত করতে পারলো না। সেই কারণে শাসকগোষ্ঠী শাসনতন্ত্রের কাঠামো আগেই ঠিক করে দেবেন যাতে ইয়াহিয়া খানের নিজের অবস্থানে কোন স্পর্শই লাগবে না। ব্যাপারটা দাঁড়ালো, ভোজ পর্ব শেষ হওয়ার পরে খাসী জবাই দেওয়ার মত, যা কেউ কখনো আশা করে না।

পরিকল্পনাটা জনগণকে ধোঁকা দেওয়ার মোক্ষম চেষ্টা। স্থানীয় রাজনৈতিক মতভেদ ও নেতৃবৃন্দের মধ্যে অন্তর্দ্বন্দ্ব সৃষ্টি করতে বাধ্য করা। ইয়াহিয়া খানের এটা বদ্ধমূল ধারণা ছিল যে, নির্বাচন মন্ডলীদের মত প্রকাশে পূর্ণ সুযোগ দিলেও একটি দলের ছত্রছায়ায় তারা ঐক্যবদ্ধ হতে পারবে না। বরঞ্চ এদের পরিষদের বিপরীতমুখীদের ব্যাপক হারে ভোট দেবে। যাদেরকে পরবর্তীকালে যথেচ্ছ ব্যবহার করে উদ্দেশ্য হাসিল করা সহজ হবে। তাহলেই তিনি পারস্পরিক মতৈক্যের অভাব দেখিয়ে প্রতারণার মাধ্যমে সংবিধান তৈরী করতে পারবেন। তিনি যদি এই অনিশ্চয়তাকে নিশ্চিতকরণ করতে পারেন তাহলে তিনি সুস্থভাবে ক্ষমতার শীর্ষে থাকবেন।

জেনারেল ইয়াহিয়া খানের এই আত্মপ্রত্যয়ী হওয়ার কারণও ছিল। আইয়ুব খানের পতন ঘটানোর জন্য সমগ্র দেশ ও দেশের নেতৃবৃন্দ ঐক্যবদ্ধ হয়েছিল বটে কিন্তু বিকল্প সরকার পদ্ধতির ঐকমত্যে পৌছতে তারা ব্যর্থ হয়েছেন। এ কারণেই শুরু থেকে ইয়াহিয়া খান আইয়ুব খানের জুতোয় হাঁটতে শুরু করলেন। পাঞ্জাবী শাসক চক্রের ক্রমবর্ধমান আকাঙ্ক্ষাই যে, দেশজুড়ে অস্থিরতার আসল কারণ সে সব কথা আগে উল্লেখ করেছি। এটা বহুকাল ধরে পরিবর্তনশীল রাজনৈতিক ছাঁচ দ্বারা দেশকে বিক্ষুব্ধ করে রেখেছে। কিন্তু নেতৃবৃন্দ দোষমুক্ত ছিলেন না। দেয়াল তোলা আমলা-সামরিক গোষ্ঠীর হাতে ব্যবহৃত হোত না, যদি না অতটা অমনোযোগী কিংবা কম বিনয়ীভাব দেখাতেন। তাঁরা এসবের কোনটাই ছিলেন না। লোলুপতার শৃংখলে তারা বাধা পড়ে গিয়েছিলেন। সেকারণেই রাজনৈতিক দল ভাংগা গড়ার খেলা হয়েছে। কোন কোন সময় তিন সদস্য নিয়েও দল হয়েছে। চেয়ারম্যান হিসেবে উচ্চাকাঙ্ক্ষী ব্যক্তি, সম্পাদক রূপে তার অফিস কর্মী এবং ধনী চাচা কোষাধ্যক্ষ রূপে। কোন একটি স্মরণীয় ঘটনায়, এই অদ্ভুত রাজনৈতিক আন্দোলনের স্রষ্টা এক করুণ পরিণতিতে পৌছে যান যখন নির্বাহী নিম্নস্তরের পদ থেকেও তাঁকে বাদ দেয়া হয়। তাতে তিনি অসন্তুষ্ট হননি। তেমনি, তাঁর গতিপথ অন্য দিকে সরিয়ে বাকী ক'গাসের মধ্যেই তিনি নতুন আন্দোলনের প্রতিষ্ঠা করলেন। নির্বাচনের পদ্ধতি দলের মতে, শুধু ভাঙ্গনেরই সৃষ্টি করে। ১৯৬৯ সালে ৩৬টি রাজনৈতিক দল ও উপদল নির্বাচন সংকেতের অপেক্ষায় ছিল। এটা অস্বাভাবিক নয়। জেনারেল ইয়াহিয়া খান এই অবস্থা দেখে তাঁর প্রতারণার উদ্দেশ্য হাসিলের সুযোগ পেয়ে গেলেন।

BanglaBook.org

www.BanglaBook.org



ইয়াহিয়া খান যখন তিনি তাঁর অভিযান শুরু করলেন, তখন তিনি পূর্ব বাংলার যে আর্থনীতিক ও রাজনৈতিক অসন্তোষ বিগত দু'দশকের ঔপনিবেশিক শোষণের থেকে উদ্ভূত হয়েছে এবং নির্বাচনের সময়ে তা সামুদ্রিক জল বিস্ফোরণের মত ফেটে পড়বে তিনি তা' ভাবতে পারেননি। এই ঘটনা সম্পর্কে তাঁর ভিত্তি গেল পাল্টে। এটা উপলব্ধি করে তার অপ্রতিরোধ্য আকাঙ্ক্ষা মহা ভুলের পথে এগিয়ে গেল। সে সময় দাবার ঘুঁটিগুলোর অবস্থানও ছিল সুন্দর এবং রাজনৈতিক অভিজ্ঞতা ইয়াহিয়া খানকে এ খেলায় ঝাঁপ দিতে উৎসাহিত করলো। দাবার চালও তেমনি চালা হলো। এতে আত্মবিশ্বাস ও উদ্দীপনাও গেল বেড়ে।

১৯৬৯ সালের ২৮ শে নভেম্বর প্রেসিডেন্ট ইয়াহিয়া খান জাতির উদ্দেশ্যে রেডিও এবং টেলিভিশনে বহুল প্রচারিত ভাষণ দিলেন। তাতে তিনি বললেন, যে গত সাত মাস ধরে তিনি রাজনৈতিক কর্মকান্ড দেখলেন, নেতাদের সাথে কথা বললেন, এবং এখন তিনি জাতিকে তার আস্থায় আনতে পেরেছেন। তবে তিনি দুঃখের সাথে বললেন যে, শাসনতন্ত্রের প্রশ্নে কোন আনুষ্ঠানিক ঐকমত্যের সৃষ্টি হয় নি। তথাপি তিনি দাবি করেন যে এই গুরুত্বপূর্ণ বিষয়ে বিভিন্ন শ্রেণীর জনগণের মতামত সম্পর্কে তিনি সচেতন। সে কারণে কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণে তিনি ব্যক্তিগতভাবে উদ্যোগ নিতে প্রয়োজন বোধ করেছেন। প্রাথমিকভাবে প্রেসিডেন্ট বলেন, 'আইনগত কাঠামোসহ প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজন তিনি বোধ করেছেন। এটা তিনি পরে জানাবেন। দ্বিতীয়ত, সাংবিধানিক প্রশ্নে বিশেষতঃ সংসদীয় পদ্ধতির যুক্তরাষ্ট্রীয় সরকার, সার্বজনীন ভোটাধিকার, জনগণের মৌলিক অধিকার, আইন প্রয়োগকারী ও বিচার বিভাগের স্বাধীনতা এবং শাসনতন্ত্রে ইসলামী রূপ এইসব প্রশ্নে তিনি কোন মতানৈক্য দেখতে পাননি। সে কারণে নূতন শাসনতন্ত্রে এসব প্রশ্ন মীমাংসিত বলে বিবেচিত হবে।

তৃতীয়ত, তিনি কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিবেচনা করেছেন। তিনটির সাংবিধানিক সমস্যার মাঝে দুটো সম্পর্কে সিদ্ধান্ত দেওয়ার প্রয়োজন মনে করেন। তার মধ্যে একটি হলো, এক ইউনিট প্রথমে বাতিল করা, যা পশ্চিম পাকিস্তানকে স্বতন্ত্রভাবে সিন্ধু, পাঞ্জাব, বেলুচিস্তান এবং উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ হিসাবে স্বীকৃতি দেবে। আর অন্যটি হলো, প্যারেটি অর্থাৎ পূর্ব পাকিস্তানের সমান প্রতিনিধিত্ব। সেইজন্য ইয়াহিয়া খান ঘোষণা করলেন যে, সিন্ধু, পাঞ্জাব, বেলুচিস্তান ও উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ রূপে পরিণত হবে এবং এক ব্যক্তির এক ভোটের ভিত্তিতে আগামী নির্বাচন ও সংবিধানের অংশ হিসাবে সংখ্যা সাম্যের পরিবর্তিত নীতি হিসাবে গৃহীত হবে। শাসনতন্ত্রের সমস্যাবলীর মীমাংস হওয়ার পর প্রেসিডেন্ট তৃতীয় এবং সম্ভবত সবচেয়ে কঠিন সমস্যার সম্পর্কেও কেন্দ্রের সঙ্গে (প্রদেশ) সম্পর্ক বিষয়ে

www.BanglaBook.org



সমাধান দিতে পারতেন, তাতে দেশ একটা তৈরী করা সংবিধান' পেয়ে যেত। কিন্তু তিনি উদারতা দেখিয়ে এই সমস্যাটিকে জাতীয় পরিষদের জন্য রেখে দিলেন। যাতে "পরিষদ এই সমস্যার সমাধান এমনভাবে করেন যা সকল প্রদেশের বৈধ চাহিদা ও দাবি পূরণে তথা সামগ্রিকভাবে জাতির প্রধান চাহিদা মেটাতে সক্ষম হয়।" ইয়াহিয়া খান তার পর জনপ্রতিনিধির হাতে ক্ষমতা হস্তান্তরের কর্মসূচী ঘোষণা করেন। পর্যায়ক্রমে তিনি বলেন, ১৯৭০ সালের ১ জানুয়ারী থেকে রাজনৈতিক কার্যকলাপ শুরু হবে। ৩১ মার্চের মধ্যে আইনগত কাঠামো, জুন মাসের মধ্যে ভোটার তালিকা প্রস্তুত এবং অক্টোবর মাসের ৫ তারিখে জাতীয় পরিষদ নির্বাচন হবে। নতুন পরিষদে ১২০ দিনের মধ্যে সংবিধান প্রণয়নে ব্যর্থ হলে পরিষদ বাতিল বলে গণ্য হবে। সংবিধান প্রণয়নের পর প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হবে।

ইয়াহিয়া খান যদিও একথা বলেননি তবুও, সাধারণতঃ লোকের একটা ধারণা হয়েছিল যে ১৯৭১ সালে মার্চ কিংবা এপ্রিল অর্থাৎ প্রায় ১৮ মাস পরেই তারা নিজেদের ভাগ্য নিয়ন্ত্রণ করতে চলেছেন। মার্চের ঘোষণার মত প্রেসিডেন্টের বেতার ভাষণ অত্যন্ত সতর্কতার সঙ্গেই তৈরী করা হয়েছিল। এতে আশানুরূপ সাড়াও মিলেছিল।

১৯৫৫ সনে পশ্চিম পাকিস্তান একীকরণ করে যখন এক ইউনিট গঠন করা হল তা ছিল পাঞ্জাবী আকাঙ্ক্ষাকে আয়াসলব্ধ করা অন্য সকল অঞ্চলের জন্য তা ছিল সপূঁজ ক্ষত। বিগত ১৪ বছর ধরে সিন্ধি, বেলুচি, পাঠানরা একীকরণ প্রাদেশিক কাঠামোতে পাঞ্জাবী আধিপত্যের তীব্র বিরোধিতা করে এসেছে। সে কারণে নির্বাচনের আগে ইয়াহিয়া খান আকস্মিকভাবে এক ইউনিট ভেঙ্গে দিয়ে পশ্চিম পাকিস্তানের অধিকাংশ অঞ্চলেই উচ্ছ্বসিত প্রশংসা অর্জন করেছিলেন।

অন্য অংশ অর্থাৎ পূর্ববঙ্গ সবচেয়ে বেশী সন্তোষ জানিয়ে ছিল যে প্রেসিডেন্ট মহানুভবতা দেখিয়ে প্যারেটি বা সংখ্যাসাম্যের অভিশাপ থেকে মুক্তি দিয়েছেন। তাঁর 'একজনের এক ভোট' নীতি মত প্রয়োগের ক্ষেত্রে দেশের সংখ্যাগরিষ্ঠ অঞ্চলের তথা এ প্রদেশের রাজনৈতিক প্রতিনিধিত্বের পূর্ণ অধিকার লাভের সুযোগ দিয়েছিল। এ অপ্রত্যাশিত বোনাসে সকলেই উল্লসিত হলো। পাকিস্তানের পূর্ব ও পশ্চিম উভয় অংশের জনগণ আনন্দিত হয়েছিল, এইটুকু জেনে যে সাধারণ নির্বাচন ও আকাঙ্ক্ষিত ক্ষমতা হস্তান্তরের জন্য অন্ততঃ একটা তারিখ নির্দিষ্ট হলো।

উল্লসিত জনগণ পরিষদের সংবিধান প্রণয়নের সিদ্ধান্ত ও ইয়াহিয়া খানের মীমাংসিত সমস্যাবলির ঘোষণার ক্ষমতা হ্রাস করার কথায় মোটেই উদ্বিগ্ন হয়নি। এমনকি প্রেসিডেন্ট যে আইনগত কাঠামো ও ১২০ দিনের মধ্যে সংবিধান প্রণয়নের যে আদেশ জারি করেছেন সে সব নিয়েও জনগণকে কোন রকম উদ্বিগ্ন হতে দেখা

BanglaBook.org

www.BanglaBook.org



যায়নি। নতুন পরিষদের ভোটের পদ্ধতি সম্পর্কে সিদ্ধান্ত এবং প্রাদেশিক স্বায়ত্ত শাসনের মতো উত্তেজনাময় সমস্যা পরিষদ কর্তৃক সংবিধান প্রণয়নের বিরাট বাধা হয়ে দাঁড়াবে, যদি সেটা আশা করা যায় পরিষদ ছোট ছোট দল দ্বারা গঠিত হয়। জনগণ এক ইউনিট ভেঙ্গে দেয়া এবং এক জনের এক ভোট ভিত্তিক প্রতিনিধিত্ব নিয়ে খুবই সন্তুষ্ট ছিল এবং তারা ক্ষমতা হস্তান্তরের আশায় বিভোর ছিল। এবং অন্যান্য বিষয়ে একটা দ্রুত সমঝোতায় পৌঁছে যাবে এটা ধরে নিয়েছিল। ইয়াহিয়া খান একহাতে গাজর এবং চতুরভাবে অন্য হাতে চাবুক লুকিয়ে রেখেছিলেন।

চারমাস পরে যখন আইনগত কাঠামো আদেশ প্রকাশিত হলো তখনই অনুভূত হলো আসল সমস্যা। কৌতূহলোদ্দীপক সামঞ্জস্য রক্ষা করে ঘটনাটি ঘটেছিল এপ্রিল ফুলের দিনে। পাকিস্তানে এরূপ ঘটনার নজির অজস্র মিলবে।

আইনগত কাঠামো আদেশে (এল এফ ও) যে ইয়াহিয়া খানের দুরভিসন্ধি প্রকাশ পেয়েছে, তাতে কোন সন্দে নেই। ২৫ নং অনুচ্ছেদে বলা হয়েছে ঃ "জাতীয় পরিষদ কর্তৃক গৃহীত সংবিধান বিলকে প্রেসিডেন্টের অনুমোদনের জন্য উপস্থাপন করিতে বাধ্য থাকিবে। প্রেসিডেন্ট যদি সংবিধান বিল অনুমোদন না করেন তাহা হইলে জাতীয় পরিষদ বাতিল বলিয়া গণ্য হইবে।"

২৭ নং অনুচ্ছেদের রায় হলো ঃ (১) এই আদেশের যে কোন শর্তের ব্যাখ্যা সম্পর্কে কোন প্রশ্ন বা সন্দেহ দেখা দিলে তাহা প্রেসিডেন্টের সিদ্ধান্তের মাধ্যমে মীমাংসিত হইবে এইরূপ সিদ্ধান্ত হইবে চূড়ান্ত এবং তাহা কোন আদালতে উত্থাপিত হইতে পারিবে না।

(২) এই আদেশের যে কোন সংশোধনীয় ক্ষমতা থাকিবে প্রেসিডেন্টের হাতে; পরিষদের হাতে নয়।

এই আদেশ অনুযায়ী পরিষদের সদস্যগণ নির্ধারিত শপথ গ্রহণে বাধ্য থাকিবেন। শপথ নামায় অন্যান্য কথার মধ্যে "১৯৭০ সালের আইনগত কাঠামো আদেশের শর্তাবলী এবং সেই আদেশবিধৃত পরিষদের আইন ও বিধি অনুযায়ী বিশ্বস্ততার সহিত" কর্তব্য পালনের কথাও জোর দিয়ে বলা হয়েছে।

এই আদেশে সমান উপযোগিতার উপর দৃঢ়ভাবে পাঁচটি মূলনীতির ভিত্তিতে নতুন সংবিধান প্রণয়ন করতে হবে। ২০ নং অনুচ্ছেদে স্বতন্ত্রভাবে বিধৃত হয়েছে ঃ সংবিধান এমনভাবে প্রণীত হইবে, যাহাতে নিম্নলিখিত মৌলিক নীতিগুলো অন্তর্ভুক্ত হইতে বাধ্য থাকিবে ঃ

১। পাকিস্তানের একটি যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্র হইবে যাহা ইসলামিক রিপাবলিক অব পাকিস্তান নামে এবং পরবর্তীকালে পাকিস্তানের অন্তর্ভুক্ত অঞ্চল হইবে তাহা ঐনামে পরিচিত হইবে। ইহাতে প্রদেশগুলো ও অন্যান্য অঞ্চলে বর্তমান অবস্থান ও

www.BanglaBook.org



যুক্তরাষ্ট্রে এমনভাবে মিলিত হইবে যেন স্বাধীনতা আঞ্চলিক অখন্ডতা এবং পাকিস্তানের জাতীয় সংহতি নিশ্চিত হয় এবং যুক্তরাষ্ট্রের অখন্ডতা কোনমতে দুর্বল না হয়।

২। (ক) ইসলামী জীবনাদর্শ, যাহা পাকিস্তানের সৃষ্টির মূল ভিত্তি তাহা অবশ্যই রক্ষিত হইতে হইবে এবং (খ) রাষ্ট্রপ্রধানকে একজন মুসলমান হইতে হইবে।

৩। ক) জনসংখ্যা এবং প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে যুক্তরাষ্ট্রীয় ও প্রাদেশিক পরিষদগুলোতে প্রত্যক্ষ ও অবাধ নির্বাচন ব্যবস্থার পর্যাবৃত্তের মাধ্যমে গণতন্ত্রের মৌলিক নীতিমালার নিশ্চয়তা বিধান করিতে হইবে। (খ) নাগরিকদের মৌলিক অধিকারসমূহ নির্দিষ্টভাবে লিপিবদ্ধ হইবে এবং সেইগুলি মানিয়া চলিতে বিধান রাখিতে হইবে এবং (গ) ন্যায়বিচার ও মৌলিক অধিকার নির্বাহন নিশ্চিত করণে বিচার বিভাগের স্বাধীনতা থাকিতে হইবে। অর্থাৎ আইনের শাসন নিশ্চিত করিতে বিচার বিভাগের স্বাধীনতা থাকিতে হইবে।

৪। যুক্তরাষ্ট্র ও প্রদেশগুলোর মধ্যে আইন প্রণয়ন, প্রশাসনিক ও আর্থিক যাবতীয় ক্ষমতা এমনভাবে বণ্টন করিতে হইবে যাহাতে প্রদেশগুলোর সর্বাধিক স্বায়ত্তশাসন অর্থাৎ সর্বোচ্চ পরিমাণে আইন প্রণয়ন, প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্জন করিতে পারে। তবে যুক্তরাষ্ট্রীয় সরকারের ও আইন প্রণয়ন প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসহ যথেষ্ট ক্ষমতা থাকিতে হইবে যাহাতে বৈদেশিক ও অভ্যন্তরীণ বিষয়াদি সম্বন্ধীয় দায়িত্ব পালনে এবং দেশের স্বাধীনতা এবং আঞ্চলিক অখন্ডতা রক্ষায় সমর্থ হয়।

৫। (ক) ইহা নিশ্চিত করিতে হইবে যে, পাকিস্তানের সব অঞ্চলের জনসাধারণ যাহাতে পূর্ণাঙ্গভাবে সকল প্রকারের জাতীয় কাজকর্মে অংশ গ্রহণ করিতে পারে এবং (খ) একটি সুনির্দিষ্ট কালে যাহাতে সকল প্রদেশগুলোর ও প্রাদেশিক বিভিন্ন অঞ্চলসমূহের মধ্যেকার আর্থিক ও অন্যান্য বৈষম্য সাংবিধানিক আইন ও অন্যান্য পদক্ষেপের মাধ্যমে দূরীভূত হয়।

আমি আইনগত কাঠামো আদেশ থেকে বিস্তারিতভাবে উদ্ধৃতি দিয়েছি কেননা এতে জড়িয়ে থাকা অন্তর বেদনা স্পষ্ট হয়ঃ

যাহোক শেষকথা হলো, নির্বাচিত সদস্যগণ যতই খোশ খেয়ালে বুঁদ হন না কেন, জাতীয় পরিষদ কিছুতেই একটি সার্বভৌম সংস্থা হবে না। এটা হবে প্রেসিডেন্টের খেয়াল খুশীমত একটা খসড়া সংবিধান প্রণয়নকারী প্রতিষ্ঠান। এই খেয়ালকে ইয়াহিয়া খান সুবিধামত ব্যাখ্যা দিতে পারবেন এবং সংবিধান প্রণয়নের প্রথম ও চতর্থ নীতির পরস্পর বিরোধী শর্তের মাধ্যমে ইয়াহিয়া খান সুকৌশলে রাজনৈতিক অচলাবস্থা ও পারস্পরিক আবিষ্কারের বীজ বপন করেছেন। একদিকে বলা হয়েছে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর কথা, অপরদিকে বিপরীত শর্ত জুড়ে উত্থাপিত হয়েছে প্রদেশগুলো পাবে সর্বাধিক স্বায়ত্তশাসন অর্থাৎ সর্বাধিক পরিমাণে আইন প্রণয়নী, প্রশাসনিক ও আর্থিক

www.BanglaBook.org



ক্ষমতা। মোদ্দা কথা হলো, একই সঙ্গে কেন্দ্রীয় সরকারকে দিতে হবে সর্বাধিক পরিমাণে আইন প্রণয়নী প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা, যাতে বৈদেশিক ও অভ্যন্তরীণ দায়িত্বসমূহ পালন করতে পারে। কাউকে এ ধরনের ক্ষমতা বা দায়িত্ব অর্পণের অসঙ্গতি প্রতিষ্ঠা করতে অভিধান চর্চার প্রয়োজন হবে না।

প্রাদেশিক এবং ব্যক্তিগত প্রতিদ্বন্দ্বিতায় রাজনৈতিক পরিবেশ ইতিমধ্যেই যে ভাবে তিক্ততায় দূষিত হয়েছে তাতে ইয়াহিয়া খান একটা রাজনৈতিক মোচড় দিতে চেয়েছিলেন, যা পাকিস্তানের কুন্ডলী পাকানো রাজনীতিকে আরও অসম্ভব করে তোলে। নির্বাচনের পূর্বে রাজনৈতিক দলসমূহ স্ব স্ব কর্মসূচির যথার্থতা প্রমাণের জন্য ৪ নং নীতির যথেচ্ছ ব্যাখ্যা দিতে পারে। কিন্তু পরিষদের অভ্যন্তরে ভালভাবে অচলাবস্থা নিশ্চিত করা যাবে না। এমতাবস্থায় জনগণের সব সময়ের বন্ধু ও রক্ষক জেনারেল ইয়াহিয়া খান বলবেন, জাতীয় স্বার্থ ওটা চায় না, চায় এটা, এটা-। এই মতলবে তিনি আইনগত কাঠামোর ব্যাখ্যা দানের সর্বময় সফলতা সুনির্দিষ্টভাবে নিজের জন্য সংরক্ষিত রেখেছেন। এমনকি দৃশ্যতঃ অসম্ভব ঘটনার ফলে পরিষদ যদি বাধা বিপত্তি কাটিয়ে উঠতে পারেও তথাপি সংবিধান বিল, যদি তার পরিকল্পনার ও আকাঙ্ক্ষার অনুরূপ না হয়, তা হলে তিনি তার সম্মতি দান স্থগিত রাখতে পারেন।

অনুপকারী হবে না বলে যা এক সময় মনে করা হয়েছিল, সেই আইনগত কাঠামোর সামগ্রিক ফলাফল হলো ধাঁধা লাগানো, ইয়াহিয়া খান সবশেষে তাঁর দাঁত দেখালেন।

ইতিমধ্যে প্রতিবাদের দেরী হয়ে গেছে। নববর্ষের দিনে রাজনীতির শুরু হলে পুরনো রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা ও বিতর্কের নতুন জীবন পেল। রাস্তায় রাস্তায় সংঘর্ষ ও অন্যান্য বিশৃঙ্খলার উদ্ভব হলে শাসকচক্র এটাকে রাজনৈতিক দায়িত্বহীনতার প্রমাণ স্বরূপ নিন্দা জ্ঞাপন করতে দেরী করেনি। জনসাধারণের মনে তাদের ভাবী নেতৃবৃন্দের যোগ্যতা সম্পর্কে সংশয়ের সৃষ্টি করলো। এমতাবস্থায় ইয়াহিয়া খান বিচক্ষণতার সঙ্গে তাঁর প্রস্তাবাবলী পেশ করলেন। যা ছিল সকলের প্রশ্ন অথবা কারোই না।

জনগণের বোকামী আবার সর্বনাশের কারণ বলে প্রমাণিত হলো। রাজনীতিবিদেরা তাঁদের ভূমিকার জন্য দেখতে পেলেন নির্বাচন এবং মন্ত্রিত্বের আশা। তাদের এসবের লোভ সামলানো দায়। কাজেই পূর্ব পাকিস্তানের আওয়ামী লীগের শেখ মুজিবুর রহমান এবং পশ্চিম পাকিস্তানের জুলফিকার আলী ভূট্টো এই জ্বালাতন সহ্য করে, আমলাতান্ত্রিক সামরিক অক্টোপাশের বিরুদ্ধে তাঁদের নিজেদের অধিকার অর্জনের উত্তম সুযোগের প্রত্যাশা করলেন।

অন্ততঃ আওয়ামী লীগের জন্য এটা সুদূর পরাহত ছিল না। জেনারেল ইয়াহিয়া

www.BanglaBook.org



খান আগেই নির্ভুলভাবে অনুমান করেছিলেন যে সংবিধান প্রণয়নের কাজে প্রধান বাধা আসবে পূর্ব পাকিস্তান থেকে। পশ্চিমের স্বদেশবাসীদের তুলনায় সেখানকার জনগণ রাজনৈতিকভাবে অধিক সচেতন ছিলেন। দুই যুগেরও অধিককাল ধরে শোষিত হওয়ার পর তারাও সরকারী কর্তৃত্ব লাভের বিষয়ে সন্দিহান। সুতরাং সন্দেহমুক্ত করতে তিনি সুচতুর চাল চাললেন, যদি তাদের মন জয় করে উদ্দেশ্য সিদ্ধি করা যায়।

কৌশলটি ছিল সরল অথচ যথেষ্ট ফলদায়ক। ক্ষমতা গ্রহণের কয়েক মাসের মধ্যেই তিনি কেন্দ্রীয় সেক্রেটারীয়েটের উচ্চপদে কয়েকজন বাঙালী অন্তর্ভুক্ত করে এদের চেহারা পাল্টে দিলেন। মন্ত্রণালয়ের সচিব পদে আগে যেখানে দুই বা তিনজন বাঙালী সচিব ছিলেন, স্বল্পকালের মধ্যে তাদের সংখ্যা তিনজন বৃদ্ধি পেল। স্টেট ব্যাংকে, পরিকল্পনা কমিশনে, সরকারী কর্পোরেশনগুলোতে, পাকিস্তানী দূতাবাসে এবং সরকারী বেতার ও টেলিভিশনের চাকুরীতেও বাঙালীদের প্রবেশ ঘটতে লাগলো।

বিদেশে সরকারী প্রতিনিধিত্বে বাঙালীরা প্রাধান্য পেল। পূর্ব পাকিস্তানের পত্রিকাগুলোর সম্পাদক ও সাংবাদিকগণ সকলে বাঙালী না হয়েও প্রেসিডেন্টের সফরসঙ্গী ও বৈদেশিক ভোজসভায় অগ্রাধিকার পেলেন। এই সম্প্রসারিত কার্যক্রমের সঙ্গে প্রচারের মাত্রাও গেল বেড়ে। তারপর নৌবাহিনীর প্রধান অধিনায়ক এ্যাডমিরাল আহসানকে পূর্ব পাকিস্তানের গভর্ণর নিযুক্ত করা হল। এই ভদ্র ও যোগ্য অফিসার কয়েক বছরের জন্য এই প্রদেশের নৌ-পরিবহন সংস্থার চেয়ারম্যান পদে অধিষ্ঠিত ছিলেন। সে সময় তাঁর নিরপেক্ষতা ও বিচক্ষণতার জন্য সামাজিক সুনামের যথাযোগ্য সম্মান অর্জন করেছিলেন। তিনি ছিলেন বাঙালীদের প্রিয়। বাঙালীরা তাঁর নিয়োগকে অভিনন্দিত করেছিলেন। সর্বোপরি ছিল বাঙালীদের জন্য ইয়াহিয়া খানের দরদ প্রকাশের পুনরুক্তি। ১৯৬৯ সালের ২৮শে জুলাই তারিখে বেতার ও টেলিভিশনে প্রদত্ত ভাষণে প্রেসিডেন্ট সর্বসমক্ষে স্বীকার করেছেন যে, জাতীয় পর্যায়ে ও জাতীয় কার্যক্রমের কোন কোন গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পূর্ণ ভূমিকা পালনের সুযোগ না পাওয়ায় পূর্ব পাকিস্তানীরা যে অবহেলিত, তা সম্পূর্ণ ন্যায়সঙ্গত। তিনি ঘোষণা করলেন যে, সেনাবিভাগে বাঙালীদের অন্তর্ভুক্তির সংখ্যা এখন থেকে দ্বিগুণ করা হবে এবং দেশরক্ষা বাহিনীগুলোতে পূর্ব পাকিস্তানের প্রতিনিধিত্বের সংখ্যা বৃদ্ধি চলতেই থাকবে বলে প্রতিশ্রুতি দিলেন।

এ সমস্ত ঘটনা বাঙালীদের প্রতিপত্তি সম্পর্কে পশ্চিম পাকিস্তানের কিছু সংখ্যক লোকের মনে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি করলেও বাঙালীরা এগুলোকে লুফে নিল। শাসকবর্গ অতীতে কখনো তাদের সঙ্গে এমন ব্যবহার করেনি।

তারপর আইনগত কাঠামো সম্পর্কে বাঙালীদের সন্দেহ নিরসনার্থে ইয়াহিয়া

www.BanglaBook.org



খান নিজেকে আরও এগিয়ে নিলেন। প্রতিনিধিত্বের সংখ্যাসাম্যনীতি বাতিলকরণ এ সমস্ত কৌশলের মধ্যে তখন কিন্তু একটা মারাত্মক ভুল এবং সর্বনাশের মূল বলে প্রমাণিত হল।

যদিও দীর্ঘস্থায়ী অভিযোগের বিষয় হলেও সংখ্যাসাম্য কোন গুরুত্বপূর্ণ সমস্যা ছিল না। আওয়ামী লীগ ছয় দফা কর্মসূচীতে কিংবা বাঙালী ছাত্রদের ১১ দফা দাবিতে এটা ছিল না। এটাকে সহজেই মীমাংসিত সমস্যাবলীর শ্রেণীভুক্ত করা যেতো। তখন বাঙালীরা এই সংখ্যাসাম্য নীতিকে সর্বনাশের কারণ বলে দাবি করেনি। কিন্তু তাদের দাবি ছিল ব্যাপক অর্থে এই মূল চুক্তির আশু বাস্তবায়ন অর্থাৎ বেসামরিক চাকুরি ও সামরিক বাহিনীতে সমান প্রতিনিধিত্ব দান এবং অর্থনৈতিক ক্ষেত্রে আঞ্চলিক বৈষম্য অপসারণ যা পূর্ব বাঙলায় অসন্তোষ সৃষ্টি করেছে। তোষণের স্বেচ্ছাপ্রবৃত্ত কর্মপন্থা হিসাবে অমীমাংসিত বিষয়গুলোর মীমাংসা না করে প্রকৃতপক্ষে ইয়াহিয়া খান বাঙালী অসন্তোষের সমাপ্তি ঘটালেন। যা এ পর্যন্ত আর কেউ করেনি।

আরো অনেকের কাছে এই বিপদ ছিল সুস্পষ্ট, কিন্তু সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির রাজনীতিবিদ হিসাবে ইয়াহিয়া খান কৌতূহলোদ্দীপকভাবে ব্যাপারটিকে সেদিক থেকে দেখেননি। সম্ভবতঃ এটা ছিল নিজের উপর মাত্রাতিরিক্ত বিশ্বাস।

'একজনের এক ভোট' নীতি জাতীয় পরিষদে ৩১৩টি আসনের মধ্যে পূর্ব বাংলাকে দিয়েছিল ১৬৯টি আসন এবং পরিষদে স্থায়ী সংখ্যাগরিষ্ঠতা-এই নির্ধারিত রাজনৈতিক সুবিধা শেখ মুজিবুর রহমানের জন্যে হয়ে উঠলো যেন স্বর্গ থেকে প্রেরিত একটি অমোঘ সুযোগ। প্রতিপক্ষের বিরুদ্ধে তিনি এই সুযোগের সদ্ব্যবহার করলেন। আওয়ামী লীগের ছয় দফা কর্মসূচীকে 'ম্যাগনা কার্টার'-এর মতো অনুমোদন দেওয়া হলো এবং সাধারণ নির্বাচনকে বাঙালী জাতীয়তাবাদের উপর গৃহীত গণভোটে পরিণত করা হল। এর অপরিহার্য পরিণতি ইয়াহিয়া খানের অভিপ্রেত সংবিধান প্রণয়নের ব্যাপারে ছলনাশ্রয়ী করে তুললো।

সামরিকভাবে ক্ষমতা দখলের অভিপ্রেত কৌশল শোচনীয়ভাবে ব্যর্থ হল। অভীষ্ট পরিকল্পনায় ব্যর্থ হয়ে প্রেসিডেন্ট তাঁর স্বাভাবিক শান্তভাব হারিয়ে ফেললেন, তারপর আর কোনদিন তিনি শান্তভাব ফিরে পেলেন না। নিছক রাজনৈতিক সমস্যার সামরিক সমাধান হিসাবে পরবর্তীকালে যে হঠকারিতা ও বর্বরতার আশ্রয় নেওয়া হল তা রাষ্ট্রের সর্বনাশের কারণ হয়ে দাঁড়াল।

কিন্তু সেটা হল ইতিহাসের আরেক অধ্যায়। ১৯৭০ সালের ১লা এপ্রিল তারিখে সবকিছুই ঠিকমত চলছিলো। ইয়াহিয়া খান আগত বিপর্যয়ের সংকেত না বুঝতে পেরে ক্ষমতার তুঙ্গে আরোহণ করলেন।

পাকিস্তানের মত দেশে যেখানে বাকস্বাধীনতা নেই বললেই চলে। কোন বিষয়

www.BanglaBook.org



সম্পর্কে কথা বলার রীতির উপর অধিক গুরুত্ব দেওয়া হয়ে থাকে। কোন কোন সময় অকথিত বিষয়কে অধিকতর মূল্য দেওয়া হয়ে থাকে। রাজনৈতিক সাফল্য অনেক সময় নির্ভর করে কি বলতে হবে এবং কীভাবে বলতে হবে তার উপর।

১৯৭০ সালের গ্রীষ্মকালে এবং নির্বাচনী অভিযানের দশম মাসে সবকিছুই মোটামুটিভাবে আশানুরূপ চলছিলো। তখন পর্যন্ত সরকারী হস্তক্ষেপের বিরুদ্ধে জনসাধারণের কোন অভিযোগ ছিল না। রাজনৈতিক নেতৃবৃন্দ তখন পরস্পর পরস্পরের গলা কাটছিলেন আর প্রেসিডেন্ট ভবনে যাওয়া-আসা করছিলেন। দেশের বড় বড় শহরে বিচ্ছিন্ন বিশৃঙ্খলা মাথা চাড়া দিয়ে উঠেছিলো। রাজনৈতিক দলগুলো পরস্পরের প্রতি কাদা ছোঁড়াছুঁড়ি করছিল। সে সঙ্গে হঠকারী তৎপরতা নির্বিঘ্নে চালানো হচ্ছিল।

যদিও শুধু সংবাদপত্রে সুষ্ঠুভাবে গুজব ছড়ানো হয়েছিলো যে, প্রেসিডেন্টের জামার আস্তিনে একটি তাসের টেক্কা লুকানো রয়েছে। দেশের রাজনৈতিক গতিবিধি ও সংবিধানের ভাগ্য সম্পর্কে জনগণের সংশয়ের সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে তা উপযুক্ত সময়েই চালা হবে। নানা রকমের কাহিনী শোনা যাচ্ছিলো। তন্মধ্যে যেটি সবচেয়ে বেশী স্থায়ী হয়েছিল তা হলো খসড়া সংবিধান প্রণয়নের জন্যে প্রেসিডেন্ট বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি বিকল্প কমিশন গঠন করেছিলেন। প্রেসিডেন্টের মনে যে ফর্মূলা ছিল তা যেভাবেই উপস্থিত হোক না তাতে মূল ভাবের অনুমান করা গিয়েছিল।

এসব যেভাবেই আসুক না কেন, এসবের উত্তর কিন্তু একই ঃ পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে একটি ফলপ্রসূ ভারসাম্য, সামরিক বাহিনীর উদ্ভট কাজের জন্য তহবিলের নিশ্চয়তা, সর্বোপরি ক্ষমতার শীর্ষে প্রেসিডেন্টের নির্বাধ্রাট অবস্থিতি। এসব আলোচিত হল, প্রত্যাশিত রাজনৈতিক জটিলতা সৃষ্টিতে। পরিষদে অচলাবস্থার সৃষ্টি হলে তাতে এইসব বিকল্প প্রস্তাবগুলো পরিষদে উপস্থাপিত হবে। তখন নির্ধারিত ১২০ দিনের মধ্যে সাংবিধানিক বাক-বিতণ্ডার সফল নিষ্পত্তির জন্য, এসব প্রস্তাবের আপোষ ফর্মূলা হিসাবে গ্রহণের জন্য পরিষদ সদস্যদের বাধ্য করা হবে।

যে সম্পাদক আমাকে এ খবর দিলেন, তিনি কিন্তু তা তাঁর পত্রিকায় ছাপাতে সাহস পাননি। তিনি বিশ্বস্ত যাকেই পেয়েছেন তাঁর কাছেই গোপনে বলেছেন যে, তিনি ঘোড়ার মুখ থেকে সরাসরি এ খবর সংগ্রহ করেছেন। এই বিতর্কিত জন্তুটি বা সূত্রটি প্রেসিডেন্টের শাসনতান্ত্রিক উপদেষ্টার চেয়ে কম ছিলেন না। রাওয়ালপিন্ডি, করাচী ও ঢাকার গুজব কারখানাগুলোতে তখন পুরোদমে গুজব ছড়ানো চলছিলো। জনমত এভাবে তৈরী করা হচ্ছিল যে আলোচিত বিষয়গুলোর সমাধান খুঁজে পাওয়া যায়।

www.BanglaBook.org



কোন এক ধরনের যাদুর প্রয়োজন হবে। সতর্কতার সঙ্গে এমনভাবে ফাঁদ পাতা হয়েছিলো, যেখানে বাজি ছাড়াই পন্ডিতেরা বাজি ধরেছিলেন যে, ভোটদান পদ্ধতি সম্পর্কে অনিবার্য মতানৈক্যের দরুন পরিষদ অচল হয়ে যাবে। কাজেই ইয়াহিয়া খানের লুকানো তাসের টেক্কার প্রকৃত স্বরূপ কি নিয়ের সমস্ত জল্পনা কল্পনায় তা কেন্দ্রীভূত হল।

তখন পূর্ব বাংলার যে রাজনৈতিক পট পরিবর্তনের দৃশ্য সূক্ষ্মভাবে দেখানো হচ্ছিলো, পশ্চিম পাকিস্তানের তেমন উদ্বেগ দেখা দেয়নি। শেখ মুজিবুর রহমান কর্তৃক তাঁর দলের কর্মসূচীতে নির্বাচনকে গণভোটে পরিণত করার আবেদনে আগুন জ্বলতে শুরু করেছে। লক্ষণীয়, অনেক চরমপন্থী যাঁরা শেখ মুজিবের দক্ষিণঘেঁষা মধ্যপন্থার নীতি হজম করতে পারতেন না তাঁরাও নিঃশব্দে তার পাশে এসে দাঁড়াচ্ছিলেন। এহেন অবস্থার অগ্রগতি সদাপর্যবেক্ষণকারী সরকারী কর্তৃপক্ষকে অকারণে উদ্বিগ্ন করেছে বলে মনে হয়নি। ক্ষমতার শীর্ষে ইয়াহিয়া খান আগের মতই আত্মবিশ্বাসী, আপাতঃ দৃষ্টিতে তাই মনে হচ্ছিল।

উল্লেখ্য মজার বিষয় হল এই যে, প্রেসিডেন্টের সংস্থাপনের নীচতলায় তখন একদল জান্তা কাজ করছিলো। পাঁচজন সেনানায়ক ও দু'জন অসামরিক ব্যক্তির সমন্বয়ে এ 'সেল' গঠিত হয়েছিল। সামরিক বাহিনীর অফিসারদের মধ্যে ছিলেন প্রধান সেনাপতি জেনারেল হামিদ খান, প্রেসিডেন্টের প্রধান স্টাফ অফিসার ও কার্যতঃ পাকিস্তানের প্রধানমন্ত্রীর সমতুল্য লেঃ জেনারেল পীরজাদা, বছর খানেক পরে বাংলাদেশের কসাইরূপে খ্যাত লেঃ জেনারেল টিক্কা খান, আন্তঃসার্ভিস গোয়েন্দা বিভাগের পরিচালক মেজর জেনারেল আকবর খান এবং সদ্য প্রতিষ্ঠিত জাতীয় নিরাপত্তা সংস্থার চেয়ারম্যান মেজর জেনারেল ওমর খান, এদের সবারই ছিলো প্রেসিডেন্টের কাছে অবাধ প্রবেশাধিকার। দু'জন অসামরিক অফিসারও ছিলেন। এদের একজন হলেন অসামরিক গোয়েন্দা দফতরের পরিচালক রিজভী, অন্যজন হলেন প্রেসিডেন্টের আর্থনীতিক উপদেষ্টা এম, এম, আহমদ।

অভ্যন্তরীণ চক্রের এইসব ভদ্রলোকদের সমন্বয়ে প্রেসিডেন্টের একটি শক্তিশালী উপদেষ্টা পরিষদ গঠিত হয়েছিল, যারা অবিসংবাদিতরূপে প্রকৃত নিয়ন্ত্রক ও চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের মালিক। এঁরা প্রতিটি ব্যাপারেই হস্তক্ষেপ করতেন। কিন্তু শেখ মুজিবুর রহমানের নির্বাচনী সাফল্য সম্পর্কে সম্যক ধারণা এঁদের ছিল না। আমি উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে জানতে পেরেছি, প্রথম দিকে এসবের উপর গোয়েন্দা বিভাগের রিপোর্টকে গুরুত্ব দেয়া হতো না। পূর্ব বাংলার কয়েকজন সংবাদদাতাকে শেখ মুজিবের প্রতি প্রচ্ছন্নভাবে সহানুভূতিশীলতার অপরাধে অভিযুক্ত করা হল এবং তাদের অবিশ্বাসীর শ্রেণীভুক্ত করা হল।

www.BanglaBook.org



পূর্ব বাংলার অসংখ্য মসজিদে মোল্লাগণ জামাতে ইসলামীর লাগামহীন ভন্ডামির পক্ষে কর্কশ ভাষায় যে অভিযান চালাচ্ছিলো, তা শাসন কর্তৃপক্ষকে নতুনভাবে উৎসাহিত করছিল। এর সঙ্গে মাওলানা ভাসানীর আওয়ামী লীগের বিরুদ্ধে গর্জন এই উৎসাহকে আরো জোরদার করল। সামরিকচক্রের মনে এই বিশ্বাস জন্মালো যে ত্রিমুখী প্রতিদ্বন্দ্বিতায় শেখ মুজিবের দলের সাফল্যের দৌড় পৌছবে এক তৃতীয়াংশের মতো সম্ভবতঃ তিনি সব স্থান থেকে সঠিক সহযোগিতা পাবেন না।

এরূপ বিশ্বাস ছিল, প্রাপ্ত প্রমাণাদির সম্পূর্ণ বিপরীত। আমার নিজের ১৯৭০ সনের নভেম্বরের প্রথম দিকে পূর্ব পাকিস্তান সফর শেষে ধারণা হল যে আওয়ামী লীগ সহজেই বিপুল ভোটাধিক্যে বিজয়ী হবে। আমি ১২২টি আসনে কোন প্রকৃত প্রতিদ্বন্দ্বিতা দেখতে পাইনি। বাকী ৪০টি আসনের মধ্যে আওয়ামী লীগ যুক্তিসঙ্গতভাবে কমপক্ষে অর্ধেক আসন লাভের আশা করতে পারে। ফলে আশা করেছিলাম এই দল কমপক্ষে ১৪২ টি আসন পাবে। এটা ছিল প্রদেশের দক্ষিণাঞ্চলে মারাত্মক সামুদ্রিক জলোচ্ছ্বাসের কয়েকদিন আগেকার ধারণা।

এই শোচনীয় দুর্ঘটনায় শেষ আশাটুকু উবে গেল বলে প্রমাণিত হলো। বিশ্বের সকল দেশ থেকে যখন সাহায্য আসতে লাগলো, তখন পশ্চিম পাকিস্তান থেকে একটি সহানুভূতিসূচক বাণীও শোনা গেল না। তখন সেখানে পরিবেশ যেন একজন উচ্চপদস্থ সরকারী কর্মচারী ও সমাজের সুন্দরী নারীর মধ্যেকার যৌন-অপরাধ ও আত্মহত্যার কলংকের মতোই মনে হয়েছে। যা নতুন মাত্রায় বাঙালী অসন্তোষের মাত্রাকে বাড়িয়ে তুললো। বাঙালীদের মনে স্পষ্টরূপে এই ধারণার সৃষ্টি হলো যে তারা দেশের অপর অংশের ভাইদের কাছ থেকে সদাচরণের আশা করতে পারে না। কাজেই শেখ মুজিবুর রহমান আওয়ামী লীগের ছয় দফা ভিত্তিক স্বায়ত্তশাসনের দাবির উপর নির্বাচনকে প্রকৃতপক্ষে গণভোটে পরিণত করেছিলেন। এই ফলাফল হলো ভয়াবহ।

তথাপি একথা কৌতূহলজনকভাবে উল্লেখ্য, রাজনৈতিক বিপর্যয়ের গতি রুদ্ধ হবে বলে শেষ মুহূর্ত পর্যন্ত ক্ষমতাসীনরা আশা পোষণ করেছিলেন। নির্বাচনের এক সপ্তাহ আগে গোয়েন্দা বিভাগের কর্মচারীদের ফলাফল নিয়ে জল্পনা কল্পনা সম্বন্ধে আমাকে বলা হয়েছিল তা ছিল নিম্নরূপ ঃ

BanglaBook.org

| | |
|---|---|
| আওয়ামী লীগ | ৮০ |
| কাইয়ুমপন্থী মুসলিম লীগ | ৭০ |
| মুসলিম লীগ (দৌলতানা শাখা) | ৪০ |
| ন্যাশনাল আওয়ামী পার্টি (ওয়ারী শাখা) | ৩৫ |
| ভূট্টো পাকিস্তান পিপলস পার্টি | ২৫ |

www.BanglaBook.org



এটা যে কত বড় ভুল হিসেব ছিল, সম্ভবতঃ নির্বাচনের ক্ষেত্রে নিযুক্ত সরকারী কর্মচারীগণ অভীষ্ট ফলাফল সম্পর্কে চিন্তা করে উদ্ভাবন করেছিলেন বা এতে ছিল বিদ্বেষমূলক রহস্য? দ্বিতীয় ধারণার প্রতিই আমি বিশ্বাসী।

এই প্রসঙ্গে পাকিস্তানের যোগাযোগ মন্ত্রী ও প্রেসিডেন্টের বেসরকারী শাসনতান্ত্রিক উপদেষ্টা অধ্যাপক জি, ডব্লিউ, চৌধুরীর ১৯৭০ সনের ১০ই সেপ্টেম্বরে লন্ডনস্থ পাকিস্তান সোসাইটিতে প্রদত্ত ভাষণের কিছু অংশ উল্লেখ করা প্রয়োজন বলে মনে করি। এটি ছিল পূর্বাঞ্চলের মারাত্মক বন্যার জন্য নির্বাচনের তারিখ ৭ই ডিসেম্বর পর্যন্ত স্থগিত রাখার কয়েকদিন পরের ঘটনা। অধ্যাপক চৌধুরী পাকিস্তানের সমসাময়িক রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে ভাষণ দিয়েছিলেন এবং ভাষণের পরে শ্রোতাদের ভীড়ে প্রশ্নাবলীর জবাব দিয়েছিলেন। সোসাইটির বুলেটিনে (৩১তম সংখ্যার ৪৬-৫৬ পৃষ্ঠা) প্রকাশিত তার কিছু অংশকে আমি খুবই গুরুত্বপূর্ণ বলে মনে করি তা হলো এই ঃ

কর্নেল জি, এল, হাইড ঃ 'একজনের এক ভোট' নীতির ভিত্তিতে জাতীয় পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। সেই জাতীয় পরিষদ কি পূর্ব পাকিস্তান থেকে অধিক সংখ্যক সদস্য লাভ করবে?

অধ্যাপক চৌধুরী ঃ হ্যাঁ।

কর্নেল হাইড ঃ তার অর্থ কি এই যে পূর্ব পাকিস্তান সব সময় সংখ্যাগরিষ্ঠ থাকবে।

অধ্যাপক চৌধুরী ঃ হ্যাঁ, যদি কেউ গণতন্ত্রে বিশ্বাস করেন, তা হলে একজনের এক ভোট নীতিকে গ্রহণ করতেই হবে এবং আমরা বিশ্বাস করি যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাপক সভায় পূর্ব পাকিস্তান, পশ্চিম পাকিস্তান বলে কোনকিছু থাকবে না। অবশ্য দলের ভিত্তিতে তার প্রকাশ ঘটতে পারে। তবে যে দলই ক্ষমতায় আসুক না কেন আমরা আশা করি এই সাধারণ পার্থক্য থাকবে না। কাজেই পূর্ব পাকিস্তানের সদস্যদের একটি মাত্র দলে সংঘবদ্ধ হয়ে ক্ষমতার মোকাবেলা করার প্রশ্নই ওঠেনা। যদি তাই হয় তাহলে এর অর্থ হবে পাকিস্তানের বিলুপ্তি এবং আমরা পুরোপুরি আশাবাদী যে এমন অবস্থা কখনই ঘটবে না।

মিঃ আযম ঃ অবস্থা যদি এমন হয় যে প্রতিটি ব্যাপারই পূর্ব পাকিস্তান বনাম পশ্চিম পাকিস্তানের ভিত্তিতে মীমাংসিত হচ্ছে, তা'হলে এক্ষেত্রে সরকার কী কর্মপন্থা গ্রহণ করবেন?

অধ্যাপক চৌধুরী ঃ এটা কিছুতেই পশ্চিম পাকিস্তানের কাছে গ্রহণযোগ্য হবে না।

মিঃ আযম ঃ এমতাবস্থায় সরকার কি করবেন এবং বলবেন নাকি 'তোমরা

BanglaBook.org

www.BanglaBook.org



নিজেদের মধ্যে সমঝোতায় পৌঁছতে পারো নি সুতরাং আমাদের নতুন নির্বাচনে ফিরে যেতে হবে।'

অধ্যাপক চৌধুরী ঃ আমি আপনাদের আগেই বলেছি যে, পশ্চিম কিংবা পূর্ব পাকিস্তান থেকে একক সংখ্যাগরিষ্ঠ দল আবির্ভাবের কোন সম্ভাবনা নেই। আমি ব্যক্তিগতভাবে পুরোপুরি আশাবাদী যে পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের মধ্যে এই ধরনের ক্ষমতার দ্বন্দ্ব দেখা দেবে না।

অধ্যাপক চৌধুরীর মন্তব্য থেকে তিনটি বিষয় আমার কাছে স্পষ্টরূপে দেখা দেয় ঃ

(১) পূর্ব বাংলায় বসবাসকারী দেশের সংখ্যাগরিষ্ঠ জনতা একই কণ্ঠে জনরায় দেয়, তা' পশ্চিম পাকিস্তান সেই গণরায় গ্রহণ করবেনা।

(২) যদি সেরূপ ক্ষমতার দ্বন্দ্ব দেখা দেয় তা'হলে রাষ্ট্রের সর্বনাশ হলেও পশ্চিম পাকিস্তান তা প্রতিরোধ করবে।

(৩) তাঁর বিবৃতি থেকে আমাদের মনে এই বিশ্বাস জন্মেছে যে, পূর্ব ও পশ্চিমের মধ্যে ক্ষমতার দ্বন্দ্বই যে বৃদ্ধি পেয়েছিলো, শেষের দিকে সরকার সে সম্পর্কে অবহিত ছিলেন না। তখন সরকার সরলভাবে বুড়ো আঙ্গুল মোচড়াচ্ছিলেন, আর পরিস্থিতির উন্নতি আশা করছিলেন।

প্রথম দুটি পয়েন্ট থেকে ব্যাখ্যা যা পরবর্তী ঘটনা অর্থাৎ 'রেইপ অব বাংলাদেশ' বা বাংলাদেশের উপর নৃশংস বর্বরতার কারণ খুঁজে পাওয়া যাবে।

প্রেসিডেন্টের মনে গণতন্ত্রের স্বরূপ কী ছিল এবং বাংলাদেশে নৃশংস সামরিক কর্মব্যবস্থা গ্রহণের পেছনে যে ম্যাকিয়াভেলিসুলভ মানসিক প্রবণতা বিরাজ করছিলো তা তলিয়ে দেখতে যারা অনিচ্ছুক ছিলেন এই ঘটনা তাদের চোখ খুলে দেবে।

অধ্যাপক চৌধুরীর তৃতীয় মত মেনে নিতে পারছিনা বলে আমি দুঃখিত। যোগ্য গোয়েন্দা বাহিনী থাকা সত্ত্বেও নির্বাচনের পূর্বে সরকার বাঙালী অনুভূতির তীব্র প্রবণতা সম্পর্কে অপরাধীর ন্যায় নির্বোধ ছিল। কিংবা বিশ্বাস্যরূপে অন্ধ ছিল। একথা আমি কিছুতেই বিশ্বাস করতে পারি না। আমি পূর্বেই উল্লেখ করেছি যে, শাসকগোষ্ঠী সূচনায় এর ভুল হিসাবের কথা স্বীকার করতে অনিচ্ছুক থাকতে পারেন। কিন্তু পরবর্তীকালে সাক্ষ্য প্রমাণের স্তূপ এত বিরাট হয়েছিল যে, নির্বোধ এবং অন্ধরাও তা প্রত্যাখ্যান করতে পারে না। সরকার নির্বোধ কিংবা অন্ধ কোনটাই ছিল না। বস্তুতঃ সরকার বিপদের কথা উপলব্ধি করতে পেরেছিল এবং তা প্রতিরোধ করতে সর্বশক্তি নিয়োগ করেছিল। ভালভাবে ব্যাখ্যা করলে দেখা যাবে যে প্রশাসনিক ভাঙন কিংবা এ ক্ষেত্রে সরকারী প্রতিনিধিরা বাকপটুতার সঙ্গে তাদের শাসকগোষ্ঠীকে যে ওয়াদা করেছিল তার উপস্থাপনের ব্যর্থতাই এই বিপর্যয়ের জন্য দায়ী।

BanglaBook.org

www.BanglaBook.org



নির্বাচনী অভিযানের পরবর্তী পর্যায়ে সরকারী প্রতারণার নিদর্শনও যথেষ্ট ছিল। কোন কোন মন্ত্রী প্রকাশ্যেই তাঁদের উদ্দেশ্যপূর্ণ নির্বাচনী তৎপরতা দেখিয়েছেন। কোন কোন দল বা প্রার্থীর অনুকূলে তাঁরা চাঁদা তুলেছেন। সামরিক জান্তার জনৈক সদস্য মাত্র এক সফরেই শিল্পপতিদের কাছ থেকে দেড়কোটি টাকা সংগ্রহ করেছে বলে খবর রয়েছে। এই সংগৃহীত অর্থ উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের প্রভাবশালী একটি রাজনৈতিক দলের নির্বাচনী অভিযানকে উৎসাহিত করার কাজে ব্যয় হয়েছিল।

পশ্চিম পাকিস্তানের লোকেরা খুব ভালভাবেই অবগত ছিল যে, সরকার উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে কাইয়ুমপন্থী মুসলিম লীগের এবং করাচী, সিন্ধু ও পাঞ্জাবে প্রগতিবিরোধী জামাতে ইসলামীর পক্ষে নির্বাচনের প্রভাব খাটাবার চেষ্টা করছিল। সীমান্তগান্ধী বলে সুপরিচিত খান আবদুল গাফ্‌ফার খানের পুত্র ওয়ালী খানের নেতৃত্বে পরিচালিত ন্যাশনাল আওয়ামী পার্টির প্রভাব খর্ব করার জন্য কাইয়ুম খানকে সমর্থন করা হচ্ছিল। ওয়ালী খান কখনই সরকারের সুরের সঙ্গে নিজের সুর মেলাননি। সরকারের দৃষ্টিতে তিনি ছিলেন এমন একজন নেতা, যিনি শেখ মুজিবুর রহমানের মতই স্বায়ত্তশাসনের দাবিতে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে ও বেলুচিস্তানের জনগণকে বিপজ্জনকভাবে পরিচালিত করছিলেন। বস্তুতঃ ওয়ালী খান শেখ মুজিবের ছয় দফা কর্মসূচীর প্রতি সমর্থনের কথা প্রকাশ্যভাবে ঘোষণা করেছিলেন।

কাজেই ওয়ালী খানের ক্রমবর্ধমান শক্তি হ্রাস করার জন্যই কাইয়ুম খানের মুসলিম লীগকে সরকারের পক্ষ থেকে নির্লজ্জভাবে সাহায্য করা হচ্ছিল। পশ্চিম পাকিস্তানে সরকারবিরোধী পক্ষের কেন্দ্রবিন্দু জুলফিকার আলী ভূট্টোর প্রভাব খর্ব করার জন্য জামাতে ইসলামীও তদ্রূপ সরকারী সমর্থন পেয়ে আসলি। জামাতে ইসলামীর প্রার্থীদের পক্ষ সমর্থন এবং ওয়ালী খান, ভূট্টো ও শেখ মুজিবুর রহমানের বিরোধিতার কাজে ন্যাশনাল প্রেস ট্রাস্টের মালিকানাধীন সংবাদপত্রগুলো (যা ছিল প্রকাশ্যভাবে সরকারের হাতে তৈরী) ব্যাকভাবে ব্যবহৃত হতে লাগল। সিন্ধুতে ভূট্টো বারবার অভিযোগ করছিলেন যে, তাঁর পেছনে গোয়েন্দা বিভাগকে লেলিয়ে দেয়া হয়েছে। পূর্ব বাংলায় শেখ মুজিবুর রহমান এবং আওয়ামী লীগের প্রার্থীগণও একই ধরনের সরকারী হস্তক্ষেপের অভিযোগ তুলেছিলেন।

সর্বোপরি রাওয়ালপিন্ডি ও সামরিক হেড কোয়ার্টার থেকে এই মর্মে একটি প্রবল গুজব উঠেছিল যে, ১৯৭০ সালের ৭ই ডিসেম্বরের পরে নির্বাচন অনুষ্ঠিত হবে। আমার সঙ্গে যাঁদের যোগাযোগ ছিল তাঁরা আমাকে বলছিলেন, "সামনেই বড় একটা কিছু হতে যাচ্ছে" নভেম্বরের প্রথম সপ্তাহে পূর্ব বাংলায় প্রলয়ংকরী সামুদ্রিক জলোচ্ছ্বাস ও ঘূর্ণিবাত উপকূলবর্তী এলাকায় যে মরণছোবল হানে, যা ছিল এ শতকের সবচেয়ে মারাত্মক প্রাকৃতিক দুর্যোগ। নির্বাচন মুলতবী রাখার অনুকূলে একটি সুবিধাজনক

www.BanglaBook.org



অজুহাত এনে দিল ; স্পষ্টতঃই এ সময়ে তা করার জন্য সামরিক জান্তার পক্ষ থেকে জোর চাপ এলো।

এই প্রসঙ্গে ইয়াহিয়া খান সম্পর্কে জনগণের প্রতিক্রিয়া লক্ষণীয়। দুর্যোগ ঘটার একদিন পরে প্রেসিডেন্ট পিকিং-এ তাঁর সরকারী সফর শেষ করে ফিরছেন। ফেরার পরে ঢাকায় তাঁর প্রথম যাত্রাবিরতি ঘটে এবং দুর্যোগের খবর শোনামাত্র তিনি এই শহরে চব্বিশ ঘন্টার জন্য তাঁর যাত্রা স্থগিত রাখেন। দুর্যোগের ব্যাপকতা তখন পর্যন্ত জানা না গেলেও স্পষ্টতঃই ঘটনাটিতে রাজনৈতিক রঙের প্রলেপ দেয়া হল। শহরের সর্বত্র তখন গুজব চলছে, কেউ কেউ আসন্ন নির্বাচন মূলতবীর কথা বলছেন। অন্যেরা এই মর্মে ইঙ্গিত করেছেন যে, সামরিক জান্তা চূড়ান্তভাবে কর্তৃত্ব গ্রহণ করছে এবং ইয়াহিয়া খানের মর্যাদাকে ক্ষুণ্ন করে তাকে সম্পত্তিশালীদের মধ্যে শীর্ষ স্থানে রাখা হয়েছে।

চাপা উত্তেজনা এতই প্রবল ছিল যে, র‍্যাওয়ালপিন্ডির উদ্দেশ্যে রওয়ানা দেয়ার প্রাক্কালে ঢাকা বিমান বন্দরে পূর্বপ্রস্তুতিহীন সাংবাদিক সভায় একজন বিদেশী সংবাদদাতা এ ব্যাপারে প্রেসিডেন্টকে সরাসরি প্রশ্ন করেন। প্রেসিডেন্টের জবাব ছিল ত্বরিত এবং স্পষ্ট। তিনি জোরের সঙ্গেই বলেছেন যে, তিনি তখন পর্যন্ত রাষ্ট্রপ্রধান আছেন এবং যতদিন তিনি সেনাবাহিনীর প্রধান থাকবেন ততদিন রাষ্ট্রপ্রধানও থাকবেন। পদত্যাগ করার ইচ্ছে তাঁর নেই।

কয়েক সপ্তাহ আগে এমন একটি প্রশ্ন ছিল অচিন্ত্যনীয় ব্যাপার। প্রেসিডেন্ট সম্ভবতঃ একটি সংক্ষিপ্ত জবাব দিয়েই সংবাদদাতার মুখ বন্ধ করে দিতে পারতেন। প্রকৃত অবস্থা এই যে, তিনি এরূপ অস্বীকার করাকেই পছন্দ করেছিলেন। এবং তথ্য মন্ত্রণালয়ের উপদেশের ভিত্তিতে প্রদত্ত তাঁর জবাবকে ব্যাপকভাবে প্রচার করা হয়েছিল।

এসবই আমার দৃঢ় বিশ্বাসকেই সমর্থন করে যে, নির্বাচনের আসন্ন বিপ্লব এবং তার পরিকল্পনার বিপদ সম্পর্কে ইয়াহিয়া খানকে পূর্বেই সাবধান করে দেয়া হয়েছে। যে ভাবেই হোক, তাঁর উদ্দেশ্য সিদ্ধ করার মত যোগ্যতা যে তাঁর ছিল, সে সম্পর্কে স্পষ্টতঃই প্রেসিডেন্টের দৃঢ় বিশ্বাস ছিল। তিনি মরিয়া হয়ে ঘটনা স্রোতকে পেছনের দিকে ঠেলে দেবারও চেষ্টা করছেন। কিন্তু নির্বাচনের গতিকে প্রভাবিত করতে সমর্থ ছিলেন না। অন্ততঃ পূর্ব পাকিস্তানের জনসাধারণ তাঁর কথায় প্রতারিত হয়নি, তাঁরা সুদৃঢ় কল্পনীয় সামরিক আমলাতান্ত্রিক চক্রের বিরুদ্ধে উত্তেজিত হয়েছিল। যার জন্য তাদের এত জীবন ও রক্তদান করতে হয়েছে। কেউ তাদেরকে তাদের উদ্দেশ্যে থেকে বিপথগামী করতে পারেনি। নির্বাচনের দিন ইয়াহিয়া খান বুঝতে পারলেন যে, একটা অসম্ভব কিছু ঘটে গেছে।

BanglaBook.org

www.BanglaBook.org

# নির্বাচনোত্তর প্রহসন

*"আজ পাকিস্তান সবচেয়ে কঠিন রাজনৈতিক সংকটের সম্মুখীন হয়েছে।"*

—প্রেসিডেন্ট ইয়াহিয়া খান

মার্চ ১, ১৯৭১।

জাতীয় পরিষদের উদ্বোধনী অধিবেশন স্থগিত ঘোষণা করতে প্রেসিডেন্ট ১ মার্চ, ১৯৭১ যে বক্তব্য রেখেছিলেন বাস্তবে পাকিস্তানের কঠিন রাজনৈতিক সংকট তখন ততটা ছিল না। রাষ্ট্রের সর্বনাশের প্রথম পদক্ষেপ হিসেবে ঐ ঘোষণা যেন ধারাল অস্ত্রের মুখে ঝাঁপ দেয়া। চারমাস আগে অর্থাৎ ৭ই ডিসেম্বর নির্বাচনের ফলাফল প্রকাশকাল থেকেই সংকট নিজে নিজে অথঃক্ষিপ্ত হচ্ছিল। ঐ সংকট ছিল জেনারেল ইয়াহিয়া খানের তৈরী।

নির্বাচনের ফলাফল (৩০০ সাধারণ আসন) হল নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| আওয়ামী লীগ | — | ১৬০ |
| ভূট্টো পাকিস্তান পিপলস পার্টি | — | ৮১ |
| স্বতন্ত্র | — | ১৬ |
| মুসলিম লীগ (কাইয়ুম) | — | ৯ |
| মুসলিম লীগ (দৌলতানা গ্রুপ) | — | ৭ |
| জামাত আলে মুন্না | — | ৭ |
| হাজারভী গ্রুপ | — | ৭ |
| ন্যাশনাল আওয়ামী পার্টি (ওয়ালী খান) | — | ৬ |
| জামাত-ই-ইসলামী | — | ৪ |
| মুসলিম লীগ (এফসি চৌধুরী গ্রুপ) | — | ২ |
| পাকিস্তান (ডেমোক্রেটিক পার্টি) | — | ১ |

মহিলা সদস্যদের জন্য সংরক্ষিত তেরটি আসনের নির্বাচন পরে অনুষ্ঠিত হয়। এতে আওয়ামী লীগ ৭টি আসন পায়। ৩১৩ সদস্য বিশিষ্ট পরিষদের জনসংখ্যার

BanglaBook.org

www.BanglaBook.org



ভিত্তিতে পূর্ব বাংলার জন্য বরাদ্দকৃত ১৬৯ টি আসনের মধ্যে আওয়ামী লীগ লাভ করে ১৬৭ টি।

নির্বাচনের ফলাফল বিভিন্ন জনের কাছে ভিন্ন ভিন্ন অর্থে প্রকাশ পেল। আওয়ামী লীগের পতাকাতলে বাঙালীরা ছিলেন বিজয় উল্লাসে উল্লসিত।

এই প্রথম বারের মত তারা প্রকৃত ক্ষমতা লাভের আশা করছে। এ নির্বাচন থেকে তারা অতীতের ঔপনিবেশিক আদর্শের অবসান এবং দু'দশকের শোষণের প্রতিকারের সামর্থ্য অর্জন করেছে। ভূট্টো সাহেব পাঞ্জাব ও করাচীতে অপ্রত্যাশিত বিজয়ে বিস্তৃত রাজনৈতিক ক্ষেত্র সম্বন্ধে উল্লাস চেপে রাখতে পারেননি। মৌলবাদী গ্রুপ যথা ঃ জামাত-ই-ইসলামী এ পরাজয় আন্তরিকতার সঙ্গে মেনে নেয়নি। জামাত অবশেষে জনসমক্ষে সরকারী হস্তক্ষেপের অভিযোগ তুলেছিল। জনগণ যেভাবে তাদের রায় দিয়েছে তাতে সমগ্র দেশও বিস্মিত হয়েছিল।

একমাস আগে পূর্ব বাংলার ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাসের দরুণ বাস্তব ক্ষতির চেয়েও পাকিস্তানীদের কাছে নির্বাচনের ফলাফল হল আরো শোকাবহ ও ধ্বংসাত্মক। এটা ঠিক ধর্মান্ধ প্রগতিবিরোধী দলগুলোর মূল্যোৎপাটনে মতামত প্রকাশিত হল। নতুন প্রজন্মের পাকিস্তানীরা পূর্ব পুরুষের চেয়ে বেশী শিক্ষিত। তারা জনসাধারণের ধর্মানুভূতি ও অজ্ঞতাকে ধর্মব্যবসায়ী ও গোঁড়া প্রতারকদের রাজনৈতিক হাতিয়ার হতে দেয়নি। রাজনীতিতে জিকির আহজারি করে ধর্মের ব্যবহার আর কোন ফায়েদা লুটতে পারবে না। অন্যত্র, ফিল্ড মার্শাল আইয়ুব খানের হাতে গড়া সামরিক আমলাতান্ত্রিকচক্র যা ১৯৬৮-৬৯ সালের অভ্যুত্থানে প্রত্যাখ্যাত হয়। এ নির্বাচন তাদের সামগ্রিকভাবে প্রত্যাখানের নিশ্চয়তা দিয়েছে। উভয়ের ক্ষেত্রেই নির্বাচন সুদূরপ্রসারী পরিবর্তন দেখা দেবে। গভীরভাবে লক্ষণীয় এইসব পরিবর্তন শাসকচক্রকে বিপর্যস্ত করতে পারতো না, যদি তাঁদের পেশার প্রতি আনুগত্য থাকতো। যা হোক এঁরা নির্বাচনের ফলাফলে অনুৎসাহী এবং অন্তর্বর্তী সরকার হিসাবে অঙ্গীকারবদ্ধ যে, "গণতন্ত্র প্রতিষ্ঠার কাজে এবং যতশীঘ্র সম্ভব নিয়মতান্ত্রিকভাবে জনপ্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করার জন্য আত্মনিবেদিত।" এ ধরনের মামুলী বক্তব্য শুরু থেকে আজ পর্যন্ত ইয়াহিয়া খান দিয়ে আসছেন। রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে একান্ত আলোচনায় প্রেসিডেন্ট রাজনৈতিক দলগুলোর খন্ড-বিখন্ড রূপ এবং জাতীয় ঐকমত্যের অনুপস্থিতিকে প্রধান অন্তরায় বলে তিনি মন্তব্য করেছেন।

এমতাবস্থায় শাসকচক্রের নির্বাচনের নির্ধারিত রায়কে স্বাগত জানানো উচিত ছিল। এতে শুধু সাংবিধানিক প্রশ্নে গণতান্ত্রিক সমাধানই সম্ভব হতো না, উপরন্তু বেসরকারী প্রশাসনের কাছে নিরাপদে ক্ষমতা হস্তান্তরের নিশ্চয়তা দিতে পারতো। অন্ততঃপক্ষে এটা বোঝা যেত যে, ইয়াহিয়া খান তাঁর কামনা ফলপ্রসূ করেছেন।

www.BanglaBook.org



কিন্তু প্রেসিডেন্ট এটাকে সম্পূর্ণভাবে অন্য দৃষ্টিতে দেখলেন। তিনি নির্বাচনের ফলাফলকে ব্যক্তিগত বিপর্যয় বলে মনে করলেন। তার আইনগত কাঠামো বিধান, যা তিনি সন্তর্পণে পরিষদ অচলাবস্থার সৃষ্টির জন্য তৈরী করেছিলেন তা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। এখন তিনি আর পরিষদে সংবিধান প্রণয়নে শেখ মুজিবুর রহমানের প্রাধান্যকে ধোঁকা দিতে পারবেন না। সে কারণে নির্বাচনের হিসাব বেদনাদায়কভাবে স্পষ্ট হয়ে উঠলো। ৩১৩ সদস্য বিশিষ্ট পরিষদের ১৬৭ জন সদস্য বিজয়ে আওয়ামী লীগের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়েছিলো। এমন কি জাতীয় আওয়ামী পার্টি (ওয়ালী খানের) সমর্থন না জানালেও এতে কোন অচলাবস্থার সৃষ্টি হবে না।

প্রেসিডেন্ট যে বাধ্য হয়ে সংখ্যাসাম্য নীতির বদলে জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্বের বিধান তৈরী করে পূর্ব বাঙলার মানুষকে দাক্ষিণ্য প্রদর্শন করেছিলেন, তার জন্য তিনি এখন নিশ্চয়ই অনুশোচনা করে থাকবেন।

রাজনৈতিক বিভাজন সম্পর্কে প্রাথমিক ভুল হিসাব এবং এ বিষয় পূর্ব বাংলাকে প্রশ্রয় দান সবকিছু মিলে জটলা পাকিয়ে গেল। সংখ্যাসাম্য বা প্যারেটি বজায় থাকলে শেখ মুজিবুর রহমান বড়জোর অর্ধেক আসন পেতেন পরিষদে, তাতে পরিষদের কার্যাবলী কৌশলের সঙ্গে চালান যেতো। এখন যা হয়েছে, তাতে আওয়ামী লীগের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা শেখ মুজিবকে এককভাবে নিজ ক্ষমতা জাহির করার নিশ্চয়তা দিয়েছে। ৯ ডিসেম্বর, ৭১ ঢাকায় শেখ মুজিবুর রহমান দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করলেন যে, আওয়ামী লীগের ৬ দফা সম্বলিত স্বায়ত্তশাসনের দাবির ভিত্তিতে নতুন সংবিধান প্রণয়ন করা হবে। এতে ইয়াহিয়া খান নতুনভাবে আশংকিত হয়ে উঠলেন। শেখ মুজিব অকপটে খোলাখুলি ঘোষণা করলেন যে সংবিধান প্রণয়নের একক ক্ষমতা তাঁর রয়েছে।

এক্ষণে আগে থেকে প্রথম বাধাস্বরূপ অর্থাৎ পরিষদের ভোট প্রদান পদ্ধতি এখন আদৌ আর বাধা হলো না। সহজ সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে আওয়ামী লীগের সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটে সংবিধান পাশ করার তাগিদ নিতে পারে। এ কাজ করতে শেখ মুজিব সমস্ত কার্ড টেবিলে রেখে ছয় দফা দিয়ে সমস্ত পিট জিতে নিতে পারবেন। এ হেন অবস্থায় সংবিধান বিলে প্রেসিডেন্টের অসম্মতি জানান হবে বোকামি, এমনকি পরিণতি হবে ভয়াবহ। যে গণঅভ্যুত্থানের ফলে আইয়ুব খানের গদি হারাতে হয়েছিল, সংবিধান বিলে সম্মতি না জানালে ফলশ্রুতিতে তার চেয়ে ভয়াবহ গণঅভ্যুত্থানের সৃষ্টি হতে পারত। সেভাবে তিনি কাজ করলে ইয়াহিয়া খানের প্রকাশ ঘটত একজন স্বৈরাচারী হিসেবে—ফলশ্রুতিতে রাষ্ট্রপ্রধান হিসেবে আন্তর্জাতিক সমাজে নিন্দার ভাগীদার হতেন আর যাবতীয় বৈদেশিক আর্থিক ও সামরিক সাহায্যের পথ হতো রুদ্ধ।

BanglaBook.org

www.BanglaBook.org



প্রেসিডেন্ট এবং তার উপদেষ্টারা জটিল বিকল্প নিয়ে 'যুদ্ধংদেহি' মনোভাবে পরস্পরের সম্মুখীন হয়েছিল। প্রথমটি ছিল, পরিকল্পনার পরাজয়কে গলাধঃকরণ করা এবং বেসামরিক সরকারের নিকট অবধারিত গণতান্ত্রিক প্রক্রিয়ায় ক্ষমতা হস্তান্তর হাসিমুখে মেনে নেওয়া। দ্বিতীয়টি হ'ল এই গণরায়কে মেনে না নেওয়া। এ ছাড়া তৃতীয় কোন পথ ছিল না।

ইয়াহিয়া খান দ্বিতীয় পথ বেছে নিলেন। সংগত কারণে প্রথম পথটি গ্রহণ করেননি। কারণ পরিণতিতে তা হতো আত্মঘাতী—তাঁর উচ্চাকাঙ্ক্ষা এবং সামরিক প্রতিষ্ঠানের জন্য। আওয়ামী লীগের ছয় দফা ভিত্তিক সংবিধান শুধু কেন্দ্রীয় সরকারের ক্ষমতা করুণভাবে খর্ব করতো না, এমন কি তার নিজেরও ক্ষমতা হ্রাস পেতো। সামরিক বাহিনীকে দুর্বল করে দিত কেননা যাবতীয় অর্থ ও বাস্তব উদ্দেশ্যের জন্য প্রদেশগুলোর উপর বিশেষ করে পূর্ব বাংলার উপর নির্ভরশীল হয়ে পড়তো। এবং শেখ মুজিবুর রহমান বারবার বলেছেন যে সামরিক বাহিনীর আকাশচুম্বী উচ্চাকাঙ্ক্ষা খর্ব করবেন যাতে তাঁরা রাজনীতির ক্ষেত্রে আর কখনো নাক গলাতে না পারেন।

সে কারণে ইয়াহিয়া খান নিজস্ব সিদ্ধান্ত নিলেন, আওয়ামী লীগ যতদিন তাদের খসড়া সংবিধানের নমুনা তাদের কাছে পেশ না করবে ততদিন পরিষদের অধিবেশন বসবে না। এটা অনুমান নয়, প্রেসিডেন্ট ইয়াহিয়ার পরবর্তী কাজের মধ্য দিয়েই এ অন্তর্নিহিত ভাব প্রকাশ পেয়েছে।

ইয়াহিয়া খান যদি তাঁর সিদ্ধান্তের বিকল্পটি গ্রহণ করে জনগণের রায়কে মেনে নিতেন, তাহলে পাকিস্তানের অবস্থা সম্পূর্ণভাবে ভিন্নতর হতো। তাহলে দেশে নির্বাচনোত্তর রাজনৈতিক সংকট থাকতোনা। বা কখনোই দেখা দিত না। দেশ অবশ্যম্ভাবীভাবে বিভক্ত হয়ে যেতনা এবং পূর্ব বাংলার ৩০ লক্ষ লোককে মৃত্যুবরণ করতে হতো না। গণরায় মেনে নিলে ৭১ এর জানুয়ারী মাসের মাঝামাঝি সময়ে পরিষদের অধিবেশন বসতো এবং নির্দিষ্ট সময়ে সংবিধান প্রণয়নে খুব একটা বেগ পেতে হতো না।

১৯৭১ সালের গ্রীষ্মকালে কেন্দ্রে ও প্রদেশগুলোতে বেসামরিক সরকার প্রতিষ্ঠা লাভ করতো, পাকিস্তান অগ্রগতির পথে এগিয়ে যেত। ১৯৭০ সালের ডিসেম্বরে নির্বাচনের পরে দেশের সর্বত্র জনগণ এই আশাই করেছিল এবং এটাও অনেকের জানা ছিল, শেখ মুজিবুর রহমান দেশের সকল সামাজিক ও আর্থনীতিক সমস্যার সমাধান দিতে পারতেন না। কিন্তু শেখ মুজিবুর রহমান তা সত্ত্বেও নির্বাচনে জয়লাভ করেছেন। জণগণ তাঁকে এবারের জন্য সুযোগ দিয়েছেন এবং এটা ছিল শেখ মুজিবুর রহমানের অর্জিত অধিকার।

বেশ কয়েকটি আসন বিশেষতঃ রাওয়ালপিন্ডি, করাচী এবং সিন্ধুর কিছু অংশে

www.BanglaBook.org



আওয়ামী লীগ প্রতিদ্বন্দ্বিতা করছিলো। কিন্তু সব কটি নির্বাচনী এলাকায় তারা পরাজিত হয়েছে। ফলস্বরূপ পূর্ব বাংলা থেকে নির্বাচিত ১৬৭ জনকে নিয়েই চলতে হবে। ভূট্টো সাহেবের পাকিস্তান পিপলস পার্টি অনুরূপভাবে পশ্চিম পাকিস্তান থেকে ৮১টি আসন পেয়েছে। পূর্ব পাকিস্তান থেকে ১টি আসনও তাঁর দল পায়নি।

পরিষদের এই কৌতূহলজনক চেহারার মধ্যে শাসকচক্র পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে অশুভ খেলার অপূর্ব সুযোগ খুঁজে পেলেন। অন্য সুযোগটি হলো মৌলানা ভাসানী এবং অন্য কয়েকজনের '৭০ এর ডিসেম্বরের মাঝামাঝি স্বাধীনতার জন্য জিগির তুলে শেখ মুজিবকে অবশ্যম্ভাবীভাবে বক্তব্য রাখতে আহবান জানিয়েছিলেন। এসব ঘটনা শাসকচক্রকে অশুভ তৎপরতা চালানোর পথ সহজ করে দিল।

একথা ছড়িয়ে পড়ল যে দেশের ঐক্য বিপজ্জনক অবস্থায় রয়েছে। কেউ মৌলানা ভাসানীর দাবির জন্য নিন্দা জানালোনা। পরিবর্তে তাঁর বক্তব্য দিয়ে শেখ মুজিব ও তাঁর দলের প্রাদেশিক স্বায়ত্ত শাসনের প্রস্তাবের প্রতি কালিমা লেপন করা হল। একই সময়ে ন্যাশনাল প্রেস ট্রাস্টের সংবাদপত্রগুলো এ ধারণা প্রচারে মেতে উঠলো যে, নির্বাচন দুই দল শাসন ব্যবস্থাকেই নয় (আওয়ামী লীগ এবং পাকিস্তান পিপলস পার্টি) বরং 'দুই পাকিস্তান' সৃষ্টিতে উৎসাহী করছে। বাঙালী উঠতি শক্তির হুমকির বিরুদ্ধে পশ্চিম পাকিস্তানের স্বার্থ রক্ষা করতে পরিষদের অধিবেশন বসার আগেই ভূট্টো-মুজিব একটি গ্রহণযোগ্য সাংবিধানিক সমঝোতা সূত্রের কথা উত্থাপিত হয়।

এই ফাঁদে আটকানোর উদ্দেশ্যপূর্ণ যুক্তি ছিল বাস্তবতার সুস্পষ্ট বিকৃতি। একদিকে ভূট্টো সাহেবের ভাগ্য তারকা যতই উজ্জ্বল হোক সমগ্র পাকিস্তানকে বাদ দিয়ে শুধু পাঞ্জাব ও সিন্ধুর পক্ষে কথা বলতে তিনি পারেন না। পশ্চিম পাকিস্তানে ৪টি প্রদেশ রয়েছে। ভূট্টো সাহেব শুধু পাঞ্জাব ও সিন্ধুর প্রতিনিধিত্ব করছেন, সমগ্র দেশের নয়। উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে তাঁর সমর্থক নগণ্য এবং বেলুচিস্তানে তাঁর একেবারেই প্রতিনিধিত্ব নেই। পাঠান ও বেলুচিস্তানের ন্যাপজেপী নেতৃবৃন্দ শেখ মুজিবের ভাগ্যের সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন।

একটি রাজনৈতিক গ্রুপ যাঁরা সিন্ধু ও পাঞ্জাবে ভূট্টো সাহেবের বিরোধী তারাও শেখ মুজিবের গতিপথে আসতে শুরু করেছিলেন। পশ্চিম পাকিস্তানের এ সমর্থন ও পূর্ব বাংলায় নিরঙ্কুশ সমর্থনের বলে শেখ মুজিবুর রহমান ছয় দফা ভিত্তিক সংবিধান দেয়ার ন্যায়সংগত দাবি করার ক্ষমতা রাখতেন যা দেশের আপামর জনসাধারণের কাছে গ্রহণযোগ্য হত। দেশের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা হিসাবে তাঁকে ভূট্টো সাহেবের সঙ্গে কোন রকম সমঝোতার আর দরকার হয়না। অতএব পরিষদ অধিবেশনের আগেই ভূট্টো-মুজিব সমঝোতার প্রশ্নই উঠতে পারে না। ভূট্টো সাহেব যেটুকু সুযোগ পেতে পারেন তা হল পরিষদের সংখ্যালঘু বা বিরোধী দলের আসন গ্রহণ।

www.BanglaBook.org



দেশের অখন্ডতা যে হুমকির সম্মুখীন সে সময় এ অভিযোগের সামান্যতম অস্তিত্ব ছিলনা। আমি আগেই বলেছি, মৌলানা ভাসানী এবং তাঁর তৎকালীন অনুচর সহকর্মীরা যারা স্বাধীনতার ধুঁয়া তুলে শেখ মুজিবের আত্মজাহির প্রবণতাকে বাড়িয়ে দেবার চেষ্টা চালাচ্ছিল কিন্তু তাদের এসব বক্তব্য রাজনৈতিক অরণ্যে রোদনই হয়েছে। নির্বাচনের পর তাঁরা নিজেদের ছাড়া অন্য কারোর প্রতিনিধিত্ব করতে পারেননি। পূর্ব বাংলার আওয়ামী লীগ নির্বাচনে বিজয় লাভ করে স্বায়ত্তশাসনের দাবি করলেন—স্বাধীনতার নয়। উল্লেখ করার মতো ব্যাপার এই যে, নির্বাচনের সময় বা আগে এমন কি বিজয়ের পরেও একবারও শেখ মুজিব স্বাধীনতার আহবান জানাননি। পাকিস্তান সরকার ৫ আগষ্ট ১৯৭১ তারিখে প্রকাশিত শ্বেতপত্রে এ সত্যের অবতারণা করেছে। ৪নং পাতায় এটা বলা হয়েছে ঃ জনসমক্ষে আওয়ামী লীগের ছয় দফা কর্মসূচীর ঘোষণায় পাকিস্তানের সার্বভৌম কাঠামোর কোন পরিবর্তনের বা সংকোচনের দাবি ছিল না।

১নং দাবিতে বলা হয়েছে যে, "সংসদীয় ও যুক্তরাষ্ট্রীয় সরকার থাকবে" শেখ মুজিবুর রহমান নির্বাচনী প্রচারণায় বহুবার দৃঢ়ভাবে বলেছেন যে, তিনি প্রাদেশিক স্বায়ত্তশাসন চান, দেশের অখন্ডতা এবং ইসলামী বৈশিষ্ট্য ক্ষতিগ্রস্ত করতে চাননা। ১৯৭০ সনের ২১ ফেব্রুয়ারী, নারায়ণগঞ্জে এক জনসভায় শেখ মুজিব বলেন, "ছয় দফার প্রোগ্রাম আদায় হবে এবং সে সঙ্গে দেশের অখন্ডতা ও ইসলাম ক্ষতিগ্রস্ত হবে না। ২৪ সেপ্টেম্বর ১৯৭০ ঢাকায় এক জনসভায় তিনি "নির্বাচনকে প্রাদেশিক স্বায়ত্তশাসনের প্রশ্নে গণভোট বলে চিহ্নিত করেন। সিলেটে অন্য এক জনসভায় ৬ নভেম্বর ১৯৭০ তারিখে তিনি বলেন যে, আওয়ামী লীগের ছয় দফা প্রোগ্রাম "কেবল সংবিধানের আঞ্চলিক স্বায়ত্তশাসনের অধিকার নিশ্চিত করে পূর্ব বাংলার স্বার্থ রক্ষা করাই।" আওয়ামী লীগের অন্যান্য নেতৃবৃন্দ একই বক্তব্যের প্রতিধ্বনি তুলেছিলেন।

এ সবে প্রতীয়মান হয় যে, পাকিস্তান সরকার রাজনৈতিক অগ্রগতি সতর্কতার সঙ্গে লক্ষ্য করেও জেনেছে যে আওয়ামী লীগের নীতি দেশের সংহতির জন্য হুমকি ছিলনা, এ ধরনের আশংকা করারও কোন ভিত্তি ছিলনা যে পূর্ব বাংলা পশ্চিম পাকিস্তানের উপর আধিপত্য বিস্তার বা অগ্রগতিতে বাধা সৃষ্টি করবে। তথাপি এ ইয়াহিয়া খানের এ ধরনের কোন ইচ্ছা ছিল না। তাঁর সিদ্ধান্ত ছিল শেখ মুজিবুর রহমানের পতন। কৌশল হিসাবে পরিষদ বসার আগে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে সাংবিধানিক সমস্যা নিয়ে বিরোধ সৃষ্টি করা যা আগের মতই রাজনৈতিক মতভেদকে বাড়িয়ে দেবে। প্রেসিডেন্ট উদ্দেশ্য সাধনের জন্য সহজ অস্ত্র ও সুবিধাজনক পরিস্থিতি উভয় দেখতে পেলেন। প্রথমটি ছিল জুলফিকার আলী ভূট্টোর ক্ষমতার আকাঙ্ক্ষা। তাকে শেখ মুজিবুর রহমানের বিরুদ্ধে বিশেষ কৌশলে ব্যবহার করা

BanglaBook.org

www.BanglaBook.org



যাবে। আর দ্বিতীয়টি হলো পরিষদের আকার প্রকার। সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ পশ্চিম পাকিস্তানে দুটি অনিষ্টকর মনগড়া যুক্তিকেই বক্তব্যে এবং নিয়ন্ত্রিত সংবাদ মাধ্যমে প্রচার করা হচ্ছিল এবং সরকারীভাবে সরকারের পক্ষ থেকে ইয়াহিয়া খান নিজে শেখ মুজিবকে নির্বাচনের পরে ১৯৭১ সালের জানুয়ারীর মাঝামাঝি তাদের প্রথম সাক্ষাৎকারে প্রশ্ন রেখেছিলেন যে "পাকিস্তান পিপলস পার্টির সঙ্গে একটা সমঝোতায় আসুন।" স্পষ্টতঃই নির্বাচনের ফলাফল এড়িয়ে গিয়ে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে দ্বন্দ্বের পট সৃষ্টির প্রস্তুতি চলছিল। আমি আগেই বলেছি এসবের উদ্দেশ্য ছিল একটি রাজনৈতিক জটিলতা সৃষ্টি করা যা প্রেসিডেন্টকে সংবিধানের প্রশ্নে আরেকবার প্রতারণা করার সুযোগ দেয়। যাতে তিনি তাঁর আধিপত্য ও সামরিক প্রাতিষ্ঠানিক স্বার্থ রক্ষা সুনিশ্চিত করতে পারেন। তা'ছাড়া পূর্ব ও পশিচম পাকিস্তানের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টির অন্য কোন অজুহাত ছিল না।

আমি পরে দেখাব যে, দেশের ঐক্য অবশ্যম্ভাবীরূপে ক্ষতিগ্রস্ত হওয়া সত্ত্বেও কিভাবে এই দ্বন্দ্ব বাড়ানো হচ্ছিল। প্রেসিডেন্টের বেসরকারী সাংবিধানিক উপদেষ্টা অধ্যাপক জি, ডব্লিউ চৌধুরী লন্ডনের বক্তৃতায় এ অভিপ্রায় প্রকাশ না পেলেও কিন্তু লক্ষণে তার যথেষ্ট আলামত ছিল যে, পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে দ্বন্দ্ব ঘটেছে।' ফলস্বরূপ রাষ্ট্রের ভরাডুবি ঘটেছে। এজন্য আওয়ামী লীগ নয়, ইয়াহিয়া খানই উভয় পরিস্থিতির জন্য দায়ী।

নির্বাচনের পরে প্রেসিডেন্ট পর্দার অন্তরালে থেকে সুকৌশলে ও উদ্যমের সঙ্গে চাল দিতে থাকেন। কিন্তু জনসমক্ষে তিনি কিছুই করেননি, এমন কি বহু আকাঙ্ক্ষিত জাতীয় পরিষদের অধিবেশন বৈঠকের তারিখ পর্যন্ত তিনি নির্ধারণ করেননি।

সারা ডিসেম্বর মাস এবং ১৯৭১ সালের প্রথম দশ দিন জনগণ খুব কৌতূহলের সঙ্গে লক্ষ্য করছিলেন যে, ইয়াহিয়া খান দৃশ্যত ক্ষুদে পাখি শিকারীর মত মত্ত রয়েছেন। এজন্য তিনি করাচী, লাহোর, হায়দ্রাবাদ, ভাওয়ালপুর এবং ভুট্টোর আবাসভূমি লারকানা এসব স্থানে সিন্ধি ভূস্বামীদের দ্বারা মহোৎসবে আপ্যায়িত হচ্ছেন। যদিও সংবাদপত্র এবং বিভিন্ন ক্লাব নানা ধরনের অশুভ গুজবে পূর্ণ ছিল। সাধারণ জনগণ মোটেই জানতে পারল না যে প্রেসিডেন্ট একটা বড় খেলার পেছনে ছুটছেন।

ইসলামাবাদের স্টেট ব্যাংক মিলনায়তনে জাতীয় পরিষদের বৈঠক বসার জন্য অক্টোবর-নভেম্বর মাসে কাঠ মিস্ত্রি, বৈদ্যুতিক মিস্ত্রির কাজ এবং আসবাবপত্রের কাজ দ্রুততার সঙ্গে অনেক আগেই শেষ হয়েছে। ঐ চেম্বারে বক্তৃতা বিবৃতি দেয়ার জন্য আধুনিক সকল সরঞ্জামাদি এবং সে সঙ্গে বাংলা, উর্দু ও ইংরেজীতে তর্জমার ব্যবস্থাও করা হয়েছিল। শুধু একটি জিনিসেরই অভাব ছিল তা হল পরিষদের বৈঠকের জন্য প্রেসিডেন্টের ঘোষণা। আমরা পরে দেখব এই ঘোষণা ১৩ই ফেব্রুয়ারীর আগে

www.BanglaBook.org



ঘোষিত হয়নি। যখন শেখ মুজিবুর রহমান প্রত্যক্ষ সংগ্রামের ডাক দিয়ে সময় সীমা বেঁধে দিয়ে প্রেসিডেন্টকে বাধ্য করে, তার দু'দিন আগে এ ঘোষণা দেয়া হয়।

এ সময়ে প্রেসিডেন্টের প্রধান কাজ হল আঞ্চলিক বিরোধকে বাড়িয়ে দেয়া যাতে ভূট্টোকে প্রধান অস্ত্র হিসাবে ব্যবহার করে মুজিবের অগ্রগতিকে বাধা দেয়া যায়। এ ব্যাপারে ভূট্টোও হাতিয়ার হিসেবে ব্যবহৃত হতে স্বেচ্ছায় আগ্রহ প্রকাশ করলেন।

আমি বহু বছর ধরে ভূট্টো সাহেবকে জানি। তাঁর আকর্ষণীয় রাজনৈতিক সৌভাগ্যের পরিবর্তন খুব কাছে থেকে অতিরিক্ত প্রীতির সঙ্গে জেনেছি। আমি সব সময় চতুর রাজনীতিবিদ হিসেবে তাঁকে দেখেছি। কিন্তু তিনি অতিরিক্তভাবে উচ্চাকাঙ্ক্ষী ও অধৈর্য হয়ে পড়েছেন। রাজনৈতিক স্নায়ুতে প্রাথমিকপর্বে অনিবার্যরূপে তিনি সুবিধাবাদীর অঢেল রঙে নিজেকে রাঙিয়েছেন।

আইয়ুব খানের ব্যক্তিগত উদ্যোগে গঠিত আমলা-সামরিক প্রাতিষ্ঠানিক চক্রকে উৎখাত করতে গণঅভ্যুত্থানকে ভূট্টো সাহেব সাহসের সঙ্গে নেতৃত্ব দিয়েছেন। তারপর আত্মবিরোধী হলেও জনতার সঙ্গে আরেকবার বিশ্বাসঘাতকতা করার জন্য তিনি ইহুদীদের ছাগলের ভূমিকায় নিজেকে ব্যবহৃত হতে এগিয়ে গিয়েছিলেন। তার মধ্যে মহত্ত্বের উপাদান ছিল। সুবিধাবাদই তাঁর ভরাডুবি ঘটিয়েছে। এর জন্য তাঁকে শাস্তি পেতে হচ্ছে।

নির্বাচনের পরিসংখ্যানে পাঞ্জাবের বিজয় প্রেক্ষিতে তাঁকে তৃপ্তি দিয়েছে। কিন্তু আওয়ামী লীগের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতার স্রোতের মুখে ভূট্টো সাহেব অসহায় বোধ করলেন। তিনি বুঝলেন যে ঘটনার স্বাভাবিক নিয়মে তিনি বড় জোর পাঞ্জাব ও প্রাদেশিক প্রশাসনের নিয়ন্ত্রণ পেতে পারেন। কিন্তু কেন্দ্রে এবং জাতীয় পরিষদে তাঁর ভূমিকা হবে সামান্য। সম্ভবতঃ বিরোধী দলের নেতার ভূমিকা পালন করতে হবে। এটা এমন জিনিস যা তিনি কখনো হজম করতে পারবেন না। আন্তর্জাতিক ক্ষেত্রে পাকিস্তানের প্রধান হিসেবে তিনি নাসেরের মত তাঁর ভূমিকা মনশ্চক্ষে দেখতেন।

ভূট্টো সাহেব সভামঞ্চে দাঁড়িয়ে যে গণতান্ত্রিক অনুশীলনের পক্ষে বক্তব্য রাখেন— তিনি যদি বিশ্বস্ততার সঙ্গে তা মেনে চলতেন তা'হলে এক সময়ে তিনি তাঁর কামনা পূর্ণ করতে পারতেন। শেখ মুজিবুর রহমান অবশেষে সব সমস্যার সমাধান করতে পারতেন না। প্রধানমন্ত্রী হিসেবে শেখ মুজিব বিরোধী দলের সমালোচনার শিকার হয়ে পড়তেন। তখন ভূট্টো তার বিপ্লবী আর্থনীতিক কর্মসূচী নিয়ে অগ্রসর হতে পারতেন। কিন্তু অপেক্ষা করার মতো ধৈর্য তাঁর ছিল না।

ভূট্টো সাহেব চতুরতার সঙ্গে উপলব্ধি করলেন, যে তাঁর ব্যক্তিস্বার্থের সঙ্গে সামরিকচক্রের স্বার্থের মিল রয়েছে। সুতরাং তিনি যদি হাতের তাস ঠিক মত চালতে

www.BanglaBook.org



পারেন তা হলে দেশের শীর্ষপদ তীরবিদ্ধ করতে পারবেন। আমি নির্দ্বিধায় ধরে নিতে পারি যে ভূট্টো সাহেব শুরু থেকেই ইয়াহিয়ার সব কৌশল জানতেন। তিনি এই ভ্রান্ত ধারণা পোষণ করতেন যে, এইসব কিছু তিনি তাঁর স্বার্থে লাগাবেন এবং অবশেষে প্রেসিডেন্টকে পর্যুদস্ত করতে পারবেন। অতিরিক্ত আত্মবিশ্বাস কিংবা নিজের সম্পর্কে অতিশয় গুরুত্ব দানের জন্য ভূট্টো সাহেব বুঝতে প্যারেননি যে শেখ মুজিবুর রহমানের পতন ঘটাবার জন্য গণতান্ত্রিক প্রক্রিয়াকে যেভাবে প্রতারণা করতে হচ্ছে তা একজন নির্বাচিত প্রতিনিধি হিসেবে তার মর্যাদাকেও ক্ষুণ্ন করবে এবং প্রেসিডেন্টের কুমতলব হাসিল হলে তিনি আর ভূট্টোকে ব্যবহার করবেন না।

ঘটনা যাই হোক, নির্বাচনের পর ভূট্টো অতি বেশী উৎসাহী হয়ে পড়লেন এবং বিরাট একটা কিছু হওয়ার স্বপ্নে তখন তাঁর মন বিভোর ছিল, বৈধভাবে শেখ মুজিবুর রহমানের মনে যে স্বপ্ন থাকতে পারত সম্ভবতঃ তার চেয়েও বেশী। এ হেন অবস্থায় আওয়ামী লীগ নেতা প্রথমবারের মত ভূটোর সঙ্গে আলোচনায় বসলেন। যিনি শেখ মুজিবের বাণী ভূট্টো সাহেবের জন্য বয়ে নিয়ে গেছেন তিনি আমাকে প্রথম বারের মতো এই ঘটনা বলেছেন, এই বিশেষ দূত ছিলেন লন্ডনস্থ একজন বাঙালী ছাত্র, তিনি ঢাকায় খন্ডকালীন সফরে ছিলেন। তিনি উভয়ের কাছেই খুব পরিচিত। আমি এখানে তাঁর নামের উল্লেখ করিনি। এটা করিনি শুধু তাঁর নিরাপত্তা ও অনুরোধের কারণে। নির্বাচনের তিন সপ্তাহ পরে তিনি যখন শেখ মুজিবুর রহমানকে ভূট্টো সাহেবের সৌজন্য সাক্ষাতের অভিপ্রায়ের সংবাদ জানালেন, প্রত্যুত্তরে আওয়ামী লীগ প্রধান শেখ মুজিব বলেন, 'ভূট্টো সাহেবকে বলো, তিনি যদি উচ্চ পদ দাবি করেন আমি তা' দিতে প্রস্তুত আছি। তবে তিনি যদি আমার ছয় দফা গ্রহণ করেন।" শেখ মুজিব ভূট্টো সাহেবকে চেয়েছিলেন, তাঁর সঙ্গে হাত মিলিয়ে সামরিকবাহিনীকে রাজনীতি থেকে বের করে সেনাছাউনীতে ফেরত পাঠাতে।

শেখ মুজিবের বাণী যথারীতি করাচীতে বয়ে নেয়া হল। ভূট্টো সাহেব লারকানা থেকে সবে তখন ফিরেছেন এবং তাঁর ক্লিফটনের মনোরম বাসভবন যথারীতি গুলজার করছিলেন। সেখানে মোসাহেব ও বন্ধুদের ভীড়, সে সঙ্গে নবনির্বাচিত উভয় পরিষদের ক'জন সদস্যও রয়েছেন। ভূট্টো সাহেবের খাস মহলে বাঙালী ছাত্র নেতাকে আমন্ত্রণ করা হল। সেখানে তিনি এক গ্লাস হুইস্কি পানের ফাঁকে গোপনে তাঁর দূতালিবাণী পৌঁছে দিবেন।

ভূট্টো সাহেব ভাবাবিষ্ট হলেন, তিনি স্বার্থ জড়িত দুটি বড় চোখের ঔৎসুক্যের চাহনি দিয়ে জিজ্ঞেস করলেন, সত্যি কি তিনি (শেখ মুজিব) একথা বলেছেন? যখন বার্তা সত্য বলে জানলে, ভূট্টো সাহেব তাঁর শুক্রবারের বিশেষ সহচর বাবুকে সরাসরি আলাপের জন্য শেখ মুজিবের টেলিফোনে সংযোগ দিতে বললেন। কিন্তু আওয়ামী

www.BanglaBook.org



লীগ নেতাকে বাসায় ও পার্টি অফিসে টেলিফোনে পাওয়া গেল না। ভূট্টো সাহেব দমে গেলেন না। তিনি বললেন আমার বার্তাবাহক শেখ সাহেবের কাছে যাচ্ছেন, "তাঁকে বলবেন, আমি ক'টা উপনির্বাচন নিয়ে ব্যস্ত রয়েছি। এখন সাক্ষাৎ করতে পারছি না। কিন্তু আমি মোস্তফা খারকে তার সঙ্গে সাক্ষাত করতে পাঠাচ্ছি। আমি ব্যক্তিগতভাবে ছয় দফার বিরোধী নই, তবে আমার সঙ্গে আমার পার্টিকেও নিতে হবে।"

এই বার্তা পর দিনই টেলিফোনে শেখ মুজিবকে জানিয়ে দেয়া হয়। একদিন পরে ভূট্টো সাহেবের ব্যক্তিগত প্রতিনিধি মোস্তফা খার ঢাকায় আওয়ামী লীগ প্রধানের কাছে অভিনন্দন বার্তা পৌঁছে দিলেন।

এ ঘটনা থেকে কিছু এসে যায় না, তবু এ ধরনের রোমন্থন সে সময়ের পাকিস্তানের রাজনৈতিক অভ্যন্তরীণ রহস্যময় অবস্থার ইঙ্গিত পাওয়া যাবে। ভূট্টো সাহেব তখন ক্ষমতার শীর্ষ পদ দখলের চিন্তায় বুঁদ হয়ে আছেন, তিনি আগ্রহের সঙ্গে একজনের প্রস্তাবে প্রলোভিত হলেন, কেননা ব্যক্তিটি পরিষদে তাঁর সব পাওয়ার সুযোগ করে দিতে পারেন। এ তথ্য থেকে ব্যাখ্যা দেয়া যায় যে, ভূট্টো সাহেবের পরবর্তীকালে জেনারেল ইয়াহিয়া খানের প্রতি ঝুঁকে পড়ার কারণ, যখন তিনি দেখলেন প্রেসিডেন্ট কোনক্রমেই শেখ মুজিবকে তারপক্ষে চলতে দিতে দৃঢ়ভাবে নারাজ। কিন্তু শেখ মুজিব কি আন্তরিকভাবে সচেতন ছিলেন? না কি তিনি দানা ছড়াচ্ছিলেন? (দানা অর্থ খাদ্য শস্য, এখানে সিন্ধু ও পাঞ্জাবের ছেঁদো রাজনীতিবিদের ফাঁদে ফেলতে ব্যবহৃত হয়ে থাকে)।

শেখ মুজিবের সঙ্গে দীর্ঘদিনের বন্ধুত্ব এবং তাঁর মানসিকতার উৎকর্ষ সম্বন্ধে খুব কাছ থেকে জানার অভিজ্ঞতা আমাকে তাঁর আন্তরিকতা সম্বন্ধে নিশ্চিত করেছে। এটা স্মরণে রাখা প্রয়োজন যে আওয়ামী লীগের প্রাদেশিক স্বায়ত্বশাসন দৃশ্যতঃ প্রধানমন্ত্রী পদের গুরুত্ব হ্রাস করেছে। শেখ মুজিব নিজেই বলেছেন যে, তিনি ঐ পদের জন্য উদ্বাহু নন বরং তিনি নিজ প্রদেশের উন্নতির জন্য সর্বশক্তি নিয়োগ করবেন।

অন্যটি আওয়ামী লীগ নেতৃবৃন্দ দলীয় গণতন্ত্র ও ছয় দফা কর্মসূচী ভিত্তিক সংবিধান প্রণয়নের প্রশ্নে সরকার অনুমান করছে পূর্বেই ব্যর্থ করে দেবে এ বেদনাদায়ক পরিস্থিতি সম্বন্ধে সচেতন ছিলেন। পূর্ব বাংলায় ও পরিষদে অনবদ্য অবস্থান সম্পর্কে আত্মপ্রত্যয়ী ছিলেন শেখ মুজিব। তিনি যথার্থ দূরদৃষ্টি দিয়ে উপলব্ধি করেছিলেন যে কি ভাবে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের দ্বন্দ্ব তাঁর কাছে অসুবিধা সৃষ্টি'র জন্য ব্যবহৃত হতে পারে। ভূট্টো সাহেবের সঙ্গে হাত মিলিয়ে তিনি জেনারেলদের দিকে চাল ঘুরিয়ে দিয়ে থাকবেন। এ হেন পরিস্থিতিতে প্রেসিডেন্ট দেশের গণতান্ত্রিক পদ্ধতি ব্যর্থ করে দিলেন, জনগণ ও সামরিক শাসকচক্রের মধ্যে সরাসরি লড়াই বেঁধে

www.BanglaBook.org



যাবে। এটা আইয়ুব খানের পতনের সময় গণ-অভ্যুত্থানের মতো তীব্র হতে পারে এবং পরিসমাপ্তিও একই রকম হবে।

এইসব পরিস্থিতিতে, ভূট্টো সাহেবকে উচ্চ পদের প্রস্তাব ছিল সুচিন্তিত প্রথম চাল এবং এ জন্য সামান্য মূল্য দিয়ে সামরিক বাহিনীকে রাজনীতি থেকে বিদায় দিয়ে ব্যারাকে ফিরিয়ে দেয়া। এটা প্রচেষ্টার জন্য ব্যর্থ হয়নি। ইয়াহিয়া খানের নির্বাচনোত্তর প্রহসনের এক ধাপ অগ্রগতির কারণেই তা হয়েছে। তাছাড়া ভূট্টো সাহেবের মনে প্রেসিডেন্টের সামরিক বাহিনীর পৃষ্ঠপোষকতা ও নিয়ন্ত্রণের প্রভাবের জন্যই তা ব্যর্থ হয়েছে।

১৩ জানুয়ারী নির্বাচনের ঠিক ছয় সপ্তাহ পরে ইয়াহিয়া খান বহু বিস্তৃত শিকার ত্যাগ করলেন এবং জাতীয় পরিষদের সংখ্যাগরিষ্ঠ দলের নেতৃবৃন্দের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে বসলেন। প্রেসিডেন্ট অবশ্য আগেই লারকানায় ভূট্টো সাহেবের সঙ্গে আলোচনা সেরেছেন। এটাকে বর্ণনা করা হয়েছে আকস্মিকভাবে মত বিনিময়ের আলোচনা, কেননা প্রেসিডেন্ট তখন ঐ এলাকায় সফরে ছিলেন। কিন্তু যতই এটা নৈমিত্তিক বলে চালান হোক না কেন আওয়ামী লীগের এটা দৃষ্টি এড়িয়ে যায়নি।

সংবিধান প্রণয়নের জন্য জাতীয় পরিষদের শীঘ্র অধিবেশনের আহবান জানিয়ে বারবার শেখ মুজিবুর রহমান ব্যর্থ হচ্ছিলেন। শেখ মুজিব নিজের অবস্থান দৃঢ় করার জন্য আওয়ামী লীগ সদস্যদের দলীয় গঠনতান্ত্রিক ছয় দফা কর্মসূচীর প্রতি অবিচল আনুগত্য প্রকাশের কারণে জনসমক্ষে শপথ গ্রহণ করালেন। এ ঘটনা পশ্চিম পাকিস্তানে দুঃখজনক প্ররোচনা হিসাবে গৃহীত হল। এই সব জটিল বিষয়গুলি আরো ত্বরান্বিত হল পশ্চিম পাকিস্তানের কতিপয় সংবাদপত্রে শেখ মুজিবুর রহমান ইয়াহিয়া খানের সঙ্গে সাক্ষাত করছেন না এই সংবাদ প্রকাশের ফলে। কিন্তু তিনি তার বাসভবনের নির্ধারিত বৈঠক করতে চেষ্টা করছেন বলে সংবাদ প্রচারিত হল। এ ধরনের বানোয়াটি গুজব যা দ্বন্দ্ব বৃদ্ধির কৌশল হিসেবে চালান হচ্ছিল। এটা এমন এক পর্যায়ে পৌঁছলে শেখ মুজিব জনসমক্ষে তা অস্বীকার করতে বাধ্য হলেন। আওয়ামী লীগ প্রধান স্পষ্ট করে জানালেন প্রেসিডেন্ট যখন ঢাকায় সফরে আসবেন তখন তাঁকে সাদর অভ্যর্থনা জানানো হবে, শুধু তাই নয় তিনি স্বয়ং দ্বিধাহীনভাবে জেনারেল ইয়াহিয়া খানের সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হবেন।

এতকিছু ঘটে যাওয়ার পরেও প্রেসিডেন্ট ও আওয়ামী লীগ প্রধানের মধ্যে বৈঠক কোনরূপ মনোমালিন্য ছাড়াই আন্তরিক পরিবেশে সমাপ্ত হয়। সংবিধান সম্বন্ধে তার ধারণার বিশদ আলোচনা না করেও শেখ মুজিবুর রহমান প্রস্তাবিত প্রাদেশিক স্বায়ত্তশাসনের কাঠামোতে সামরিক বাহিনীর অবস্থান সম্বন্ধে প্রেসিডেন্টের কতগুলো ভুল ধারণা দূর করতে চেষ্টা নিয়েছিলেন। আমি জানি যে শেখ মুজিব ইয়াহিয়া

www.BanglaBook.org



খানকে আগামী দু'বছরের সামরিক বাজেট অপরিবর্তিত থাকবে মর্মে আশ্বাস দিয়েছিলেন।

এই সাক্ষাতের বর্ণনা দিতে গিয়ে ১৭ই এপ্রিল ১৯৭১ এক সাংবাদিক সম্মেলনে আওয়ামী লীগ প্রধানের একান্ত বিশ্বস্ত সহচর এবং বিপ্লবী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ বলেনঃ "জেনারেল ইয়াহিয়া খান আওয়ামী লীগের গৃহীত কর্মসূচী শপথনামার অনুসন্ধান ও পরীক্ষা করে দেখেছেন এবং এ সবের নিহিতার্থ সম্বন্ধে অবগত থেকেই আশ্বস্ত হয়েছেন। কিন্তু আশার বৈপরীত্যে, ইয়াহিয়া খান সংবিধান সংক্রান্ত তাঁর ধারণা কখনই প্রকাশ করেননি। জেনারেল ইয়াহিয়া খান এমন হাবভাব দেখালেন যে ছয় দফায় আপত্তিজনক কিছু দেখতে পাননি, কিন্তু পশ্চিম পাকিস্তানের পিপলস পার্টির সঙ্গে সমঝোতায় আসার জন্য গুরুত্ব আরোপ করেন।

প্রেসিডেন্ট রাওয়ালপিন্ডির উদ্দেশ্যে ঢাকা ত্যাগের পূর্বে সাংবাদিকদের সঙ্গে আনুষ্ঠানিক কথাবার্তায় শেখ মুজিবকে দেশের ভাবী প্রধানমন্ত্রী বললেন। বাঙালীরা এতে উৎফুল্ল ও বিস্মিত হলো।

প্রেসিডেন্ট কি আন্তরিক ছিলেন? এতে আমার সন্দেহ রয়েছে। যদি তা হতেন প্রেসিডেন্ট তাহলে শেখ মুজিবের ১৫ ফেব্রুয়ারি থেকে জাতীয় পরিষদের অধিবেশন বসার দাবি মেনে নিতে ততটা আপত্তি করতেন না। পক্ষান্তরে, ইয়াহিয়া খান কখন জাতীয় পরিষদ বসবে তার কোনো ইঙ্গিত দিলেন না বরং ভুট্টোর পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) সঙ্গে সমঝোতায় আসতে চাপ সৃষ্টি করছিলেন। ভুট্টো সাহেবকে আগে থেকেই শিখিয়ে পড়িয়ে তৈরি রেখেছিলেন। এ ঘটনা পূর্ব ও পশ্চিম অঞ্চলের মধ্যের বিরোধকে ফাঁদ হিসেবে ব্যবহৃত হলো।

২৭ জানুয়ারি ১৯৭১ ভুট্টো সাহেব যখন দলের লোক লস্কর ও উপদেষ্টাদের নিয়ে ঢাকা পৌছলেন তখন তাঁর মনোভাবের অনেক পরিবর্তন হয়েছে। ডিসেম্বরের শেষের দিকে শেখ মুজিবের বার্তা পেয়ে যতটা আগ্রহের ভাব দেখা দিয়েছিল এখন তা নেই। যদিও ভুট্টো আওয়ামী লীগ প্রধানের সঙ্গে আধ ঘন্টা অন্তরঙ্গ একান্ত বৈঠক করেছেন কিন্তু তাতে সেনাবাহিনীর বিরুদ্ধে শেখ মুজিবের সঙ্গে হাত মেলানোর কোন লক্ষণই ভুট্টো পরিষ্কার করে দেখাননি। পরন্তু ছয় দফা গঠনতন্ত্রের তিনি ব্যাখ্যা চেয়েছেন। তাঁর মনোভাব সর্বতোভাবে শেখ মুজিবের জন্য হতাশাজনক ও হতবুদ্ধিকর ছিল। তাজউদ্দিন সাহেব এ সম্বন্ধে যে ব্যাখ্যা দিয়েছেন তা নিম্নরূপ :

"ইয়াহিয়ার মতো ভুট্টো সাহেবও সংবিধানের গঠন সম্বন্ধে কোন বাস্তব প্রস্তাবনা দিতে পারেননি। তিনি এবং তাঁর উপদেষ্টারা প্রধানতঃ ছয় দফার তাৎপর্য নিয়ে আলোচনাতেই উৎসাহী ছিলেন। যেহেতু তাঁদের অভিব্যক্তিই ছিল নেতিবাচক এবং

www.BanglaBook.org



তাঁদের নিজস্ব কোন যুক্তিও এখানে দাঁড় করাননি সে কারণে দুটি দলের মধ্যে কোন আন্তরিক সমঝোতা সৃষ্টিতে বা উভয় দলের মধ্যে বিদ্যমান শূন্যতা পূরণে আলোচনার কোন সম্ভাব্য অগ্রগতি হয়নি। এ থেকে বোঝা যায় যে ভুট্টো সাহেবের তখন নিজের কোন আনুষ্ঠানিক অবস্থান ছিল না যা দিয়ে তিনি সমঝোতার আলোচনা চালিয়ে যেতে পারতেন।

তাজউদ্দিন আহমদ সাহেবের উপসংহারে আমি একমত হতে পারছি না। ভুট্টো অতটা বোকা ছিলেন না। তিনি কী চাইছেন সে সম্বন্ধে তাঁর কোন নির্দিষ্ট ধারণা নেই এটা ঠিক নয়। আসলে বিষয়টি দাঁড়াল এই, ইয়াহিয়া খান ও ভুট্টো চক্র শেখ মুজিবকে অবরোধ করার জন্য আগে থেকে গাঁটছড়া বেঁধে রেখেছেন। আওয়ামী লীগের কাছে অকালে দাবি তুলে তাঁরা তাঁদের অভিসন্ধি ফাঁস করে দিতে চাননি। সেটা পরে আসবে। তখনকার মতো আলোচনার গতি রক্ষা করে জনগণ ও আওয়ামী লীগ উভয়কে প্রতারণা করাই যথেষ্ট ছিল। এবং আগামীতে অভিযোগ উপস্থাপনের ভিত্তি প্রস্তুত করা হচ্ছিল। এই ঘোর দৌরাত্ম্যপূর্ণ প্রহসনের প্রথম পদক্ষেপ হল প্রেসিডেন্টের শেখ মুজিবের সঙ্গে সাক্ষাৎকার আর দ্বিতীয়টি হলো ঢাকায় দুই সপ্তাহ পরে ভুট্টো শেখ মুজিবের আলোচনা।

অন্যান্য পদক্ষেপের পর্যায়ক্রম নিদারুণভাবে বিস্ময়কর ঃ ২৯ শে জানুয়ারী ঃ ভুট্টো সাহেব শেখ মুজিবুর রহমানের সঙ্গে আলোচনা অমীমাংসিত রেখে ঢাকা ত্যাগ করলেন। তিনি যাওয়ার সময় ঐকমত্য প্রকাশ করেন যে আলোচনার দরজা প্রশস্তভাবেই খোলা রয়েছে, তিনি আবার আলোচনার জন্য আসবেন। কিংবা আলোচ্য বিষয়গুলি পরিষদের লবিতে বা কমিটিগুলিতে উত্থাপিত হবে।

১১ই ফেব্রুয়ারী ঃ মুলতানে দু'দিন ব্যাপী দলীয় প্রতিনিধিদের সভার পর ভুট্টো সাহেব সাংবাদিকদের বলেন যে, পি পি পি'র খসড়া সংবিধানের কাজ শেষ পর্যায়ে এসে পৌঁছেছে।

১২ই ফেব্রুয়ারী ঃ ভুট্টো রাওয়ালপিন্ডিতে গিয়ে ইয়াহিয়া খানের সঙ্গে দীর্ঘ আলোচনায় মিলিত হলেন এবং খসড়া সংবিধানের বিষয়ে তাঁর মতের আপেক্ষিক পরিবর্তন হলো।

১৩ই ফেব্রুয়ারী ঃ ইয়াহিয়া খান ঘোষণা করলেন যে জাতীয় পরিষদের অধিবেশন ঢাকায় ৩রা মার্চ বসবে। ভুট্টো পেশোয়ার ফিরে গেলেন। ঐ রাতেই এক ককটেল পার্টিতে ভুট্টো সাহেব গ্লাস হাতে হঠাৎ যে কথা বললেন তাতে সবাই বিদ্যুৎ ঝলকের মতো চমকে উঠলেন।

"ভুট্টো আরেকবার ঘোড়ার জিনে পা রেখেছেন ক্ষমতাসীনেরাও তাই চায়। মুজিবকে বার করে দেয়া হয়েছে। আমিই হবো প্রধানমন্ত্রী।"

BanglaBook.org

www.BanglaBook.org



১৪ই ফেব্রুয়ারী ঃ ন্যাশনাল আওয়ামী পার্টির প্রধান ওয়ালী খানের সঙ্গে ভূট্টো সাহেবের দীর্ঘক্ষণ আলোচনা হয়েছে। ভূট্টো সাহেব চাচ্ছেন, শেখ মুজিবুর রহমানকে বিরোধিতা করতে, ওয়ালী খান সাহেব তার সঙ্গে হাত মেলান। যখন ওয়ালী খান প্রস্তাব প্রত্যাখান করলেন, ভূট্টো সাহেব সঙ্গোপনে তাঁকে বললেন, "আমার দলও জানে না যে আমি ঢাকায় জাতীয় পরিষদ অধিবেশনে যাচ্ছি না।

১৫ই ফেব্রুয়ারি ঃ পেশোয়ারে এক সাংবাদিক সম্মেলনে ভুট্টো সাহেব বলেন যে তিনি ঢাকায় পরিষদ অধিবেশন বয়কট করবেন যদি না পশ্চিম পাকিস্তানের স্বার্থ সংরক্ষণে সংবিধানের রূপরেখায় শেখ মুজিবুর রহমানের সঙ্গে পূর্বাহ্নে ঐকমত্যে পৌঁছানো যায়। ভূট্টো সাহেব হুমকি দেন, 'পশ্চিম পাকিস্তান থেকে কোন সদস্য পরিষদে যোগদানের চেষ্টা করলে 'পা ভেঙ্গে দেয়া হবে।'

২১শে ফেব্রুয়ারী ঃ ইয়াহিয়া খান তাঁর অসামরিক মন্ত্রিসভা বাতিল করেন এবং রাওয়ালপিন্ডিতে সামরিক গভর্ণর ও সামরিক আইন প্রশাসকদের একটি বৈঠকে সভাপতিত্ব করেন। যদিও কোন সরকারী ঘোষণা দেয়া হয়নি, শহর গুজবে পূর্ণ ছিল, কেউ বলছে পরিবর্তন আসন্ন, অন্যরা এমনও বললেন, প্রেসিডেন্ট রাজনৈতিক অস্থিরতায় বিব্রত হয়ে জনপ্রতিনিধিত্বশীল সরকারের আন্দোলন স্থগিত রেখেছেন।

২৪-২৮শে ফেব্রুয়ারী ঃ ভূট্টো সাহেবের হুমকি সত্ত্বেও পশ্চিম পাকিস্তান থেকে ন্যূনতম ৩৬ জন পরিষদ সদস্য উদ্বোধনী অধিবেশনে যোগদানের জন্য ঢাকায় আসার টিকিট বুক করেছেন।

২৮শে ফেব্রুয়ারী ঃ ভূট্টো সাহেব জনসমক্ষে পরিষদের অধিবেশন স্থগিত রাখার আহবান জানান।

১লা মার্চ ঃ ইয়াহিয়া খান সংখ্যাগরিষ্ঠ দলের নেতা শেখ মুজিবুর রহমানের সঙ্গে আলোচনা না করেই জাতীয় পরিষদের উদ্বোধনী অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করেন। অজুহাতে বলা হলঃ পূর্ব পশ্চিম পাকিস্তানের দ্বন্দ্ব বা বিরোধ এবং পিপিপি দলের অধিবেশন বয়কট, এসবের কারণ হিসেবে বলা হলঃ "পাকিস্তানে গভীরতম রাজনৈতিক সংকট।"

আমি রাজনৈতিক ঘটনাবলির কাঠামোর প্রধান দিকগুলো পেশ করেছি কেননা এগুলো পরিষ্কারভাবে দুষ্কর্মের ধারাবাহিক সংযোগসমূহ এবং নির্বাচনপূর্ব প্রহসনের নমুনার বিষয়ই প্রকট করে তোলে।

প্রথমত, শাসকচক্র ভূট্টো সাহেবের সক্রিয় সহযোগিতায় সুপরিকল্পিতভাবে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বিরোধ সৃষ্টি করে। তারপর এই বিরোধকে অজুহাত হিসেবে ব্যবহার করে জাতীয় পরিষদের অধিবেশন এবং এর সংবিধান প্রণয়নে বাধা দেয়। এসব করা হয়েছে দুর্বল যুক্তির অজুহাতে এবং সত্যের স্পষ্টতম বিকৃতি ঘটিয়ে।

www.BanglaBook.org



পরিষদের অধিবেশন বর্জনের ঘোষণার সময় ভূট্টো সাহেবকে এ ধারণা দিয়েছিল যে পরিষদ হবে শুধুমাত্র সংবিধান অনুমোদনের জন্য, যা আওয়ামী লীগ আগেই প্রণয়ন করেছে এবং যার কোন শব্দের এক ইঞ্চি সরানো যাবে না। ভূট্টো সাহেব আওয়ামী লীগের খসড়া সংবিধান দেখেননি বা শেখ মুজিবুর রহমান সাহেবের সঙ্গে বিকল্প প্রস্তাবাবলি নিয়ে আলোচনাও করেননি। ১৭দিন আগে যখন তিনি ঢাকা ত্যাগ করলেন তখন এ ধরনের অচলাবস্থার সামান্যতম ইঙ্গিত দেননি। তিনি বিশেষভাবে আভাস দিয়েছিলেন যে তিনি আবার শেখ মুজিবুর রহমানের সঙ্গে আলোচনার ইচ্ছা পোষণ করেন। তিনি আর কোন যোগাযোগ রক্ষা করেননি, সুতরাং কখন অচলাবস্থা সৃষ্টি হল?

শেখ মুজিবুর রহমান আলোচনার জন্য নিজেকে উন্মুক্ত রেখেছিলেন, একটি বিষয়ে তিনি জোর দিতেন তা হল গণতন্ত্রের প্রয়োজনে জাতীয় পরিষদে বির্তকের মাধ্যমে সংবিধান গৃহীত হওয়া প্রয়োজন। পরিষদের বাইরে গোপনশালার সংবিধান প্রণীত হওয়া উচিত নয়। তিনি এ মনোভাব কখনও দেখাননি যে, তিনি শক্তির মাধ্যমে পরিষদকে রাবার ষ্ট্যাম্প হিসাবে ব্যবহার করে সংবিধান পাশ করিয়ে নেবেন। নিশ্চিতভাবে এ কথা তিনি কখনই বলেননি যে আওয়ামী লীগের প্রণীত খসড়া এক ইঞ্চি এদিক বা ওদিক নড়ানো যাবে না? সুতরাং ভূট্টো সাহেবের ধারণা হলো আশ্চর্যজনক। হয়ত তাঁর কৌতূহলোদ্দীপক অতীন্দ্রিয় কল্পমূর্তি রচনা করার ক্ষমতা ছিল যা দিয়ে তিনি অদৃশ্য বস্তু দেখতে পেতেন অথবা তিনি বিশেষ কর্মসূচী নিয়েই ও সব কাজকর্ম করছিলেন। যাহোক তিনি অতিশয় ধীশক্তি সম্পন্ন হবেন, তাই বলে তিনি সুদূরে মন বীক্ষণ করতে পারেন, সে দাবি করতে পারবেন না। সুতরাং যে ধারণা হয়, তা হল তিনি বিশেষ কর্মসূচীর আকর্ষণেই এসব কাজ করতে বাধ্য হয়েছেন। ঘটনার পরম্পরায় তাতেই যুক্তিসঙ্গত সমর্থন মেলে। ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি শেখ মুজিবুর রহমানের প্রত্যক্ষ সংগ্রামের কর্মসূচীই প্রেসিডেন্টকে ১৩ ফেব্রুয়ারীতে জাতীয় পরিষদের অধিবেশনের জন্য একটি তারিখ ঘোষণা করতে বাধ্য করে। এটাও ইঙ্গিতহীন ছিল না, প্রেসিডেন্ট রাওয়ালপিন্ডিতে এক নাগাড়ে ভূট্টো সাহেবের সঙ্গে আলোচনার একদিন পরই ঐ ঘোষণা দেয়া হয়।

ভূট্টো সাহেব মাত্র ৭২ ঘন্টার মধ্যে জনসমক্ষে তাঁর আকস্মিক সম্পূর্ণ মত পরিবর্তন করলেন, তা সহসা ঘটনা সমূহের যুগপৎ সংঘটন ছিল না। ১১ই ফেব্রুয়ারী মুলতানে তিনি পিপিপির খসড়া সংবিধানের চূড়ান্ত পর্যায়ের কথা বলেছেন। ১২ই ফেব্রুয়ারী তিনি রাওয়ালপিন্ডিতে প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেছেন। ১৪ই ফেব্রুয়ারী পেশোয়ারে তিনি পরিষদ অধিবেশন বর্জনের কথা ওয়ালী খান সাহেবকে বলেছেন। ১৩ই ফেব্রুয়ারী ককটেল পার্টিতে শাসকচক্রের সিদ্ধান্ত সম্পর্কে ভূট্টোর হঠকারিতার

www.BanglaBook.org



কথাও ভুলবার নয়। এসমস্ত প্রমাণ থেকে আর মাথা ঘামানো প্রয়োজন হয় না কে কার সঙ্গে এবং কি উদ্দেশ্যে পরিকল্পনা করেছেন।

একই সময়ে শেখ মুজিব কি করছিলেন? নিশ্চয়ই ভূট্টো সাহেব কিংবা খোদ প্রেসিডেন্টের মত তিনি ক্ষতিকর কিছুই করেননি। জানুয়ারী থেকেই বিদেশী পত্রিকার সংবাদদাতা উল্লেখ করছিল যে, আওয়ামী লীগ নেতা কঠোর মনোভাব গ্রহণ করেছেন। এটাকে অপরিহার্যরূপে বর্ণনা করা হয়েছে যে এই বিরক্তিজনক কারণেই পরিষদের অধিবেশন আহবানে বিলম্ব হয়।

ভূট্টো সাহেব পরিষদের অধিবেশন বর্জনের ঘোষণা সত্ত্বেও শেখ মুজিব উত্তেজিত হননি। আমার ধারণায় শেখ মুজিবের একমাত্র ভুল হল, তিনি পশ্চিম পাকিস্তান নির্বাচনোত্তর সফরে যাননি। করাচী, লাহোর ও রাওয়ালপিন্ডিতে যদি তিনি স্বল্পস্থায়ী সফরে বক্তৃতা দিতেন, তাহলে পশ্চিম পাকিস্তানে তিনি অনেক শুভাকাঙ্ক্ষী পেতে পারতেন। তাহলে কায়েমী স্বার্থান্বেষী দলগুলো তাঁর বিরুদ্ধে উদ্দেশ্যমূলক যে প্রচার চালাচ্ছিল তাও ব্যর্থ হত।

ইয়াহিয়া খান পরিষদ অধিবেশন স্থগিত ঘোষণার পক্ষে যে যুক্তি দেখিয়েছিলেন তাও অর্থহীন। ১৯৭১ সালে ১লা মার্চে প্রদত্ত তাঁর বেতার ভাষণে তিনি বলেছেন ঃ

'গত কয়েক সপ্তাহে আমাদের রাজনৈতিক নেতৃবৃন্দের মধ্যে কয়েকটি আলোচনা বৈঠক বাস্তব ক্ষেত্রে অনুষ্ঠিত হয়। কিন্তু আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, যে একটা মতৈক্যে পৌঁছানোর পরিবর্তে আমাদের কোন কোন নেতা কঠোর মনোভাব গ্রহণ করেছেন। এটা হল সবচেয়ে দুঃখজনক পরিস্থিতি। এই পরিস্থিতি জাতির উপর বিষণ্ণতার ছায়া ফেলেছে। পরিস্থিতি সংক্ষেপে হল এই যে, পশ্চিম পাকিস্তানের প্রধান দল পাকিস্তান পিপলস পার্টি এবং আরো কয়েকটি রাজনৈতিক দল এমন মনোভাবের কথা ঘোষণা করেছে যে তাঁরা ৩রা মার্চের ৭১ অনুষ্ঠিতব্য জাতীয় পরিষদের অধিবেশনে উপস্থিত হবেন না। উপরন্তু ভারত কর্তৃক সৃষ্ট সাধারণ উত্তেজনাকর পরিস্থিতি সমগ্র পরিস্থিতিকে আরো জটিল করে তুলেছে। সে কারণে, আমি জাতীয় পরিষদের অধিবেশন পরবর্তী তারিখে আহবানের জন্য মুলতবী রাখার সিদ্ধান্ত নিয়েছি।

এই ভাষণে আরো যুক্তি দেখাতে গিয়ে ইয়াহিয়া খান বলেন, "আমি জেনেছি যে পশ্চিম পাকিস্তানের অনেক প্রতিনিধির অনুপস্থিতিতে যদি ৩রা মার্চ পরিষদের উদ্বোধনী অধিবেশনের কাজে অগ্রসর হই তাহলে পরিষদের সংহতি বিনষ্ট হতে পারে এবং আমার পূর্বঘোষণা অনুযায়ী শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের সকল প্রচেষ্টা ব্যর্থ হয়ে যাবে।"

পাকিস্তানের ইতিহাসের গতি পরিবর্তনকারী রূপে চিহ্নিত এই ভাষণ আসল ঘটনা বর্জনের জন্য এবং তার চেয়েও কৌতূহলোদ্দীপক যুক্তি ও সত্য ঘটনার ডাহা বিকৃতির জন্য বিশেষভাবে উল্লেখযোগ্য।

www.BanglaBook.org



প্রথমত, প্রেসিডেন্ট পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বিরোধ বা দ্বন্দ্বের কথা বলেছেন এবং আওয়ামী লীগের উপর দোষারোপ করেছেন। ভূট্টো সাহেবের সমালোচনা তিনি একেবারেই করেননি।

দ্বিতীয়ত, ভূট্টোর অধিবেশন বর্জনের কারণে পরিষদের সংহতি বিনষ্ট হবে এমন আশংকার পেছনে ইয়াহিয়া খানের কোন যুক্তি ছিলনা। ১লা মার্চ পশ্চিম পাকিস্তানের ৩৬ জন সদস্যসহ পরিষদের দুই তৃতীয়াংশ-এরও অধিক সদস্য সশরীরে ঢাকায় উপস্থিত ছিলেন। উদ্বোধনী অধিবেশনের নির্ধারিত তারিখে আরো কয়েকজন সদস্য পশ্চিম পাকিস্তান থেকে উদ্বোধনী দিন অর্থাৎ ৩রা মার্চের মধ্যে আকাশপথে ঢাকায় আসবেন বলে আশা করা গিয়েছিল।

সব প্রদেশের প্রতিনিধিই ঢাকায় উপস্থিত ছিলেন, এমন কি সিন্ধু এবং পাঞ্জাব থেকেও। সেগুলোর উপর নিয়ন্ত্রণের ক্ষমতা আছে বলে ভূট্টো সাহেব দাবি করেন। কেবল পিপিপি ও কাইয়ুমপন্থী মুসলিম লীগের সদস্যগণই অনুপস্থিত থাকতেন। এমন কি এই দুই দলের সকলেই অনুপস্থিত থাকতেন না, কেননা এই দুটি দলের কয়েকজন সদস্য বিদ্রোহের স্পষ্ট ইঙ্গিত দিয়েছিলেন এবং সম্ভবতঃ শেষ মুহূর্তে তাঁরা ঢাকায় এসে হাজির হতেন।

তৃতীয়ত, প্রেসিডেন্টের যদি সদিচ্ছা থাকতো তাহলে তিনি সামরিক আইন আদেশ বলে সংবিধান প্রণয়নের পথে বল প্রয়োগ, বিশৃংখলা ও প্রতিবন্ধকতা নিষিদ্ধ করে অধিবেশন বর্জনের চেষ্টাকে সহজেই দমন করতে পারতেন। ভূট্টোর ঠ্যাং ভেঙ্গে দেওয়ার হুমকি সামরিক আইন অপরাধের আওতায় পড়ে। যে আইনগত কাঠামো আদেশের বিধানের মধ্যে জাতীয় পরিষদের অধিবেশন বসবে তাতেও পরিষদ বর্জনের হুমকির বিরুদ্ধে আরো প্রতিকারের বিধি ব্যবস্থা ছিল। আইনগত কাঠামো আদেশের ১১ অনুচ্ছেদে অন্যান্য বিষয়ের মধ্যে এটা নির্দিষ্ট ছিল, "স্পীকারের কাছে আবেদন না করে যদি কোন সদস্য পরপর ১৫ দিন পরিষদের অধিবেশনে অনুপস্থিত থাকেন, তাহলে তাঁর আসন শূন্য বলে বিবেচিত হবে।" এবং "যদি কোন সদস্য তাঁর নির্বাচনের পর পরিষদের প্রথম অধিবেশনের সাত দিনের মধ্যে অনুচ্ছেদ ১২ অনুযায়ী শপথ গ্রহণে ও তাতে সম্মতিজ্ঞাপনে ব্যর্থ হন তাহলে তাঁর আসন শূন্য বলে বিবেচিত হবে।"

BanglaBook.org

ভূট্টো যখন তাঁর অধিবেশন বর্জনের কথা ঘোষণা করলেন, তখন জনগণ প্রত্যাশা করেছিলেন যে, সাতদিনের শর্তের নির্দিষ্ট সময়ের কারণে হয় তিনি পরিষদের অধিবেশনে যোগদান করবেন, নতুবা পরিষদের সদস্য পদে খারিজ হতে বাধ্য হবেন। তাৎপর্যপূর্ণভাবে ভূট্টোর এ ব্যাপারে কোন বিবেকের তাড়া ছিল না। তিনি সাংবাদিকদের সংক্ষিপ্ত প্রশ্নোত্তরে বলেন, 'অপেক্ষা করুন এবং দেখুন।' পেছনের

www.BanglaBook.org



দিকে দৃষ্টিপাতে প্রমাণ পাওয়া যায়, সদস্য পদের অযোগ্যতা সম্পর্কে তাঁর ভয়ের কোন কারণই ছিলনা। কারণ প্রেসিডেন্টের সঙ্গে আগেই সে ব্যবস্থা তিনি করে রেখেছেন। প্রেসিডেন্টের অনুরোধেই অধিবেশন বর্জনের হুমকি দেয়া হয়েছিল এবং প্রেসিডন্টও অধিবেশন মুলতবী করে ভূট্টোকে তার প্রতিদান দিয়েছেন। আমি বিশেষ সূত্র থেকে জেনেছি যে প্রকৃতপক্ষে ভূট্টো সাহেব কয়েকজন রাজনীতিবিদদের কাছে পরিষদের অধিবেশন স্থগিত করার কথা ২৪শে ফেব্রুয়ারী '৭১ বলেছিলেন। ভূট্টো প্রেসিডেন্টের অসন্তোষের মুখে তাঁর গৃহীত ব্যবস্থার শিকারে পরিণত হতেন। তিনি জাতীয় পরিষদের তাঁর আসনকে কোনক্রমেই বিপন্ন করে তুলতেন না।

চতুর্থত, অধিবেশন বর্জনের ঘোষণা প্রেসিডেন্টকে মোটেই বিস্মিত করেনি। ভূট্টোর সঙ্গে স্পষ্ট বন্দোবস্তের কথা ছেড়ে দিলেও একথা জানা গেছে যে, প্রেসিডেন্ট ব্যক্তিগতভাবে করাচী, পেশোয়ার ও লাহোরের কয়েকজন মৌলবাদী সদস্যকে পরিষদের অধিবেশনে যোগ দিতে নিষেধ করছিলেন। সে সময় এ সমস্ত ভদ্রলোকের সঙ্গে ঘনিষ্ঠতা আছে এমন একজন বিশিষ্ট রাজনীতিবিদ ব্যক্তিগত শপথ করে আমাকে একথা বলেছেন। ১৭ই এপ্রিলে সাংবাদিকদের কাছে প্রদত্ত তাজউদ্দিন আহমদের বিবৃতিতেও এর দৃঢ় সমর্থন রয়েছে। তিনি বলেছেন, ভূট্টোর হাত শক্ত করবার উদ্দেশ্যে জাতীয় নিরাপত্তা সংস্থার চেয়ারম্যান ইয়াহিয়ার একজন ঘনিষ্ঠ সহযোগী লেফটেন্যান্ট জেনারেল ওমর ব্যক্তিগতভাবে পশ্চিম অঞ্চলের কয়েকজন নেতাকে জাতীয় পরিষদের অধিবেশনে যোগ না দেওয়ার জন্য চাপ দিয়েছিলেন।"

অধিবেশন মুলতবীর কারণ হিসাবে ইয়াহিয়া খান যে ভারত কর্তৃক উত্তেজনা সৃষ্টির কথা বলেছেন সে সবের ব্যাখ্যা দেওয়ার প্রয়োজন রয়েছে। শ্রীনগর ও জম্মুর মধ্যে চলাচলকারী একটি ভারতীয় ফকার ফ্রেন্ডশীপ বিমান ছিনতাই এবং এর পরপরই বিমানটি যে লাহোরে ২৯শে জানুয়ারী '৭১ ধ্বংস করে দেয়া থেকেই এসবের সূত্রপাত হয়। যদি বিমানটিকে নিরাপদে ভারতে ফিরে যাওয়ার অনুমতি দেয়া হত তা হলে কোন বিপদ বা উত্তেজনার সৃষ্টি হতো না এবং পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণার জন্য একটি অজুহাত সৃষ্টি হতো না।

এটা গোপন নেই যে, পাকিস্তানের মধ্যে থেকেই ছিনতাই রচনা করা হয়েছে। প্রকৃতপক্ষে, একজন বন্দুক উঁচিয়ে ধরেছে এবং উড়োজাহাজটি লাহোরের মাটি স্পর্শ করার আধঘন্টা আগেই করাচীর সংবাদ মাধ্যমে খবর ছড়িয়ে পড়েছে যে লোকটি টেলিফোন করেছিল সেখবর দিয়ে দাবি করেছে যে, সে একজন কাশ্মীরের মুক্তিযোদ্ধা। এই পরিবর্তনকে লুকিয়ে ফেলা হয়েছিল। কাশ্মীর সমস্যার পুনর্জাগরণ ঘটানোর জন্য একটি বিস্তারিত পরিকল্পনা করা হয়েছিল যাতে এ সমস্যা আন্তর্জাতিক সংবাদ মাধ্যমে প্রথম পাতায় গুরুত্ব পায়। ছিনতাইকারীদের এই উদ্বেগজনক ঘটনা

www.BanglaBook.org



কেন্দ্রবিন্দুর ঝালরে পরিণত করা হবে ঃ তারা উড়োজাহাজটি উড়িয়ে দেবে কি দেবে না?

তারপর একটা মীমাংসার প্রস্তাব করা হবে। উড়োজাহাজটি জাতিসংঘের সেক্রেটারী জেনারেল উথান্টের বা বিশিষ্ট প্রতিনিধির উপযুক্ত নিশ্চয়তার প্রেক্ষিতে হস্তান্তর করা হবে। যা থেকে কাশ্মীরকে নিরাপত্তা পরিষদে নতুনভাবে বির্তকের বিষয় করা হবে। সে পরিকল্পনা ভেস্তে যায়—কেননা স্থানীয় পাঞ্জাবীদের মধ্যে মতানৈক্য দেখা দেয়। একজন মধ্যস্থতাকারী ছিনতাইকারীকে 'বন্ধু হিসেবে আহবান করে। যিনি উড়োজাহাজের ভিতর থেকে টেনে বের করে আনলে, তিনি একজন অত্যুৎসাহী কনষ্টবল। ভেতরে এই লোকটি জাহাজ উড়িয়ে দেবে বলে আতংকের সৃষ্টি করেছিল। সেই বিস্ফোরণ পাকিস্তান বিদেশ দফতরের ভিত্তি কাঁপিয়ে তুলেছিল।

কিন্তু রাজনৈতিকভাবে ঘটনাটির অন্ততঃ একটি উপশমের যুক্তি ছিল। এতে শেখ মুজিবুর রহমান তীব্র প্রতিক্রিয়া প্রকাশ করলেন, পরবর্তী কালে এটি একটি অভিযোগ হিসাবে ব্যবহার করে শেখ মুজিবকে এই মর্মে হেয় প্রতিপন্ন করা হল যে তিনি শুধু ভারতের প্রতি 'নরম মনোভাবই পোষণ করেন না' তিনি একজন বিপজ্জনক ব্যক্তিত্ব যা থেকে এ ঘটনার নেতৃত্ব পেতে পারে।

কিন্তু আওয়ামী লীগ প্রধানকে ব্যর্থ করার উদ্দেশ্যে এ ধরনের অজুহাতের প্রয়োজন ছিলনা। প্রেসিডেন্ট সিদ্ধান্ত নিয়েছেন যে পরিষদের অধিবেশন বসবে না যতক্ষণ না আওয়ামী লীগ তার সূত্র মোতাবেক খসড়া সংবিধান আগে পেশ না করবে। তারপর যা কিছু হল তা শুধু প্রতারণা করার জন্য অজুহাত দেখানো, যে কোন অজুহাত সৃষ্টি করে প্রতারণা করা।

১৯৭১ সালের ১লা মার্চ ইয়াহিয়া খান ঢালু পাহাড়ের চূড়ায় ওঠার ভয়ংকর প্রচেষ্টার প্রথম পদক্ষেপ গ্রহণ করলেন।

BanglaBook.org

www.BanglaBook.org

# সামরিক বাহিনীর অভিযান

যিনি তার নিজের গোপনীয়তা রক্ষা করেন, তিনি গন্তব্যের শীর্ষে আরোহণ করেন—আল-কোরআন (কুমিল্লাস্থ পাকিস্তান সেনা বাহিনীর ১৬ ডিভিশনের প্রধান দপ্তরের ও পি এস কক্ষের বুলেটিন বোর্ডে উৎকীর্ণ বাণী)।

সময়টা ছিল ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি, প্রেসিডেন্ট ইয়াহিয়া খান অকান্ত পরিশ্রমী রাজনীতিবিদদের সঙ্গে বিড়াল ইঁদুরের খেলা খেলছিলেন। জুলফিকার আলী ভূট্টো সাহেব সহজ উপায়ে শীর্ষস্থানীয় পদ অর্জনের জন্য লালায়িত হয়ে ওঠেন, কেননা ১৯৭০ সনের ডিসেম্বর মাসের নির্বাচনের পর থেকে প্রেসিডেন্ট তা ঝুলিয়ে রেখেছিলেন। পেশোয়ারে পিপিপি নেতার পরিষদের অধিবেশন বয়কট করার ঘোষণা ছিল দেশের নতুনভাবে রাজনৈতিক সংকট সৃষ্টির পরিকল্পিত ফাঁদ। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে সাংবিধানিক সমস্যা কেন্দ্র করে যে বিরোধ সৃষ্টি হল তা পূর্বে অতটা ছিলনা। এতে গণতান্ত্রিক নেতা হিসেবে ভূট্টো সাহেবের বিশ্বাসযোগ্যতা একবাক্যে বিনষ্ট হল। একদিকে এই তরুণ সিন্ধি নেতা আকস্মিক ও সম্পূর্ণ মত পরিবর্তন করে অন্য দিকে শেখ মুজিবের সঙ্গে যোগ দিয়েও সামরিকচক্রের দিকে টেবিলের মোড় ঘুরিয়ে দিতে তাঁর কোন বিপদের মুখোমুখি হতে হয়নি।

তিনি যতদূর দেখতে পেরেছিলেন, তা হল, ইয়াহিয়া খান সম্পূর্ণ নিরাপদ এবং তাঁর পদে তিনি ঠিকমতই অধিষ্ঠিত থাকছেন। তিনি যা ভাবেন, তাই করতে পারছেন। তাঁর ফন্দিতে জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণা করে শেখ মুজিবকে খর্ব করে দিয়েছেন, কিন্তু অন্য একটি কাজের প্রথম পরিকল্পনার প্রয়োজন।

এখনই সামরিক বাহিনীর অভিযানের সময়। এসবের জন্য সুস্পষ্ট কারণও ছিল এটার জন্য পূর্ব বাংলার পশ্চিম পাকিস্তানের সামরিক বাহিনীর শক্তির বিশেষ সংখ্যায় বৃদ্ধি করতে হবে। কেন্দ্রীয় সরকারের দৃঢ় কর্তৃত্ব বাঙালীরা সব সময় প্রতিরোধ করে এসেছে। সেজন্য পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণা দিয়ে শেখ মুজিব ও আওয়ামী লীগ পরিষদ সদস্যদের মনে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টিতে উস্কানী দেয়া হয়েছিল।

নাগরিক জীবনে বিশৃঙ্খলা এবং পাক-ভারতের মধ্যে লাহোরে ভারতীয় যাত্রীবাহী

www.BanglaBook.org



উড়োজাহাজ ছিনতাই উত্তেজনার গভীরতা অবশ্যম্ভাবীরূপে বাড়িয়ে দিল। সে অনুসারে প্রেসিডেন্ট সিদ্ধান্ত নিলেন যে, পূর্ব বাংলায় পশ্চিম পাকিস্তানের সামরিক শক্তি যথেষ্ট পরিমাণে বৃদ্ধি করার প্রয়োজন। যাতে উভয় দিকের সীমান্তের বিপদ সামলে নেয়া যায়।

ইয়াহিয়া খানের সামরিক বিচার বুদ্ধি সঠিক ছিল। তাঁর একটি বিষয়ে ক্রটি ছিল, তা হল বাঙালীদের এসবের প্রতিক্রিয়া সম্বন্ধে ভুল হিসেব অবশ্য, এ ব্যাপারে তাঁর মতে তিনি ঠিকই ছিলেন। ঔপনিবেশিক মানসিকতা সম্পন্ন প্রশাসনের বাঙালীদের প্রতি অন্ধ আক্রোশ—সব সময়ের স্বাভাবিক ক্রটি ছিল।

ইয়াহিয়া খান গণরায়কে অস্বীকৃতি জানাতে সামরিক বাহিনীর সক্রিয় সমর্থনের প্রয়োজনীয়তার কথা চিন্তা করেছেন। কেননা, যা কিছু ঘটেছে তা প্রেসিডেন্ট ভবনের অভ্যন্তরীণ চক্রের সাহায্যেই ঘটেছে, সে সব আমি আগেই বলেছি। এই গোপন চক্রে প্রধান সেনাপতি ও চার তারকা পদে পদোন্নীত জেনারেল হামিদ খান; প্রেসিডেন্ট-এর প্রধান স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল পীরজাদা; কোর কমান্ডার টিক্কা খান জেনারেল স্টাফের প্রধান লেঃ জেনারেল গুল হাসান; জাতীয় নিরাপত্তা সংস্থার চেয়ারম্যান মেজর জেনারেল ওমর এবং আন্তঃসার্ভিস গোয়েন্দা বিভাগের পরিচালক মেজর জেনারেল আকবর। সামরিক বাহিনীর কর্মকর্তাদের সঙ্গে আরো দু'জন বেসামরিক ভদ্রলোকও ছিলেন, একজন হলেন প্রেসিডেন্টের উপদেষ্টা ও পাকিস্তানের জাঁদরেল আমলা জনাব এম. এম. আহমদ আর অন্যজন হলেন বেসামরিক গোয়েন্দা সংস্থার পরিচালক জনাব রিজভী। এসব ভদ্রলোকেরা স্পষ্টতঃ ইয়াহিয়া খানের বিশ্বস্ত ও তাঁর অত্যন্ত অনুগত ছিলেন।

শেখ মুজিবুর রহমানের ছয় দফা ভিত্তিক সংবিধান প্রণয়নের প্রচেষ্টাকে বানচাল করার ধারণাই সে সময়ে বড় যুক্তি হিসাবে কাজ করেছে। এই ধারণাকেই সামরিক বাহিনীর উচ্চ পদের কর্মকর্তাদের সঙ্গে চাতুরিপূর্ণ খেলার প্রচেষ্টা চালালেন। এঁরা হলেন পাঁচ প্রদেশের সামরিক গভর্ণর ও সামরিক আইন প্রশাসকবৃন্দ এবং বিমান ও নৌবাহিনীর সেনাপতিগণ। তাঁরা ছিলেন মোটামুটি সৎ এবং বুদ্ধিমান। ব্যক্তিগত উচ্চাকাঙ্ক্ষা বা বেসামরিক ব্যাপারে হস্তক্ষেপে তাঁদের স্বাভাবিক অনীহা ছিল। এঁরা হলেন লেঃ জেনারেল আতিকুর রহমান, তিনি অবিভক্ত পশ্চিম পাকিস্তানের প্রাক্তন গভর্ণর এবং বর্তমানে পাঞ্জাবের গভর্ণর। আর অন্য জন হলেন লেঃ জেনারেল রাখমান গুল, সিন্ধুর বর্তমান গভর্ণর। আমি এঁদের খুব কাছ থেকে দেখেছি। আমি এঁদেরকে বাস্তববাদী ও সহানুভূতিশীল ব্যক্তি বলে জানি। এঁরা অনেক দুরূহ কাজও প্রসংশনীয়ভাবে সম্পন্ন করে থাকেন।

অন্যেরাও তাঁদের মতই ছিলেন, এ ব্যাপারে কোন সন্দেহ নেই। এঁদের বাইরে

www.BanglaBook.org



যে লোকগুলো ছিলেন তাঁরা হলেন অন্য জগতের লোক। তারা এসব সামরিক গভর্ণরের ধাঁচের বাইরে এমন কি রাওয়ালপিন্ডির মূল সামরিক প্রশাসন কেন্দ্রের লোকদের চেয়েও ভিন্ন প্রকৃতির। এইখানে লর্ড এটন-এর অনুশাসনবাক্য এঁদের উপর ফিরে এসেছে। অভ্যন্তরীণ চক্রের কয়েকজন অফিসার সম্পর্কে নানা ধরনের কাহিনী শোনা যাচ্ছিল। পাকিস্তানের রাজধানীর কূটনৈতিক মহলের জন্য এরা ছিল একটা জনপ্রিয় বৈঠকখানার খেলার মতো।

সমস্ত সামরিক বাহিনীর উপর প্রেসিডেন্ট এর বিশ্বাস ও সিদ্ধান্ত ছিল একটি বিচক্ষণতার কাজ। যাহোক এতে যতই শর্করার প্রলেপ দেয়া হোক না কেন, অনির্দিষ্টকালের জন্য জাতীয় পরিষদের অধিবেশন মুলতবী রাখার অভিপ্রায়, বেসামরিক সরকার গঠনের আন্দোলনের মতো বিপরীতধর্মী পথে এগিয়ে গেল। এটা সে সময়ের কতিপয় সামরিক গভর্ণরের ব্যারাকে ফিরে যাওয়ার আগ্রহের সঙ্গে সামরিক বাহিনীর মনোভাবের মৌলিক পরিবর্তন ছিল। তখন ঐ ধরনের অভিযানে সাফল্য অর্জনের জন্য সামরিক প্রশাসনের সহযোগিতার আহবান জানানো হয়েছিল। তা না হলে মতবিরোধ দেখা দিত। এমন কি বিপজ্জনক বিদ্রোহও দেখা দিতো যাতে প্রেসিডেন্টও বিপদমুক্ত থাকতে পারতেন না।

ইয়াহিয়া খান এ কাজ করতে পুরোপুরি সামরিক কায়দায় অগ্রসর হলেন। প্রথমত, তিনি বেসামরিক মন্ত্রিসভা বাতিল করলেন। এসব মন্ত্রীদের শুধু উপদেষ্টার ভূমিকাই ছিল। মন্ত্রিসভা ভেঙ্গে দিয়ে তাদের ভূমিকা পালনে কোন অসুবিধা হল না। বিদেশীদের চোখে দোকানের জানালায় সজ্জিত পণ্যের মতো এদের ব্যবহার করা হলো। এঁরা প্রেসিডেন্ট ভবনের বাইরে বিভ্রান্তিকর তথ্য সংগ্রহকারী হিসেবে কাজ করলেন। মন্ত্রিসভা বাতিল কেবল গোপনীয়তাকেই নিশ্চিত করেনি, বরং সংশ্লিষ্ট কায়েমী স্বার্থবাদী মহলের কাছেও সামরিক বাহিনী যে কর্তব্য পালন করছে সেটাও বুঝিয়েছে।

এ কাজটি করার পর ইয়াহিয়া খান বিমান ও নৌ-বাহিনীর প্রধান ও সামরিক গভর্ণরবৃন্দ, সামরিক প্রশাসকবৃন্দকে রাওয়ালপিন্ডিস্থ প্রেসিডেন্ট ভবনের অন্দরমহলে আনুষ্ঠানিক তলব জানালেন। আলোচনার পুরো বর্ণনা এখনও গোপন রয়েছে। তবে লক্ষণে অনুমান করা যায়, পূর্ব বাংলার গভর্ণর অ্যাডমিরাল আহসান ও পূর্ব বাংলার প্রধান সামরিক আইন প্রশাসক সাহেবজাদা ইয়াকুব জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণার বিরোধিতা করেন এবং এ থেকে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হবে যার পরিণতি হবে আরো মারাত্মক সে সম্পর্কে সাবধান করে দেন।

এঁরা দুজনেই অকুস্থলে ছিলেন এবং বাঙালীদের আন্তরিকভাবে জানতেন কিন্তু তাঁদের কথার গুরুত্ব দেয়া হল না। সে সময় ছড়িয়ে পড়া গুজবের সত্যতা ছিল

BanglaBook.org

www.BanglaBook.org



এ্যাডমিরাল আহসান পদত্যাগ করেছেন কেননা তিনি এ ধরনের বিশ্রী ঘটনায় জড়িয়ে পড়তে চাননি, কিংবা এ খেলার পরিণতি দেখতে পেরেছিলেন। তিনি ভারাক্রান্ত মনে রাওয়ালপিন্ডি ত্যাগ করেন। ঢাকাগামী একটি ফ্লাইট ধরার দু'মিনিট আগে তিনি করাচী থেকে ফিরে যাওয়ার নির্দেশ পেলেন। আপাত দৃষ্টিতে মনে হয়েছিল, তাঁকে গভর্ণর পদে থাকার জন্য চাপ দেয়া হচ্ছিল। কেননা এতে সামরিক প্রশাসনের ভাঙনের লক্ষণ মূর্ত হয়ে উঠতে পারে। সরকার সেই পরিস্থিতিকে এড়িয়ে যেতে চেয়েছেন।

পান্ডিত্যসুলভ ব্যক্তিত্ব সাহেবজাদা ইয়াকুব খান যার সঙ্গে শেখ মুজিবের ছিল সৌহার্দ্য। তিনি স্পষ্টতঃ ঘটনার ভয়াবহ পরিণতি বুঝতে পেরেছিলেন। ২রা মার্চ, ১৯৭১ অকস্মাৎ এঁদের দুজনকেই পদের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হল। ইয়াহিয়া খান এবার তাঁর অভিপ্রেত কর্মকান্ডের ব্যবস্থা নেয়ার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত নিলেন।

ঐদিনের প্রেসিডেন্ট ভবনের বৈঠকে যা কিছু হোক না কেন, এটা স্পষ্ট বোঝা যায় ইয়াহিয়া খান সামরিক বাহিনীর প্রশাসনের কাছ থেকে যা করতে চেয়েছেন তার সর্বাত্মক সহযোগিতা পাননি।

স্পষ্টতঃ সামরিক বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের মনে এ ধরনের ধারণা ব্যক্ত করানো হল যে, আওয়ামী লীগের ছয় দফা ভিত্তিক সংবিধান যেটা শেখ মুজিবুর রহমান, চাচ্ছেন, প্রণীত হলে সামরিক বাহিনীকে পঙ্গু করে দেবে এবং দেশকে বিপন্ন করে তুলবে। কৌশলকে যতটা দুর্বোধ্য ভাবা হয়েছিল আসলে ততটা হলো না। সবকিছুই ইয়াহিয়া খানের অনুকূলে যাচ্ছিল। একটা বিষয় পাকিস্তান সামরিক বাহিনীর প্রধান শত্রু হিসাবে বিবেচনা করতো ভারতকে। ঐ দেশটির বিরুদ্ধে যে কোন ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সেনাবাহিনী নৌ ও বিমান বাহিনী সর্বদা সজাগ ছিল।

উড়োজাহাজ ছিনতাইয়ের ঘটনা থেকে দুই অঞ্চলের প্রতিরক্ষা কঠিনতর হয়ে পড়ে এবং ঐ বিষয়ে সর্বাধিক প্রস্তুতির প্রয়োজন দেখা দেয়। সে সময়ে শেখ মুজিবুর রহমান পাকিস্তানের ঘৃণিত শত্রু ভারতের সঙ্গে একটা সমঝোতায় পৌছানোর জন্য প্রকাশ্যভাবে আহবান জানান। বিমান ছিনতাইয়ের ঘটনায় কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের প্রকাশ্য সমালোচনা ছাড়াও তিনি একথা জানিয়ে দিলেন যে, তাঁর বিবেচনায় দেশ বর্তমান সামরিক সংস্থার ব্যয়ভার বহন করতে পারে না। যদি নির্বাচনী অভিযানকালে প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী সামাজিক ও অর্থনৈতিক উন্নতি দেশের পক্ষে সত্যি সত্যি কাম্য হয়। উভয় দিকের বিবেচনায় মুজিবুর রহমান সেনাবাহিনীর ক্ষমতা ও রাষ্ট্রের নিরাপত্তার ব্যাপারে মারাত্মক বিপদরূপে দেখা দিলেন। শিথিলভাবে সংযুক্ত প্রদেশগুলির ফেডারেশনের উপর আধিপত্যকরা একটি বিরুদ্ধাচারী সরকার গঠিত হবে, এমন কল্পনাও এই চক্রান্তকারী ব্যক্তিগুলোর নিকট আত্মঘাতী পরিণতি বলে মনে হয়েছিল।

BanglaBook.org

www.BanglaBook.org



প্রকৃতপক্ষে যত সহজে হওয়া উচিত ছিল, ঘটনার উপস্থাপনা অত সহজ হওয়ার পর আমার সন্দেহ নেই যে সৎ ও বিচক্ষণ নয় এমন অফিসারগণ প্রেসিডেন্টের পরিকল্পিত কর্মপন্থাকে সাহায্য করতে দ্বিধাবোধ করবে না। তা সত্ত্বেও এই যুক্তি প্রদর্শন করা যেত যে, প্রেসিডেন্ট কেবল একটি শক্তিশালী সামরিক কাঠামো এবং একটি ক্ষমতাশালী কেন্দ্রীয় সরকারকে নিশ্চিত করতে চেয়েছিলেন।

পাকিস্তানের কোন সৈনিক স্পষ্টরূপে দেশপ্রেমমূলক এ পরিকল্পনার দোষ ধরতে পারেন কি? নিজের ক্ষমতার ভিত্তিকে নিরাপদ করার পর ইয়াহিয়া খান ও তাঁর দল দ্রুত গতিতে অগ্রসর হতে লাগলেন। বড় ঘটনা ঘটবার আর মাত্র ছয়দিন বাকী, কাজেই অপচয় করার মত সময় নেই। জেনারেল হামিদ, টিক্কা খান ও উমরকে বিভিন্ন কাজে ঢাকা, লাহোর ও করাচীতে পাঠানো হল। বিমান ও নৌবাহিনীর প্রধান সেনাপতিদের তাঁদের চাকরির সঙ্গে সংশ্লিষ্ট পৃথক পৃথক দায়িত্ব দেয়া হল। করাচীর সংবাদপত্রের সম্পাদকদের কোন ব্যাখ্যা ছাড়াই নির্দেশ দেয়া হল যে আন্তঃসার্ভিস জনসংযোগ দফতরের অনুমতি না পাওয়া পর্যন্ত উচ্চপদস্থ কর্মচারীদের গতিবিধির খবর প্রকাশ করা চলবে না। এই আদেশ সম্পর্কে কৌতূহলী দৃষ্টি ছিল, কিন্তু কোন মন্তব্য ছিল না। যদি থাকতো তা'হলে তা'হত ইয়াহিয়ার পক্ষে বিপজ্জনক কিন্তু দেশের জন্য কল্যাণকর।

একই সময়ে দেশের সর্বত্র সেনাবাহিনীকে নতুনভাবে সতর্ক অবস্থায় রাখা হল। এর অজুহাত ছিল ভারতের সঙ্গে উত্তেজনাকর সম্পর্ক। একই কারণে বেলুচী রেজিমেন্টের এক ব্যাটালিয়ান সৈন্য ও বিপুল পরিমাণের সমরোপকরণ জাহাজে বোঝাই করে ঢাকাস্থ পূর্বাঞ্চলীয় কম্যান্ড হেড কোয়ার্টারের উদ্দেশ্যে রওয়ানা দেয়ার জন্য আদেশ দেয়া হলো। প্রথমে যে জাহাজটি পাওয়া যায়, তা ছিল এম ভি সোয়াত নামে একটি মালবাহী জাহাজ, যা সিংহল হয়ে চট্টগ্রাম পর্যন্ত দীর্ঘ ভ্রমণের জন্য প্রস্তুত ছিল, রাতের অন্ধকারে সেনাবাহিনী ও যুদ্ধোপকরণ বোঝাই করার জন্য সেটি রিকুইজেশন করা হয়। ৩রা মার্চ যখন জাহাজটি চট্টগ্রামে দেখা যায়, তখন বাঙালীরা তাদের নির্বাচনের বিজয়ের ফল থেকে তাদের বঞ্চিত করার উদ্দেশ্যে ষড়যন্ত্রের ফলশ্রুতি হিসাবে প্রেরিত এই সৈন্যদের উপস্থিতি দেখে বিস্মিত হয়েছিল।

পরবর্তী কয়েকদিন বিমান বাহিনীর সি-১৩০ বিমান অন্যান্য সেনাদল এবং আরো অধিক রণসম্ভার নিয়ে ঢাকার দিকে একে একে পাড়ি জমাতে থাকে। বিমানগুলো পুরোমাত্রায় পশ্চিম পাকিস্তানী সামরিক ইউনিটসমূহ বহন করে আনে এবং বাঙালী ইউনিটগুলোকে গুরুত্বপূর্ণ এলাকা থেকে সরিয়ে ও পশ্চিম পাকিস্তানে বদলি করে সেখানে নবাগতদের বহাল করা হয়।

পাকিস্তান আন্তর্জাতিক বিমান সংস্থার সঙ্গে বিমান পথে সেনাবাহিনী পাঠাবার

www.BanglaBook.org



বন্দোবস্ত করা হয়। করাচী বিমান বন্দরে কর্মরত লোকদের কাছ থেকে হজ্জ টার্মিনালে আকস্মিক সামরিক তৎপরতার খবর জানা যায়. টার্মিনালটি সম্ভবত হজ্জের সময়ের বাইরে নির্জন থাকে। সেটি সামরিক বাহিনীর অতিক্রমণ কেন্দ্রে পরিণত হয় এবং ২রা থেকে ২৪শে মার্চের মধ্যে পাকিস্তান আন্তর্জাতিক বিমান সংস্থার বাণিজ্যিক ফ্লাইট সিংহল হয়ে ঢাকা পর্যন্ত ৬০০০ মাইল আকাশ পথ অতিক্রম করে ১২০০০ সেনা বহন করে আনে। সিংহলের কর্তৃপক্ষ প্রতিবাদ করতে পারেননি, কেননা বিমানগুলো কেবল যথার্থরূপে টিকেট কাটা সামরিক অসামরিক যাত্রী বহনের ভান করতো এবং স্পষ্টরূপেই এগুলোকে সেভাবেই দেখানো হতো।

করাচীর নৌবাহিনী থেকে বহু বদলীর খবর শোনা গেল। এ সমস্ত জাহাজে শতকরা ৭০ জন বাঙালী নাবিক ছিল। শীঘ্রই সে সমস্ত জাহাজে তাদের স্থান অবাঙালীরা দখল করল। এ সমস্ত টর্পেডোবাহী ক্ষুদ্র নৌ-বহর তাদের কর্তব্য পালনের জন্য পূর্বাঞ্চলের চট্টগ্রাম ও চালনার দিকে ধাওয়া করল। করাচীর জনপ্রিয় সমুদ্রতীরের নিকটস্থ মৌরীপুর বিমান ঘাঁটিতেও বহু তরুণ বাঙালী জঙ্গী বৈমানিক দেখতে পেল যে, তাদের অন্য কাজের দায়িত্ব দেয়া হয়েছে।

ঢাকায় পূর্বাঞ্চলীয় কম্যান্ড হেডকোয়ার্টারে কর্মরত বাঙালীরা ব্যাপকভাবে মানুষ ও মালপত্রের স্থানান্তর লক্ষ্য করে হতভম্ব হয়ে যায়। কিন্তু তাদের মোটামুটি কিছুই জানতে দেয়া হয়নি। সেনাবাহিনী ও বিমান বাহিনীর সিনিয়ার অফিসারদের তাড়াতাড়ি ঢাকার বাইরে পাঠিয়ে দেওয়া হয় এবং দূরবর্তী অসামরিক কেন্দ্রগুলোতে সাধারণ কাজে নিয়োজিত করা হয়। বেঙ্গল রেজিমেন্টের একটি ইউনিট ঢাকার পিলখানাস্থ পূর্ব পাকিস্তান রাইফেলসের আবাসিক এলাকায় আশ্রয় গ্রহণ করে। ভারতের বিরুদ্ধে প্রতিরক্ষার জন্য রংপুর ও ময়মনসিংহ জেলার বিভিন্ন স্থানে যে সমস্ত ট্যাঙ্ক রাখা হয়েছিল, সেগুলো ঢাকায় নিয়ে আসা হল, ঢাকায় আনার এক ঘন্টার মধ্যে সেগুলো বিভিন্ন শহরে ব্যবহারের উপযোগী করে তোলা হল।

২৮শে ফেব্রুয়ারী তারিখে শহরে সামান্য উত্তেজনা দেখা দিল, যখন একজন মালী এ সংবাদ প্রচার করল যে, পূর্ব পাকিস্তানের সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল সাহেবজাদা ইয়াকুব তার চাকরদেরকে মালপত্র বাঁধা-ছাঁদার জন্য আদেশ দিয়েছেন। লেঃ জেনারেল টিক্কা খান সরাসরি দায়িত্ব গ্রহণের পর ৩রা মার্চ এই সেনাধ্যক্ষ ঢাকা ত্যাগ করেন। এতে মনে হয় দেশে কি হতে যাচ্ছে তা তিনি জানতেন।

লক্ষ্য করা গেছে যে, পূর্ব বাংলার অন্যান্য কেন্দ্রস্থ পশ্চিম পাকিস্তানের সামরিক অফিসারদের ছেলেমেয়েদের সাময়িকভাবে স্কুলে যাওয়া বন্ধ করে দেয়া হয়। তাদের পরিবারবর্গকে গোপনে ঢাকায় নিয়ে আসা হয় এবং যে বিমানে করে পশ্চিম পাকিস্তান থেকে সেনাবাহিনী আনা হতো সেই বিমানে করে তাদের পরে করাচীতে পাঠিয়ে দেয়া হয়।

BanglaBook.org

www.BanglaBook.org



এসব ঘটনা থেকে বোঝা যায় যে, ফেব্রুয়ারীর তৃতীয় সপ্তাহে রাওয়ালপিন্ডিতে অনুষ্ঠিত সামরিক বৈঠকটিই পরিবর্তনের সূচনা করে। তথাপি এটা অপেক্ষাকৃতভাবে অলক্ষিত ছিল ; একথা স্পষ্ট যে, সামরিক সংস্থা মনোভাব গোপন রেখেছিল। কিন্তু ১ মার্চ তারিখে পরিষদের অধিবেশন মুলতবী ঘোষণা পর্যন্ত জানা যায়নি, কী অন্যায়ভাবেই না সামরিক কর্তৃপক্ষ বাঙালী অনুভূতির প্রচন্ডতা সম্পর্কে অযৌক্তিক সিদ্ধান্তে উপনীত হয়েছিল। তখন সমস্ত পরিকল্পনা ভেঙে খান খান হয়ে গেল এবং সময় নেওয়ার জন্য এই ঘটনা হঠকারী সংগ্রামে পরিণত হয়। এই ঘটনায়ও ইয়াহিয়া খান নিজেকে একজন ধূর্ত সেনানায়ক হিসাবে প্রমাণ করলেন। তিনি রাজনীতিবিদদের অবিরাম আলাপ-আলোচনায় আবদ্ধ করে তাঁদের সন্দেহ দূর করলেন, ইতাবসরে পূর্ব বাংলায় সামরিক শক্তি দ্বিগুণ করা হল তারপর নিজের পছন্দমত সময়ে ও স্থানে তিনি মরণ আঘাত হানলেন।

কুমিল্লায় মেজর বশির অপারেশনের ক্রোড়পত্র সরবরাহ করেন। তিনি খোলাখুলিভাবে শ্রদ্ধা মাখা বিস্ময়ের সঙ্গে বলেন, আমি কখনও আপনাদের কাছে বলতে পারিনি, কীভাবে এই মহৎ লোকটি আমাদের রক্ষা করেছেন।

BanglaBook.org

www.BanglaBook.org

# অবিস্মরণীয় পঁচিশ দিন

*'এমন কি গান্ধীজীও বিস্মিত হতেন?'*
-খান ওয়ালী খান।

পূর্ব বাঙলার অন্যান্য দিনের মতন ১৯৭১ সনের ১লা মার্চ দিনটিও গতানুগতিকভাবে অতিবাহিত হচ্ছিল। ঢাকার রাস্তা-ঘাটে প্রতিদিনের মত হকার, দোকানদার, ভিক্ষুকের ভিড় ছিল। অপরিহার্য সাইকেল, রিক্সা এবং অন্যান্য যানবাহনগুলো নির্বিকার আমেজে চলাচল করছিল। বুড়িগঙ্গা নদীর তীরে সদরঘাটে দেশী নৌকা এবং লঞ্চগুলো ব্যস্তযাত্রী পারাপারের হৈ চৈ-এ মত্ত ছিল। ঢাকা ক্লাবের লাউঞ্জগুলোতে বুট স্যুট পরা ব্যবসায়ী আর লিলেনের স্যুট পরা সরকারী কর্মচারী আলুর চাট এবং মাছের সুস্বাদু খাবার হাতে নিয়ে পরস্পরের সঙ্গে গুলজারে মত্ত ছিল। শহরের রাস্তায় যেখানে সেখানে আনারস বিক্রেতা এক আনায় রসাল সুস্বাদু ফলের ফালি বিক্রি করছিল।

তখনই একটা বোমা পড়ল। এটা ছিল বাঙলাদেশের কাছে হিরোশিমার চেয়েও ভয়ংকর বোমা।

প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের অনির্ধারিত সময়ে জাতীয় পরিষদ স্থগিত ঘোষণার বিবৃতি প্রচারিত হলো। এই প্রথম বারের মত এই অধিবেশন মাত্র দু'দিন পরে শুরু হতে যাচ্ছিল। বিবৃতিটি ছিল তালগোল পাকানো যুক্তি সর্বস্ব, আল্লাহর কাছে প্রার্থনা আর জাতির জনকের নামে আবেদন। কিন্তু এ ভাষণে পরিষদের অধিবেশনের কোন নতুন তারিখের উল্লেখ ছিল না। বিহ্বল বাঙালীদের কাছে এটা কোন ঘটনাই ছিল না। তারা এটুকু ভাবতে পেরেছিল যে পশ্চিম পাকিস্তানীরা আরেকবার ওয়াদা ভঙ্গ করলো। এটা চরম বিশ্বাসঘাতকতার কাজ এবং এই কাজের পরিণতি হ'ল যুদ্ধ ঘোষণা করা। এটাকে যাই বলা হোক না কেন অনুভূতিতে এটা ছিল এই ধরনের। বাংলাদেশ একটা পৃথক গন্তব্য খুঁজে পেতে চায় এবং পশ্চিম পাকিস্তানীরাও তাই-ই চাচ্ছেন।

মুহূর্তের মধ্যে সমস্ত দোকান-পাট, অফিস-কাচারী, রেস্তোরাঁ, বাজার-ঘাট সব জনশূন্য হয়ে পড়ল। মিটিংয়ের কোন ঘোষণা ছিল না বা তার কোন সময়ও ছিল না। সারিবদ্ধ জনতাকে ঐতিহাসিক পল্টন ময়দানের দিকে এগিয়ে যেতে দেখা গেল।

www.BanglaBook.org



জনতার মুখে আক্রোশের ছাপ, হাতে বাঁশের লাঠি, লোহার রড, হকিস্টিক, এমন কি নারকেলের পাতা বিহীন ডগা পর্যন্ত।

এই আক্রোশের স্বতঃস্ফূর্ত বহিঃপ্রকাশ দেখে বিদেশীসহ পশ্চিম পাকিস্তানীরা বিস্মিত হয়েছিল। এ আক্রোশের তীব্রতা এমন ছিল যে হাজার অরাজকতা সৃষ্টিকারীরা হাজার হাজার বাক্য বিষ ছড়ালেও অতটা বিস্ময় প্রকাশ পেত না। ঢাকার এ বিক্ষোভ ও আক্রোশের ঘটনা প্রদেশের প্রত্যন্ত অঞ্চলেও অনুরণন তুলেছে।

সেদিনই বিক্ষুব্ধ বাঙালীর হৃদয়ে বাঙলাদেশের জন্ম হল।

বিকেল সাড়ে চারটার মধ্যে ময়দানে পঞ্চাশ হাজার জনতা সমবেত হয়েছে। তখনও শেখ মুজিবুর রহমান এবং তাঁর সহকর্মীগণ হোটেল পূর্বাণীতে আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির জরুরী বৈঠকে আলোচনা করছিলেন।

ইয়াহিয়া ও ভূট্টোর নামে মুর্দাবাদ মুহুর্মুহু শ্লোগানে মুখরিত ছিল। 'জয় বাঙলা' 'স্বাধীনতা না অধীনতা'-'স্বাধীনতা স্বাধীনতা' শ্লোগানে চারদিকের আকাশ বাতাস উদ্বেল হয়ে পড়েছিল। জনৈক ছাত্র-নেতা মাঝে মাঝে উপরে উঠে স্বাধীনতা এবং 'ইয়াহিয়া ভূট্টোচক্রের বিশ্বাসঘাতকতা' সম্পর্কে জনতার উদ্দেশ্যে উচ্চৈস্বরে জ্বালাময়ী বক্তব্য রাখছিলেন।

ইতিমধ্যে পূর্বাণী হোটেলের বাইরের প্রাঙ্গণটি আক্রোশে ফেটে পড়া জনতায় ভরে গেল। তাদের মুখে ছিল বিভিন্ন শ্লোগান ও স্বাধীনতার দাবি। কোন একজন পাকিস্তানী পতাকা যোগাড় করে আনলে, জনতা আনুষ্ঠানিকতা ছাড়াই সেটাকে পুড়িয়ে ফেললো। কাছের পিআইএ অফিসের জানালার কাঁচ ভেঙ্গে ফেললো। কয়েকজন ফচকে ছোকরা হোটেলের প্রবেশ-পথে, পশ্চিম পাকিস্তানীদের দোকান লুট করতে চেষ্টা করলো।

জনতার আক্রোশ নাগালের বাইরে যেতে চলেছিল। শেখ মজিবুর রহমান ব্যালকনিতে এসে দাঁড়ালেন। জনতা শান্ত হল। তিনি সংক্ষিপ্ত ও সুসংহত বক্তব্য রাখলেন। ২রা মার্চ ঢাকায় এবং পরদিন সারা প্রদেশে ধর্মঘট পালিত হবে। তিনি জনতাকে একথাও বললেন, ৭ মার্চ রেসকোর্স ময়দানে ভাষণ দেবেন এবং স্বাধিকার অর্জনের জন্য কর্মসূচী ঘোষণা করবেন। একথা স্পষ্টতঃ জানা যায় যে, স্বাধীনতা ঘোষণার জন্য বারবার আহবান করা সত্ত্বেও শেখ মুজিবুর রহমান তা'মেনে নেননি বরং জনতার আহবান তখনও এড়িয়ে গিয়েছেন।

BanglaBook.org

সে রাতে ঢাকা শহরের সর্বত্র উচ্ছৃংখল জনতা ও পুলিশের মধ্যে সংঘর্ষ হ'ল। কিছু সংখ্যক অবাঙালী ও তাদের সম্পত্তির উপর আক্রমণের ঘটনাসহ কয়েকটি অগ্নি সংযোগের ঘটনার কথা জানা গেল। আওয়ামী লীগের স্বেচ্ছাসেবকগণের সঙ্গে মধ্যস্থতা করতে গেলে ক্রুদ্ধ জনতার হাতে নাজেহাল হতে হয়। ইতিমধ্যে পার্শ্ববর্তী শিল্প শহর

www.BanglaBook.org



নারায়ণগঞ্জ পর্যন্ত এই বিশৃঙ্খলা ছড়িয়ে পড়ল। সেখানে সংঘটিত ক'টা দুর্ঘটনার সংবাদ জানা গেল।

এটা হ'ল পঁচিশ দিনব্যাপী গণবিক্ষোভের সূচনা, তার নজির পাকিস্তানে মেলে না। সেনাবাহিনী কখনো এ জাতীয় গণবিক্ষোভের আশা করেনি। শেখ মুজিবুর রহমান সাধারণ ধর্মঘটের আহবান জানালেন। পরদিন ঢাকা নগরী তাঁর আহবানে সাড়া দিল। জীবন-যাত্রা নিশ্চল হয়ে পড়ল। সমগ্র রাজপথ ধরে শুধু জনবিক্ষোভ ও বিক্ষুব্ধ জনতার সংগ্রাম ছাড়া আর কিছুই ছিল না। পূর্বাঞ্চলীয় প্রধান সেনানিবাসের কর্মকর্তাবৃন্দ ঘটনা মূল্যায়ন করে চিন্তিত হয়ে পড়লেন। কেননা নিয়মিত আইন প্রয়োগকারী সংস্থা এ ধরনের আন্দোলনের মুখোমুখি হওয়ার সামর্থ্য রাখতো না। সে কারণে সন্ধ্যা সাতটা থেকে বার ঘন্টার কার্ফ্যু বা সান্ধ্য আইন জারি করা হলো। আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য সেনাবাহিনী তলব করা হলো।

এ যেন বাঁশের ঝাঁপি দিয়ে ঝড়ের গতি রোধ করা। ঢাকা শহরে সর্বত্রই সান্ধ্য আইন লঙ্ঘিত হলো। টহলরত সেনাবাহিনীর সদস্যরা আইন-শৃঙ্খলা বজায় রাখতে গুলী চালালো। বেশ ক'জন মারা গেল কিন্তু নিরস্ত্র জনতা খালি হাতেই সামরিক বাহিনীর মুখোমুখি দাঁড়াল। বাঙালীরা এইবার তাদের সাহস ও প্রতিরোধ করার ক্ষমতা দেখাতে থাকলো।

৩রা মার্চ শেখ মুজিবুর রহমান প্রদেশব্যাপী সাধারণ হরতাল এবং অহিংস অসহযোগ আন্দোলনের ডাক দিলেন। ইতিমধ্যে প্রদেশের অন্যত্র এই বিক্ষোভের জোয়ার লেগেছে। দু'একটা বিচ্ছিন্ন হিংসাত্মক ঘটনা চলতে থাকলেও দেশের সর্বত্র জনগণ শেখ মুজিবের আহবানে সাড়া দেয়, আন্দোলন আরো সংহত ও নিয়মতান্ত্রিক পথে এগিয়ে চললো। যখন কার্ফ্যু আর কার্যকর করা যাচ্ছে না তখন সেনাবাহিনী ফিরিয়ে নেয়া হলো, ঢাকায় আইন-শৃঙ্খলা ফিরে এলো। আওয়ামী লীগের নির্দেশে খাদ্যদ্রব্যসহ যাবতীয় সামগ্রী সরবরাহ সেনাবাহিনীর জন্য বন্ধ করে দিলে, সেনাবাহিনীও ক্ষুধার জ্বালা অনুভব করতে লাগলো।

ঐ রাতে কর্তৃপক্ষ চট্টগ্রামে আগত এম ভি সোয়াত থেকে সৈন্য এবং গোলা বারুদ নামাতে চেষ্টা করলে মারাত্মক গণ্ডগোল দেখা যায়। ডক শ্রমিকরা এই সংবাদ চারদিকে ছড়িয়ে দিল। শীঘ্রই হাজার হাজার জনগণ পশ্চিম পাকিস্তানী সৈন্য ও নাবিকদের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়লো। গন্ডগোল নতুনরূপ ধারণ করল, যখন পূর্ব পাকিস্তান রাইফেলস-এর একটি ইউনিট বাঙালী বিক্ষোভকারীদের উপর গুলী চালাতে অস্বীকার করলো। জানা গেল ৭ জনকে কোর্ট মার্শাল দেয়া হয়েছে এবং পরবর্তীকালে গুলী করে মারা হয়েছে। এই ঘটনা বাঙালীদের বিক্ষোভের তীব্রতা আরো বাড়িয়ে দিল।

www.BanglaBook.org



অসহযোগ আন্দোলন বিস্তার লাভ করার সঙ্গে সঙ্গে পরিস্থিতির উপর আওয়ামী লীগের মনোভাব কঠোর হতে আরম্ভ করলো এবং উপর্যুপরি হরতালের পরিপ্রেক্ষিতে প্রদেশের সকল কর্মতৎপরতা পঙ্গু হয়ে গেল। ৩ মার্চ থেকে শেখ মুজিবুর রহমান প্রতিদিন সকাল ৭টা থেকে অপরাহ্ণ ২টা পর্যন্ত অবিরাম হরতাল পালনের নির্দেশ দিলেন। সেই নির্দেশানুসারে প্রতিদিন এই প্রদেশের ঐ সময়ের জন্য সব কিছু বন্ধ হয়ে গেল। সরকারী অফিস, আদালত, ব্যাংকের দরজা হলো বন্ধ। এমন কি ডাক ও তার, বিমান, ট্রেন পর্যন্ত অচল হয়ে পড়ল। ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, যশোহর ও অন্যান্য সেনানিবাসে রেশনের স্বল্পতার জন্য সৈন্যদের সরিয়ে নেয়া হলো। অসহযোগ আন্দোলনে অংশগ্রহণকারী বাঙালীরা কোন ক্রমেই সেনানিবাসের কাজে সহায়তা করতে রাজী নয়।

এমন পরিস্থিতিতে আকস্মিকভাবে প্রেসিডেন্ট কর্তৃক অপসারিত গভর্ণর আহসানের স্থলাভিষিক্ত হতে লেঃ জেনারেল টিক্কা খান ঢাকায় এসে পৌছলেন। বিদ্রোহ দমনের ব্যাপারে টিক্কা খানের পুরনো অভিজ্ঞতা রয়েছে। তিনি ইতিমধ্যে বেলুচিস্তানের কসাই নামে সুনাম অর্জন করেছেন। কয়েক বছর আগে তিনি কঠোর হস্তে বেলুচিস্তানের বিদ্রোহ দমন করেছেন। এবার তিনি পূর্ব বাংলায় একই ধরনের কাজ করার জন্য দায়িত্বে এসেছেন। তিনি যা খুশী তাই করতে পারেন। সেজন্য গভর্ণর ও সামরিক আইন প্রশাসক এই দ্বৈত ভূমিকা তাকে দেয়া হয়েছে।

টিক্কা খানের উপস্থিতি যা হোক, সরকারের পক্ষে কোন উন্নতিই হলো না বরং এতে অবনতি ত্বরান্বিত হলো। বাঙালীর বিক্ষোভ ও অসহযোগ আন্দোলন তীব্রতর হলো।

সরকারী কাজকর্ম প্রদেশের সব স্থানেই বন্ধ হয়ে গেছে। বিশেষতঃ যে ঢাকা আন্দোলনের কেন্দ্রবিন্দু সেখানে সরকারের নিয়ন্ত্রণে কিছুই নেই। সরকারী দফতর এবং অন্যান্য বেসরকারী ভবনে পাকিস্তানী পতাকার স্থলে কালো পতাকা উড্ডীন হলো। শেখ মুজিবের নির্দেশে ঢাকা রেডিও ও টেলিভিশন কেন্দ্রগুলোতে আদেশ অমান্য করে পাকিস্তানী জাতীয় সঙ্গীতের পরিবর্তে বাংলা দেশাত্মবোধক গান প্রচারিত হতে লাগল। এই সকল দফতরের কর্মচারীগণ সরকারী চাকুরি বিধি লংঘন করে পশ্চিম পাকিস্তানের উর্ধ্বতন কর্তৃপক্ষের অবাধ্য হয়ে আওয়ামী লীগ নেতার নির্দেশ মেনে চলতে লাগল।

BanglaBook.org

প্রতিদিন বিকেল ২টা পর্যন্ত ধর্মঘট অতিবাহিত হওয়ার পর স্টেডিয়াম ও অন্যান্য জায়গায় জনসভা অনুষ্ঠিত হতে লাগল। এইসব সভায় ছাত্রনেতৃবৃন্দ ও আওয়ামী লীগের কর্মকর্তারা বক্তব্য রাখতেন। এই বক্তৃতামঞ্চ থেকে শেখ মুজিবের আদেশাবলী তাদের মাধ্যমে ঘোষিত হতো। এক সুযোগে ৩৪১ জন কয়েদী ঢাকা জেল ভেঙ্গে

www.BanglaBook.org



স্টেডিয়ামের জনসভায় এসে উপস্থিত হলো এবং কয়েদীদের উর্দি পরা অবস্থাতেই তারা রাস্তায় শোভাযাত্রায় সামিল হলো। কর্তৃপক্ষ এ দৃশ্য অসহায় দৃষ্টিতে দেখতে লাগলো। আন্দোলনের গতি তীব্রতর হতে থাকলো, স্বাধীনতার দাবির ব্যাপকতা বেড়ে চললো। সে কারণে সকলের দৃষ্টি ঢাকা রেসকোর্স ময়দানে নিবদ্ধ থাকলো, যেখানে শেখ মুজিবুর রহমান ৭ মার্চ স্বাধীনতার ঘোষণা দেবেন বলে সকলেই আশা করছেন।

এসব ঘটনা রাওয়ালপিন্ডির সামরিকচক্রকে অসহিষ্ণু করে তুললো। তারা স্পষ্টতঃ বাঙালীর প্রতিক্রিয়া সম্পর্কে দুঃখজনকভাবে ভুল হিসেব করল। অতিরিক্ত সৈন্য পাঠানো সত্ত্বেও পূর্বাঞ্চলে পশ্চিম পাকিস্তানের সামরিক শক্তি প্রচন্ড গণবিদ্রোহ দমনের জন্য যথেষ্ট ছিল না। তা'ছাড়া পূর্ব পাকিস্তান রাইফেলস্-এর সদস্যদের মধ্যে অসন্তোষের অশুভ লক্ষণ দেখা দিয়েছিলো। এরাই পূর্ব বাংলায় সামরিক শক্তির চাবিকাঠি হিসেবে কাজ করে আসছে। সবকিছুর ঊর্ধ্বে দেখা দিল স্বাধীনতার জন্য আসন্ন ঘোষণার হুমকি।

নিঃসন্দেহে এই সমস্যা সকল আশার মাত্রা ছাড়িয়ে গেল। প্রেসিডেন্ট সত্বর সিদ্ধান্ত নিলেন যে, তাঁর পরিকল্পনার আমূল পরিবর্তনের প্রয়োজন রয়েছে। সেখানে রাজনৈতিক বিস্ফোরণ দমনের যে পরিকল্পনা ছিল যাতে রাজনৈতিক নেতৃবৃন্দকে শক্তি প্রয়োগে বশীভূত করবে, এখনকার পরিকল্পনার উদ্দেশ্য হলো নির্মমভাবে গণবিদ্রোহের মূলোৎপাটন করা। রাজনৈতিক বিকল্পগুলো প্রেসিডেন্টের মনকে এতটুকু ভারাক্রান্ত করেনি। কারণ সে সবের মধ্যে ছিল পরাজয়কে মেনে নেয়া। সেজন্য ইয়াহিয়া খানের পক্ষে আর পিছনে ফেরার উপায় থাকলো না। তিনি বৃহত্তর শক্তি প্রয়োগের তথা সামরিক সমাধানের মাধ্যমে রাজনৈতিক সমস্যার সুরাহার পথ দেখলেন।

গোয়েন্দা বিভাগের প্রধানেরাও প্রেসিডেন্টের এই মনোভাবকে সমর্থন করলেন। অকুস্থল ঢাকায় যে ব্যক্তিটি ছিলেন সেই টিক্কা খান আরো উৎসাহী ও আগ্রহ দেখালেন। টিক্কা খান প্রেসিডেন্টকে জানালেন, "আমাকে আরো ক্ষমতা দিন, আমি ৪৮ ঘন্টার মধ্যে ওদেরকে ঠান্ডা করে দেব।" প্রেসিডেন্ট এ যুক্তির কোন ত্রুটি দেখতে পেলেন না। প্রেসিডেন্টের এটা ধারণার অতীত ছিল যে, বাঙালীরা দুর্ধর্ষ পাকিস্তানী সেনার বিরুদ্ধে রুখে দাঁড়ানোর শক্তি রাখে। অতএব দাবার চাল ছুড়ে দেয়া হলো। সামরিক বাহিনীকে যে কোন মূল্যে তার অবস্থান বজায় রাখতেই হবে। বাঙালীদের একটা উপযুক্ত শিক্ষা দেয়া হবে।

৫ই মার্চের বিকেলে ইয়াহিয়া খানের মনে ভবিষ্যৎ কর্মপন্থা স্পষ্ট হয়ে উঠলো। কর্মপন্থার উদ্দেশ্য সাধনের জন্য কৌশল হবে প্রয়োজনীয় সামরিক শক্তি যোগানো,

www.BanglaBook.org



প্রস্তুতির জন্য সময় নেয়া এবং উপযুক্ত মরণ ছোবল দেয়া। সে অনুযায়ী তিনি আকাশ পথে রণসম্ভার পাঠানোর নির্দেশ দিলেন। আনুষঙ্গিক যুদ্ধ আইন আদেশ জারি করা হলো। পরদিন তিনি বেতারে ঘোষণা করলেন যে যেহেতু পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণার কারণে ভুল বুঝাবুঝি ও হাঙ্গামা সৃষ্টিকারীদের চিৎকারে পরিণত হয়েছে, সেহেতু তিনি দেশের প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক হিসেবে এই দুর্ভাগ্যজনক অচলাবস্থার মীমাংসাকল্পে সিদ্ধান্ত দিচ্ছেন যে, ২৫ শে মার্চ পরিষদের অধিবেশনের নতুন তারিখ নির্ধারিত করা হ'ল।

আমার মনে হয় না যে, তিন বা চার কোটি পাকিস্তানী যারা সেদিন প্রেসিডেন্টের ভাষণ শুনেছেন তাঁরা সেদিনকার সেই অভিজ্ঞতার কথা ভুলে যাবেন। বাস্তবক্ষেত্রে ইয়াহিয়া খান জনদাবির প্রত্যুত্তরে এটা জানাতে পারতেন, কিন্তু বক্তব্যে তিনি যে ধাঁচের ইঙ্গিত দিয়েছেন, যে সুরে বলেছেন, তাতে তাঁর মনোভাবে দুরভিসন্ধি স্পষ্ট হয়ে উঠেছে। এখানে একজন নিরপেক্ষ রাষ্ট্রপ্রধানের এ ধরনের রাজনীতিবিদের সৃষ্ট জটিলতা থেকে মুক্ত করার কথা হয়তো ভাবা যেত, কিন্তু প্রেসিডেন্টের মন্তব্যে আসল চাপটা সেদিকে ছিল না। তিনি বিক্ষুব্ধ বাঙালীদের অনুভূতির জন্য একটি কথাও বলেননি বা সামান্যতম সান্ত্বনা বা লাঘবের উদ্যোগও নেননি। তাঁর পরিবর্তে তিনি শেখ মুজিবুর রহমান ও আওয়ামী লীগের বিরুদ্ধে তীব্র নিন্দাপূর্ণ ভাষা ব্যবহার করেছেন। তিনি একহাতে যা'দিতে চেয়েছেন অন্য হাতে তা'কেড়ে নিয়েছেন। আমার এক শ্রদ্ধাস্পদ সহকর্মীর উক্তি "তিনি (ইয়াহিয়া) মোটেও আন্তরিক নন এবং তিনি পাকিস্তানকে জাহান্নামে পাঠাচ্ছেন"-এটা করাচীতে আমার সহকর্মী ও আমার অনুভূতিরই প্রতিধ্বনি।

এ থেকে স্পষ্টতঃ বুঝা গিয়েছিল যে রেসকোর্স ময়দানে শেখ মুজিবের অস্ত্রকে ভোঁতা করে দেবার একটা প্রচেষ্টা। কেননা তিনি ভেবেছিলেন ঐ দিন শেখ মুজিব স্বাধীনতার ঘোষণা দিতে পারেন। এটা ছিল তাঁর একটা উদ্দেশ্যমূলক জুয়াখেলা। অন্ততঃ এবারে ইয়াহিয়া খান ভুল হিসাব করেননি।

শেখ মুজিবুর রহমান, আওয়ামী লীগ ওয়ার্কিং কমিটি এবং তাঁর দলের নির্বাচিত জাতীয় ও প্রাদেশিক পরিষদের সদস্যবৃন্দ এই ফাঁদে আটকা পড়লেন। রেসকোর্স ময়দানের জনসভায় শেখ মুজিব স্বাধিকার অর্জনের জন্য অহিংস অসহযোগ আন্দোলন চালিয়ে যেতে বললেন এবং এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, "এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম" বলে ঘোষণা দিলেন। জনগণের প্রত্যাশিত ঘোষণা সরাসরি গেল না সেজন্য অনেকে হতাশ হল। এই আন্দোলন ইয়াহিয়া খানের চক্রের কাছে যতই ধ্বংসাত্মক ও অপ্রিয় হোক না কেন, এটা সামরিক প্রস্তুতির জন্য তখনো আকাঙ্ক্ষিত সময় দিয়েছিল।

BanglaBook.org

www.BanglaBook.org



বিপ্লবী নেতা হিসেবে আওয়ামী লীগ প্রধান শেখ মুজিব যে সুনাম অর্জন করেছিলেন, তা দিয়ে তিনি চার মাইল দূরে পূর্বাঞ্চল সেনানিবাসের প্রধান দপ্তরে লক্ষ লক্ষ দৃঢ়চেতা বজ্রমুষ্টি বাঙালীদের নেতৃত্ব দিয়ে টিক্কা খানকে আত্মসমর্পণ করাতে পারতেন। বাঙালীরা তা করতে প্রস্তুত ছিল, সামরিক বাহিনীকে উৎখাত করার জন্য কয়েক শত আত্মাহুতিও দিতে প্রস্তুত ছিল। তা'হলে বাংলাদেশ সামান্য ত্যাগের বিনিময়ে অর্জিত হতে পারতো ; পরবর্তীকালে লক্ষ লক্ষ প্রাণের মৃত্যু, অজস্র লোকের বাস্তুহারা ও সামরিক নৃশংসতার শিকার হয়ে দেশত্যাগ করতে হতো না।

শেখ মুজিবুর রহমান এবং আওয়ামী লীগ বাস্তব পরিস্থিতি বিশ্লেষণের অজ্ঞতার পরিচয় এইবারই শুধু একবার দেয়নি। তাঁদের চোখ ও কানের সম্মুখে অসংখ্য বেদনাদায়ক সাক্ষ্য প্রমাণ থাকা সত্ত্বেও তাঁরা ইয়াহিয়া খানের চালে বোকা বনে 'ম্যাড হাট্টার' নাচের 'সাংবিধানিক সূত্রের আলোচনায়' অংশ নিলেন এবং পরিণতিতে জনগণকে মেষের মত কসাই পাকসেনার হাতে জবাই হতে হ'ল।

২৫ শে মার্চে চরম আদেশ প্রদানের পর ইয়াহিয়া খান যখন করাচীতে ফিরে যাচ্ছিলেন এবং পশ্চিম পাকিস্তানে সেনাদল ঢাকা ও চট্টগ্রামে গণহত্যার প্রস্তুতি নিচ্ছিল, তখন একজন আওয়ামী লীগের পত্রবাহক শেখ মুজিবের স্বাক্ষরিত প্রেস রিলিজ দেশী ও বিদেশী সাংবাদিকদের মধ্যে বিলি করছিলেন। এই প্রেস রিলিজের বক্তব্য ছিল যে প্রেসিডেন্টের সঙ্গে আলোচনা সমাপ্ত হয়েছে। ক্ষমতা, হস্তান্তর সম্পর্কে আমরা মতৈক্যে পৌঁছেছি এবং আশা করি প্রেসিডেন্ট তাঁর ঘোষণা দেবেন। (এখানে আশ্চর্যবোধক চিহ্ন আমি ব্যবহার করেছি—কেননা এ ধরনের নির্বুদ্ধিতা সম্বন্ধে আমার কোন মন্তব্য নেই)।

৩ থেকে ২৫ মার্চের বাঙালী সেনারা তিনবার পৃথকভাবে শেখ মুজিবের সঙ্গে দেখা করে নির্দেশ চেয়েছেন, কেননা যা ঘটবে সে সম্বন্ধে তাদের কোন সংশয় ছিল না। প্রতিবারই শেখ মুজিব বাঙালী সেনাদের সঙ্গে সময়োপযোগী ব্যবহার করেছেন বা মামুলি ধরনের কথাবার্তা বলেছেন। আমার মনে হয় না ঐ সব সাহসী আত্মত্যাগী ব্যক্তিগণ যাঁরা এখন স্বাধীনতা সংগ্রাম চালিয়ে যাচ্ছেন তাঁরা ঐ অভিজ্ঞতার কথা ভুলে যাবেন। যা হোক রাজনীতিবিদরা যতই তাদের পেছনে চাপার চেষ্টা করুন না কেন এই লোকগুলো এবং তাদের মত সাহসী ছাত্রবৃন্দ যাঁরা এখন তাদের সঙ্গে থেকে লড়ছেন তাঁরাই বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের প্রকৃত বীরযোদ্ধা হিসেবে পরিচিত থাকবেন এবং ঘটনাক্রমে এঁরাই নতুন প্রজাতন্ত্রের রক্ষক হবেন। ৭ মার্চের ক্ষমতা দখলের সুযোগের ব্যর্থতা ছিল শেখ মুজিবুর রহমানের স্বাভাবিক নিয়মের বিপরীতধর্মী কাজ। আমি তাঁকে বহু বছর ধরে কাছে থেকে জানি। ১৯৫৮ সালের গ্রীষ্মের দিনে ফ্লাগস্টাফ আরিজোনা, লস এঞ্জেলস এবং সান ফ্রান্সিসকো হোটেলের

www.BanglaBook.org



কামরাগুলোতে একসঙ্গে থেকেছি। আমি তাঁকে হুবহু স্মরণ করতে পারছি, তিনি ১৯৫০ সালে একজন সাহসী ছাত্রনেতা এবং ১৯৫৮ সালে ৭ই অক্টোবর বালুচ রেজিমেন্ট মেসে যেদিন আইয়ুব খান সামরিক বাহিনী নিয়ে আনুষ্ঠানিকভাবে পাকিস্তানের শাসনভার দখল করলেন ঐদিনে তাঁর সঙ্গে আলোচনার কথা আমার বেশ মনে আছে।

পাঞ্জাবী রাজনীতিবিদদের শঠতায় অতিষ্ঠ হয়ে আওয়ামী লীগ ফিরোজ খান নুনের পক্ষ থেকে সমর্থন প্রত্যাহার করে ভিন্ন পথে চলার সিদ্ধান্ত নেয়। শেখ মুজিব সেদিন অত্যন্ত উত্তেজিত হয়ে বলে ফেলেন, "আমাদের স্বাধীনতা পেতে হবে।" তিনি আরও বলেন, "আমাদের নিজেদের সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী থাকতে হবে। আমি অবশ্যই এসব দেখব।" ক'ঘন্টা পর যখন তিনি ঢাকার উদ্দেশ্যে আকাশপথে যাচ্ছিলেন আইয়ুব তখন দেশের ক্ষমতা দখল করেছেন এবং শেখ মুজিব শীগগিরই আবার কারাগারের প্রকোষ্ঠে নিজেকে দেখতে পেলেন।

১৯৭১ সালের মধ্যে এই তীক্ষ্ণধী বাঙালী নেতা, অনন্য সাধারণ ব্যক্তিত্বে বিশিষ্ট হয়ে উঠেছেন, কিন্তু তিনি রাজনীতির চালে যে শক্তির বিরুদ্ধে লড়ছিলেন সেই পাক সামরিকচক্রের ভূমিকা সংযত করার পরিবর্তে আলগা করে ছিলেন। আমি মোহাম্মদ আইয়ুবের মন্তব্য উল্লেখ করছি ঃ

"মুজিবের ব্যর্থতার কারণ তিনি যে নেতৃত্ব দিয়েছেন, তার মধ্যে নিহিত নয়, তা নিহিত রয়েছে বাস্তব পরিস্থিতির সম্পর্কে তার জ্ঞানের মধ্যে, যার বিরুদ্ধে তিনি সংগ্রাম করেছেন—। এটা ছিল রাজনীতির সঙ্গে তার নিবিষ্ট-চিত্ততা, যা তাকে তৎপ্রবর্তিত আন্দোলনের ব্যাপকতর সামাজিক সংশ্লেষের বিচার থেকে তাকে নিবৃত্ত করেছিলো।" (*বাংলাদেশঃ এ স্ট্রাগল ফর নেশনহুড; পৃষ্ঠা ৬২*)।

এবার ৭ মার্চের কথায় ফিরে আসছি। সেদিনকার রেসকোর্স ময়দানের জনসভা—বাঙালীদের সংগ্রামের একটি নাটকীয় মোড় হিসেবে চিহ্নিত হয়ে আছে। কিন্তু জনগণ যা আশা করেছিল তা হয়নি। শেখ মুজিবুর রহমান স্বায়ত্তশাসন অর্জনের জন্য একটি কর্মসূচী দেয়ার প্রতিশ্রুতি দেন। কিন্তু সভায় উপস্থিত দশ লক্ষাধিক লোক জানতে এসেছিলেন অন্য কিছু ঃ স্বাধীনতার ঘোষণা। বিগত কয়েক সপ্তাহ ধরে সমগ্র পূর্ব বাংলা আক্রোশে ফেটে পড়েছিল। ঢাকায় এবং প্রদেশের অন্যান্য স্থানের সভাগুলোতে এটাই স্পষ্ট হয়ে উঠেছিল যে, বাঙালীরা পরিস্থিতির এমন এক পর্যায়ে পৌছেছে, যেখান থেকে আর ফিরে আসার পথ নেই। ছাত্রনেতাগণ, বাস্তব পরিস্থিতির প্রতি ছিলেন স্পন্দনশীল, তারা প্রকাশ্যভাবে স্বাধীনতার পক্ষে প্রচারের কাজে বেরিয়ে পড়লেন। তারা প্রকৃতপক্ষে আওয়ামী লীগকে স্বাধীনতা সংগ্রামের জন্য প্রস্তুত এবং অবশিষ্ট সকলের সঙ্গে সামিল হওয়ার জন্য চরমপত্র দিলেন এমন

www.BanglaBook.org



পরিস্থিতিতে শেখ মুজিবের বক্তৃতা শোনার জন্য জনসাধারণ রেসকোর্স ময়দানে সমবেত হয়। এবং তাদের দৃঢ় সংকল্পের কথা জানাতে তারা সঙ্গে শর্টগান, তরবারি, ঘরের তৈরী বল্লম, বাঁশের লাঠি প্রভৃতি বিভিন্ন অস্ত্রশস্ত্র নিয়ে আসে। সেদিন একটি পুলিশ কিংবা সেনাবাহিনীর কোন লোকও দেখা যায়নি।

সেনাদলের উপস্থিতির নিদর্শন একটি মাত্র সবুজ পিঙ্গল বর্ণের হেলিকপ্টার, যা গাছের উপর দিয়ে অবিরামভাবে উড়ছিল। সেনাবাহিনীর ঐরূপ উপস্থিতিতে কিছু লোককে বিচলিত করতে পারে এই আশায় হেলিকপ্টারটি উড়লেও জনগণকে মোটেই বিচলিত হতে দেখা যায়নি। সম্ভবতঃ সেদিনের জন্য হেলিকপ্টারের আরোহীরা আরো ভীত হয়ে পড়েছিল। নিরাপদ দূর থেকে সেদিন জনসমুদ্রে যে দৃঢ় প্রতিবাদ তারা স্বচক্ষে দেখেছিল, তা তাদের মারাত্মক দুশ্চিন্তার কারণ হয়েছিল। যদি এই জনসমুদ্র সেনাবাহিনীর বিরুদ্ধে অভিযান করত, তা'হলে ট্যাংক কিংবা কামান-বন্দুক নিয়ে তাদের নিস্তব্ধ করা সম্ভব হতো না। এই বিপদের কথা টিক্কা খান ভালভাবেই অবগত ছিলেন। হেলিকপ্টারটির চক্কর মারার কারণও ছিল তাই।

ময়দানে সমবেত জনসমুদ্রের দৃষ্টি নিবদ্ধ ছিল সভামঞ্চের উপর, যেখানে যে কোন মুহূর্তে বঙ্গবন্ধু শেখ মুজিবের উপস্থিতি আশা করা হচ্ছিল। ('বঙ্গবন্ধু' বাঙালীরা সবাই শ্রদ্ধা ও আদরের সঙ্গে এ নামে শেখ মুজিবকে ডেকে থাকে), সভায় উপস্থিত হতে বঙ্গবন্ধু বিলম্ব করছিলেন।

শেখ মুজিবুর রহমান তখন দলের ওয়ার্কিং কমিটির জরুরী সভায় রত ছিলেন। জাতীয় পরিষদের অধিবেশনের জন্য প্রেসিডেন্ট যে নতুন তারিখ ঘোষণা করেছেন, তা বিবেচনার জন্য তাঁর বাসভবনে আগের দিন সন্ধ্যায় এই সভা আহ্বান করা হয়েছিল। জনগণ উচ্চৈস্বরে দাবি করে আসছে স্বাধীনতা ঘোষণার জন্য সে বিষয়েও আওয়ামী লীগের সদস্যদের সিদ্ধান্ত গ্রহণেরও কথা ছিল। এর জন্য প্রবল চাপ দেওয়া হয়েছিল। একদিকে ছিল শক্তিশালী ছাত্র সংগঠনের হুমকি আর চাপ দেয়া হচ্ছিল যে আওয়ামী লীগের উচিত পশ্চিম পাকিস্তানের সঙ্গে সম্পর্কচ্ছেদের কথা ঘোষণা করা। এদের সঙ্গে ছিল রাজপথে জনগণের দাবির চাপ-এ দাবির বিরুদ্ধে যুক্তি ছিল, স্বাধীনতা ঘোষণার সঙ্গে সঙ্গে কসাই টিক্কা খান পরিচালিত পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনী পূর্ব বাঙলায় বর্বরোচিত প্রতিশোধ গ্রহণের সুস্পষ্ট সম্ভাবনা রয়েছে। যার ফলে নিরীহ লোকদের জীবনহানি ঘটবে। ঢাকা ও চট্টগ্রামের বিস্তীর্ণ এলাকা বিধ্বস্ত হয়ে যাবে। শেখ মুজিব রক্তপাতের বিরোধী ছিলেন। তারপর তাদেরকে বিপদের ঝুঁকি না নেওয়ার জন্য উৎসাহিত করা কেননা জেনারেল ইয়াহিয়া খানের পরিষদের অধিবেশনের জন্য তারিখ নির্ধারণ স্পষ্ট আত্মসমর্পণ। এটা তাদের কাছে মনে হয়েছিল যে, দু'বছর আগে ফিল্ড মার্শাল আইয়ুব খানের যে পরিণতি ঘটেছিল ইয়াহিয়া খানও

BanglaBook.org

www.BanglaBook.org



অনুরূপ পরিণতির শিকার হবেন প্রেসিডেন্ট সঠিকভাবে আগেই অনুমান করতে পারছিলেন যে, যুদ্ধ মাত্রই অন্যায় মনোভাবের লোকদের কাছে প্রবল আবেদন জাগাবে। কেননা তারা ব্যালট বাক্সের মাধ্যমে বিজয়ের রসাস্বাদনের আশা করছেন।

সারা রাত এবং দিনের একটি বিরাট অংশ ধরে আলাপ-আলোচনা চলল। তথাপি আওয়ামী লীগ কোন সিদ্ধান্তে পৌছাতে পারল না। স্পষ্টতঃ তারা দ্রুত পদক্ষেপ গ্রহণের বিরুদ্ধে কেননা তা ভয়াবহ পরিণাম ডেকে আনতে পারে। অবশেষে মুজিব প্রকাশ্যভাবে বলার সিদ্ধান্ত নেন। তিনি বললেন যে, তিনি প্রেসিডেন্টের কাছে চার দফা দাবি পেশ করবেন এবং প্রদেশব্যাপী অহিংস আন্দোলনের নেতৃত্ব দান করবেন, যা নিশ্চিতভাবে বাঙালীদের দৃঢ় সংকল্পের কথা প্রকাশ করবে।

এই চার দফা হলো ঃ

(১) অবিলম্বে সামরিক আইন প্রত্যাহার করতে হবে;

(২) সামরিক বাহিনীর লোকদের অবিলম্বে ছাউনিতে ফিরে যেতে হবে;

(৩) নিহতদের জন্য তদন্ত করতে হবে; এবং

(৪) অবিলম্বে অর্থাৎ ২৫শে মার্চ পরিষদের অধিবেশন বসার আগেই জনগণের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে।

দাবিগুলো ছিল সমঝোতা জাতীয়। এগুলোর লক্ষ্য অপরিবর্তনীয় থাকবে—যেমন, জনগণের হাতে ক্ষমতা হস্তান্তর ও সেনাবাহিনী প্রত্যাহার কিন্তু এর পদ্ধতি হবে অহিংস।

অসহযোগ আন্দোলনের সাফল্য সম্পর্কে শেখ মুজিবুর রহমানের বিশ্বাসের কারণ সম্পর্কে তিনি পূর্ণ সচেতন ছিলেন যে, তার হাতে জনগণের ক্ষমতারূপ শক্তিশালী অস্ত্র রয়েছে। প্রেসিডেন্টের অভিপ্রায়কে সঠিকভাবে বুঝতে তিনি হিসেবে ভুল করেছেন এবং সেজন্যই তিনি তাঁর চরম অস্ত্রের ব্যবহার করতে ব্যর্থ হলেন।

আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটি শেখ মুজিবের পরিকল্পনাকে অনুমোদন করতে দ্বিধা করেনি। স্পষ্টতঃ এই ব্যবস্থা আর একটি মধ্যপন্থা খুঁজে পেতে সাহায্য করেছিলো। কিন্তু বাইরে অপেক্ষমাণ ছাত্রনেতাগণ সে সিদ্ধান্তের কথা শুনে স্পষ্টত নিরুৎসাহ হয়ে পড়লেন। রেসকোর্স ময়দানে যাওয়ার আগে শেখ মুজিব তাদের শান্ত করতে চেষ্টা করেন, কিন্তু দৃশ্যতঃ তেমন ফল হয়নি।

শেখ মুজিব একজন বজ্রকণ্ঠী বক্তা। সেদিন রেসকোর্স ময়দানের বক্তৃতায় তিনি সবকিছুই ব্যবহার করেছেন-যথার্থ শব্দের মূর্চ্ছনা, তীব্র শ্লেষ বজ্রকণ্ঠের মন্ত্রপূত আহবান কিন্তু তিনি যা বলেছেন, তার সঙ্গে সে সময়ের জনগণের প্রত্যাশার মিল ছিল না। বক্তৃতার সময় জনতা উত্তেজনায় মাঝে মাঝে করতালি দিচ্ছিল এবং যথার্থ স্থানে প্রশংসাধ্বনি উচ্চারণ করছিল, তথাপি জনগণের যে প্রতিক্রিয়া দেখা গেল তা নিশ্চয়ই

BanglaBook.org

www.BanglaBook.org



ঘটনার উপযোগী হয়নি। বক্তৃতা শেষ করার পর তিনি কিছুক্ষণের জন্য নীরবে দাঁড়িয়ে রইলেন এবং বিরাট জনসমুদ্রের দিকে তাকিয়ে জনতার নৈরাশ্যভাব উপলব্ধি করলেন। এবার তিনি আবার বঙ্গবন্ধু হয়ে গেলেন। তিনি তাঁর দৃষ্টি উত্তোলন করে বজ্রকণ্ঠে উদাত্ত আহবান জানালেন ঃ 'আমাদের এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' "জয় বাংলা।"

জনতা উত্তেজিত হয়ে পড়লো। তারা যে জন্য এসেছিল, ঠিক তা তারা পায়নি। কিন্তু শেখ মুজিব তো মুক্তি এবং স্বাধীনতার কথা বলেছেন। এই মনোভাব নিয়েই তারা ময়দান থেকে চলে গেল এবং আওয়ামী লীগের আইন অমান্য আন্দোলনের কর্মসূচীতে পূর্ণ সমর্থন দেওয়ার সংকল্প গ্রহণ করলো।

পরদিন সেনাবাহিনীর ছাউনিগুলো ছাড়া পূর্ব বাংলার সর্বত্র কেন্দ্রীয় সরকারের কর্তৃত্ব শেষ হয়ে গেল। জনগণের শাসন প্রবর্তিত হল। জনগণ ইতিমধ্যে কেন্দ্রীয় এবং প্রাদেশিক রাজস্ব বিভাগে কর পরিশোধ করা বন্ধ করে দিল। ৩রা মার্চে প্রদত্ত শেখ মুজিবের নির্দেশে বাঙালী মালিকানাধীন দুটি ব্যাংকে যাবতীয় অর্থ জমা হতে লাগল। এখন সরকারী কাজের প্রতিটি ক্ষেত্রে কেন্দ্রীয় কর্তৃত্বের প্রতি অবাধ্যতা লক্ষণীয়ভাবে বিস্তার লাভ করল। এই ব্যাপারে বাঙালীরা ছিল চরম মাত্রায় শৃঙ্খলাবদ্ধ ও উৎসর্গীকৃত। প্রতিটি পুরুষ, নারী ও শিশু কেন্দ্রীয় সরকারকে অগ্রাহ্য করাকে ব্যক্তিগত সম্মানের প্রশ্ন হিসাবে ধরে নিয়েছিল এবং অত্যন্ত যত্নের সঙ্গে বঙ্গবন্ধুর নির্দেশাবলী পালন করছিল। এ জাতীয় শান্তিপূর্ণ আইন অমান্যের দৃশ্য আর কখনও দেখা দেয়নি। একারণেই অহিংস আন্দোলনের আজীবন ভক্ত খান ওয়ালী খান বলেছেন "এমন কি গান্ধীজীও বিস্মিত হতেন।"

৭ মার্চ রেসকোর্স ময়দানে শেখ মুজিবের যে দশটি নির্দেশনামা জারী করা হয় সেগুলো নীচে দেওয়া হলো। কারণ এসব নির্দেশনামা থেকে আইন অমান্য আন্দোলনের ব্যাপকতার একটি স্পষ্ট চিত্র ফুটে উঠবে।

BanglaBook.org

শেখ মুজিব বলেছেন ঃ

(১) সকল প্রকারের কর প্রদান বন্ধ থাকবে।

(২) বাংলাদেশ সচিবালয়, সরকারী ও আধাসরকারী দফতরসমূহ, হাইকোর্ট ও অন্যান্য আদালতসমূহসহ বাংলাদেশে হরতাল পালিত হবে। হরতালের আওতা থেকে যে সব বিষয় অব্যাহিত দেয়া হবে তা সময় সময় ঘোষণা দেয়া হবে।

(৩) রেলওয়ে এবং পোর্টে কাজকর্ম চলবে, কিন্তু রেলওয়ে এবং পোর্টে সামরিক বাহিনীর চলাচলের মাধ্যমে যদি জনগণের উপর নিবর্তনমূলক কাজে ব্যবহৃত হয় তাহলে কোন কর্মচারী সহযোগিতা করবে না।

(৪) রেডিও, টেলিভিশন এবং সংবাদপত্রে আমাদের বক্তব্যের পূর্ণ বিবরণ প্রচার

www.BanglaBook.org



করতে হবে। এবং কোনক্রমেই জনগণের আন্দোলনের সংবাদ চাপা দেয়া যাবে না। যদি তা করা হয় তাহলে বাঙালী কর্মচারীরা ঐসব প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতা করবে না।

(৫) শুধুমাত্র স্থানীয় ও আন্তঃজেলা টেলিফোন ও ট্রাংকল যোগাযোগ ব্যবস্থা চালু থাকবে।

(৬) সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে।

(৭) স্টেট ব্যাংকের মাধ্যমে কোন ব্যাংক পশ্চিম পাকিস্তানে টাকা পাচার করতে পারবে না।

(৮) সকল প্রতিষ্ঠানে বা ভবনে প্রতিদিন কালো পতাকা উত্তোলন করতে হবে।

(৯) অন্যান্য ক্ষেত্রে হরতাল তুলে নেয়া হলো। তবে প্রয়োজনে পরিস্থিতি বিবেচনা করে আবার হরতাল ডাকা হবে।

(১০) প্রত্যেক ঘরে ঘরে, ইউনিয়ন, মহল্লা, থানা, মহকুমা, জেলা আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ (বিপ্লবী কাউন্সিল) গড়ে তুলতে হবে। (এটা সমগ্র প্রশাসনিক কাঠামো এমনকি নিম্নস্থানীয় এলাকা পর্যন্ত বিস্তৃত ছিল)।

৮ই মার্চ যখন এ সমস্ত নির্দেশ পালিত হলো, তখন পশ্চিম পাকিস্তানে দারুণ ভীতির সঞ্চার হলো। করাচীর ষ্টক একচেঞ্জ বিশেষ করে যে সমস্ত কোম্পানীর মূল কেন্দ্র পূর্ববাংলায় সেগুলোর শেয়ার মূল্য দ্রুত গতিতে নেমে গেল। বড় বড় শেঠরা অর্থাৎ ব্যবসায়ীরা দিশেহারা হয়ে পড়ল। তারা এখন কি ঢাকা, চট্টগ্রাম, খুলনা তাদের মিলনগুলো দেখা শুনার জন্য লোক পাঠিয়ে বিপদে পড়বে? নাকি পরিস্থিতি শান্ত হওয়ার জন্য করাচীতে থাকবে। এদের দুই একজন পূর্ব বাঙলায় সাময়িকভাবে চলে এলো। অন্যরা করাচীতে থেকে রাওয়ালপিন্ডির সরকারের কাছে জরুরী পদক্ষেপ গ্রহণের জন্য আবেদন জানাতে লাগলো। একজন শেঠ একজন বাঙালী কর্মচারীকে চারগুণ বেতন দিতে চেয়ে বললো পূর্ব বাংলায় গিয়ে আমার প্রতিষ্ঠানগুলোকে বিশ্বস্ততার সঙ্গে দেখাশুনা করো। এ ধরনের প্রস্তাব বিনয়ের সঙ্গে প্রত্যাখ্যাত হয়েছে বলে আমি জেনেছি। আমার একজন বিশিষ্ট বাঙালী বন্ধু তার দুই ছেলে ঢাকায় নিয়ে যান যাতে তারা স্বচক্ষে 'আমাদের ইতিহাসের সবচেয়ে গৌরবময় অধ্যায়, প্রত্যক্ষ করতে পারে'। ৮ই মার্চে পাকিস্তানের দৃশ্য ছিল এইরূপ।"

সরকারী অফিস ও ব্যাংকের প্রতি নির্দেশাবলী বোধগম্য কারণেই জনসাধারণের কাছে বেশ কষ্টের কারণ হয়ে দাঁড়ায় এবং খাদ্যশস্য এবং অতি প্রয়োজনীয় ভোগ্যপণ্যের চলাচলও মারাত্মকভাবে ব্যাহত হলো। রপ্তানী, যা ছিল দেশের আর্থনীতিক কর্মকান্ডের জন্য একান্ত প্রয়োজনীয় তা বন্ধ হয়ে গেল। তাই আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও শেখ মুজিবের ঘনিষ্ঠতম উপদেষ্টা (বিপ্লবী বাংলাদেশ

www.BanglaBook.org



সরকারের প্রধানমন্ত্রী) ৮ই মার্চ জনসাধারণের অসুবিধা দূর করার জন্য এবং পূর্ব বাঙলার অর্থনৈতিক ক্ষতি রোধ করার জন্য কতিপয় ব্যাখ্যা ও ছাড় দিয়ে জনগণের কষ্ট লাঘবের চেষ্টা করেন।" এসব নির্দেশের মধ্যে ছিল ব্যাংকের কার্যকাল মেয়াদ, সড়ক ও নৌ-পরিবহন, পানি, গ্যাস, বিদ্যুৎ, সরবরাহ, খাদ্যদ্রব্য, ধান ও পাটের বীজ বিতরণ, জনস্বাস্থ্যমূলক এবং বাঙালীদের জন্য ট্রেজারী অফিসে কাজকর্ম চালু রাখার কথা। ডাক ও তার বিভাগকে কেবল পূর্ব বাংলার মধ্যে চিঠিপত্র ও টেলিগ্রাম আদান প্রদানের কাজ চালু রাখার জন্য আদেশ দেয়া হয়। শুধু বৈদেশিক তারবার্তার সংবাদ প্রেরণের জন্য ব্যতিক্রম রাখা হয়। এক্ষেত্রে তার বিভাগের একজন সাধারণ কর্মচারী শেখ মুজিব ও আওয়ামী লীগের আইন অমান্য আন্দোলনের সামান্যতম সমালোচনার সংবাদও সেন্সর করে পাঠাতেন। তাজউদ্দিন সাহেবের ব্যাখ্যা ও অব্যাহতি বা ছাড় বাইবেলের উক্তির ন্যায় মেনে চলা হলো।

এ সমস্ত কর্মসূচীর ফলে কেন্দ্রীয় সরকারের সঙ্গে পূর্ব বাংলায় একটি সমান্তরাল আওয়ামী লীগ সরকার চালু হয়ে গেল। পাকিস্তানের ইতিহাসে এই ঘটনা নজিরবিহীন।

পূর্ব বাঙলায় বাঙালীদের শক্তির অমিত তেজে পশ্চিম পাকিস্তানীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ল। এখান থেকে চলে যাওয়ার জন্য করাচীগামী জাহাজের চলাচলও বন্ধ হয়ে যাওয়ায় জটিলতা বেড়ে গেল। সুতরাং ঢাকা এয়ারপোর্ট একটা পাগলা গারদ হয়ে উঠল। সেখানে সকলেই পশ্চিম পাকিস্তানের টিকিটের জন্য কাড়াকাড়ি শুরু করে দিল।

তাদের সাহায্য করতে সেনাবাহিনী এগিয়ে এলো কেননা, এখন তারা আর নিষ্ক্রিয় ছিল না। পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সের সকল আন্তর্জাতিক সার্ভিস বাতিল করে সকল ফ্লাইট ঢাকা সরকারী যাত্রী বহন করার কাজে ব্যবহৃত হলো। এ সমস্ত যাত্রী ছিল পূর্ব বাঙলার জন্য বেসামরিক পোশাকে সামরিক বাহিনীর সদস্য। বিমানগুলো সার্বক্ষণিকভাবে যাতায়াত করছিল। ফেরার পথে ঢাকা থেকে পশ্চিম পাকিস্তানীদের পশ্চিম পাকিস্তানে ফিরিয়ে আনা হচ্ছিল।

পশ্চিম পাকিস্তানীদের মধ্যে যে প্রচণ্ডভীতি দেখা দেয়, তা ভিত্তিহীন ছিল না। শেখ মুজিবুর রহমানের পরিষ্কার নির্দেশাবলী এবং আওয়ামী লীগ স্বেচ্ছাসেবকদের শান্তি রক্ষার প্রচেষ্টা সত্ত্বেও অবাঙালীদের জড়িয়ে চট্টগ্রাম, খুলনা, ঢাকা এবং আরো কয়েকটি ক্ষুদ্র শহরে অনেকগুলো ঘটনা ঘটে গেল। আল্লাহ জানেন, কারা গুজব রটিয়েছিল যে, অবাঙালীদের শীঘ্রই জবাই করা হবে যা শুনে তারা আতঙ্কিত হয়ে পড়ে। এহেন ঘৃণা ও আতঙ্কজনিত পরিস্থিতিতে প্রতিটি ক্ষুদ্র ঘটনাই অতিরঞ্জিত হয়ে নিষ্ঠুরতম আচরণের পর্যায়ে উন্নীত হয়েছে।

কিছু সংখ্যক অবাঙালীর আসন্ন ভীতির যথার্থ কারণ ছিল। শোষকশ্রেণীর অংশ

www.BanglaBook.org



হিসাবে তারা নির্দয়ভাবে বাঙালীদের সঙ্গে ঘৃণ্য আচরণ করেছে এবং তাদের রক্তপাত ঘটিয়েছে। উপমহাদেশ বিভক্ত হওয়ার সময় এবং পরে সাম্প্রদায়িক দাঙ্গার সময় যে সমস্ত বিহারী ভারত থেকে উদ্বাস্তু হিসাবে পূর্ব বাঙলায় আসে, তখন তাদের যারা আশ্রয় দিয়েছিল সেই বাঙালীদের কাছ থেকে তারা নিজেদেরকে সাধারণতঃ পৃথক করে দেখেছিল। তারা বাঙলায় কথা বলতে অস্বীকার করত। কথাবার্তায় তারা কেবল উর্দু বা ইংরেজী ব্যবহার করত। কিছু কিছু অবাঙালীর মনোভাব ছিল ভীষণ উস্কানিমূলক। আমার এক সাংবাদিক বন্ধু গত শীত ঋতুর মাসগুলো পূর্ব বাংলায় কাটিয়ে এসে সেখানকার একটি ঘটনায় তাঁর অপমানিত হওয়ার কথা আমাকে বলেছেন। সেখানে তিনি তাঁর বাড়ীওয়ালাকে যিনি ছিলেন পশ্চিম পাকিস্তানী, উদ্দেশ্যমূলকভাবে তাঁর দরিদ্র বাঙালী চাকরদেরকে না খেতে দিয়ে উদ্বৃত্ত খাদ্য ডাস্টবিনে ফেলে দিতে দেখেছেন। এ ধরনের লোকদের যে কোন সমাজে তাদের কুকর্মের শাস্তিস্বরূপ ভয় পাওয়ার কারণ থাকে। কিন্তু তাই বলে ২৫ই মার্চের রাতে সেনাবাহিনী কর্তৃক হত্যাযজ্ঞ শুরু হওয়ার পর অবাঙালী পরিবারদের উপর যে নিষ্ঠুরতা চালানো হয়েছে, তাকেও ন্যায়সঙ্গত বলা চলে না।

১৫ই মার্চ আইন অমান্য আন্দোলনকে আরো কঠোর করা হল। পরিস্থিতি এমন এক পর্যায়ে পৌছলো যে, সরকারী কর্মচারীগণ কর্তৃক আওয়ামী লীগের নামে কেবল করই সংগৃহীত হল না, পূর্ব বাঙলায় কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের সমগ্র শাসনযন্ত্রই আওয়ামী লীগের নির্দেশে চলতে লাগলো।

এই পরিস্থিতিতে পশ্চিম পাকিস্তানের লোকেরা কেন্দ্রীয় সরকারের সুষ্ঠু আত্মপ্রসাদ লাভের কথা বুঝতে পারল না। ইয়াহিয়া খান ব্যর্থ হয়েছেন এবং ফিল্ড মার্শাল আইয়ুব খানের মত তিনিও অন্য কাউকে তাঁর উত্তরাধিকারী করে যাবেন-এমন কথা যথেষ্ট শোনা গেল। এই গুঞ্জন তখন কে দায়িত্ব নেবেন সে সম্পর্কে জল্পনা কল্পনার খেলায় পরিণত হলো। সামরিক প্রতিষ্ঠানগুলো খুব সতর্কতার সঙ্গে গোপনীয়তা রক্ষা করছিল। কেবল উর্ধ্বতন অফিসারগণই জানতেন যে, কি হতে যাচ্ছে, কিন্তু নগণ্য সংখ্যক অন্য কর্মচারী, যারা সামরিক বাহিনীর গতিবিধির অজস্র প্রমাণ পরীক্ষা করে এই খেলা সম্পর্কে সন্দেহ পোষণ করছিলেন কিন্তু তাঁদের সন্দেহের কথা কখনও সংবাদপত্রে প্রকাশিত হয়নি।

ইতিমধ্যে পূর্ব বাংলায় পশ্চিম পাকিস্তান থেকে আগত সেনাবাহিনীর ইউনিটগুলো চরম দুঃখ কষ্ট ও অবমাননার শিকারে পরিণত হলো। স্থানীয় বাজার থেকে সেনাদলকে খাদ্য-দ্রব্য ও নিত্যকার প্রয়োজনীয় জিনিসপত্র দিতে অস্বীকার করা হল, তারা বাজারে জিনিসপত্র কিনতে গেলে তাদের ব্যঙ্গ করা হত ও তাদের উপর থুথু ফেলা হত। কোন দোকানদারই তাদের কাছে কোন কিছু বিক্রি করতো না। শীঘ্রই তাদের খাদ্যের

BanglaBook.org

www.BanglaBook.org



মান অতি সস্তার ডাল-রুটির পর্যায়ে নেমে এল এবং কোন কোন সময় তাও আসত করাচী থেকে—মাংস, শাক-সব্জি সরবরাহের সঙ্গে বিমান বাহিনীর মালবাহী বিমানে করে।

ঐ সব কষ্টের দিনগুলোর কথা স্মরণ করে কুমিল্লাস্থ পূর্ব প্যাকিস্তান রাইফেলস্ বাহিনীতে কর্মরত জনৈক পাঠান আমাকে বলেছেন যে, তাদের একটি দলকে কীভাবে একদল বিক্ষোভকারী ছাত্র রাস্তায় পাকড়াও করেছিল। আমাদের প্যান্ট খুলে উলঙ্গ করে তারা আমাদেরকে ক্যান্টনমেন্টের দিকে ফিরে যেতে বাধ্য করেছিল। সে আরো বলল, সৌভাগ্যক্রমে আমাদের অনেকের পরনেই জাঙ্গিয়া ছিল। নতুবা আমাদের লজ্জাকর অবস্থা হত আরো ভয়াবহ।

ঐ পাঠান ও তার বন্ধুরা হয়তো ২৫শে মার্চের পরে তাদের তরুণ উৎপীড়কদের ওপর মারাত্মক প্রতিশোধ গ্রহণ করেছে। তারা যা করেছে সে সব কথা স্মরণ করলে এখনও আমার মন গভীর বেদনায় ভারাক্রান্ত হয়ে ওঠে।

পশ্চিম পাকিস্তানের সেনাবাহিনীর শৃঙ্খলার কথা বলতে গেলে বহু কথা বলা যায়। পঁচিশ দিনের দুঃস্বপ্নের কালে সেনাবাহিনীর অফিসারগণ তাদের সেনাদেরকে সংযত রাখতে সমর্থ হয়েছিলেন। কীভাবে তাঁরা তা করেছেন, একথা কুমিল্লার একজন অফিসারকে জিজ্ঞেস করলে তিনি জবাব দেন ঃ আহ্ আমরা তাদেরকে ধৈর্য ধারণের জন্য এবং অবস্থার উন্নতির প্রতি বিশ্বাস রাখার জন্য সব সময় বলতাম। এমন কি আমি নিজেও জানতাম না কি ঘটতে চলেছে। কিন্তু আমাদের সকলেরই বিশ্বাস ছিল যে, আমাদের শান্তভাবে অপেক্ষা করার পেছনে যথার্থ কারণ রয়েছে এবং আমরা তাই করেছিলাম তখন ঐ জারজ সন্তানেরা আমাদের প্রতি যে ব্যবহার করেছিল তার জন্য দুঃখ করছে।

সম্ভবতঃ বাঙালীদের হাতে চরমভাবে অপমানিত হন লেঃ জেনারেল টিক্কা খান নিজেই। এই সেনাধ্যক্ষ অসহযোগ ও আইন অমান্য আন্দোলন শুরু হওয়ার কয়েকদিন পরে গভর্ণর ও সামরিক আইন প্রশাসকের দ্বৈত ভূমিকা পালনের জন্য ঢাকায় আসেন। প্রেসিডেন্ট কর্তৃক আকস্মিকভাবে বরখাস্ত হয়ে গভর্ণর আহসান বিদায় নেন এবং টিক্কা খান গভর্ণর হাউজে এসে ওঠেন, কিন্তু তখন পর্যন্ত তাকে শপথ গ্রহণ করানো হয়নি। মনে হয় সামরিক টুপি পরিহিত সেনাধ্যক্ষ প্রশাসনিক আদব কায়দার যথার্থতা সম্পর্কে উদ্বেগসহকারে খুবই ব্যস্ত ছিলেন। শেষে ৯ই মার্চ টিক্কা খান গভর্ণর হিসাবে আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণের জন্য সিদ্ধান্ত নেন এবং শপথ গ্রহণের অনুষ্ঠান পরিচালনার জন্য পূর্ব বাংলার প্রধান বিচারপতিকে তলব করেন। বিচারপতি সিদ্দিকী অত্যন্ত বিনয়ের সঙ্গে তা প্রত্যাখ্যান করেন। ঢাকা হাইকোর্টের অন্যান্য বিচারপতিও তাঁকে অনুসরণ করেন। শেখ মুজিবের নির্দেশাবলী সর্বোচ্চস্তরে পালিত হচ্ছিল এতে

BanglaBook.org

www.BanglaBook.org



টিক্কা খান ক্রুদ্ধ হলেও তাঁর করার কিছু ছিল না। যাই হোক, ব্যাপারটা সেখানেই চাপা পড়ে গেল। যে বেস্যামরিক শাসন ব্যবস্থা চালু ছিলো, তা বঙ্গবন্ধু কর্তৃক তাঁর ধানমন্ডিস্থ ৩২ নং সড়কের ছোট দোতলা বাড়ি থেকে পরিচালিত হত। সেখানে অবশ্য সামরিক এলাকাও ছিল। তা সামরিক শাসনের প্রধান অফিসে পরিণত হয় এবং টিক্কা খান প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক জেনারেল ইয়াহিয়া খান কর্তৃক সরাসরি নিয়োজিত হয় ইতিমধ্যেই সেখানে এসে আসন গেড়ে বসেছিলেন কাজেই টিক্কা খানকে কেবল একটি সামরিক টুপি নিয়েই ২৭শে মার্চ পর্যন্ত সন্তুষ্ট থাকতে হল। যখন সেনাবাহিনী নিষ্ঠুরতার সঙ্গে পৈশাচিক উদ্দেশ্য সাধনের জন্য অগ্রসর হয় এবং তিনি প্রধান বিচারপতির চাকরির উপর আধিপত্য করার মত মর্যাদা লাভ করেন।

১৫ই মার্চ যখন আইন অমান্য আন্দোলন চরম মাত্রায় পৌঁছে তখন ইয়াহিয়া খান ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হলেন। প্রকাশ্যভাবে তাঁর ঢাকা আসার যে কারণ দেখানো হয়, তা'হল একটা রাজনৈতিক মীমাংসায় উপনীত হওয়া। প্রকৃত ঘটনা হল এই যে, সংকটময়কালে তিনি আরো অধিক সময় নষ্ট করতে চান। সে সময় এমন কি শেখ মুজিবের পক্ষেও স্বাধীনতা ঘোষণার দাবি অপ্রতিরোধ্য হয়ে দাঁড়ায়। ইয়াহিয়া খানের জন্য এটা ছিল আলোচনাকালে অপ্রাসঙ্গিক বিষয়ের আলোচনা শুরু করার সময়।

একটা মীমাংসা সম্পর্কে শাসকচক্রের যদি আন্তরিকতা থাকত তা হলে এ সন্ধিকালে এসব তারা করত না। ১৪ই মার্চ তারিখে শেখ মুজিবের সঙ্গে আলাপ আলোচনার জন্য প্রেসিডেন্টের ঢাকা আসার আগের দিন টিক্কা খান এক সামরিক আইন আদেশ জারী করলেন যে, যেসব সরকারী কর্মচারী প্রতিরক্ষা বাজেট থেকে বেতন পাচ্ছেন তাঁদেরকে ২৪ ঘন্টার মধ্যে কাজে যোগদান করতে হবে। আদেশে আরো বলা হয় কাজে যোগদানে ব্যর্থ হলে তাঁদেরকে শুধু বরখাস্তই করা হবে না বিশেষ ট্রাইব্যুনালে তাঁদের বিচার করা হবে। এই চরম আদেশের মেয়াদের অবসানও প্রেসিডেন্টের আগমন যুগপৎ ঘটেছে। ঘটনাটিকে কেউই গ্রাহ্য করেনি। দু'দিন পরে একই আদেশের পুনরাবৃত্তি ঘটে, এবার তাঁদেরকে তিন দিনের নোটিশ দেয়া হল। এতে বলা হল দুষ্কৃতিকারীদের হুমকিতে কাজে যোগদানে বিরত থাকতে যাঁরা বাধ্য হয়েছেন তাঁরা তিনদিনের মধ্যে কাজে যোগদান করতে পারেন। মীমাংসা সম্পর্কে শাসকগোষ্ঠীর যদি আন্তরিকতা থাকত তা'হলে স্পষ্টতঃই এহেন উস্কানি এড়িয়ে চলতেন। শেখ মুজিব এবং বাঙালীরা এ ব্যাপারে সাড়া দিতে পারতেন এবং তা তাঁরা দিয়েছেনও। তাঁরা এই আদেশ অগ্রাহ্য করেছেন। ১৬ই মার্চে অনুষ্ঠিত প্রেসিডেন্টের সঙ্গে শেখ মুজিবের বৈঠকের প্রথমেই এটাকে পাল্টা অভিযোগের বিষয়ে পরিণত করা হল।

www.BanglaBook.org



প্রেসিডেন্টের দল এবং সরকারী আলোচনাকারী দল-এর মধ্যে আরো উস্কানি দেওয়া হচ্ছিল, তা ছিল আলোচনায় জট প্যাকানোর উদ্দেশ্যে। পূর্বোক্ত দলে ছিলেন বেসামরিক গোয়েন্দা সংস্থার পরিচালক রিজভী। এই লোকটি ১৯৬৮ সালে কুখ্যাত আগরতলা ষড়যন্ত্র মামলায় শেখ মুজিবের বিরুদ্ধে অভিযোগ তৈরীর জন্য দায়ী ছিল। এই দলে ছিলেন আরেকটি মামদো ভূত। যাঁকে বাঙালীরা সবচেয়ে ঘৃণিত এবং অবাঞ্ছিত বলে জানে, তিনি হলেন আন্তঃগোয়েন্দা বিভাগের প্রধান মেজর জেনারেল আকবর। এই দলের শোভাবর্ধক লেঃ কর্নেল হাসান, যিনি ছিলেন ঐ আগরতলা ষড়যন্ত্র মামলায় সরকার পক্ষের অন্যতম উকিল। তাঁকে এই দলের অন্তর্ভুক্ত করার উদ্দেশ্য, যাতে এসব ব্যক্তি শেখ মুজিব ও তাঁর সহকর্মীদের সঙ্গে আলাপ-আলোচনা চাল্যতে পারে। তা'ছাড়া এই লোকটি সামরিক আইন সম্পর্কে বিশেষজ্ঞ এবং সামরিক আইনবিধির সঙ্গে সংশ্লিষ্ট কোন কিছু জানার জন্য তাঁর প্রয়োজন। এই অজুহাতে তাঁকে দলভুক্ত করা হয়েছে।

১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠার পর সবচেয়ে সংকটপূর্ণ রাজনৈতিক আলাপ-আলোচনায় অংশগ্রহণের উদ্দেশ্যে প্রেসিডেন্ট এই দলের চেয়ে অধিক উস্কানিদানকারী দল কোন রাষ্ট্রপ্রধান তার সঙ্গে নেয়ার জন্য মনোনীত করতে পারতেন না। আওয়ামী লীগ প্রধানের এ বৈঠক সম্বন্ধে ভবিষ্যদ্বাণীসূচক প্রতিক্রিয়ার লক্ষণ দেখা দিয়েছিল। ইয়াহিয়া খানের সঙ্গে তাঁর প্রথম বৈঠকের সময় তিনি প্রেসিডেন্ট কক্ষের প্রবেশ-পথে এই লোকগুলোকে চলা ফেরা করতে দেখলেন। নিজের বাসভবনে ফিরে এসে শেখ মুজিব তাঁর এক বন্ধুকে বললেন : ইয়াহিয়া তাঁর জালিমগুলোকেও সঙ্গে করে এনেছেন। তিনি কি চান যে আমি এদের সঙ্গে কথা বলি।

তথাপি শেখ মুজিব অচলাবস্থা-উত্তরণে শান্তিপূর্ণ পথে সমাধান খুঁজে পাওয়ার জন্য আলোচনা বৈঠকে বসেছিলেন। কিন্তু তিনি তাঁর মর্যাদা হারাননি। সরকারী দলের সঙ্গে আলোচনার জন্য তিনি তাজউদ্দিন, ডঃ রেহমান সোবহান ও ডঃ কামাল হোসেনকে পাঠান এবং প্রেসিডেন্টের সঙ্গে শীর্ষ বৈঠকের জন্য নিজেকে প্রস্তুত রাখেন।

আলোচনাসভাগুলো ছিল প্রহসন এবং স্মরণ করার মত কিছুই ছিল না। সেগুলো সফল হবে বলে কখনো আশা করা যায়নি। আলোচনাগুলো ছিল ঠিক রণকৌশলের মত, যা টিক্কা খানও সেনাবাহিনীকে পশ্চিম পাকিস্তান থেকে প্রয়োজনীয় অতিরিক্ত সেনা ও রণসম্ভার আনার জন্য আরো কিছু সময় দিয়েছে। সবচেয়ে লক্ষ্যযোগ্য বৈশিষ্ট্য এই যে, আলোচনা কখনো ভেঙ্গে যায়নি। তার সমাপ্তি ঘটেছে ২৫শে মার্চ সামরিক বাহিনীর কর্ম ব্যবস্থা গ্রহণের সঙ্গে সঙ্গে। শেখ মুজিব শেষ পর্যন্ত আলোচনার সঙ্গে জড়িত ছিলেন। এমন কি প্রেসিডেন্ট যখন আকাশ পথে করাচী ফিরে যাচ্ছিলেন তখনও তিনি মীমাংসায় আস্থা পোষণ করছিলেন। 'পূর্ব পাকিস্তানে সংকট' শীর্ষক

www.BanglaBook.org



সরকারী শ্বেতপত্র আলোচনা ভেঙ্গে যাওয়ার কারণ সম্পর্কে নীরব থাকার সুযোগ নিয়েছে। সরকার দলের চাতুরীর সর্বোৎকৃষ্ট প্রমাণ পাওয়া যায় শেখ মুজিবের সর্বশেষ সংবাদ বিজ্ঞপ্তি থেকে। আমি আগেই উল্লেখ করেছি যে, তাতে তিনি বলেছেন--- ক্ষমতা হস্তান্তর সম্পর্কে আমরা মতৈক্যে পৌছেছি এবং আমি আশা করি প্রেসিডেন্ট এখন তা ঘোষণা করবেন। বিদেশী সাংবাদিকগণ যখন ইন্টারকন্টিনেন্টাল হোটেলে এই অকপট উক্তি হজম করছিলেন তখন সামরিক বাহিনীর লোকেরা যে কোন মুহূর্তের নোটিশে অগ্রসর হওয়ার জন্য প্রস্তুত হয়ে নিঃশব্দে তাদের ট্যাংক সাঁজোয়া গাড়ীতে ও ট্র্যাকগুলোতে অপেক্ষা করছিল।

এসব থেকে ইঙ্গিত পাওয়া যায় যে, শেখ মুজিব ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ নিজেদেরকে ইয়াহিয়া খান ও তার অফিসারদের হাতে এভাবে প্রতারিত হওয়ার মত অবিশ্বাস্যরূপে নির্বোধ না হলেও বিস্ময়কররূপে সরল ছিলেন। এই ধারণা আমি নিঃসন্দেহে পোষণ করতে পারি না। প্রমাণাদি একথার উপর স্পষ্টরূপে সাক্ষ্য দেয় যে, ১৫ই মার্চ থেকে ২৫শে মার্চ পর্যন্ত সময়কালের মধ্যে ঢাকাস্থ গভর্ণমেন্ট ভবনটি ছিল সম্ভবতঃ আধুনিককালের সর্বশ্রেষ্ঠ রাজনৈতিক হেঁয়ালির নাট্যমঞ্চ। বাস্তবতার প্রতি আওয়ামী লীগের কৌতূহলজনক অজ্ঞতা, আমরা যারা পশ্চিম পাকিস্তান থেকে আসন্ন বিপদ দেখতে পাচ্ছিলাম, তাদের কাছে ছিল আরো অধিক বিরক্তিকর। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হওয়ার ফলে আমরা প্রতি মুহূর্তে কি হচ্ছে না হচ্ছে সে খবর জানতে পারিনি। ঢাকার এবং অন্যান্য স্থানে সামরিক বাহিনীর প্রস্তুতির প্রমাণ আওয়ামী লীগ আগে থেকে শুনেছিল।

পি, আই, এ বোয়িং এবং পাকিস্তান বিমান বাহিনীর সি-১৩০ বিমানগুলো নিয়মিতভাবে সাজ সরঞ্জামসহ যোদ্ধাদের বয়ে আনছিল। ঢাকা বিমান বন্দরটি মেশিনগান ও বিমান বিধ্বংসী কামানে সজ্জিত হয়ে বিমান ঘাঁটিতে পরিণত হয়েছিল। দূরবর্তী সীমান্ত জেলাগুলো থেকে ট্যাঙ্কগুলো শহরে নিয়ে আসা হলো। সেগুলোকে শহরের ব্যবহারোপযোগী করে নেওয়া হল। সেনাদলের নিয়মিত গতিবিধি চলতেই থাকল। পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনী ও বাঙালী রেজিমেন্টে অফিসার ও লোকদেরকে সুপরিকল্পিতভাবে ছোট ছোট দলে বিভক্ত করা হল। কিছু লোককে করা হল নিরস্ত্র। নেতৃবৃন্দ এ সমস্ত খবর জানতেন। ১৯শে মার্চ ঢাকা শহর থেকে ২২ মাইল দূরে অবস্থিত জয়দেবপুরে চীন নির্মিত অর্ডন্যান্স ফ্যাক্টরীতে পাহারারত পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনীর একটি দলকে নিরস্ত্র করতে গেলে পশ্চিম পাকিস্তানী সেনাদল ও স্থানীয় জনগণের মধ্যে মারাত্মক সংঘর্ষ হয়। সরকারী হিসাব মতে দু'জন নিহত ও পাঁচজন আহত হয়। আওয়ামী লীগ নিজস্ব হিসাব মতে সেনাবাহিনীর লোকদের গোলাগুলীর ফলে নিহতের সংখ্যা ১২০ জন।

BanglaBook.org

www.BanglaBook.org



২৪শে ফেব্রুয়ারীর আগেই শেখ মুজিবুর রহমান তাঁর লোকদেরকে হুঁশিয়ার করে দিচ্ছিলেন যে সংবিধান প্রণয়নের কাজ নস্যাৎ করার জন্য একটি কৃত্রিম সংকট তৈরী করা হচ্ছে-"এবং চক্রান্তকারী শক্তিগুলো পুনরায় আঘাত হানার জন্য প্রস্তুতি নিচ্ছেন। পরিষদের অধিবেশন মুলতবী হয়ে যাবার পর এবং বাঙালীদের অসহযোগ আন্দোলন চলাকালে ৩রা মার্চ শেখ মুজিব বলেন, "দুঃখের কথা এই যে সমস্ত বিমানের পশ্চিম পাকিস্তান থেকে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে আসার কথা ছিল, তার বদলে সেগুলো সামরিক বাহিনীর লোক ও অস্ত্রশস্ত্র বহন করার কাজে নিয়োজিত হয়েছে—।"

এ সমস্ত অশুভ ইঙ্গিত থাকা সত্ত্বেও আওয়ামী লীগের নেতৃবৃন্দ নিজেদেরকে প্রেসিডেন্ট ও তার অফিসারদের সঙ্গে বিরামহীনভাবে আলোচনায় নিযুক্ত রেখেছেন। এতে তাঁদের ভবিষ্যৎ পরিকল্পনার সহজ বিজ্ঞতাও ছিল না। ৭ মার্চ রেসকোর্স জনসভায় শেখ মুজিবুর রহমান "পূর্ব বাংলার প্রতিটি ঘরকে দুর্গে পরিণত করার" নির্দেশ দেন, প্রদেশব্যাপী সংগ্রাম পরিষদ গঠন করেন। এই সহজাত প্রবৃত্তি ছিল যথার্থ, কিন্তু এ ব্যাপারে যে সমস্ত আদেশ দেয়া হয়েছিল, তা যথার্থভাবে কাজে পরিণত হয়নি। বস্তুতঃ ২৩ মার্চ পল্টন ময়দানে বাংলাদেশের তিন রঙা পতাকা উত্তোলনের ঘটনা ছিল উৎসাহব্যঞ্জক। চারপাশে দুর্গ পরিখা খনন করার মত যে প্রজ্ঞা জনগণের ছিল আরো অধিক প্রত্যয় প্রদান করবে এবং পাঁচ মাইল দূরে অবস্থিত সামরিক ক্যান্টনমেন্টে যে যুদ্ধ প্রস্তুতি চলছে তার সমকক্ষ না হলেও তারা তার বিরুদ্ধে রুখে দাঁড়াবে। বিলম্বে হলেও এই ঘটনা বাংলাদেশের ইতিহাসের মোড় ঘুরিয়ে দেবে।

যতই এটা দেখানো হোক, আওয়ামী লীগের আইন অমান্য আন্দোলনে সাফল্য ততটা প্রয়োজনীয় সামগ্রীপূর্ণ ছিল না। সর্বাধিক চাপ প্রয়োগ এবং সবচেয়ে কম প্রস্তুতির ভ্রান্তি হয় ক্ষতিকর। ফলতঃ পূর্ব বাংলা রেজিমেন্ট ও পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনীর মুষ্টিমেয় অফিসার ও জোয়ানদের বিস্ময়কর সাহস ও সংকল্পের দৃঢ়তা পশ্চিম পাকিস্তানী সামরিক বাহিনীর লোকদের অভিযানকে প্রতিরোধ করেছে। সেই দিনে তাঁরাই বাংলাদেশকে রক্ষা করেছিলেন। প্রতিটি দেশের সাহসী মানুষ তাঁদের সালাম জানাবে।

BanglaBook.org

www.BanglaBook.org

# গণহত্যা

*আমরা তাদেরকে খুঁজে খুঁজে খতম করছি।*
—মেজর বশির, কুমিল্লা।

১৯৭১ সালের ২৫ মার্চ। রাত আটটা ধানমন্ডিস্থ ৩২ নং সড়কের প্রবেশমুখে একটি গলিতে একটি পরিচিত রিক্সা দ্রুতগতিতে এসে থামলো। যে ভবনের বাইরে এসে থেমেছে সে ভবনটি হল শেখ মুজিবুর রহমানের বাস ভবন। রিক্সা চালক কাশছিল এবং হাঁপাচ্ছিল। সে বলল, 'বঙ্গবন্ধুর জন্য একটি জরুরী চিরকুট নিয়ে ক্যান্টনমেন্ট থেকে রিক্সা চালিয়ে এসেছি। বাংলায় লেখা স্বাক্ষরবিহীন চিরকুট বার্তাটি ছিল সংক্ষিপ্ত ঃ

"আপনার বাসভবন আজ রাতে আক্রান্ত হতে যাচ্ছে।"

সে সময়ে সেখানে যাঁরা উপস্থিত ছিলেন, তাঁদের একজন আমাকে বলেছিলেন যে, পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীর আসন্ন হামলার খবর ঐ চিরকুটে তাঁরা প্রথমবারের মত পেয়েছিলেন। সন্ধ্যার কিছুক্ষণ আগে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের অঘোষিত প্রস্থান আওয়ামী লীগ মহলে বেশ নাড়া দিয়েছিল। তারপরেই যখন সেন্যবাহিনীর অশুভ গতিবিধির লক্ষণ দেখা দিল তখন শেখ মুজিব তাঁর সহকর্মীদের সতর্ক করে দিলেন এবং গা ঢাকা দেয়ার প্রস্তুতি নিতে বললেন। বঙ্গবন্ধু নিজে কোন সতর্কতা অবলম্বন করতে রাজী হলেন না। তিনি বললেন, 'আমার জায়গায়' অর্থাৎ নিজ বাড়ীতেই থাকবো। তখন থেকেই ক'জন বাঙালী তার খবর রেখেছেন। শেখ মুজিবের বেশ ক'জন অনুসারী আধঘন্টা পর পর তাঁর বাসায় টেলিফোন করে তাঁর নিরাপত্তা সম্পর্কে খোঁজ-খবর নিচ্ছিলেন। তাঁর গৃহভৃত্য হু' 'হ্যাঁ' ধরনের জবাব দিচ্ছিল। রাত দেড়টায়, আড়াই ঘন্টা পরে, গোলাগুলীর আওয়াজে আকাশ বাতাস উত্তাল। আগুনের চোখ-ধাঁধানো শিখায় রাতের আকাশ যখন উজ্জ্বল হয়ে উঠেছে, সে সময় শেখ মুজিবের বাসার টেলিফোনটি স্তব্ধ হয়ে গেল। ভীষণ আতংকের ভেতরে একথা প্রচারিত হলো যে, সেনাবাহিনী বঙ্গবন্ধুকে গ্রেফতার করেছে।

একজন প্রতিবেশী তিন সপ্তাহ পরে বাড়ির দেওয়ালে বুলেটের গর্তের দিকে

www.BanglaBook.org



অঙ্গুলী নির্দেশ করে কীভাবে শেখ মুজিব শান্ত অবস্থায় গ্রেফতারকারীদের জন্য অপেক্ষা করছিলেন সেদিনের সে ঘটনা স্মরণ করে আমাকে সব বললেন।

তিনি বললেন, রাত দেড়টায় সেনাবাহিনীর দু'টি জীপ ও কয়েকটি ট্রাক ৩২ নং সড়কের সদর দরজায় এসে থামল। কয়েক মুহূর্ত পর পাক সেনারা পঙ্গপালের মত বঙ্গবন্ধুর বাড়ির বাগানে সমবেত হলো। বাড়ির ছাদ ও উপর তলার জানালা লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোড়া হলো। সেনাবাহিনীর লোকেরা সরাসরি আক্রমণ করেনি শুধু ভয় দেখাচ্ছিল। তখন এই গোলমালের মধ্যে শেখ মুজিব তাঁর উপর তলার শোবার ঘরে ছিলেন। সেখান থেকে বলতে শোনা গেল, 'তোমরা অমন বর্বরের মত আচরণ করছো কেন? আমাকে তোমরা ডাকলেই তো আমি তোমাদের কাছে নেমে আসতাম।' পাজামার উপর তামাটে লাল রঙের গাউন পরিহিত শেখ মুজিব সিঁড়ি বেয়ে নীচে নেমে এলেন, সেখানে একজন তরুণ ক্যাপ্টেন দাঁড়িয়ে ছিল। আমার সংবাদদাতা আমাকে বলেছেন যে, এই অফিসারটি ছিল বিনয়ী ও নম্র স্বভাবের। সে দৃঢ় ও বিনয়ী কণ্ঠে বলল, আমার সঙ্গে চলে আসুন স্যার। তারপর শেখ মুজিবকে নিয়ে তারা সবাই গাড়িতে উঠে চলে গেল।

বেগম মুজিব ও তাঁদের শিশু পুত্র পাশের বাড়িতে পালিয়ে যাওয়ার এক ঘন্টা পরে সেনাভর্তি আরেকটি ট্রাক ঘটনাস্থলে এসে দাঁড়াল। এবার পাক সেনারা মোটেই ভদ্র ব্যবহার করল না। তারা নিচের তলার প্রতিটি জানালার কাঁচ ভেঙেগ গুঁড়ো গুঁড়ো করল। আসবাবপত্র, বিছানাপত্র ও পুস্তক রাখার আলমারিগুলো উল্টিয়ে পাল্টিয়ে তছনছ করে দিল। দেওয়াল থেকে আলোকচিত্র ও তৈলচিত্রগুলো বিচ্ছিন্ন করে ভেঙ্গেচুরে মেঝের উপর ইতস্ততঃ ছড়িয়ে ফেললো। হালকা রূপালী ফ্রেমে আঁটা চীনের চেয়ারম্যান মাও সেতুং-এর স্বাক্ষরকৃত একটি ছবি তার মধ্যে ছিল। আমি ভেবে বিস্মিত হলাম শেখ মুজিব এ ছবি কি করে পেয়েছেন। পাক সেনারা ঠিক কোন কিছুর খোঁজ করছিল না। তারা যেন শত্রুকে হাতের মুঠোয় পেয়ে তাকে ছিন্নভিন্ন করছিল যেমন আহত বাঘ বৃষকে আক্রমণ করে।

এপ্রিলের মাঝামাঝি সময়ে আমি যখন শেখ মুজিবের বাড়িতে যাই, তখন এসব কিছুরই প্রমাণ দেখতে পাই। সেখানে প্রাণী বলতে ছিল একটা ধূসর রঙের বড় বিড়াল, বিড়ালটি সেখানে এসে আমাদের দিকে শান্ত দৃষ্টিতে চেয়ে থাকলো। আর ছিল আবর্জনায় ঠোকররত তিনটি মুরগী ও ঘরের পার্শ্বে বিভিন্ন ধরনের প্রায় ডজন খানেক কবতুর। বঙ্গবন্ধুর বাসভবনটি পরিত্যক্ত ভূতুড়ে বাড়িতে পরিণত হয়েছিল। ঠিক এরূপ বাড়ি আমি পূর্ব বাংলার অন্যান্য এলাকায় দেখেছি—সমগ্র গ্রাম ও শহরের সারিসারি বাড়ি শূন্য রেখে জনসাধারণ প্রাণের ভয়ে পালিয়ে গেছে। বাড়িঘর ত্যাগ করার আগে তারা ক্রুদ্ধ সমর দেবতাকে প্রসন্ন করার জন্য সবুজ ও সাদা রঙের

BanglaBook.org

www.BanglaBook.org



হাজার হাজার পাকিস্তানী পতাকা উড়িয়ে রেখে গেছে। বর্বরতার বিরুদ্ধে নিশ্চয়তা স্বরূপ এই পতাকাগুলো বেশিরভাগ ক্ষেত্রেই লোকদের খুব কমই কাজে লেগেছে। তা সত্ত্বেও সেগুলো সোনালী সূর্য কিরণে দুলতে থাকে, জনবিহীন ভৌতিক অবকাশ উদযাপনের মত।

যারা সৌভাগ্যবান তারা সীমান্তের ওপারে ভারতে চলে যায়। এদের প্রায় সকলেই নিয়তি নির্ধারিত ভাগ্য ছাড়া আর কিছুই সঙ্গে নিয়ে যেতে পারেনি। অন্যেরা শেখ মুজিবের মত ধরা পড়ে। জনগণের দৃষ্টি থেকে অদৃশ্য হয়ে যায়; এবং বেয়োনেটের খোঁচায় ও গুলির আঘাতে নিহত বিকৃত দেহগুলো স্ফীত অবস্থায় মাঠে, খানা-খন্দকে ও বাতাসে মৃদুভাবে আন্দোলিত নারকেল গাছপালার মাঝখানে পড়ে থাকতে দেখা যায়।

এপ্রিল মাসে পূর্ব বাংলার প্রাকৃতিক সৌন্দর্য ছিল খুবই আকর্ষণীয়। হাঁটু উঁচু ধানের সবুজ কার্পেট, মধ্যে মধ্যে কাঁচ স্বচ্ছ ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়, দিগন্ত বিস্তৃত ক্ষুদ্র ক্ষুদ্র উঁচু কুটিরের সারি শোভা পাচ্ছিল। রাস্তার উভয় পার্শ্বে লাল বর্ণের চোখ-ধাঁধান উজ্জ্বল চিত্র দেখে মনে হয় প্রকৃতির সৌন্দর্য যেন পূর্ণতা লাভ করেছে। আম কাঁঠালের গাছগুলো ফলভারে নুয়ে পড়েছে। চাঁপা ফুলের মন মাতানো সৌরভে বাতাস পরিপূর্ণ। প্রকৃতির যৌবন যেখানে থরেবিথরে সাজানো, সেখানে হতভাগ্য কেবল মানুষগুলোই বিসদৃশভাবে ছিন্নবিচ্ছিন্ন।

মার্চের সেই ভয়ংকর রাতে শেখ মুজিবুর রহমানের নিরুপায় নিশ্চেষ্টতা ছিল বিস্ময়কর। এটা সহিংস সুতীব্র রক্তপাত বিরোধী কাজ, যা রাজধানীকে সম্পূর্ণরূপে গ্রাস করেছিল। যে মুহূর্তে পূর্বাঞ্চলীয় সেনানিবাসের প্রধান দপ্তরে খবর পৌঁছল যে, প্রেসিডেন্ট নিরাপদে করাচীতে পৌঁছেছেন, সেই মুহূর্তে পাক-সেনাবাহিনী কাজে লেগে পড়ল। এটা ঘটেছিল রাত সাড়ে এগারটায়। মাঝরাতের মধ্যেই পাক-সেনাবাহিনীর সব দলই তাদের ভয়াবহ কাজে লেগে গেল। ট্যাঙ্ক, বাজুকা ও স্বয়ংক্রিয় রাইফেলসহ পিলখানায় পূর্ব-পাকিস্তান রাইফেল বাহিনীকে আক্রমণ করলো। একই সময়ে রাজারবাগসহ পুলিশের প্রধান কার্যালয়ও আক্রান্ত হলো। উভয় স্থানেই অপ্রস্তুত বাঙালীরা যাদের সংখ্যা হবে প্রায় পাঁচ হাজার। শক্ত প্রতিরোধ গড়ে তুলেছিল বটে, তবে আগে থেকে প্রস্তুত থাকলে তাদের প্রতিরোধ আরো জোরদার হতো। যা'হোক এর পরিণাম ছিল সুস্পষ্ট। পাক-সেনাবাহিনীর ছিল আকস্মিক আক্রমণের আয়োজন, আর ছিল অধিক সংখ্যক সেনাবল, উৎকৃষ্টতর অস্ত্র ও গোলা বারুদের সুবিধা। বাঙালী বাহিনীর লোকেরা মৃত্যু বরণের আগে পাক-সেনাবাহিনীকে জাহান্নামে পাঠিয়ে ছাড়ে। আমরা যখন আক্রান্ত এলাকা দেখতে গিয়েছিলাম তখন আমাদের সাহায্যকারী লোকটি অনিচ্ছা সত্ত্বেও একথা স্বীকার করেছিল।

www.BanglaBook.org



শহরের অন্যত্র পাক-সেনাবাহিনীর দলগুলো বাজুকা, অগ্নি নিক্ষেপকারী অস্ত্র, মেশিনগান ও স্বয়ংক্রিয় রাইফেল এবং সময় সময় ট্যাঙ্কসহ পূর্ব নির্ধারিত লক্ষ্যস্থলগুলোতে আক্রমণ চালায়। তাদের একটি ইউনিট আওয়ামী লীগপন্থী পত্রিকা 'দি পিপল' এর অফিসে যায়। অফিসটি ছিল ইন্টারকন্টিনেন্টাল হোটেলের ছাদে অবস্থানরত দলবদ্ধ ভীত বিদেশী সাংবাদিকদের দৃষ্টি সীমার মধ্যে অবস্থিত। ঐ সেনাবাহিনীর লোকেরা সংকীর্ণ গলিতে সরাসরি গুলি ছোড়ে। পত্রিকা অফিসের কর্মচারীগণ পালাতে চেষ্টা করলে তাদের নির্দয়ভাবে হত্যা করা হয়। দালানের যা অবশিষ্ট ছিল তাতে গ্যাসোলিন ঢেলে আগুন ধরিয়ে দেয়া হয়। এভাবেই সেনাবাহিনী একটি শত্রু নিধনযজ্ঞ সমাপ্ত করে। (বংশাল রোডস্থ 'সংবাদ' পত্রিকাটিও আক্রান্ত হয়। পত্রিকার ক'জন সাংবাদিকসহ প্রতিষ্ঠানটির সবকিছু পুড়িয়ে দেয়া হয়)।

শহরের অপর প্রান্তে একটি প্রসিদ্ধ বাংলা সংবাদপত্র 'দৈনিক ইত্তেফাক'-এর ভাগ্যেও একই দশা ঘটে। যখন প্রকাশ পেল যে কাজটি ভুল বশতঃ হয়ে গেছে তখন সেনাবাহিনী তা সংশোধন করল। পত্রিকা অফিস পুনর্নির্মিত হলো এবং কোন এক স্থানের একটি পুরনো ছাপাখানা ধার করে পত্রিকাটি পুনরায় চালু করা হলো।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকদের আবাসগুলোতে নিহত শত শত ছাত্র ও শিক্ষক কিংবা শাঁখারী পট্টি, তাঁতিবাজার অথবা বিরাট রেসকোর্স ময়দানের মধ্যে দাঁড়িয়ে থাকা দুটো মন্দিরের চারপাশে অবস্থিত সারিসারি ঘরগুলোতে বসবাসরত হাজার হাজার নিহত হিন্দুদের জন্য কেউ চোখের জল ফেলল না। পাক-সেনাবাহিনীর লোকেরা শাঁখারি পট্টির অপ্রশস্ত রাস্তার উভয় প্রান্ত অবরোধ করে ঘরে ঘরে হানা দিয়ে প্রায় আট হাজার নারী-পুরুষ ও শিশুকে হত্যা করেছে।

টহলরত সেনাবাহিনীর আরেকটি দল নিউ মার্কেটের নিকটবর্তী লেফটেন্যান্ট কমান্ডার মোয়াজ্জেম হোসেনের বাড়িতে হানা দেয়। তিনি ছিলেন একজন নামী আওয়ামী লীগ কর্মী ও নৌবাহিনীর প্রাক্তন অফিসার। তিনি ১৯৬৮ সালের তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলায় শেখ মুজিবুর রহমানের সঙ্গে সহ অভিযুক্ত ছিলেন। এই হতভাগ্য কমান্ডারকে ঘর থেকে টেনে বের করা হয় এবং তার সন্ত্রস্ত স্ত্রীর সম্মুখে নির্মমভাবে হত্যা করা হয়। চলে যাওয়ার নিদর্শন স্বরূপ পাক সেনারা ঘরের বিভিন্ন অংশ লক্ষ্য করে গুলি ছোড়ে। শহরের বিভিন্ন অংশ থেকে প্রাপ্ত সংবাদ থেকে জানা যায় যে, অন্যান্য আওয়ামী লীগ নেতা এবং ছাত্রনেতাদের উপর পাক সেনারা শিকারী কুকুরের মত ঝাঁপিয়ে পড়ে।

সামরিক বাহিনীর আক্রোশের বিশেষ লক্ষ্য ছিল মুসলিম ছাত্রাবাস 'ইকবাল হল' এবং এর নিকটতর্বী হিন্দু ছাত্রাবাস 'জগন্নাথ হল'। পাক সেনাবাহিনীর লোকেরা দু'টো হলই ঘেরাও করে এবং বাজুকা ও স্বয়ংক্রিয় অস্ত্রাদির সাহায্যে কয়েক মিনিট

www.BanglaBook.org



অফুরন্ত গুলি বর্ষণের পর অবরুদ্ধ হলগুলোতে বসবাসরত ছাত্রদের নির্বিচারে হত্যা করে। নিহত হিন্দু ছাত্রদের হলের আঙ্গিনার বাইরে তাড়াহুড়ো করে কাটা একটি পরিখায় মাটি চাপা দেয়া হয় কিংবা হল ভবনের ছাদের উপর পচনের জন্য ফেলে রাখা হয়।

বুদ্ধিজীবী সম্প্রদায়ের মূল অংশ হিসেবে পরিচিত শতশত অধ্যাপক, চিকিৎসক ও শিক্ষককে 'জিজ্ঞাসাবাদের' জন্য ডেকে নিয়ে কীভাবে রাতারাতি চিরতরে শেষ করে দেয়া হয়েছে, দেশ থেকে পলায়নরত বাঙালীরা তার বর্ণনা দিয়েছে। নিরপেক্ষ নির্দলীয় লোকদের কাছ থেকে প্রাপ্ত সাক্ষ্য প্রমাণাদি তা' সমর্থন করেছে। ঠিক একইভাবে সেনাবাহিনী কর্তৃক গৃহীত ভয়ংকর 'শুদ্ধি অভিযানের' মাধ্যমে বাঙালী যুব সম্প্রদায়ের সর্বোৎকৃষ্ট অংশকে তন্ন তন্ন করে খুঁজে বের করে শেষ করে দেয়া হয়েছে।

ঢাকায় ৪৮ ঘন্টা ধরে রক্তস্নান চলে। ২৬শে মার্চের পূর্বাহ্নে প্রকাশ্য দিবালোকে কার্ফ্যু বা সান্ধ্য আইন ভঙ্গের দায়ে কয়েকশ' নিরীহ নিরপরাধ লোককে নির্বিচারে গুলি করে হত্যা করা হয়। অথচ কার্ফ্যু বা সান্ধ্য আইনের কথা ঘোষণার মাধ্যমে জনসাধারণকে আগে জানান হয়নি। আনুমানিক দশটার মধ্যে যখন এ কাজ চূড়ান্তভাবে সম্পন্ন হলো, তখন পূর্ব নির্ধারিত শিকারদেরকে তাদের নিজ নিজ বাড়িতে আটক করার জন্য সান্ধ্য আইনকে ব্যবহার করা হলো।

প্রায় সেই একই সময়ে পাক সেনাবাহিনী অন্যদিকে তাদের পৈশাচিক দন্ত দেখাতে লাগল। ভূট্টো সাহেবসহ যে সকল রাজনৈতিক নেতা শেখ মুজিবের সঙ্গে আলাপ-আলোচনা করার জন্য ঢাকা এসেছিলেন, তাঁরাও জানতে পারেননি যে, ভুট্টো সাহেব ২৫শে মার্চ সকালে চলে যাবেন। প্রকৃতপক্ষে সেদিন সন্ধ্যায় শেখ মুজিবের সঙ্গে তার সাক্ষাৎকারের কথা ছিল। দৃশ্যতঃ ভুট্টো অধিক জরুরী কাজে আটকা পড়ে শেখ মুজিবের কাছে বিকেল ছ'টার দিকে এই মর্মে টেলিফোন করেন যে, তিনি প্রেসিডেন্টের সঙ্গে দেখা করতে চান বলে তাদের মধ্যেকার বৈঠক পরদিন পর্যন্ত স্থগিত রাখার প্রস্তাব করেছেন। শেখ মুজিব এর জবাবে তাঁকে বললেন, বৈঠক স্থগিত রাখতে তাঁর আপত্তি নেই কিন্তু তিনি কি করে প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাতের আশা করছেন? তিনি তো ইতিমধ্যেই করাচীর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন।' কয়েকজন ছাত্র নেতার প্রদত্ত প্রমাণ থেকে জানা যায় যে, ভুট্টো এতে বিস্মিত হন। তিনি প্রেসিডেন্টের ভবনে প্রবেশ করার চেষ্টা করেছিলেন। কিন্তু তাঁকে বলা হয় যে, প্রেসিডেন্ট এখন 'পূর্বাঞ্চলীয় প্রধান সেনানিবাসে ডিনার' খাচ্ছেন। কাজেই এখন তাঁর সাথে সাক্ষাত করতে পারবেন না। মনে হয় ভুট্টো সংবাদটি পেয়েছিলেন। পরদিন তাঁকে প্রাসঙ্গিক ঘটনার সম্মুখীন হতে হয়েছে। করাচীর উদ্দেশ্যে রওয়ানা

www.BanglaBook.org



দেবার জন্য বিমানে ওঠার আগে তাঁর সামরিক প্রহরীগণ তাঁকে, সেনাবাহিনীর লোকেরা তখনও পর্যন্ত শহরের যে সমস্ত এলাকায় নৃশংসতা চালিয়ে যাচ্ছিল সে সমস্ত এলাকায় সংক্ষিপ্ত সফরে নিয়ে যায়। ভূট্টোর অনুসারীগণ বলেন যে, এর কোন তাৎপর্য ছিল না। কিন্তু অপর একজন রাজনীতিবিদ আমাকে বলেছিলেন যে, সেনাবাহিনীর উদ্দেশ্যের পরিপন্থী কোন কাজ করলে, এর পরিণতি কি হবে তার জ্বলন্ত প্রমাণ দেখানোর অভিপ্রায়েই এ ব্যবস্থা করা হয়। উদ্দেশ্য যাই হোক না কেন, ভূট্টো যা দেখেছেন সে সম্পর্কে তিনি অন্ধ কিংবা অনুভূতিহীন থাকতে পারেননি। করাচী আগমনের পর 'পাকিস্তান রক্ষা পেয়েছে' বলে তিনি যে প্রকাশ্যে সেনাবাহিনীর নৃশংসতার সমর্থন করেছেন, তা' সম্ভবতঃ এই শতাব্দীর একজন জননেতার সবচেয়ে মারাত্মক উক্তি ও ভ্রান্তি। যা'হোক, ক্রমে ক্রমে হত্যাযজ্ঞের দৃষ্টান্ত চোখে পড়তে লাগল। ভীত সন্ত্রস্ত বাঙালীরা সহসা বুঝতে পারল যে, পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনী পূর্ব বাঙলায় গণহত্যা শুরু করেছে।

সারা প্রদেশ জুড়ে হত্যাকান্ডের সুব্যবস্থার নমুনার সঙ্গে জেনোসাইড বা গণহত্যা শব্দটির আভিধানিক সংজ্ঞার হুবহু মিল রয়েছে। পরে আমি যখন কুমিল্লাস্থ ১৪ নং ডিভিশনের প্রধান কার্যালয় সফরে যাই, তখন জানতে পারি যে, বর্বরতা ও ব্যাপকতার সঙ্গে উক্ত অভিযানের জন্য সুপরিকল্পিত পরিকল্পনা গ্রহণ করে তা কার্যকর করা হচ্ছে।

গণহত্যার লক্ষ্যবস্তু ছিল এই ঃ

১। ইষ্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙালী সৈনিক পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনীর লোক, পুলিশ এবং আধা সামরিক আনসার ও মুজাহিদ বাহিনীর লোক।

২। হিন্দু সম্প্রদায় "আমরা কেবল হিন্দু পুরুষদেরকে হত্যা করছি, হিন্দু নারী ও শিশুদেরকে ছেড়ে দিচ্ছি। আমরা সৈনিক, নারী শিশুদেরকে হত্যা করার মত কাপুরুষ আমরা নই-। কুমিল্লায় আমি একথা শুনেছি।

৩। আওয়ামী লীগের লোক—নিম্নতম পদ থেকে নেতৃত্বস্থানীয় পদ পর্যন্ত বিভিন্ন স্তরের লোক, বিশেষ করে এই দলের কার্যনির্বাহী সংসদের সদস্য ও স্বেচ্ছাসেবকগণ।

৪। ছাত্র—কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত তরুণের দল ও কিছু সংখ্যক ছাত্রী। যাঁরা ছিলেন অধিকতর সংগ্রামী মনোভাবাপন্ন।

৫। অধ্যাপক ও শিক্ষকদের মত বাঙালী বুদ্ধিজীবী সম্প্রদায় যারা 'সংগ্রামী' বলে সেনাবাহিনী কর্তৃক সব সময় নিন্দিত হতেন।

ঢাকায় এবং প্রদেশের অন্যান্য স্থানে সেনাবাহিনীর লোকেরা যখন তাদের নৃশংসতা চালাত তখন তারা এই হতভাগ্য লোকদের তালিকা সঙ্গে নিয়ে যেত।

BanglaBook.org

www.BanglaBook.org



২৫শে মার্চের আগে সেই অবমাননাকর দিনগুলোতে অর্থাৎ অসহযোগ আন্দোলনের সময় এই হতভাগ্য লোকদের তালিকা তৈরী করা হয়। তারপর সেনাবাহিনীর লোকেরা ভয়ংকর প্রতিশোধ নিতে শুরু করে।

হিন্দুদের খুঁজে খুঁজে বের করা হচ্ছিল। কারণ শাসকগোষ্ঠী তাদেরকে মনে করত 'ভারতের অনুচর' তারা পূর্ব বাংলার মুসলমানদের কলুষিত করে ফেলেছে। বাঙালী সামরিক পুলিশ বাহিনীর লোকদের অনুসন্ধান করার কারণ তারাই একমাত্র শিক্ষাপ্রাপ্ত দল, যারা সেনাবাহিনীকে প্রতিরোধ দিতে সমর্থ। অন্যদেরকে গণহত্যার আওতাভুক্ত করার কারণ তাদের রাজনৈতিক উচ্চাকাঙ্ক্ষাকে রাষ্ট্রের অখন্ডতার প্রতি প্রত্যক্ষ হুমকি স্বরূপ মনে করা হচ্ছিল।

আমি চিন্তা করে দেখেছি যে, গণহত্যা ছিল 'শোধন প্রক্রিয়া' যাকে শাসকগোষ্ঠী রাজনৈতিক সমস্যার সমাধান বলে মনে করত। সেই সঙ্গে এই বর্বরোচিত উপায়ে প্রদেশটিকে উপনিবেশে পরিণত করাও ছিল এর অন্যতম উদ্দেশ্য।

বিচ্ছিন্নতার হুমকি থেকে রক্ষা করার উদ্দেশ্যে পূর্ব পাকিস্তানকে চিরদিনের জন্য পবিত্র করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। সেজন্য যদি বিশ লাখ লোককে হত্যা করতে হয় এবং প্রদেশটিকে তিরিশ বছরের জন্য উপনিবেশ হিসাবে শাসন করতে হয়, তবুও। কুমিল্লাস্থ ১৬ নং ডিভিশনের প্রধান কার্যালয়ে অভদ্রভাবে আমাকে একথা বলা হয়।

এই ছিল পূর্ব বাংলার সমস্যা সম্পর্কে সামরিক শাসকগোষ্ঠীর চূড়ান্ত সমাধান। হিটলারের পর থেকে এ পর্যন্ত এমন পৈশাচিক দৃষ্টান্ত আর এই বিশ্বে দেখা যায়নি।

কুমিল্লা অঞ্চলে সেনাবাহিনীর সঙ্গে আমার স্বল্পকালীন অবস্থান কালে হত্যা ও অগ্নিসংযোগ অভিযানের ফলে যে প্রচন্ড ভীতি দেখা দেয় তা আমি সরাসরি প্রত্যক্ষ করেছি। সেখানে গ্রামে গ্রামে ও ঘরে ঘরে হানা দিয়ে সুপরিকল্পিতভাবে হিন্দু ও যারা সামরিক বাহিনীর চোখে অপরাধী ছিল তাদের ধরে এনে হত্যা করা হতো। আমি দেখেছি একটি পুলের ক্ষতি করা হলে তার প্রতিশোধ নিতে গিয়ে কীভাবে সমস্ত গ্রাম ধ্বংস করে দেয়া হয়েছে।

আমি স্থানীয় সামরিক আইন প্রশাসকের হাতে বিস্ময়কর আকস্মিকতার সঙ্গে একটি পেন্সিলের খোঁচায় মৃত্যুদণ্ড দিতে এবং ব্যবস্থা গ্রহণের জন্য আরেকজন হতভাগ্যকে চিহ্নিত করতে দেখেছি। রাত্রে সেনাবাহিনীর মেসে তথাকথিত ইজ্জতশালী ব্যক্তিদের, যারা সবাই ছিল ভাল লোক। দিনের বেলায় যে হত্যাযজ্ঞ তারা চালিয়েছে সে সম্পর্কে রসিকতা করতে এবং কে কত বেশী সংখ্যক বাঙালী হত্যা করেছে সে সম্পর্কে নগ্ন প্রতিযোগিতার আলাপ করতে শুনেছি। আমি ১৯৭১ সালের ১৩ জুন সংখ্যা 'সানডে টাইমস' পত্রিকায় এ সমস্ত খবর পাঠিয়েছি। তখন থেকেই গণহত্যার বিবরণ আরো অধিক বিস্তারিতভাবে প্রকাশিত হতে থাকে।

BanglaBook.org

www.BanglaBook.org



সারা বিশ্ব জানে যে, কেন বাংলাদেশের আশি লাখ পুরুষ, নারী ও শিশু সীমান্ত পার হয়ে ভারতে পালিয়েছে? কমপক্ষে পাঁচ লক্ষ লোক মরেছে? কেন আরো অসংখ্য লোক এখন দুর্ভিক্ষ ও ব্যাধির কারণে সম্ভাব্য মৃত্যুর সম্মুখীন হচ্ছে?

১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তান সেনাবাহিনীর গণহত্যা অভিযানে পূর্ব বাংলার হাজার হাজার নিরস্ত্র বাঙালী পুরুষ, নারী ও শিশুর উপর অবর্ণনীয় নিষ্ঠুরতার কথাও সাধারণভাবে সকলের জানা হয়ে গেছে। কিন্তু একথা আমরা জানি যে, বাঙালীদের হত্যা, বলাৎকার এবং নারী ও শিশুদের বিকলাঙ্গকরণের মত ভয়াবহ কাজগুলো বোধগম্য রূপেই বাংলাদেশের যারা সংবেদনশীল মানুষ, তাদের বিব্রত করেছে। বাঙালীরা জীবনে এমন সত্যকে স্থাপন করেছে, যাকে অবহেলা করা যায় না, এই সত্য হলো বাংলাদেশের মুক্তি।

প্রতিটি হত্যার পোস্টমোর্টেম করা এ গ্রন্থের উদ্দেশ্য নয়। কিন্তু আমি একটি ঘটনার বিস্তারিত বিবরণ দেয়া প্রয়োজন মনে করি, যা আমার জীবনের মোড় ঘুরিয়ে দিয়েছে।

ঘটনাটি ঘটেছিল এপ্রিলের তৃতীয় সপ্তাহে কুমিল্লায়। আমাকে সার্কিট হাউসের সবচেয়ে উপর তলার একটি অতিথি কামরায় থাকতে দেয়া হয়। সেখানে সামরিক আইন প্রশাসকের দপ্তর ছিল। ১৯ এপ্রিলের ভোরে আমি এই মূল্যবান লোকটিকে কুমিল্লা জেলে আটক তিনজন হিন্দু ও একজন খৃষ্টান 'চোর'কে আকস্মিকভাবে মৃত্যুদন্ড দিতে দেখেছি। জানা যায় যে চোরটিকে এক হিন্দুর বাড়ি থেকে তার মালিককে দেয়ার জন্য একটি থলে নিয়ে যাওয়ার সময় হাতেনাতে গ্রেফতার করা হয়। বাড়ির মালিক শহরের অপর প্রান্তে লুকিয়ে ছিল। পেন্সিল দিয়ে চারবার দাগ কেটে সে রাতেই ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে এই লোকগুলোকে নিয়ে আসার জন্য একজন বিহারী দারোগাকে আদেশ দেয়া হলো। আমরা তখন গ্লাশ ভর্তি নারিকেল দুধ খাচ্ছিলাম।

সেদিন সন্ধ্যায় আমি জানতে পারলাম 'ব্যবস্থা গ্রহণ' কাকে বলে।

বিকেল ৬টায় সান্ধ্য আইন জারীর কিছুক্ষণ আগে একটি দড়ি দিয়ে শিথিলভাবে বেঁধে সেই খৃষ্টান ও তার তিন সঙ্গীকে রাস্তার উপর দিয়ে হাঁটিয়ে সার্কিট হাউসের আঙ্গিনায় আনা হলো। কয়েক মিনিট পর আমি তীব্র আর্তনাদ ও হাড়মাংসের উপর লাঠির সাহায্যে ক্ষিপ্ত আঘাতের শব্দ শুনতে পেলাম। তারপর আর্তনাদ বন্ধ হলো। যেন সুইচ টিপে তা'বন্ধ করে দেয়া হয়েছে। আমার যন্ত্রণাজড়িত কানে আমি শুনতে পেলাম সেই নীরবতা সহসা বিশ্বের মধ্যে সবচেয়ে উচ্চ আওয়াজে পরিণত হলো। সেই আওয়াজ লাখ লাখ বার প্রতিধ্বনিত হয়েছে এবং তা এখনও আমার কানে আঘাত করছে।

অন্ধকার কামরায় আমি তখন তীব্র মানসিক যন্ত্রণায় ছটফট করছিলাম। আধঘন্টা

www.BanglaBook.org



পরে আমি শুনতে পেলাম জোয়ানেরা হৈ চৈ করে তাদের রাতের খাবার খাচ্ছে। ব্যালকনির উপর তাকাতে আমার সাহস হলো না, কেননা সে রাতে মানুষকে দেখার কথা আমার মনেই হয়নি। তখন ম্লান আলোকে পলায়নরত শিয়ালেরা এলো, বড় বড় কুৎসিত বাঁদুড়কে শুক্রবার রাতের ভয়ংকর ছায়া ছবির রক্ত শোষক পিশাচের মত দেখাচ্ছিল, তারা ধীরে ধীরে সার্কিট হাউসের পার্শ্বস্থ ঝিলের (ক্ষুদ্র কৃত্রিম হ্রদ) উপর দিয়ে উড়ে গেল এবং ডানদিকে ঘুরে সন্নিকটস্থ আমগাছে বিশ্রাম গ্রহণের জন্য ফিরে এলো। আমার মন জানত যে রাতের এই ফলভুক প্রাণীগুলোকে রক্ত শোষক পিশাচের মত দেখা গেলেও প্রকৃতপক্ষে তারা তা ছিল না। প্রকৃত রক্ত শোষক পিশাচ ও দানবের দল তখন সার্কিট হাউসের অপর পার্শ্বে ছিল। এরা পাকিস্তানের বর্বরতম সেনাবাহিনী। আমাকে পালাতে হ'লো।

এই হলো 'রেইপ অব বাংলাদেশ' এর বাস্তব ছবি। সমগ্র বিশ্ব জুড়ে যত অপপ্রচারই চালান হোক না কেন, তা' এইসব যথার্থ তথ্যকে গোপন রাখতে পারে না। বাংলাদেশ লাঞ্ছিতা থেকে উদ্ধৃত।

BanglaBook.org

www.BanglaBook.org

# গোয়েবলসের পুনরাবির্ভাব

*'....পশ্চিম পাকিস্তানের জনগণ হলেন গণহত্যার নীরব দর্শক..... ।'*

প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদ

১৭ এপ্রিল, ১৯৭১

কোন পাকিস্তানী কোন বাঙালীর সঙ্গে সাক্ষাৎ করতে পারে না, কিংবা কোন বিদেশী তা' করতে গেলে তাকে অভিযোগের মুখোমুখি হতে হয়। স্বাধীন বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন এরূপ উক্তি করেছিলেন। কেউ কি এই অপরিহার্য প্রশ্ন উত্থাপন করেছে অথবা আপনারা জানেন কি, এসব কি ঘটেছে? ১৯৭১ সালের এপ্রিলের মাঝামাঝি সময়ের আগে ঐ ধরনের অভিজ্ঞতা আমারও হয়েছে। শুধু আমারই বলি কেন, এ ধরনের অভিজ্ঞতা পশ্চিম পাকিস্তানী আরো ক'জনেরও হয়েছে। এঁদের মধ্যে বেশ ক'জন উঁচুদরের রাজনীতিবিদ রয়েছেন, যাঁরা ২৫শে মার্চের রাতে পূর্ব বাংলায় সামরিক বর্বরতম অত্যাচার সংঘটনের পর বিদেশে গিয়েছেন তাদের সকলকেই ঐ নারকীয় ঘটনার জন্য প্রশ্নের মুখোমুখি হতে হয়েছে।

তাঁরা হয় নেতিবাচক কিংবা ইতিবাচক উত্তর দিয়ে থাকবেন। কিন্তু একে পুরোপুরি আপাত বিরোধী সত্য বলা চলে না। পাকিস্তানে এসব ঘটনা এভাবেই ঘটেছে। এ বিষয়ে প্রচারণার জন্য যে উদ্ভাবনী ও কল্পনাপ্রবণ ক্ষমতার পরিচয় দিয়েছে—তার জন্য তথ্য মন্ত্রণালয়কে ধন্যবাদ। এ জন্য তথ্য মন্ত্রণালয়কে প্রোপাগান্ডা বিভাগ বলা যেতে পারে।

এসব প্রশ্নের উত্তর নেতিবাচক বলা যায়, তার কারণ, ১৯৭১ সালের জুলাই মাসের আগে পর্যন্ত পূর্ব বাঙলায় কি ঘটেছে সে সম্পর্কে পশ্চিম পাকিস্তানীরা পূর্ব এলাকার নারকীয় ঘটনার কোন কিছুই জানতে পারেনি। ২৫ মার্চ সামরিক কর্তৃপক্ষ সংবাদের উপর কড়া সেন্সর জারী করেছিল। ২৫ মার্চ থেকে জুলাই মাসের শেষের দিকে যথারীতি সেন্সর তুলে নেওয়া হয়। এই সময়ে পূর্ব বাংলায় প্রকাশিত বাঙলা পত্রপত্রিকাগুলোসহ পাকিস্তানের কোন সংবাদপত্রই পূর্ব বাঙলায় সামরিক বর্বরতার কোন খবরতো দূরের কথা, ঘটনার সঙ্গে সামান্য সত্যতা আছে এমন খবরও প্রকাশ

www.BanglaBook.org



করেনি। সরকারের নির্দেশও ছিল সংবাদ প্রচারের ক্ষেত্রে ঐরূপ। ঘটনার প্রথম দুমাসে মাসের শেষের দিকে সংবাদপত্রে যে সব খবর প্রকাশিত হতো, তা খুব সতর্কতার সঙ্গে কাটছাঁট করে সামরিক কর্মকর্তা ও বেসামরিক তথ্য অফিসাররা সে সবের ইস্তেহার তৈরী করে দিতেন। পত্রিকাগুলো পূর্বপাকিস্তানে শেখ মুজিবের অসহযোগ আন্দোলনের পরে দ্রুত স্বাভাবিক অবস্থা ফিরে আসার উপর জোর দিয়েছিল। এবং প্রচার করতো যে, 'ভারতীয় অনুপ্রবেশকারী' এবং সংঘবদ্ধ দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে দেশপ্রেমিক সেনাবাহিনী অভিযান চালাচ্ছেন। শেষোক্ত সংবাদগুলো সতর্কতার সঙ্গে প্রতিটি লাইন পড়লেও দেশে কি ঘটছে তার প্রকৃত চিত্রের কোন বিন্দুমাত্র চিহ্ন খুঁজে পাওয়া ছিল অসম্ভব। সে সব সংবাদে ঢাকা ও চট্টগ্রামে নারকীয় সামরিক অভিযানে তখন পর্যন্ত পঞ্চাশ হাজার হত্যার লেশমাত্র উল্লেখ থাকতো না। কিংবা সংবাদ মাধ্যমে এই কথার উল্লেখ থাকতো না যে, শুধু কেন্দ্রীয় সরকারের ঐ দুটি স্থানে কর্তৃত্ব বজায় রাখা ছাড়া প্রদেশের বাকী অংশ বাঙালীদের প্রতিরোধের নিয়ন্ত্রণে রয়েছে। পাকিস্তানীরা জানতো না যে, পাকিস্তান বিমানবাহিনী বাঙালী প্রতিরোধ সংগ্রামীদের বিরুদ্ধে প্রত্যহ নিয়মিত বিমান আক্রমণ চালাচ্ছে। কিংবা তারা একথাও জানত না যে, ইষ্ট বেঙ্গল রেজিমেন্ট, পূর্ব পাকিস্তান রাইফেল বাহিনী, আধা সামরিক বাহিনী আনসার ও মুজাহিদের মত পূর্ব বাঙলার যাবতীয় সামরিক ইউনিটে বিদ্রোহ করেছে এবং পশ্চিম পাকিস্তানের সেনাবাহিনীর বিরুদ্ধে সাহসের সঙ্গে সংগ্রামে লিপ্ত রয়েছে। পূর্ব বাঙলা থেকে যারা শরণার্থী হয়ে পশ্চিম পাকিস্তানে গিয়েছে তারা তাদেরকে বাঙালীদের নৃশংসতার কাহিনী শুনিয়েছে। কিন্তু পাকিস্তানী সেনাবাহিনী যে নারকীয় গণহত্যা চালাচ্ছে তার কোন সংবাদই তারা দেয়নি। এমন কি সংবাদপত্রেও তারা দেয়নি। এমন কি সংবাদপত্রের ভাল জানাশুনা সাংবাদিক ছাড়া প্রকৃত ঘটনা সম্পর্কে বিশ্বস্ততার সঙ্গে কিছু বলাও হয়নি। আমাদেরকে উচ্চ পদস্থ বেসামরিক কর্মকর্তা ও আন্তঃবাহিনী গণসংযোগ কর্মকর্তা শুধু কিছু ব্যবস্থা কতিপয় বিচ্ছিন্ন ছোট ছোট দলের বিরুদ্ধে নেওয়া হয়েছে—এতটুকু বলা হয়েছে, এছাড়া বাস্তব ঘটনার কোন সূত্রের আর কোন তথ্য দেয়া হয়নি।

সুচতুরভাবে ইস্তেহারগুলো জালিয়াতি করে সরকারী মালিকানাধীন রেডিও ও টেলিভিশনে ঐ সব সংবাদ প্রচার করা হয়েছে। টেলিভিশনে যে সব জনপ্রিয় প্রোগ্রাম থাকতো তার সঙ্গে দেখানো হতো দেশের কোথাও কিছু ঘটেনি। সংবাদ প্রচার করা হতো ও দেখানো হতো পূর্ব বাংলার শহরগুলোতে সবদিক থেকে স্বাভাবিক অবস্থা বিরাজ করছে। অবশ্য বিদেশী সংবাদ মাধ্যম বিশেষতঃ বিবিসি, আকাশবাণী এবং রেডিও অস্ট্রেলিয়া থেকে বিপরীত সংবাদই প্রচারিত হতো। উত্তেজনাকর এসব

www.BanglaBook.org





একজন মুক্তিযোদ্ধা

www.BanglaBook.org



পাক বাহিনীর হত্যা কান্ডের দৃশ্যাবলী

www.BanglaBook.org





পাক হানাদার বাহিনীর বোমার আঘাতে বিধ্বস্ত দালান কোঠা

www.BanglaBook.org





BanglaBook.org

www.BanglaBook.org





www.BanglaBook.org





ইয়াহিয়ার ষাঁড়ের চোখ

www.BanglaBook.org






৯ মাস যুদ্ধের সময় শাঁখারীবাজার এলাকার নিত্য দিনের দৃশ্য

www.BanglaBook.org





পাক হানাদার বাহিনীর ধ্বংস লীলা

www.BanglaBook.org



সংবাদ গভীর মনোযোগ দিয়েই বাঙালীরা শুনতো এবং আনন্দ পেত। পক্ষান্তরে পাকিস্তানী প্রচার মাধ্যমে বিদেশী বেতার কেন্দ্রগুলো যে সমস্ত সংবাদ প্রচার করত সেসব ভারত কর্তৃক উদ্দেশ্য প্রণোদিত অপপ্রচার এবং অসত্য সংবাদ হিসাবে প্রত্যাখ্যাত হতো। সরকারী ইস্তেহারগুলোতে এসব সংবাদের উপর বেশ জোর দেয়া হয়েছিল এবং এক সময় করাচী, লাহোর রাওয়ালপিন্ডির সংবাদপত্রগুলোতে প্রচারিত সংবাদের ব্যাখ্যা ছাপা হতো কিন্তু কখনো ভুল সংবাদটি কি ছিল, তা ছাপা হতো না।

পাকিস্তানীরা গভীরভাবে দেশপ্রেমিক, তারা এক মুহূর্তের জন্য বিশ্বাস করতে পারে না যে তাদের সরকার উদ্দেশ্যমূলকভাবে এতবেশী ভুল সংবাদ পরিবেশন করতে পারে।

সরকারের এসব করতে কোন অসুবিধা হয়নি। তবে একটা জিনিস সব সময় দেশের মধ্যে বজায় ছিল তা হলো শক্তিশালী ভারতবিরোধী প্রবণতা। পাকিস্তানের জন্ম হয়েছে এই উপমহাদেশের 'হিন্দু আধিপত্যের বিরুদ্ধে স্বতন্ত্র আবাসভূমির জন্য মুসলমানদের বিদ্রোহের কারণে। এই হিন্দু বিদ্বেষ মনোভাব বছরের পর বছর লালিত হয়ে এসেছে। ১৯৬৫ সালের পাক ভারত যুদ্ধের পর তীব্রতা আরো বেড়েছে। আর একটি বিষয় হলো, সে সময় পূর্ব বাঙলায় যা কিছু ঘটেছে সে সম্বন্ধে আকাশবাণীর সাহসী প্রতিবেদন সম্প্রচারে পাকিস্তানীদের মনে সন্দেহের উদ্রেক করে। এহেন পরিস্থিতিতে, ভারতবিরোধী সম্প্রচার তথ্য মন্ত্রণালয়ের পক্ষে সহজ হয়েছে। পশ্চিম পাকিস্তানীদের মনে একটা আতঙ্কের ধারণা সৃষ্টি করা হলো যে, তারা আবার ভারতীয় আক্রমণের শিকার হতে যাচ্ছে।

সরকারের এই প্রচেষ্টা আরো জোরদার হলো, যখন জানা গেল যে, ইন্ডিয়া ইনস্টিটিউট অব স্ট্র্যাটিজিক ষ্টাডিজ বলেছে যে, ভারত আবার শতাব্দীর সুযোগ পেয়েছে যা থেকে উপ-মহাদেশের ভাগাভাগিকে বানচাল করতে পারবে।

এই মর্মে একটি সংবাদ পাকিস্তানের পত্র-পত্রিকায় প্রধান শিরোনাম হল এবং রেডিও পাকিস্তানে বারবার সম্প্রচারিত হতে লাগলো। এই স্বাভাবিক ধারণার সঙ্গে পশ্চিম পাকিস্তানীদের মনে এই ধারণার সৃষ্টি করা হয় যে, শেখ মুজিবুর রহমানের অসহযোগ আন্দোলনের পেছনে ভারতের অনুপ্রেরণা রয়েছে। তা'ছাড়া ভারত অখন্ড ভারতের স্বপ্নে বিভোর হয়ে পাকিস্তান আক্রমণের পর্যায়ে পৌঁছেছে। এভাবে ইন্ডিয়া ইনস্টিটিউট অব স্ট্র্যাটেজিক এর পরিচালকের ছেলেমানুষী মূলক উক্তি ভারতের কোন উদ্দেশ্যকেই সফল করেনি বরং পাকিস্তানী সরকারী প্রোপাগান্ডাকারীদের জন্য বেহেস্ত থেকে প্রেরিত সুযোগ হিসেবে কাজে লেগেছে।

সরকারী নির্দেশে এই খবর বিভিন্নভাবে কয়েকদিন ধরে রেডিও টেলিভিশন ও সংবাদপত্রগুলোয় প্রচার ও প্রকাশিত হতে থাকে। সে সঙ্গে পত্র-পত্রিকায় নেতৃবৃন্দের

www.BanglaBook.org



গভীর চিন্তা প্রসূত এ প্রতিক্রিয়া ছাপা হয় এবং ঘৃণামিশ্রিত সম্পাদকীয় মন্তব্য প্রচার পেতে থাকে। এ সংবাদ দু'সপ্তাহ ধরে প্রচার লাভ করে। এই দু'সপ্তাহের মধ্যে পশ্চিম পাকিস্তানীদের প্রায় সকলের মনেই এই বিশ্বাস বেশ দানা বেঁধেছে যে, 'ভারত ধ্বংসাত্মক কাজে লিপ্ত হয়েছে এবং একটি বিশেষ পত্রিকাসমূহ সকল পত্রিকাগুলোতে এই মর্মে উপদেশ দেয়া হল, দেশের এই নতুন জটিল সমস্যা সংকুল সময়ে প্রতিটি দেশপ্রেমিক নাগরিক-এর কর্তব্য সরকারকে সাহায্য করা।

একথা অবশ্য মনে রাখা প্রয়োজন, তখন পশ্চিম পাকিস্তানীরা দুনিয়ার বাকি অংশ থেকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন হয়ে পড়ে। কড়া সেন্সরশীপের জন্য পরিকল্পনা করে বিরুদ্ধ সংবাদ বহনকারী কোন বিদেশী সংবাদপত্র ও সাময়িকী দেশের ভেতরে আসতে দেয়া হত না। এ ধরনের পত্র পত্রিকায় যদি পূর্ব বাঙলার ঘটনাবলীর সামান্য উল্লেখও থাকত, তাহলে তার প্রচার বন্ধ করে দেয়া হত। ঐ সব পত্র পত্রিকা পুড়িয়ে ফেলা হত। এ ব্যাপারে সরকারের নিয়ন্ত্রণ ব্যবস্থা এমন সুশৃঙ্খল ছিল যে, যে সমস্ত যাত্রী, তারা পাকিস্তানীই হোক কিংবা বিদেশী  হোক দেশের অভ্যন্তরে প্রবেশ করলে শুল্ক বিভাগের কর্তৃপক্ষ তাদের সবাইকে তন্ন তন্ন করে পরীক্ষা করে দেখতেন। এসব যাত্রীদের সঙ্গে সেনাবাহিনীর কার্যকলাপ সম্বন্ধীয় পূর্ব বাংলার ঘটনার সামান্যতম উল্লেখ কোন সংবাদপত্রে থাকলে তা বাজেয়াপ্ত করা হত।

পাকিস্তানের জনসাধারণের চোখ ও কান বিদেশী প্রভাবের বাইরে রাখতে সক্ষম হলে সরকার একটি উদ্ভাবনক্ষম প্রচারণা অভিযান শুরু করে। পূর্ব বাংলার প্রকৃত ঘটনাকে বিকৃত করে এবং ভারতের 'আসন্ন হুমকিকে সবচেয়ে বড় করে চতুর্গুণ পর্যায়ে প্রচারণা প্রতিদিন চালানো হল। গোয়েবলসও এ কাজ এতটা দক্ষতার সঙ্গে করতে পারত না।

এপ্রিলের মাঝামাঝি কয়েকজন সহকর্মী সাংবাদিকসহ আমি যখন পূর্ব বাংলায় যাই তখন আমাদের নির্দেশ দেয়া হলো যে সেনাবাহিনীর কার্যকলাপকে বড় করে দেখাতে হবে এবং সব জায়গায় স্বাভাবিক অবস্থা বিরাজ করছে এটা প্রচারে প্রাধান্য দিতে হবে। আমাদের আরো বলা হল যে, ভারতীয় অনুপ্রবেশকারীদের কীর্তিকলাপ আমাদের দেখানো হবে। সে সময়ের সেনাবাহিনীর লোকেরা সবকিছু ছিমছাম করে ফেলেছে। কিন্তু বিধ্বস্ত রাস্তাঘাটগুলো ভরাট করতে কিংবা গোলাগুলির ধ্বংসের চিহ্নগুলো মুছে ফেলতে পারেনি। তবে আমরা যেসব বাঙালী বন্ধুদের সঙ্গে পরিচিত তাদের মুখ আটকে রাখতে পারেনি। সে কারণে ঢাকা সফর আমাদের জন্য সেই হৃদয়বিদারক ঘটনার উপলব্ধিতে চোখ খুলে দিল। আমার এক সহকর্মী আমাদের দুদিন আগে ঢাকায় এসেছিল---সে ফিস ফিস করে আমাকে বলেছে, তারা হিন্দুদেরকে গণহত্যা করেছে আর বাঙালী বুদ্ধিজীবীদেরকে নির্মূল করেছে। 'তথাপি এই সাংবাদিক

BanglaBook.org

www.BanglaBook.org



যিনি একটা সংবাদ সংস্থার নামী সংবাদদাতা হয়েও করাচীতে ঘটনার উল্টো প্রতিবেদনই পাঠাতেন। রেডিও সংবাদদাতা এবং টেলিভিশনের ক্যামেরাম্যান ঐ একই কাজ করতেন।

এই ক্যামেরাম্যানদের মধ্যে এক তরুণ দেশপ্রেমিক যে আমার সঙ্গে কুমিল্লা সফরসঙ্গী হয়েছিল সে প্রচারণায় অনেক নিপুণ ছিল। সে সত্যকে মিথ্যা এবং মিথ্যাকে সত্য প্রমাণ করতে পারতো। সে সেনাবাহিনীর প্রোপাগান্ডাকেও হার মানিয়েছিল। তার কাজই ছিল দেশের সবকিছু স্বাভাবিক অবস্থায় ফিরে এসেছে এই প্রমাণ করা। তার সঙ্গে কুমিল্লার অদূরে এক ছোট শহর লাকসাম সফরে যাই। মাত্র একদিন আগে সেনাবাহিনী শহরটিকে মুক্ত করেছে অথচ আমার কাছে পূর্ব বাংলার অন্যান্য শহরগুলোর মত এটাকেও একটা ভূতুড়ে শহরের মতই মনে হয়। লাকসাম একটা গুরুত্বপূর্ণ রেলওয়ে জংশন। এর কাজকর্ম ও ব্যস্ততা দেখানোর কাজে বন্ধুটি লেগে গেল যদিও কোন রেলগাড়ি বাস্তবে চলাচল করছিল না। আমার ঐ ক্যামেরাম্যান বন্ধুটি সেনাবাহিনীর সহায়তায় দুটি বগীওয়ালা রেলগাড়ি ষ্টেশনের বাইরে টেনে নিয়ে গেলেন এবং ঘটনাটি রেকর্ড করলেন। ঠিক একইভাবে "শান্তি কমিটির লোকজনের সাহায্যে তিনি এক বিরাট গণজমায়েত দেখালেন। আমরা যখন সেখানে পৌছলাম সেখানে এ ধরনের কোন জমায়েতের অস্তিত্ব ছিল না। সে অঞ্চলের শুদ্ধি অভিযানের ভারপ্রাপ্ত মেজর কিন্তু যাদু জানতেন। একজন পুরানো ও অনুগত মুসলিম লীগ অনুসারী বৃদ্ধকে লোক জমায়েত করতে বলা হলো। লোকটি সেনাবাহিনীর কাজে লাগতে পেরেছে বলে হাজার শোকর জানাতে লাগলো। সে বললো, এক থেকে দু'শ লোক জমায়েত করতে তার তিন চার ঘন্টা লাগবে। মেজর তাকে আধঘন্টা সময় দিলেন এবং সঙ্গে একজন জোয়ান পাঠিয়ে এর সাফল্যের সহায়তা করলেন। নির্দিষ্ট সময়ের পাঁচমিনিট পরই অদূরে জনকলরব শোনা গেল। কিছুক্ষণ পরে বিভিন্ন পোশাক পরিহিত আবালবৃদ্ধের একটি দল পাকিস্তানী পতাকা উড়িয়ে দেশাত্মবোধক শ্লোগান দিতে দিতে এগিয়ে আসে। শান্তি কমিটির লোকগুলো এসে উপস্থিত হলো। এখানে বড়জোর পঞ্চাশজন আবাল বৃদ্ধ উপস্থিত হয়ে থাকবে। ঐ টেলিভিশন ক্যামেরাম্যান খুব দক্ষতার সঙ্গে তার ক্যামেরা চালাতে পারতো কাজেই সে একটা থানার সামনে লোকগুলোকে জড়ো করলো এবং একটি বিরাট জনসভার ছবি তুললো। তারপর একটা সংকীর্ণ পথ খুঁজে বের করল। ঐ পথে লোকগুলোকে কয়েকবার আসা যাওয়া করিয়ে দক্ষতার সঙ্গে তার ক্যামেরাকে বিভিন্ন ভঙ্গীতে কাত করিয়ে মিছিলের ছবি তুলল। চারদিন পর করাচী টেলিভিশনে লাকসামে স্বাভাবিক অবস্থা ফিরে এসেছে দেখানো হলো এবং এভাবেই চাঁদপুর, চট্টগ্রাম ও সিলেটের অবস্থা একই পদ্ধতির অনুসরণে দেখানো হলো। চট্টগ্রাম ছাড়া অন্য শহরগুলো ছিল

www.BanglaBook.org



পুরোপুরি ভূতুড়ে শহর। কেননা ওসব শহরের লোকগুলো গ্রামে-গঞ্জে পালিয়ে রয়েছে। কিংবা সীমানা পার হয়ে ভারতে আশ্রয় নিয়েছে।

এর পরবর্তী সপ্তাহগুলোতে পশ্চিম পাকিস্তানী সাংবাদিকদের শাসকচক্র সতর্কতার সঙ্গে বাছাই করে পূর্ব বাংলার অবস্থার অনুরূপ প্রতিবেদনের জন্য সফরে পাঠালেন। বাঙালী সাংবাদিকদের নেওয়া হতো না, কেননা তারা নির্ভরযোগ্য নন। এমনকি পশ্চিম পাকিস্তানের পত্রিকায় সিনিয়র বাঙালী সাংবাদিকদেরকেও কাজ করতে দেয়া হতো না। আমাকে বলা হয়েছে যে, আওয়ামী লীগ সাফল্যের সঙ্গে এঁদের মগজ ধোলাই করে দিয়েছে। এজন্য এদের কোন সরকারী কাজে লাগানো যাবে না। মানুষের ব্যক্তিত্ব ও বিচার-বুদ্ধি বৃত্তিকে এমন অপদস্থ হতে আমি আর কখনো দেখিনি।

সংবাদপত্রে সরকারী হস্তক্ষেপ কোন নতুন ঘটনা নয়। ১৯৫৮ সালে ফিল্ড মার্শাল আইয়ুব খান পাকিস্তানের শাসনভার অধিগ্রহণের পর থেকে সংবাদপত্রগুলো তথ্য মন্ত্রণালয়ের সম্প্রসারিত অংশ হিসেবে ব্যবহৃত হচ্ছে। দেশের একমাত্র নিরপেক্ষ 'দৈনিক পাকিস্তান টাইমস' সরকার দখল করে নিলে ইচ্ছা প্রণোদিতভাবেই এর অবলুপ্তি ঘটান হয়। অন্যান্য পত্রিকাগুলোতে কোন অসুবিধা ছিল না। অধিকাংশ সংবাদপত্রের মালিকানা ব্যবসা টিকিয়ে রাখার জন্যই হোক বা অন্য যেসব ব্যবসা শুরু করেছেন সে সবের সাফল্যের জন্য সরকারের সুরে সুর মিলানোকে সুবিধাজনক মনে করলেন। সরকারের শীর্ষপদের সামান্যতম সমালোচনা কিংবা অসম্মানজনক সমালোচনা হওয়ার সঙ্গে সঙ্গে সরকারের কোপানলে পড়তে হতো। অবস্থা এমন এক পর্যায়ে পৌঁছালো যে প্রচারণা কাজে সম্পাদকবৃন্দ তথ্য মন্ত্রণালয়ের অভিপ্রেত প্রচার মাত্রাকেও অতিক্রম করলেন।

জাতীয় দৈনিক পত্রিকা চালাতেন এমন একজন সম্পাদকের কথা আমি হুবহু মনে করতে পারছি, তিনি দু'টি রেজিষ্টার তাঁর দফতরে রাখতেন। একটি রেজিষ্টারে তিনি সরকার সমর্থক প্রতিবেদনগুলো তালিকাভুক্ত করতেন, আর অন্যটিতে ছিল বিরোধী দলের নেতাদের অসম্মানজনক প্রতিবেদন। ভূট্টো সাহেব ছিলেন দুই নম্বর তালিকার অন্তর্ভুক্ত। আমার ঐ বন্ধুটি ঐ তালিকার খালি জায়গায় ধারাবাহিকভাবে ভূট্টো বিরোধী কাহিনীগুলো লিখে রাখতেন। এই রেজিষ্টারের মাসিক প্রতিবেদনগুলো লিপিবদ্ধ করে প্রেসট্রাষ্ট-এর চেয়ারম্যানের অবগতির জন্য পাঠাতেন। তিনি দৈনিক সরকার সমর্থিত কাহিনীগুলো চয়ন করে সংবাদাকারে সম্পাদকের শুভেচ্ছাসহ যথাযথ সরকারী কর্মচারীর নিকট পাঠাতেন। নির্বাচন যখন আরেকবার ভূট্টোকে ক্ষমতাসীন করলো, তখন ঐ ভদ্রলোকটি যিনি এখন সরকার নিয়ন্ত্রিত টেলিভিশনের একজন খ্যাতনামা রাজনৈতিক ভাষ্যকার, তার রেজিষ্টার ও মাসিক রিপোর্টগুলো উদ্ধার করতে কি কঠোর শ্রমই না করেছেন।

BanglaBook.org

www.BanglaBook.org



আওয়ামী লীগ তার নিজস্ব পথে চলতে থাকায় সরকারের জন্য প্রকৃত চিত্রটা বিকৃত করতে আরো সুযোগ দিল। একদিকে শেখ মজিবুর রহমান নির্বাচনোত্তর পশ্চিম পাকিস্তান শহরে যেতে কঠিনভাবে অস্বীকার করায় সরকার এ ঘটনাকে পশ্চিম পাকিস্তানবিরোধী ও বিচ্ছিন্নতাবাদী বলে শেখ মুজিবকে চিহ্নিত করার সুযোগ পায়। শেখ মুজিব যদি ঐতিহাসিক নির্বাচন বিজয়ের পর পর পশ্চিমাঞ্চলে সফরে যেতেন তা'হলে সেখানে গভীর আন্তরিকতার সঙ্গেই তাঁকে সংবর্ধনা জানানো হত এবং শিক্ষিত সমাজের মধ্যে সরকারী প্রচারণার এ সাফল্যকে তিনি খন্ডন করতে পারতেন। অপরদিকে মহান আইন অমান্য আন্দোলনের সময় আওয়ামী লীগ আন্তঃপ্রাদেশিক যোগাযোগের ক্ষেত্রে নানা বিধিনিষেধ জারি করেন। এতে পূর্ব বাঙলা বাস্তবক্ষেত্রে দেশের অন্য অঞ্চল থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। এবং বিচ্ছিন্নতাবাদী এই ধারণাটি স্থায়ীভাবে প্রতিষ্ঠা লাভ করে। পূর্ব বাঙলায় সেনাবাহিনী নারকীয় নৃশংসতার প্রথম ক'মাস এমনকি পশ্চিম পাকিস্তান যখন প্রকৃত ঘটনা জানতে পেরেছে, তারপরও সরকারী প্রচার মাধ্যম নিপুণভাবে প্রচারকার্য চালিয়ে ছিল যে, যারা দেশকে টুকরো টুকরো করতে চায় তাদের বিরুদ্ধে প্রতিরোধ মূলক ব্যবস্থা ছাড়া সরকারের গত্যন্তর নেই। এবং তারা বিশ্বাস করছে সরকারের যা কিছু করা হচ্ছে সরকার ভারতীয় দালাল ও অনুপ্রবেশকারীদের হাত থেকে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতীয় একতা ও সংহতি বজায় রাখার কারণেই করছেন। এক্ষেত্রে জনৈকা পাঞ্জাবী মহিলার প্রতিক্রিয়ার উল্লেখ করে বলতে পারি। এ ভদ্র মহিলা আমার পরিবারের একজন শুভাকাঙ্ক্ষী। তিনি তাঁর পদমর্যাদা ও মানবিক সহমর্মিতার কারণে বিশেষভাবে পরিচিত ছিলেন। যখন আমি তাঁকে পূর্ব বাঙলায় পাক বাহিনী কি ঘটিয়েছে তা বললাম তিনি মেজাজের সাথে উত্তর দিলেন, ওরা ওটা পাওয়ার যোগ্য। তারা যদি স্বাধীনতা চায় তবে মৃত্যুর জন্য তাদের প্রস্তুত থাকতে হবে।

এমন কি যারা আমার খুব ঘনিষ্ঠ বন্ধু ছিলেন তাঁদের প্রতিক্রিয়াও একই ধরনের। কেউ কেউ তো আমাকে ভারতীয় চর ও বিশ্বাসঘাতক বলে গালমন্দ করেছে। আমি যখন *সানডে টাইমস্*-এ এই গণহত্যার কাহিনী লিখলাম তখন তাদের কাছ থেকে অকথ্য, অশ্রাব্য ভাষায় চিঠি পেতে থাকলাম। তবে এটা ঠিক, তারা যেটা বিশ্বাস করতো, তার প্রতি তারা আন্তরিক ছিল। এছাড়া তাদের উপায়ও ছিল না। কিন্তু তা সত্ত্বেও এর প্রতিক্রিয়া হলো ভীতিজনক। তাছাড়া বাঙালীদের কথা ছেড়ে দিলেও পশ্চিম পাকিস্তানীদের কাছ থেকে এর চেয়ে ভাল ব্যবহার আর কী করেই বা আশা করি? আমি আবার বলছি গোয়েবলসও অতটা সূচারুভাবে করতে পারতেন না যতটা পাকিস্তান সরকারের প্রোপাগান্ডাকারীরা করেছে।

তথাপি পশ্চিম পাকিস্তানে এমন লোক এখনও আছেন যাঁরা বাঙালীদের প্রতি

www.BanglaBook.org



সহানুভূতিশীল কিন্তু আমার সন্দেহ নেই যে, তাঁদের মতামত প্রকাশের কোন উপায় নেই। কেননা সরকারের কাজের সামান্যতম সমালোচনা জাহান্নামের দরজা খুলে দেবে। অর্থাৎ চরম নিবর্তনমূলক ব্যবস্থাদির মুখোমুখি হতে হবে।

এমতাবস্থায়, পশ্চিম পাকিস্তানীরা নীরবদর্শক হয়েই রইলেন। আমি তাঁদের নীরবতার কোন যুক্তি খুঁজে পাই না। কিন্তু আমি এটার কারণ উপলব্ধি করি।

BanglaBook.org

www.BanglaBook.org

# কেন আশি লাখ লোক মারা যাবে?

'চিন্তাতীত অনুপাতের এক মানবীয় দুর্যোগ'
—বার্ণার্ড ব্রেইন, এম পি

১৯৭০ সালের নভেম্বর থেকে এপ্রিল '৭১ পর্যন্ত এ ছ'মাসের মধ্যে পূর্ব বাঙলাকে দুটো বড় দুর্যোগের মুখোমুখি হতে হয়েছে। প্রথমটি হলো এ শতাব্দীর সবচেয়ে বড় প্রাকৃতিক দুর্যোগ, যখন এই দানবীয় ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছ্বাস-এ জনাকীর্ণ উপকূলীয় এলাকাগুলো গ্রাস করে এবং অগণিত প্রাণের অকাল মৃত্যু ঘটে। দ্বিতীয় দুর্যোগটি মানুষের তৈরী, সামরিক শাসকচক্র রাজনৈতিক সমস্যাকে পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীকে দিয়ে অবিশ্বাস্য নৃশংস গণহত্যা অভিযান করে সমাধান খুঁজতে এ দুর্যোগের সৃষ্টি করেছে। আশি লাখেরও বেশী ছিন্নমূল বাঙালী দেশ থেকে পালিয়ে ভারতের শরণার্থী শিবিরে আশ্রয় নেয়। আরো বহু সংখ্যক বাঙালী পালাবার পথে রয়েছে। কতলোক নৃশংসতার শিকার হয়েছে তার হিসাবও কখনো জানা যাবে না। হাজার হাজার লোক হারিয়ে গেছে চিরতরে, ঠিক যেমনটি গত নভেম্বর '৭০ সালে সামুদ্রিক জলোচ্ছ্বাসে হারিয়ে গিয়েছিল।

এখন এই দুর্যোগ তৃতীয়বারের মতা আঘাত হেনেছে।

পূর্ব বাঙলা এখন প্রায় দুর্ভিক্ষের কবলে, ১৯৪৩ সালে বাংলাদেশকে যে ভয়াবহ দুর্ভিক্ষ গ্রাস করেছিল এবারের দুর্ভিক্ষ তার চেয়েও গভীর হুমকির কারণ হয়ে দাঁড়িয়েছে। ১৯৪৩ সালের দুর্ভিক্ষে তিরিশ লাখলোক মারা গিয়েছিল। এই দ্বন্দ্ব বিক্ষুব্ধ পরিস্থিতির কারণে সৃষ্ট দুর্ভিক্ষ পাকিস্তান ভারত উভয় দেশের উপর সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করতে পারে। এতে আনুমানিক আশি লাখ লোকের মৃত্যু ঘটবে কিংবা অকর্মণ্য হয়ে পড়বে। এটা বাস্তবক্ষেত্রে চিন্তাতীত অনুপাতের এক মানবীয় দুর্যোগ। দুর্ভিক্ষ যে বাস্তবে এসে গেছে—নারী পুরুষ শিশুদের শীর্ণদেহ দেখলেই তার প্রমাণ মিলবে। বিশেষ করে যারা ভারতে পাড়ি দিয়েছে তাদের অস্থিচর্মসার দেহে বেদনাঘন পরিস্থিতি স্পষ্ট হয়ে উঠেছে। এসব শরণার্থীদের প্রথম দুটো দল ছিল নিঃস্ব ও রুগ্ন, তারপরে যারা যাচ্ছিল তাদের মত অতটা শীর্ণ ছিল না।পূর্ব বাঙলায় সামুদ্রিক

www.BanglaBook.org



জলোচ্ছ্বাস ও গৃহযুদ্ধের (স্বাধীনতাযুদ্ধ) অপরিহার্য পরিণতি স্পষ্টভাবে অনুভূত হতে শুরু করেছে। এই করুণ দুর্ভিক্ষাবস্থা পাকিস্তান সরকার মেনে নিতে রাজী হল না। ফলে অনাহারী জনগণের মর্মান্তিক দুর্দশাকে দ্বিগুণ বাড়িয়ে দিয়েছে। পাকিস্তান সরকারের পক্ষে এটা মেনে নেয়ার অর্থ হলো, অপরাধ স্বীকার করাই বোঝাবে না বরং পূর্ব বাঙলায় চলমান সামরিক বর্বরতা মেনে নেবার পক্ষে আন্তর্জাতিক মনোযোগ দৃষ্টি আকৃষ্ট হবে। সে কারণে পূর্ব বাংলার লোকদের অবশ্যই মৃত্যুর সম্মুখীন হতে হবে। চিরাচরিতভাবে অনুন্নত এলাকায় দুর্ভিক্ষের ছায়া নেমেছে, খাদ্যকে রাজনীতির হাতিয়ার হিসেবে ব্যবহার করা হচ্ছে। কেননা যাতে করে ৬.৬ কোটি বাঙালীকে আনুগত্য স্বীকারে বাধ্য করা যায়। কৃষি উন্নয়নের একজন অবাঙালী অফিসারকে আমি বলতে শুনেছি, 'দুর্ভিক্ষ হলো আমাদের আয়োজিত ধ্বংসাত্মক কাজেরই ফল। কাজেই ওরা অনাহারে মরুক। তখন বাঙালীদের চেতনা ফিরবে। এই হলো সরকারী কর্মকর্তাদের মনোভাব, সে সঙ্গে যুক্ত হয়েছে খাদ্য ঘাটতির গভীর সংকটাবস্থা। তাতে সরকারী উদাসীনতা ও খাদ্যসংকট আরো জটিল হয়ে দাঁড়িয়েছে। এমনিতেই পূর্ব বাংলার ২৩টি জেলার মধ্যে ১৭টি জেলায় খাদ্য ঘাটতি দেখা দেয়। এমনকি শস্যের ফলন ভাল হলেও ১৫ লাখ টন খাদ্যশস্য বিশেষতঃ চাল আমদানি করতে হয়। অদূর অতীতে পূর্ববাঙলা একের পর এক বন্যা ও ঘূর্ণিঝড়ের কবলে পড়ায় আমদানীর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে ব্যাপক পরিমাণে। পাকা ধানের মৌসুমে ১৯৭০ সালের নভেম্বর মাসে ভয়াবহ ঘূর্ণিঝড় মরণ ছোবল হানে। এ দুর্যোগ শুধু খাদ্যশস্যের ব্যাপক ক্ষতি করেনি, সে সঙ্গে জলোচ্ছ্বাসে এসেছে লবণাক্ততা, যা গোটা উপকূলীয় বৃহত্তর অঞ্চলজুড়ে স্বাভাবিক ধান উৎপাদনকে অসম্ভব করে ফেলেছে।

এই প্রাকৃতিক দুর্যোগের সঙ্গে রয়েছে চলমান গৃহযুদ্ধ। বিগত মার্চ মাসে সামরিক অভিযানের বিরুদ্ধে বাঙালীর গণঅভ্যুত্থানে প্রদেশের সকল যোগাযোগ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত করে দিয়েছে যা কোন ঘূর্ণিঝড়ে অতটা ক্ষতি করতে পারেনি। পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীকে অবরুদ্ধ করে রাখার জন্য বাঙালী গেরিলাবাহিনীর সদস্যরা রাস্তা ও ব্রীজ উড়িয়ে দিয়েছে। এই নদী-মাতৃক প্রদেশের অনেকগুলো ফেরী চলাচল নিশ্চিহ্ন করে দিয়েছে। ১৯৭১ সালের এপ্রিল মাসে চট্টগ্রাম সমুদ্র বন্দর থেকে খাদ্যশস্য শতাধিক বিতরণ কেন্দ্রের সঙ্গে যুক্ত প্রধান সড়কের চলাচল অসম্ভব হয়ে পড়ে। চট্টগ্রাম থেকে ফেনীর কাছ পর্যন্ত এই ৩০ মাইল পথে কম পক্ষে একশ' ধ্বংসাত্মক তৎপরতা চালান হয়েছে। আমদানীকৃত খাদ্যশস্যের ৮০ ভাগ রেলপথে ও ট্রাকে পরিবহন করা হয়। বাকী ১৫ শতাংশ বার্জে নদী পথে বহন করা হয়। এদুটো পরিবহন ক্ষেত্রে সেনাবাহিনীর সাপ্লাইয়ের কারণে সে সুযোগ সহজলভ্য নয়। ফলে চট্টগ্রাম বন্দরের সাইলো (খাদ্য সংরক্ষণকেন্দ্র)-গুলোতে খাদ্যশস্য স্তূপীকৃত হয়ে

BanglaBook.org

www.BanglaBook.org



রয়েছে অথচ প্রদেশের অন্যত্র ঘাটতি চরমে উঠেছে। চট্টগ্রাম-কুমিল্লা প্রধান সড়কের অনেক ক্ষেত্রে মেরামত করা হয়েছে, এখনো যে কোন সময়ে গেরিলা আক্রমণের শিকার হতে পারে। স্বাভাবিক যানবাহনের একটি নগণ্য অংশ চলাচল করছে।

প্রদেশের অন্যত্র একই ধরনের বাধাবিপত্তিও রয়েছে। গত গ্রীষ্মে একটি আন্তর্জাতিক জরিপ থেকে জানা যায় যে, দেশের ৬০ শতাংশ খাদ্যশস্য দক্ষিণাঞ্চলে গুদামজাত থাকে অথচ ঐ অঞ্চলের প্রয়োজন মাত্র প্রদেশের মোট চাহিদার ৩০ শতাংশ। যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হয়ে পড়ায় খাদ্য চলাচল ব্যাহত হচ্ছিল বিশেষত পোড়ামাটি নীতি চলতে থাকায় রেল ও নদীপথ ব্যাপক ক্ষতির মুখোমুখি হয়েছে। এমতাবস্থায় পশ্চিম পাকিস্তানী সেনাবাহিনীর জন্য সরবরাহ বজায় রাখাটা সামরিক আইন কর্তৃপক্ষ ও বেসামরিক প্রশাসনের মুখ্য দায়িত্ব হয়ে দাঁড়ায়। অন্যান্য জিনিসপত্রের চাহিদা মেটানো হত যখন যতটুকু পাওয়া যেতো তার ভিত্তিতে। অবশ্যম্ভাবীভাবে জনসাধারণের চাহিদার ঘাটতি থেকেই গেল।

সেপ্টেম্বর '৭১ সালে আরো দুটো উপসর্গ প্রতিবন্ধকতা সৃষ্টির কাজে যোগ দিল। প্রথমটি হলো আউশ চাষের জন্য বীজধান ও কৃষি উপকরণের অভাব। একদিকে প্রশাসন ভেঙে পড়েছে অন্যদিকে কৃষকদের অনীহার জন্য সেগুলো সুলভ ছিল না, তাছাড়া কৃষকেরা নিজেদের মজুত শস্য ফেলে রেখে অন্যত্র চলে গিয়েছিল।

দ্বিতীয়টি হলো মজুতদারী। উৎপাদনকারীরা ঘাটতি বছরে চিরাচরিত নিয়মে মজুত করে থাকে। বোধগম্য কারণে তারা তাদের খাদ্যশস্য নিশ্চিত রাখতে চায়। এমনকি শহরের পয়সাওয়ালা শ্রেণীও তাই করে থাকে; তারা খাদ্যশস্যের যে কোন মূল্য দিতে রাজি থাকে।

তৃতীয়ত, উপসর্গটি হলো অনাহারী লোকদের ক্রয় ক্ষমতা ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে।

এসব ক'টি উপসর্গ একত্র হয়ে ১৯৭১ সালের শীতের সময়টা আরো সংকটপূর্ণ সময় হয়ে দাঁড়াবে।

পাকিস্তানের তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনাধীনকালে অর্থাৎ ১৯৬৬-১৯৭০ সালের মধ্যে পূর্ব বাঙলা গড়ে প্রতি বছর এক কোটি আশি লক্ষ টন খাদ্যশস্য উৎপাদন করা সত্ত্বেও, বার্ষিক, ঘাটতি ছিল ১২ লক্ষ টন। অদূর অতীতে দুর্যোগগুলো অর্থাৎ ১৯৭০ সালের সেপ্টেম্বরের বন্যা, নভেম্বরের ধ্বংসাত্মক ঘূর্ণিঝড়, ১৯৭১ সালের মার্চ থেকে সামরিক বাহিনীর ধ্বংসাত্মক বর্বরতা এসবের সমন্বিত কারণে ১৯৭১ সালের প্রত্যাশিত উৎপাদনের ২০ শতাংশ হ্রাস পায়। পর পর দুটো বছরই খাদ্যোৎপাদনের অবস্থা খারাপ থাকায় খাদ্য ঘাটতির পরিমাণে এসে দাঁড়ায় ২২ লক্ষ ৮০ হাজার টন, অর্থাৎ ২৮ বছর আগে মহা আকালের বছরের পর এই বছরই সবচেয়ে কঠিন খাদ্য ঘাটতি দেখা দিল। এই সবকিছু মিলে অদ্বিতীয় মানবীয় দুর্যোগ সৃষ্টি করলো। কিন্তু পাকিস্তান

BanglaBook.org

www.BanglaBook.org



সরকার তা স্বীকার করতে নারাজ। যার ফলে আন্তর্জাতিক ত্রাণ সংস্থাগুলো তাদের তৎপরতা সুচারুভাবে করতে পারল না।

এহেন পরিস্থিতিতে ত্রাণ সামগ্রী যতটুকু পাওয়া যাবে তাও সুষ্ঠু তদারকির অভাবে সেটুকু বালিতে পানি ঢালার মতো হারিয়ে যাবে। সেগুলো হয় পাক সেনাবাহিনী বা দুর্নীতিবাজ সরকারী কর্মকর্তা এবং বিবেক বর্জিত ব্যবসায়ীদের কালোবাজারে ঐ সব খাদ্য সামগ্রী বিক্রি করে ফায়দা লুটবে।

আন্তর্জাতিক খাদ্য ত্রাণ সংস্থা আশানুরূপ উদ্দেশ্যসাধন করতে চান তাহলে এসবের তত্ত্বাবধানের কাজ আন্তর্জাতিক তদারকিতে হতে হবে, গৃহযুদ্ধে লিপ্ত দলগুলোকেও তাদের সহযোগিতা করতে হবে। যাতে খাদ্য সামগ্রী পরিবহনে ও বিতরণে কোন বাধা সৃষ্টি না হয়। নতুবা যে করুণ দুঃখজনক পরিস্থিতির ছবি আঁকা হয়েছে আগত মাস ও বছরের কঠিন সময়ে তা বাস্তবে রূপলাভ করবে। এমন ভয়ানক দুর্ভিক্ষ আগত দিনে পূর্ব বাংলাকে আঘাত হানবে যা অতীতের সকল দুর্যোগকে অতিক্রম করবে।

BanglaBook.org

www.BanglaBook.org

# পরিশিষ্ট-১

পাকিস্তান হবে একটি ফেডারেল বা যৌথরাষ্ট্র এবং ছয় দফা ফর্মূলার ভিত্তিতে এই ফেডারেশনের বা যৌথরাষ্ট্রের প্রতিটি অঙ্গরাজ্যকে পূর্ণ স্বায়ত্তশাসন দিতে হবে।

প্রথম দফা

সরকারের বৈশিষ্ট্য হবে ফেডারেল বা যৌথরাষ্ট্রীয় ও সংসদীয় পদ্ধতির; তাতে যৌথরাষ্ট্রের অঙ্গরাজ্যগুলো থেকে কেন্দ্রীয় ব্যাবস্থাপক সভার নির্বাচন হবে প্রত্যক্ষ এবং সার্বজনীন প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে। কেন্দ্রীয় ব্যবস্থাপক সভার প্রতিনিধি নির্বাচন জনসংখ্যার ভিত্তিতে হতে হবে।

দ্বিতীয় দফা

কেন্দ্রীয় সরকারের দায়িত্বে থাকবে কেবল প্রতিরক্ষা ও বৈদেশিক বিষয় এবং তৃতীয় দফায় ব্যবস্থিত শর্তসাপেক্ষ বিষয়।

তৃতীয় দফা

পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জন্য দুটি পৃথক মুদ্রা-ব্যবস্থা চালু করতে হবে, যা পারস্পরিকভাবে কিংবা অবাধে উভয় অঞ্চলে বিনিময় করা চলবে। অথবা এর বিকল্প ব্যবস্থা হিসেবে একটি মাত্র মুদ্রা-ব্যবস্থা চালু থাকতে পারে এই শর্তে যে, একটি কেন্দ্রীয় সংরক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠা করতে হবে, যার অধীনে দুই অঞ্চলে দুটি রিজার্ভ ব্যাঙ্ক থাকবে। তাতে এমন বিধান থাকতে হবে যেন এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে সম্পদ হস্তান্তর কিংবা মূলধন পাচার হতে না পারে।

BanglaBook.org

চতুর্থ দফা

রাজস্ব ধার্য ও আদায়ের ক্ষমতা থাকবে অঙ্গরাজ্যগুলোর হাতে। প্রতিরক্ষা ও বৈদেশিক বিষয়ের ব্যয় নির্বাহের জন্য কেন্দ্রীয় সরকারকে প্রয়োজনীয় রাজস্বের যোগান দেওয়া হবে। সংবিধানে নির্দেশিত বিধানের বলে রাজস্বের এই নির্ধারিত

www.BanglaBook.org



অংশ স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় সরকারের খাতে জমা হয়ে যাবে। এহেন সাংবিধানিক বিধানে এমন নিশ্চয়তা থাকবে যে, কেন্দ্রীয় সরকারের রাজস্বের প্রয়োজন মেটানোর ব্যাপারটি এমন একটি লক্ষ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে যেন রাজস্বনীতির ওপর নিয়ন্ত্রণ ক্ষমতা নিশ্চিতভাবে অঙ্গরাজ্যগুলোর হাতে থাকে।

পঞ্চম দফা

যৌথরাষ্ট্রের প্রতিটি অঙ্গরাজ্য যে বৈদেশিক মুদ্রা অর্জন করবে, সেই অঙ্গরাজ্যের সরকার যাতে স্বীয় নিয়ন্ত্রণাধীনে তার পৃথক হিসেব রাখতে পারে, সংবিধানে সেরূপ বিধান থাকতে হবে। কেন্দ্রীয় সরকারের যে পরিমাণ বৈদেশিক মুদ্রার প্রয়োজন হবে, সংবিধান নির্দেশিত বিধি অনুযায়ী নির্ধারিত অনুপাতের ভিত্তিতে অঙ্গরাজ্যগুলো থেকে তা আদায় করা হবে। সংবিধানের বিধানানুযায়ী দেশের বৈদেশিক নীতির কাঠামোর মধ্যে, যার দায়িত্ব থাকবে কেন্দ্রীয় সরকারের হাতে, বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক সাহায্য সম্পর্কে চুক্তি সম্পাদনের ক্ষমতা আঞ্চলিক বা প্রাদেশিক সরকারগুলোর হাতে থাকতে হবে।

ষষ্ঠ দফা

ফলপ্রসূভাবে জাতীয় নিরাপত্তা রক্ষার কাজে সাহায্যের জন্য অঙ্গরাজ্যগুলোকে মিলিশিয়া কিংবা আধা-সামরিক বাহিনী গঠনের ক্ষমতা দিতে হবে।

BanglaBook.org

www.BanglaBook.org

# পরিশিষ্ট-২

১৯৬৬ সালের ফেব্রুয়ারী মাসে ঢাকায় প্রদত্ত 'আমাদের বাঁচার অধিকার, 'ছয় দফা ফর্মুলা' শীর্ষক ভাষণের উপসংহারে 'আমার পশ্চিম পাকিস্তানী ভাইদের' প্রতি শেখ মুজিবুর রহমানের একটি আবেদন ঃ

আমি আমার পশ্চিম পাকিস্তানী ভাইদের উদ্দেশ্যে কয়েকটি কথা বলতে চাই ঃ

'প্রথমত, তাঁদের এই ধারণা করা উচিত হবে না যে, আমি (ছয় দফায়) যা বলেছি তা কেবল পূর্ব পাকিস্তানের স্বার্থরক্ষার্থেই বলেছি। এ কথা ঠিক নয়। আমার ছয় দফা কর্মসূচীর প্রতিটি দফা থেকে আমার পশ্চিম পাকিস্তানী ভায়েরাও স্বাভাবিকভাবে অনুরূপ লাভবান হবেন। এই দফাগুলো কার্যকর হলে তাঁরা অবশ্যই সমান সুযোগ-সুবিধা লাভ করবেন।

দ্বিতীয়ত, যখন আমি পূর্ব পাকিস্তানের সম্পদ পশ্চিম পাকিস্তানে পাচার ও কেন্দ্রীভূত হওয়ার কথা বলি, তখন তদ্দারা আমি কেবল আঞ্চলিক কেন্দ্রীভূতকরণের কথাকেই বুঝাই। তদ্দারা আমি একথা বলতে চাই না যে, এই সম্পদ পশ্চিম পাকিস্তানের জনগণের হাতে পৌঁছেছে। না, তা নয়। আমি তা বলতে চাই না বা বলতে পারি না। আমি জানি, পশ্চিম পাকিস্তানে এমন লাখ লাখ লোক রয়েছে, যারা আমাদের মতই আর্থিক শোষণের হতভাগ্য শিকারে পরিণত হয়েছে। আমি একথাও জানি যে, দেশের যাবতীয় সম্পদ গুটিকয়েক পরিবারের হাতে কেন্দ্রীভূত হয়েছে। পুঁজিবাদী ছাঁচে গড়া আমাদের সমাজ, এর পরিবর্তন না হওয়া পর্যন্ত এ অবস্থা চলতে থাকবে। কিন্তু তার আগে অবশ্যই আঞ্চলিক শোষণের অবসান ঘটাতে হবে। আমি কিন্তু এই আঞ্চলিক শোষণের জন্য পশ্চিম পাকিস্তানের জনগণকে দায়ী করছি না।

তৃতীয়ত, এই অবিচারের জন্য দায়ী দেশের ভৌগোলিক অবস্থান এবং অস্বাভাবিক প্রশাসনিক ব্যবস্থা, যার পরিণাম দিন দিন ভয়াবহ হয়ে উঠছে। একটি দৃষ্টান্ত গ্রহণ করুন। যদি পাকিস্তানের রাজধানী পশ্চিম পাকিস্তানে না হয়ে পূর্ব পাকিস্তানে স্থাপিত হত তাহলে এই আঞ্চলিক শোষণ উল্টোভাবে ঘটত। আমাদের রাজস্বের শতকরা ৬২ ভাগ যা আমাদের প্রতিরক্ষা বাহিনীর জন্য ব্যয় হচ্ছে, এবং রাজস্বের শতকরা ৩২ ভাগ, যা কেন্দ্রীয় প্রশাসনে ব্যয় হচ্ছে, তা সবই পশ্চিম পাকিস্তানের পরিবর্তে

www.BanglaBook.org



পূর্ব পাকিস্তানে ব্যয় হত। 'সরকারের ব্যয় হল জনগণের আয় এবং সরকারের আয় হল জনগণের ব্যয়'---জাতীয় অর্থ সম্পর্কে এই সুপরিচিত প্রবাদ বাক্যটি পশ্চিম পাকিস্তানের পরিবর্তে পূর্ব পাকিস্তানের বেলায় প্রযোজ্য হত। আমাদের মোট রাজস্বের এই ৯৪ শতাংশ, যা প্রতি বছর পশ্চিম পাকিস্তানে ব্যায় হচ্ছে এবং এভাবে পশ্চিম পাকিস্তানের মূলধন গঠিত হচ্ছে, তা পূর্ব পাকিস্তানে ব্যয় হত এবং পূর্ব পাকিস্তানকে সম্পদশালী করে তুলত। সরকারের কর্মকেন্দ্র পশ্চিম পাকিস্তানে প্রতিষ্ঠিত হওয়ায় সশস্ত্র বাহিনীর তিনটি প্রধান কার্যালয় এবং সমস্ত কেন্দ্রীয় প্রতিষ্ঠান ও বিদেশী মিশনের দপ্তর স্বাভাবিকভাবেই পশ্চিম পাকিস্তানে প্রতিষ্ঠিত হয়েছে। সুতরাং সেগুলোর যাবতীয় খরচ সেই অঞ্চলেই হচ্ছে। সরকারের কর্মকেন্দ্র পূর্ব পাকিস্তানে থাকলে এ সমস্ত ব্যয় এখানেই হত। তাহলে পূর্ব পাকিস্তান সম্পদশালী হত এবং সেই অনুপাতে পশ্চিম পাকিস্তান দরিদ্র থেকে যেত।

এমতাবস্থায় আপনারা, পশ্চিম পাকিস্তানীরা, আঞ্চলিক ন্যায়বিচারে জন্য আমাদের মতই দাবী তুলতেন, যার জন্য আপনারা আমাদের, পূর্ব পাকিস্তানীদের অসৎ অভিপ্রায়ের দোষ দিয়ে নিন্দা করছেন। অবস্থা এরূপ হলে আপনারা উপলব্ধি করতে পারতেন যে, আত্মরক্ষা ছাড়া অন্য কোন অভিপ্রায় আমাদের ছিল না। সেই প্রসঙ্গে পশ্চিম পাকিস্তানীরা যদি আঞ্চলিক ন্যায়বিচারের দাবি তুলতেন তাহলে আপনারা কি জানেন আমাদের দৃষ্টিভঙ্গি কি হত? আমরা তৎক্ষণাৎ সত্য বলে স্বীকার করে নিতাম যে, ন্যায়বিচার ও সমতা দাবি করার অধিকার আপনাদের আছে এবং তা করা আপনাদের কর্তব্য।

কেবল তাই নয়, আমরা আরো অগ্রসর হতাম। এসমস্ত দাবি আপনাদের উত্থাপন করা পর্যন্ত আমরা অপেক্ষা করতাম না। তার পরিবর্তে আপনাদের দাবি উত্থাপন করার আগেই আমরা আপনাদের প্রয়োজন মিটিয়ে দিতাম। সত্যই আমরা ন্যায়বিচার, সমতা এবং ন্যায্য ব্যবহারে বিশ্বাস করি। একটি রাষ্ট্র একটি বৃহৎ পরিবার ছাড়া আর কিছু নয়। এমন কি একটি পরিবারের মধ্যে কোন একজন আহার করলেই অন্যের পেট ভরে না। কাজেই আমাদের ন্যায্য অংশের দাবি তুললেই কি করে এবং কোন্ বিবেকের বলে আপনারা আমাদের স্বার্থপর বলে অভিহিত করেন? আর আপনারা যখন কেবল নিজেদের অংশই ভোগ করছেন না, আপনাদের ভাইদের অংশও গ্রাস করছেন, তখন অন্যেরা আপনাদের কি বলে অভিহিত করবে? যাহোক, আমরা কেবল আমাদের নিজেদের অংশই দাবি করছি, আপনাদের অংশ নয়। আমরা আপনাদের সঙ্গে সমান অংশীদার হিসেবে বাস করতে চাই, শোষক হিসেবে নয়।

চতুর্থত, আমরা যদি আমাদের প্রয়োজনের চেয়ে বেশী পাই, তাহলে আমাদের অংশ থেকে আপনাদের জন্য কিছু ছেড়ে দিতেও পারি। অতীতে আমরা সেরূপ দিয়েছিও। আপনাদের কি তা, স্মরণ নেই? দয়া করে স্মরণ করে দেখুন ঃ

BanglaBook.org

www.BanglaBook.org



১। প্রথম গণ-পরিষদে আমাদের প্রতিনিধির সংখ্যা ছিল ৪৪ এবং আপনাদের সংখ্যা ছিল ২৮। যদি আমরা ইচ্ছে করতাম, তাহলে গণতান্ত্রিক উপায়েই কেন্দ্রীয় রাজধানী এবং তিনটি সশস্ত্র বাহিনীর প্রধান কার্যালয় পূর্ব পাকিস্তানে নিয়ে আসতে পারতাম। কিন্তু আমরা তা করিনি।

২। প্রকৃত ভ্রাতৃসুলভ অনুভূতি এবং সমতাবোধের দরুন আমার পূর্ব পাকিস্তান থেকে পূর্ব পাকিস্তানীদের ভোটে ৬ জন পশ্চিম পাকিস্তানীকে গণ-পরিষদের সদস্য নির্বাচিত করে দিয়েছি।

৩। সংখ্যাগরিষ্ঠতার বলে আমরা বাঙলাকে একমাত্র রাষ্ট্রভাষা করে নিতে পারতাম। কিন্তু আমরা বাঙলা এবং উর্দু উভয় ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবি করেছি এবং তা গ্রহণ করেছি।

৪। সংখ্যাগরিষ্ঠ ভোটে আমরা পূর্ব পাকিস্তানের স্বার্থের অনুকূলে একটি শাসনতন্ত্র তৈরী করে নিতে পারতাম।

৫। নিরঙ্কুশ ক্ষমতা প্রয়োগের সম্ভাব্য জটিলতা দূর করার জন্য আমরা আমাদের সংখ্যাগরিষ্ঠতাকে বলি দিয়েছি এবং সংখ্যাসাম্য নীতি গ্রহণ করেছি আপনাদের কাছ থেকে এই আশ্বাস পেয়ে যে, আপনারা সকল ক্ষেত্রে সংখ্যাসাম্য নীতি মেনে চলবেন।

পঞ্চমত, পশ্চিম পাকিস্তানী ভাইদের মনে এই বিশ্বাস জন্মানোর জন্য উপরোক্ত কথাগুলোই যথেষ্ট যে আমরা, পূর্ব পাকিস্তানের লোকেরা প্রকৃতই ভ্রাতৃসুলভ সমতাবোধ নিয়ে আপনাদের প্রতি আচরণ করতে আগ্রহী, যদ্দারা আমরা সম্মান ও গৌরবের মধ্যে বাস করতে চাই। অতীতে একথাও প্রমাণিত হয়েছে যে, আপনাদের প্রয়োজনে আমাদের নিজেদের স্বার্থ ত্যাগ করার মত সামর্থ্য আমাদের আছে। পূর্ব পাকিস্তানে যদি রাজধানী স্থাপিত হত, তাহলে আমরা নিজেরাই উদ্যোগী হয়ে পশ্চিম পাকিস্তানে একটা সত্যিকারের দ্বিতীয় রাজধানী স্থাপন করতাম এবং এই রাজধানী কেবল তামাশার বস্তু হত না। আমরা কখনো সেই সুবিধাজনক অবস্থার সুযোগ গ্রহণ করতাম না এবং জোর করে কখনো সেই সমস্ত গুরুত্বপূর্ণ অফিস আমাদের অধিকারে রাখতাম না। আমরা তুলা বোর্ড, পাকিস্তান শিল্পোন্নয়ন সংস্থা, রেলওয়ে বোর্ড, পোর্ট ট্রাস্ট, ওয়াপদা (পানি এবং বিদ্যুৎ উন্নয়ন সংস্থা) ইত্যাদি সংস্থার চেয়ারম্যানের পদের মত পশ্চিম পাকিস্তানের যাবতীয় উচ্চ ও লাভজনক পদ অধিকার করতাম না।

আমরা আপনাদের অঞ্চলের গভর্ণরের পদ অধিকার করার কথাও চিন্তা করতাম না। তার পরিবর্তে আমরা ন্যায়পরায়ণতার সঙ্গে পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে কেন্দ্রীয় রাজস্ব ব্যয়ের ফলপ্রসূ ব্যবস্থা গ্রহণ করতাম। আমরা আঞ্চলিক ও প্রাদেশিক স্বায়ত্তশাসনকে সঙ্কুচিত করার পরিবর্তে প্রসারিত করতাম। আমরা রাজনৈতিক, প্রশাসনিক কিংবা আর্থনীতিক ক্ষেত্রে কোন বৈষম্য সৃষ্টি হতে কখনো দিতাম না।

BanglaBook.org

www.BanglaBook.org



আমরা পূর্ব পাকিস্তানীরা সংখ্যাগুরু, সরকারের কার্যালয় আমাদের এখানে, কাজেই আমরা পাকিস্তানের প্রভু-এ জাতীয় অনুভূতির সৃষ্টি হওয়ার মত কোন কাজই আমরা কখনো করতাম না। তার চেয়ে বরং আমরা প্রতিটি কাজ এমনভাবে করতাম যাতে আপনারা বুঝতে সক্ষম হতেন যে, এই দেশ চিন্তা ও কর্মে উভয় দিক দিয়ে আপনাদের এবং আমাদের। আমরা আপনাদের সঙ্গে রাষ্ট্রীয় ক্ষমতা সমানভাবে ভাগ করে নিতাম।

আমরা বিশ্বাস করি যে, অবিমিশ্র সমতার এই অনুভূতি, আন্তঃপ্রাদেশিক ন্যায়বিচারের এই চেতনা এবং পক্ষপাতশূন্যতা হল পাকিস্তানী দেশাত্মবোধের ভিত্তি। একমাত্র তিনিই পাকিস্তানের নেতা হওয়ার যোগ্য, যিনি এহেন দেশাত্মবোধের দ্বারা অনুপ্রাণিত ও উৎসর্গীকৃত। যে নেতা আন্তরিকতার সঙ্গে বিশ্বাস করেন যে, পাকিস্তানের দু'টি শোখা প্রকৃতপক্ষে পাকিস্তানের রাজনৈতিক দেহের দু'টি চোখ, দু'টি কান, দু'টি নাসারন্ধ্র, দুই সারি দাঁত, দু'টি হাত এবং দু'টি পা; যে নেতা অনুভব করেন যে পাকিস্তানকে সুস্থ ও শক্তিশালী করতে হলে এর উভয় অংশকে সমানভাবে সুস্থ ও শক্তিশালী করতে হবে; যে নেতা আন্তরিকতার সঙ্গে বিশ্বাস করেন যে, পাকিস্তানের অঙ্গ দু'টির যে কোন একটিকে দুর্বল করলে সামগ্রিকভাবে পাকিস্তানকেই দুর্বল করা হয়; যে নেতা অতি আগ্রহের সঙ্গে এই মত পোষণ করেন যে, যে ব্যক্তি উদ্দেশ্যমূলকভাবে বা ইচ্ছাপূর্বক পাকিস্তানের যে কোন অঙ্গকে দুর্বল করে, সে দেশের শত্রু; এবং যে নেতা এ ধরনের শত্রুদের বিরুদ্ধে কঠোর কর্মব্যবস্থা গ্রহণ করেন, সে নেতাই পাকিস্তানের জাতীয় নেতৃত্বের দাবি করতে পারেন। পাকিস্তান একটি মহান দেশ, যার দিগন্তপ্রসারী সম্ভাবনাময় ভবিষ্যৎ রয়েছে। যিনি এর যোগ্য নেতা হতে চান, তাঁকে অবশ্যই দিগন্তপ্রসারী অসাধারণ দৃষ্টিসহ মহান হৃদয়ের অধিকারী হতে হবে।

ষষ্ঠত, আমি বিনীতভাবে পশ্চিম পাকিস্তানী ভাই ও বোনদেরকে স্মরণ করিয়ে দিতে চাই যে, যখন আমরা বাঙলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে মর্যাদা দেওয়ার জন্য দাবি করেছিলাম, তখন আপনারা একে পাকিস্তানকে ধ্বংস করার আন্দোলন বলে দোষারোপ করলেন। পুনশ্চ বিশেষ করে ব্যবস্থাপক সভার প্রতিনিধিত্বের বেলায় আপনাদের সংখ্যা-সাম্যনীতির দাবির পরিপ্রেক্ষিতে আমরা যখন যুক্তনির্বাচন দাবি করেছিলাম, তখনও আপনারা এই মর্মে আমাদের নিন্দা করেছিলেন যে, আমরা সীমান্তের ওপার থেকে অনুপ্রেরণা পেয়েছি। এ দু'টি দাবিই এখন স্বীকৃত হয়েছে; কিন্তু সেগুলো স্বীকৃত হওয়ার পর পাকিস্তান ধ্বংস হয়ে যায়নি। এতে কি আপনাদের লজ্জা হয় না যে, অনিচ্ছুক বিদেশী শাসকদের কাছ থেকে বলপূর্বক কিছু সুবিধা আদায় করে নেওয়ার মত পূর্ব পাকিস্তানের প্রতিটি ন্যায়সঙ্গত দাবি আপনাদের কাছ থেকে চরম মূল্য দিয়েও দুঃখজনক সংগ্রাম করে আদায় করতে হবে? এতে কি

BanglaBook.org

www.BanglaBook.org



আপনাদের মর্যাদা বাড়ে? দয়া করে এ ধরনের মনোভাব চিরদিনের জন্য পরিহার করুন। দয়া করে আপনারা আমদের শাসক না হয়ে নিজেদেরকে আমাদের ভাই হিসেবে মনে করুন। আমি যে ফর্মুলা তুলে ধরেছি তা গভীরভাবে বিবেচনা করে দেখার জন্য আমরা দেশবাসীর নিকট আকুল আবেদন করছি। তাহলে তাঁরা বুঝতে পারবেন যে, আমার ছয় দফা কর্মসূচীর কোন দফাই অন্যায়, অবাস্তব কিংবা দেশের সংহতি বিনাশকারী নয়। আমি আশা করি, আমি সাফল্যের সঙ্গে এই সংক্ষিপ্ত ভাষণে একথা বুঝাতে পেরেছি যে, এই দফাগুলো স্বীকৃত হলে পাকিস্তান কিছুতেই দুর্বল হবে না, বরং তা আরো অধিক শক্তিশালী হবে।

কিন্তু কায়েমী স্বার্থবাদী মহল সুস্পষ্ট কারণেই আমার ছয় দফা স্বীকার করবে না। তারা তাদের নিজস্ব পথে সবকিছুর বিচার করে থাকে। তাদের কাছে কেবল অবিরাম ও চিরস্থায়ীভাবে শোষণের কাজ চালিয়ে যাওয়ার অর্থই হল সমাজ ও রাষ্ট্রের স্থায়িত্ব। এই শোষণের কাজে যিনি ব্যাঘাত সৃষ্টি করবেন কিংবা ব্যাঘাত সৃষ্টির জন্য হুমকি দেবেন, তাদের কাছে তিনি দেশদ্রোহী এবং বিচ্ছিন্নতাবাদী বলে প্রতীয়মান হবেন। এটা কোন নতুন কিংবা আশ্চর্যজনক ঘটনা নয়। জনাব ফজলুল হক ও সোহরাওয়ার্দির মত আমাদের পূর্ববর্তী মহান নেতৃবৃন্দ এ ধরনের কায়েমী স্বার্থবাদী মহলের শিকার হয়েছিলেন।

শোষিত জনগণের স্বার্থরক্ষার সংগ্রামে যিনি এগিয়ে আসবেন, তাঁকে এ ধরনের নিন্দাবাদ ও কারাবরণের জন্য অবশ্যই প্রস্তুত থাকতে হবে। অতীতে আমার ভাগ্যে এ ধরনের বহু বিচার ও দুর্দশা জুটেছে। আমার মুরুব্বিদের দোয়া, আমার সহকর্মীদের সাহচর্য এবং আমার দেশবাসীর প্রীতিপূর্ণ সমর্থনের জন্য অসীম করুণাময় আল্লাহ আমাকে ঐ সমস্ত উৎপীড়ন সহ্য করার মত যথেষ্ট সাহস ও ধৈর্য দিয়েছেন। আমার দেশবাসীর এই সীমাহীন প্রীতি নিয়ে, যা আমার কাছে মূল্যবান সম্পদ, আমি তাঁদের সেবায় যে কোন ত্যাগ স্বীকারে সম্পূর্ণ প্রস্তুত আছি। আমার দেশের অগণিত লোকের মুক্তির তুলনায় আমার মত একজন লোকের জীবন কিছুই নয়।

আমি জানি লাখ লাখ শোষিত মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামের চেয়ে আর কোন মহত্তর সংগ্রাম থাকতে পারে না। আমার রাজনৈতিক গুরু জনাব সোহ্‌রাওয়ার্দির কাছ থেকে আমি তা শিখেছি। আমাদেরকে নির্দেশ দেয়ার জন্য তিনি আর আমাদের মধ্যে নেই। কিন্তু আমি তাঁর এই উপদেশকে আজীবন অনুসরণ করতে এবং তাঁর আদর্শের পতাকাকে উড্ডীয়মান রাখতে দৃঢ়প্রতিজ্ঞ। দেশ এখন তার সবচেয়ে সঙ্কটময় কালের মধ্য দিয়ে চলছে। এমন সঙ্কটময় মুহূর্তে আওয়ামী লীগ কাউন্সিল এর সভাপতিত্বের গুরুদায়িত্ব অতিরিক্ত বোঝার মত আমার স্কন্ধে চাপিয়ে দেওয়া হয়েছে। কিন্তু আল্লাহর অনুগ্রহে আমি কর্তব্যপরাঙমুখ নই। আমি কাজকে ভয় করি না।

BanglaBook.org

www.BanglaBook.org



কাজেই আমি বিনয়ের সঙ্গে এই গুরুদায়িত্ব গ্রহণ করেছি। আমার লোকদের উপর আমার অগাধ বিশ্বাস আছে। আমি একথাও জানি যে, রাতের গাঢ়তম আঁধারের মুহূর্তটি উষার আগমনের ইঙ্গিত দেয় মাত্র। আমার প্রিয় দেশবাসী, আল্লাহর নিকট এই দোয়া করবেন যেন তিনি আমাকে সব সময় মানসিক শক্তি ও দৈহিক যোগ্যতা দান করেন, যাতে আমি তাঁদের অধিকার পুনঃপ্রতিষ্ঠার সংগ্রামে আমার বাকী জীবন উৎসর্গ করতে পারি, যে অধিকার তাঁদের কাছ থেকে বলপূর্বক ছিনিয়ে নেয়া হয়েছে।

BanglaBook.org

www.BanglaBook.org

# পরিশিষ্ট-৩

পূর্ব পাকিস্তান সর্বদলীয় ছাত্র সংগ্রাম কমিটির ১১ দফা দাবি ঃ

১। ক) প্রাদেশিককৃত কলেজগুলোকে পূর্বাবস্থায় ফিরিয়ে আনতে হবে।

খ) স্কুল ও কলেজের সংখ্যা বৃদ্ধি করতে হবে।

গ) প্রাদেশিক কলেজগুলোতে নৈশ ক্লাশের ব্যবস্থা করতে হবে।

ঘ) ছাত্র-বেতনের শতকরা ৫০ ভাগ হ্রাস করতে হবে।

ঙ) শিক্ষার মাধ্যম হিসেবে এবং সমস্ত অফিসের কাজে বাঙলা ভাষাকে চালু করতে হবে।

চ) ছাত্রাবাসের ব্যয়ভারের শতকরা ৫০ ভাগ সরকারকে বহন করতে হবে।

ছ) শিক্ষকদের বেতন বৃদ্ধি করতে হবে।

জ) অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করতে হবে।

ঝ) একটি চিকিৎসা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং মেডিক্যাল কাউন্সিল অর্ডিন্যান্স প্রত্যাহার করতে হবে।

ঞ) পলিটেকনিক ছাত্রদের জন্য সংক্ষিপ্ত কোর্সের ব্যবস্থা করতে হবে।

ট) হ্রাসকৃত ভাড়ায় রেল ও বাস ভ্রমণের সুযোগ দিতে হবে।

ঠ) চাকুরির সুযোগ-সুবিধার নিশ্চয়তা দিতে হবে।

ড) বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স বাতিল করতে হবে এবং বিশ্ববিদ্যালয়গুলোকে পূর্ণ স্বায়ত্তশাসন দিতে হবে।

ঢ) জাতীয় শিক্ষা কমিশন ও হামুদুর রহমান রিপোর্ট বাতিল করতে হবে।

২। সার্বজনীন প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে সংসদীয় গণতন্ত্রের প্রবর্তন করতে হবে।

৩। ক) যৌথরাষ্ট্রীয় পদ্ধতির সরকার চালু করতে হবে এবং তাতে ব্যবস্থাপক সভার সার্বভৌমত্ব থাকবে।

খ) কেন্দ্রীয় সরকারের ক্ষমতা কেবল প্রতিরক্ষা, বৈদেশিক নীতি ও মুদ্রায় সীমাবদ্ধ থাকবে।

৪। প্রতিটি অঙ্গরাজ্যের জন্য আঞ্চলিক স্বায়ত্তশাসনসহ বেলুচিস্তান, উত্তর-পশ্চিম

BanglaBook.org

www.BanglaBook.org



সীমান্ত প্রদেশ ও সিন্ধুকে নিয়ে একটি উপ-যৌথরাষ্ট্র গঠন করতে হবে।

৫। ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানী ও বৃহৎ শিল্পগুলো জাতীয়করণ করতে হবে।

৬। কৃষকদের উপর ধার্যকৃত যাবতীয় কর ও রাজস্বের হার কমাতে হবে।

৭। শ্রমিকদের জন্য ন্যায্য বেতন ও বোনাসের ব্যবস্থা করতে হবে।

৮। পূর্ব পাকিস্তানের জন্য বন্যা-নিয়ন্ত্রণের উপযুক্ত কর্মপন্থা গ্রহণ করতে হবে।

৯। যাবতীয় জরুরী আইন, নিরাপত্তা আইন এবং অন্যান্য নিবারক আদেশ তুলে নিতে হবে।

১০। সিয়াটো ও সেন্টো চুক্তির সঙ্গে সম্পর্ক ত্যাগ করতে হবে এবং পাক-মার্কিন সামরিক চুক্তি বাতিল করতে হবে।

১১। আগরতলা ষড়যন্ত্র মামলার আসামীসহ বিনাবিচারে আটক সকল রাজবন্দীদের মুক্তি দিতে হবে।

BanglaBook.org

www.BanglaBook.org

# পরিশিষ্ট-৪

বাংলাদেশ সরকার সংকলিত বাঙালীদের সংগ্রামের কালানুক্রমিক ঘটনাপঞ্জি ঃ

১৯৪৭ জুন, ২০ বাঙলা ব্যবস্থাপক সভার সদস্যগণ ৫৬-২১ ভোটে প্রদেশটিকে বিভক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

আগস্ট, ২৫ বন্যার জন্য পূর্ব পাকিস্তানে মারাত্মক খাদ্য পরিস্থিতির উদ্ভব হয়।

১৯৪৮ মার্চ, ১১ রাষ্ট্রভাষার দাবিতে বিক্ষোভ মিছিল পরিচালনার দায়ে শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করা হয়।

আগস্ট, ১৪ পূর্ব বাঙলার প্রধানমন্ত্রী খাজা নাজিমুদ্দীন পাকিস্তানের গভর্ণর জেনারেল নিযুক্ত হন।

১৯৫০ অক্টোবর, ৬ আজিজুল হক খসড়া শাসনতন্ত্র প্রণয়ন কমিটির রিপোর্টের নিন্দা করেন এবং বলেন যে, প্রধানমন্ত্রী লিয়াকত আলী খান প্রস্তাবিত যৌথরাষ্ট্রের আড়ালে তাঁর একনায়কত্ব প্রতিষ্ঠার ষড়যন্ত্র করছেন।

নভেম্বর, ২৪ মুসলিম লীগ পরিষদীয় দলের ১৩ জন সদস্য একটি যুক্তবিবৃতি প্রচার করেন এবং তাতে পূর্ব বাঙলার জন্য স্বায়ত্তশাসন দাবি করেন।

১৯৫২ ফেব্রুয়ারী, ২১ মুলনীতি কমিটির রিপোর্টে বাঙলা ভাষাকে রাষ্ট্র ভাষার মর্যাদা না দেয়ায় এর বিরুদ্ধে পূর্ব বাঙলা বিক্ষোভে ফেটে পড়ে। পুলিশের গুলিতে ১৯ জন ছাত্র এবং আরো অনেকে নিহত হয়।

১৯৫৪ মার্চ, ১৫ প্রাদেশিক আইন পরিষদের অবসান ঘটিয়ে পূর্ব পাকিস্তানে ৯২-ক ধারা জারি করা হয়।

মার্চ, ১৯ আওয়ামী লীগের এইচ, এস, সোহরাওয়ার্দি এবং কৃষক-শ্রমিক দলের এ, কে ফজলুল হকের নেতৃত্বে যুক্তফ্রন্ট বিপুল সংখ্যাগরিষ্ঠতাসহ প্রাদেশিক নির্বাচনে জয়লাভ করে এবং সরকার গঠন করে।

মে, ১৭ প্রধানমন্ত্রী মোহাম্মদ আলী পূর্ব পাকিস্তানের গোলমালকে 'বিদেশী ষড়যন্ত্র' বলে অভিহিত করেন।

মে, ১৯ যুক্তফ্রন্ট সরকারকে বরখাস্ত করা হয়। গভর্ণরের শাসন জারি করা হয় এবং ইস্কান্দার মির্জাকে পূর্ব বাঙলার গভর্ণর হিসেবে ঢাকায় পাঠানো হয়।

BanglaBook.org

www.BanglaBook.org



আগস্ট, ৪ পূর্ব পাকিস্তানে অভূতপূর্ব বন্যার প্রাদুর্ভাবের খবর পাওয়া যায়। তাতে লাখ লাখ লোক ক্ষতিগ্রস্ত হয়।

১৯৫৮ জুন, ২৪ পূর্ব পাকিস্তানে প্রেসিডেন্টের শাসন বলবৎ করা হয়।

সেপ্টেম্বর, ২০ প্রাদেশিক পরিষদের স্পীকারকে মানসিক দিক দিয়ে অসুস্থ বলে ঘোষণা করা হয়। ডেপুটি স্পীকার শাহেদ আলীকে পিটিয়ে হত্যা করা হয়।

অক্টোবর, ৭ পাকিস্তানে সামরিক শাসন জারি করা হয়। রাজনৈতিক দলগুলোকে নিষিদ্ধ ঘোষণা করা হয়।

অক্টোবর, ১২ মুজিবুর রহমান, মওলানা ভাসানী এবং খান আবদুল গফফার খানকে গ্রেফতার করা হয়।

১৯৫৯ মে, ৮ পূর্ব পাকিস্তানের প্রাক্তন বাণিজ্য ও শিল্পমন্ত্রী মনসুর আলীকে দুর্নীতির দায়ে গ্রেফতার করা হয়।

১৯৬০ সেপ্টেম্বর, ১২ ঢাকায় মুজিবুর রহমানকে ফৌজদারী অসদারচণের দায়ে অপরাধী সাব্যস্ত করা হয় এবং দু'বছরের বিনাশ্রম কারাদন্ড দেয়া হয়।

অক্টোবর, ১০ পূর্ব বাঙলার উপকূলবর্তী এলাকায় চব্বিশ ঘন্টা ব্যাপী ঘূর্ণিঝড়ের আঘাতের ফলে তিন হাজারেরও অধিক লোক নিহত হয়।

অক্টোবর, ৩১, আরেকটি ঘূর্ণিঝড়ের ফলে বিশ হাজারেরও অধিক লোক নিহত হয়।

১৯৬১ মে, ৯ পূর্ব পাকিস্তান পুনরায় ঘূর্ণিঝড়ের কবলে পড়ে যার ফলে দু'হাজারেও অধিক লোকের প্রাণ বিনষ্ট হয়।

সেপ্টেম্বর, ২১ ঢাকায় আইয়ুব বিরোধী শ্লোগানরত বিক্ষোভকারী ছাত্রদের উপর গুলিবর্ষণ করা হয়। শত শত ছাত্রকে গ্রেফতার করা হয়।

সেপ্টেম্বর, ২৪ সোহরাওয়ার্দি গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠার দাবি করেন।

১৯৬২ এপ্রিল, পূর্ব পাকিস্তানে আইয়ুববিরোধী আন্দোলন চলে। বহু নিরস্ত্র লোক নিহত হয়। কেন্দ্রীয় মন্ত্রিসভার চারজন বাঙালী সদস্য পদত্যাগ করেন।

জুন, ৯ সামরিক আইন তুলে নেয়া হয়। 'মৌলিক গণতন্ত্রের ভিত্তিতে নতুন শাসনতন্ত্র দেয়া হয়। পূর্ব পাকিস্তানের লোকেরা এর বিরোধিতা করে।

১৯৬৬ ফেব্রুয়ারি, মুজিবুর রহমান আঞ্চলিক স্বায়ত্তশাসনের জন্য তাঁর ছয় দফা কর্মসূচীর কথা ঘোষণা করেন।

১৯৬৬ মার্চ, ২০ মুজিবুর রহমান এবং তাঁর দলীয় কর্মীদের গ্রেফতার করা হয়।

মার্চ, ২৭ মুজাফফরগড়ে চার জন বিরোধী মুসলিম লীগ নেতাকে গ্রেফতার করা হয়।

জুন, ৭ পূর্ব বাংলার সর্বত্র আইয়ুব-বিরোধী বিক্ষোভ দেখা দেয়। পুলিশের

www.BanglaBook.org



গুলিতে হাজার হাজার নিরস্ত্র লোক নিহত হয়। স্বায়ত্তশাসনের দাবির সমর্থনে ৭ই জুনের আহূত সাধারণ ধর্মঘট ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও তেজগাঁ দাঙ্গাহাঙ্গামায় পরিণত হয়।

জুন, ১৭ আওয়ামী লীগ, জাতীয় আওয়ামী দল, কৃষকশ্রমিক দল এবং ঢাকা, চট্টগ্রাম ও বরিশালের খ্যাতনামা নাগরিকগণ পূর্ব বাংলায় একটি 'ছায়া সরকার" গঠনের জন্য একটি ছয় দফা কর্মসূচী প্রণয়ন করেন।

১৯৬৭ ফেব্রুয়ারি, ২ পূর্ব পাকিস্তানের বিরোধী দলীয় নেতৃবৃন্দ পূর্ব পাকিস্তানের জন্য আঞ্চলিক স্বায়ত্তশাসন লাভের উদ্দেশ্যে একটি যুক্তফ্রন্ট গঠন করেন।

এপ্রিল, ২৭ 'অনিষ্টকর বক্তৃতা' দানের জন্য মুজিবুর রহমানকে ১৫ মাসের বিনাশ্রম কারাদন্ড দেয়া হয়।

ডিসেম্বর, ৩ আইয়ুবের একনায়কত্বের বিরুদ্ধে সংগ্রাম করার জন্য 'পাকিস্তান ডেমোক্রেটিক মুভমেন্ট' (পি,ডি,এম) গঠন করা হয়।

ডিসেম্বর, ১৭ আঞ্চলিক বৈষম্য সম্পর্কে শাহাবুদ্দিনের রিপোর্ট জাতীয় পরিষদে পেশ করা হয়।

১৯৬৮ জানুয়ারি, ৫ পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যেকার বৈষম্যকে সর্বসমক্ষে তুলে ধরার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রবৃন্দ একটি প্রদর্শনীর আয়োজন করে।

জানুয়ারি, ৬ পূর্ব বাংলাকে বিচ্ছিন্ন করার চেষ্টার অপরাধে সেনাবাহিনীর কয়েকজন জুনিয়র অফিসারসহ ২৮ জন লোককে গ্রেফতার করা হয়।

জানুয়ারি, ১৮ শেখ মুজিবকে গ্রেফতার করা হয় এবং তাঁকে আগরতলা ষড়যন্ত্র মামলায় জড়ানো হয়। ভারতের সাহায্যে পূর্ব বাঙলার স্বাধীনতা প্রতিষ্ঠার চেষ্টার অপরাধে তাঁকে অভিযুক্ত করা হয়।

জুলাই, ১৮ পূর্ব পাকিস্তানের ১৭টি জেলা ঘূর্ণিঝড়ের কবলে পতিত হয়। হাজার হাজার লোক নিহত হয়।

ডিসেম্বর, ৭ ঢাকা, চট্টগ্রাম, যশোহর এবং পূর্ব পাকিস্তানের অন্যান্য শহরে আইয়ুব-বিরোধী বিক্ষোভ দেখা দেয়। পুলিশের গুলিতে বহু লোক নিহত হয় এবং ৫০০ লোককে গ্রেফতার করা হয়।

ডিসেম্বর, ১৪ চট্টগ্রামে পুলিশের গুলিবর্ষণে বহু লোক নিহত হয়। আইয়ুব-বিরোধী আন্দোলন খুবই জোরদার হয়ে ওঠে এবং তাঁর পতনকে আসন্ন করে তোলে।

১৯৬৯ মার্চ, ২৫ প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সামরিক শাসন জারি করেন এবং জাতীয় ও প্রাদেশিক পরিষদগুলো ভেঙে দেন।

মার্চ, ২৬ ইয়াহিয়া খান ওয়াদা করেন যে, তিনি দেশে 'সুস্থ পরিবেশ' এনে দেয়ার পর জনগণের নিকট ক্ষমতা হস্তান্তর করবেন।

BanglaBook.org

www.BanglaBook.org



মার্চ, ২৮ শেখ মুজিব একটি যৌথরাষ্ট্রীয় সংগঠনের জন্য তাঁর পরিকল্পনা ঘোষণা করেন।

মার্চ, ২৯ জাতীয় আওয়ামী দলের নেতা মওলানা ভাসানীকে কাগমারীস্থ তাঁর গ্রামের বাড়িতে অন্তরীণ করা হয়।

মার্চ, ৩০ মওলানা ভাসানী একটি জাতীয় সরকার গঠনের দাবি জানান।

এপ্রিল, ১০ ইয়াহিয়া খান প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন অনুষ্ঠানের অঙ্গীকার করেন।

নভেম্বর ২৮ ইয়াহিয়া খান জাতীয় পরিষদের নির্বাচনের তারিখ ১৯৭০ সালের ৫ অক্টোবর ধার্য করেন।

১৯৭০ জানুয়ারি, ১ রাজনৈতিক দলগুলোর কর্মতৎপরতার উপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেয়া হয়।

এপ্রিল, ১ ইয়াহিয়া খান পশ্চিম পাকিস্তানের এক ইউনিট ভেঙে দেয়ার আদেশ দেন।

সেপ্টেম্বর, ২ পূর্ব পাকিস্তানের ঘূর্ণিঝড়ের জন্য ৭ই ডিসেম্বর পর্যন্ত নির্বাচন স্থগিত রাখা হয়।

ডিসেম্বর, ৭ জাতীয় পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। পূর্ব ও পশ্চিম পাকিস্তান যথাক্রমে আওয়ামী লীগ এবং জেড, এ ভূট্টোর পিপলস্ পার্টি প্রধান দল হিসেবে প্রতীয়মান হয়।

ডিসেম্বর, ৯ শেখ মুজিব দাবি করেন, যে, নতুন শাসনতন্ত্র তার ছয় দফার ভিত্তিতে প্রণীত হবে, যাতে আঞ্চলিক স্বায়ত্তশাসন অর্জিত হয়।

ডিসেম্বর, ১০ মওলানা ভাসানী স্বাধীন ও সার্বভৌম পূর্ব পাকিস্তানের দাবি উত্থাপন করেন।

ডিসেম্বর, ১২ পূর্ব পাকিস্তানের আরো তিনটি দল এই স্বাধীনতার দাবি সমর্থন করে।

১৯৭১ জানুয়ারি, ১৪ ইয়াহিয়া খান মুজিবুর রহমানকে পাকিস্তানের ভাবী প্রধানমন্ত্রী বলে অভিহিত করেন।

জানুয়ারি, ২৯ ঢাকায় মুজিবুর রহমান ও জেড, এ ভূট্টোর মধ্যে যে শাসনতান্ত্রিক আলোচনা চলে, স্বায়ত্তশাসনের প্রশ্নে তা পণ্ড হয়ে যায়।

ফেব্রুয়ারি, ১৩ ইয়াহিয়া খান জাতীয় পরিষদের উদ্বোধনের তারিখ ৩রা মার্চ ধার্য করেন।

ফেব্রুয়ারি, ১৫ ভূট্টো এই মর্মে হুমকি দেন যে, মুজিবুর রহমান যদি শাসনতন্ত্র প্রণয়নে তাঁর মতামত গ্রহণ না করেন, তাহলে তিনি পরিষদের অধিবেশন বর্জন করবেন।

BanglaBook.org

www.BanglaBook.org



ফেব্রুয়ারি, ১৬ মুজিবুর রহমান আওয়ামী লীগ পরিষদে দলের নেতা নির্বাচিত হন।

ফেব্রুয়ারি, ১৮ মুজিবুর রহমান ঘোষণা করেন যে, বাংলা সংস্কৃতিকে ধ্বংস করার জন্য ইসলামকে ব্যবহার করা হবে না।

ফেব্রুয়ারি, ২১ ইয়াহিয়া খান তাঁর মন্ত্রিসভা ভেঙে দেন।

ফেব্রুয়ারি, ২৮ ভূট্টো জাতীয় পরিষদের উদ্বোধনী অধিবেশন মুলতবি রাখার দাবি জানান।

**মার্চ, ১** ইয়াহিয়া খান পরিষদের অধিবেশন মুলতবি ঘোষণা করেন এবং পূর্ব পাকিস্তানের গভর্ণর ভাইস-অ্যাডমিরাল এস, এম, আহসানকে বরখাস্ত করেন। পরিষদের অধিবেশন মুলতবি ঘোষণার বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য মুজিবুর রহমান ঢাকায় সাধারণ ধর্মঘট আহবান করেন।

মার্চ, ২ ঢাকায় এবং অন্যান্য স্থানে আগ্নেয়গিরির বিস্ফোরণের মত প্রচন্ড গণবিক্ষোভ দেখা দেয়। সেনাবাহিনীর লোকেরা তাদের কাজে নেমে পড়ে এবং সান্ধ্য আইন জারি করা হয়।

মার্চ, ৩ আওয়ামী লীগ অহিংস অসহযোগ আন্দোলন শুরু করে। রাজনৈতিক নেতৃবৃন্দকে নিয়ে ইয়াহিয়া খানের বৈঠকের প্রস্তাব মুজিবুর রহমান প্রত্যাখ্যান করেন।

মার্চ, ৫ আওয়ামী লীগের স্বেচ্ছাসেবক ও সমর্থকদের বিরুদ্ধে সেনাবাহিনীর কর্মব্যবস্থা গ্রহণের ফলে ৩০০ লোক নিহত হয়।

মার্চ, ৬ ইয়াহিয়া খান ঘোষণা করেন যে, ২৫শে মার্চ জাতীয় পরিষদের অধিবেশন বসবে।

মার্চ, ৭ মুজিবুর রহমান জনগণকে কর পরিশোধ করতে নিষেধ করেন এবং তাঁর কাছ থেকে আদেশ নেয়ার জন্য সরকারি কর্মচারীদেরকে নির্দেশ দেন। তিনি পরিষদের অধিবেশনে যোগদানের জন্য চারটি শর্ত আরোপ করেন। ইস্ট বেঙ্গল রাইফেল্‌স বাহিনীর লোকেরা বাঙালী বিক্ষোভকারীদের উপর গুলিবর্ষণ করতে অস্বীকার করে।

মার্চ, ৮ আইন অমান্য আন্দোলন শুরু হয়।

মার্চ, ৯ পূর্ব পাকিস্তানের বিচারপতিগণ লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খানকে গভর্ণর হিসেবে শপথ করাতে অস্বীকার করেন।

মার্চ, ১৪ কেন্দ্রীয় সরকার ১৫ই মার্চের মধ্যে সরকারী কর্মচারীদেরকে কাজে যোগদানের জন্য চরম আদেশ জারি করে।

মার্চ, ১৫ মুজিবুর রহমান একপক্ষীয় স্বায়ত্তশাসন ঘোষনার কথা এবং পূর্ব বাঙলার লোকদের প্রতি ৩৫টি নির্দেশ প্রচার করেন। ইয়াহিয়া খান ঢাকায় আগমন করেন।

www.BanglaBook.org



মার্চ, ১৯ ইয়াহিয়া ও মুজিবের মধ্যে শাসনতান্ত্রিক আলাপ-আলোচনা শুরু হয়।

মার্চ, ২১ ভূট্টো ঢাকা আগমন করেন, পশ্চিম পাকিস্তানের দলগুলোর নেতৃবৃন্দের সঙ্গে সাক্ষাৎ করেন এবং ইয়াহিয়া খানের সঙ্গে সলাপরামর্শ করেন। শেখ মুজিব ইয়াহিয়া খানের সঙ্গে একটি অনির্ধারিত বৈঠকে মিলিত হন।

মার্চ, ২২ ইয়াহিয়া খান পুনরায় জাতীয় পরিষদের উদ্বোধনী অধিবেশন মুলতবি ঘোষণা করেন।

মার্চ, ২৫ আওয়ামী লীগ ইঙ্গিত দেয় যে, সেনাবাহিনীর হাতে আরো লোকের নিহত হওয়ার সংবাদ পাওয়া গেছে বলে শাসনতান্ত্রিক আলোচনায় অচলাবস্থার সৃষ্টি হয়েছে। পশ্চিম পাকিস্তান থেকে আরো সেনাদলের আগমন ঘটে। ইয়াহিয়া, ভূট্টো এবং অন্যান্য নেতা রাওয়ালপিন্ডির উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। গণহত্যা শুরু হয়।

BanglaBook.org

www.BanglaBook.org



অ্যান্থনী মাসকারেণহাস (১৯২৮-'৮৬) জন্মসূত্রে ভারতীয় গোয়ানীজ খৃস্টান, বসবাস সূত্রে পাকিস্তানী। করাচীতে সাংবাদিকতা পেশায় ১৯৪৭ সনে 'রয়টার'-এ যোগ দেন। পাকিস্তান সংবাদ সংস্থা, এপিপি এবং নিউইয়র্ক টাইমস, টাইম/লাইফ সাপ্তাহিকীর ১৯৪৯-'৫৪ পর্যন্ত সংবাদদাতা ছিলেন। করাচীসহ "দি মর্নিং নিউজ" এর চীফ রিপোর্টার, পরে সহ-সম্পাদক পদে ১৯৬১ সন থেকে ১৯৭১ সনের মে মাস পর্যন্ত কর্মরত ছিলেন। একাত্তরের এপ্রিল মাসে ঢাকা সফরকালে গণহত্যার তথ্যাদি সংগ্রহ করেন এবং বিলেতে পালিয়ে গিয়ে 'সানডে টাইমস' (১৩ই জুন '৭১) পত্রিকায় গণহত্যার তথ্যাদি প্রকাশ করে বিশ্ব বিবেককে জাগ্রত করতে অগ্রণী ভূমিকা পালন করেন। তা'ছাড়া উপমহাদেশের রাজনৈতিক ঘটনাবলী অন্তরঙ্গ আলোকে প্রত্যক্ষ করে সাংবাদিকের স্বভাবসুলভ ভঙ্গিতে তা বর্ণনা করেন। 'দ্যা রেইপ অব বাংলাদেশ' এবং 'বাংলাদেশ রক্তের ঋণ' গ্রন্থ দু'টি সেই আলোকেই বিচার্য। ১৯৮৬ সালের ৬ই ডিসেম্বর অ্যান্থনী মাসকারেণহাস হৃদরোগে আক্রান্ত হয়ে লন্ডনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

BanglaBook.org